Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীনাম-ভাগবতম্

প্রথম খণ্ড

11/6

১। কৃষ্ণমেনমবেহি ত্বমাত্মানমখিলাত্মনাম্
জগদ্ধিতায় সোঽপ্যত্র দেহীবাভাতি মায়য়া
—শ্রীভাঃ ১০।১৪।৫৫

২। শৃণ্বতঃ শ্রদ্ধয়া নিত্যং গৃণতশ্চ স্ব চেষ্টিতম্
নাতি দীর্ঘেণ কালেন ভগবান্ বিশতে হৃদি
—শ্রীভাঃ ২।৮।৩

৩। নাম সঙ্কীর্ত্তনং যস্য সর্ব্বপাপ প্রণাশনম্
প্রণামো দুঃখশমনস্তং নমামি হরিং পরম্
—শ্রীভাঃ ১২।১৩।২৩

শ্রীপূর্ণেন্দুমোহন ঘোষঠাকুর
বিদ্যাবিনোদ, ভাগবতশাস্ত্রী, বি. এল.

মূল্য—৫৲

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশক—শ্রীউৎসবানন্দ ঘোষঠাকুর
(তপোবন)—১/১২৯ অরবিন্দ নগর
পোঃ যাদবপুর ইউনিভার্সিটি, কলিকাতা—৩২

মুদ্রাকর—শ্রীযোগেশচন্দ্র সরখেল
কলিকাতা ওরিয়েন্টাল প্রেস (প্রাইভেট) লিমিটেড
৯নং পঞ্চানন ঘোষ লেন, কলিকাতা—৯

কভার মুদ্রণ—শ্রীকালী আর্ট প্রেস
৪নং সরকার বাই লেন, কলিকাতা—৭

প্রচ্ছদপট—শ্রীপ্রভাতচন্দ্র কর্ম্মকার
২-৩, দে পাড়া লেন, শিবপুর

ব্লক—রয়েল হাফটোন কোং
৪, সরকার বাই লেন, কলিকাতা—৭

বাঁধাই—একলাস উদ্দিন এণ্ড ব্রাদার্স
৩/১, পাটওয়ার বাগান লেন, কলিকাতা—৯

প্রথম প্রকাশ
১৩৬৬ সনের ৯ই ভাদ্র জন্মাষ্টমী বুধবার
শ্রীকৃষ্ণের ৫১৮৫তম জন্মতিথি

গ্রন্থকার কর্ত্তৃক সর্ব্বস্বত্ব সংরক্ষিত

প্রাপ্তিস্থান

১। তপোবন—১/২৯ অরবিন্দ নগর, কলিকাতা—৩২
২। প্রকাশ মন্দির—৩নং কলেজ রো, কলিকাতা—৯
৩। ভারত সেবাশ্রম সঙ্ঘ—২১১, রাসবিহারী এভিনিউ, বালিগঞ্জ

শ্রীনাম-ভাগবতম্ (দ্বিতীয় খণ্ড) যন্ত্রস্থ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভগবান্ শ্রীকৃষ্ণের শুভ-জন্ম পত্রিকা

১। উচ্চস্থাঃ শনি ভৌম চান্দ্রি শনয়ো লগ্নবৃষো লাভগো
জীবঃ সিংহ তুলালিযু ক্রমবশাৎ পুষোশনারাহবঃ
নৈশীথ সময়োষ্টমী বুধদিনং ব্রহ্মর্ক্ষমত্রক্ষণে
শ্রীকৃষ্ণাভিধামম্বুজেক্ষণমভূদাবিঃ পরং ব্রহ্মতৎ

—খ মাণিক্য জ্যোতিষ

২। অষ্টাবিংশতিমে তদ্বাদ্দাপরস্যাংশ সংক্ষয়ে
নষ্টে ধর্ম্মে তদাযজ্ঞে বিষ্ণুর্বৃষ্ণি কুলে প্রভুঃ

—বায়ুপুরাণ ৯৮।৯৭

৩। সিংহরাশি গতে সূর্য্যে গগনে জলদাগমে
মাসিভাদ্রপদে বৃষ্যা কৃষ্ণপক্ষেহর্দ্ধরাত্রিকে
বৃষরাশিস্থিতে চন্দ্রে নক্ষত্রে রোহিণী যুতে
বসুদেবেন দেবক্যামহং জাতোজনাঃ স্বয়ম্

—ভবিষ্যপুরাণ ৫৬।১৫।১৬

৪। যদুবংশেবতীর্ণস্য ভবতঃ পুরুষোত্তম
শরচ্ছতং ব্যতীতায় পঞ্চবিংশাধিকংপ্রভো

—শ্রীভাগবত ১১।৬।২৫

৫। পঞ্চবিংশতি বর্ষঞ্চ শতবর্ষাধিকং মুনে
তিষ্ঠন্ জগাম গোলোকং পৃথিব্যাঞ্চ পুরাতনঃ

—ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ শ্রীকৃষ্ণজন্ম খণ্ড ৫৪।২৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬। যস্মিন্ কৃষ্ণো দিবং যাতস্তস্মিন্নেবতদাহনি
প্রতিপন্নং কলিযুগমিতি প্রাহুঃ পুরাবিদঃ—শ্রীভাগবত ১২।৩।৩৩

৭। যস্মিন্ দিনে হরির্যাতো দিবং সন্ত্যয্য মেদিনীম্
তস্মিন্নেবাবতীর্ণোয়ং কালকায়োবলী কলিঃ—বিষ্ণুপুরাণ ৫।৩৮।৮

৮। ষট্‌ত্রিংশেঽথ ততোবর্ষে বৃষ্ণীনামনয়োমহান্
অন্যোন্যং মূসলৈস্তেতু নিজঘ্নুঃ কালচোদিতঃ—মভাঃ মৌঃ ১।১৩

বিশেষ দ্রষ্টব্য :—১। শ্রীকৃষ্ণ ৩২২৬ খ্রীঃ পূর্ব্বাব্দে ভাদ্র মাসের কৃষ্ণাষ্টমী তিথিতে বুধবারে সিংহলগ্নে, বৃষ রাশিতে রোহিণী নক্ষত্রে, অভিজিৎ ক্ষণে জয়ন্তী নামক শর্ব্বরী অর্থাৎ নিশীথ রাত্রিতে মধ্যভারতে যমুনা নদী-তীরস্থ মথুরার কংস কারাগারে আবির্ভূত হইয়াছিলেন।

২। শ্রীকৃষ্ণ ৩১০১ খ্রীষ্ট পূর্ব্বাব্দে ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমী তিথি বুধবারে ১২৫ বর্ষ আয়ুষ্কাল পূর্ণ হইলে পশ্চিম ভারতে সরস্বতী সাগর সঙ্গম তীর্থে প্রভাস ক্ষেত্রে যদুবংশ ধ্বংশের পরে লীলা সম্বরণ করিয়াছিলেন।

৩। আর্য্যভট্ট, বরাহমিহির এবং ভারতাচার্য্য হরিদাস সিদ্ধান্ত বাগীশের গণনানুযায়ী ৩১০১ খ্রীঃ পূর্ব্বাব্দে কলিযুগ আরম্ভ হইয়াছে। সুতরাং খ্রীষ্টাব্দ ১৯৫৯+৩১০১=৫০৬০ বর্ষ পূর্ব্বে শ্রীকৃষ্ণের তিরোভাব হইয়াছিল।

৪। শ্রীকৃষ্ণ পূর্ণ ১২৫ বর্ষ লীলাদেহে ছিলেন। সুতরাং ৩১০১+১২৫=৩২২৬ খ্রীঃ পূর্ব্বাব্দে অর্থাৎ ৫০৬০+১২৫=৫১৮৫ বর্ষ পূর্ব্বে শ্রীকৃষ্ণের আবির্ভাব হইয়াছিল।

৫। শ্রীকৃষ্ণ কলিযুগের প্রথমা তিথিতে লীলা সম্বরণ করেন।

৬। শ্রীকৃষ্ণের জন্মতিথি ভাদ্র কৃষ্ণাষ্টমী বিধায় তাঁহার তিরোধান তিথি অবশ্যই ভাদ্র কৃষ্ণাষ্টমী তিথি ছিল।

৭। কুরুক্ষেত্র যুদ্ধের ৩৬ বর্ষ পরে শ্রীকৃষ্ণের তিরোভাব হওয়াতে ঐ যুদ্ধকালে শ্রীকৃষ্ণের বয়স ছিল ১২৫−৩৬=৮৯ উন-নব্বই বর্ষ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উৎসর্গ

বিশাল বিশ্বের যে কোন ব্যক্তি,
ভাবীকালে শ্রীকৃষ্ণের সর্ব্বশ্রেষ্ঠ জীবন-চরিত প্রণয়ণ করিবেন,
সেই অজানা সুহৃদের পবিত্র হস্তে
স্বাধীন ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের কলিকাতা মহানগরীর
দক্ষিণ-পূর্ব্ব উপ-কণ্ঠস্থিত এক ক্ষুদ্র উদ্বাস্তু পল্লীর
'তপোবন' নামক দীন কুটির-বাসী
সৌকালীন গোত্রজ বাহাত্তর বর্ষ বয়স্ক
'দিন দিন তনুক্ষীণ' সর্ব্বহারা গ্রন্থকার কর্ত্তৃক
তাহার দশ বৎসরের-সাধনালব্ধ
সর্ব্বস্ব-ধন লীলা-সূত্র-গ্রন্থ
"শ্রীনাম-ভাগবতম্"
অদ্য শ্রীকৃষ্ণের ৫১৮৫তম পুণ্য আবির্ভাব তিথি
ভাদ্র কৃষ্ণাষ্টমী বুধবারে
শ্রীকৃষ্ণ প্রীত্যর্থে
ভাগবত কবি রবীন্দ্রনাথের ভাষায় সাদরে অর্পিত হইল—

তুমি কি শুনেছ মোর বাণী!
হৃদয়ে নিয়েছ তারে টানি'
জানি না তোমার নাম তোমারেই সঁপিলাম
আমার ধ্যানের ধন খানি।

তপোবন
ইং ২৬।৮।১৯৫৯
বাং ৯।৫।১৩৬৬

শ্রীঘোষ ঠাকুর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীনাম-ভাগবতম্

১ম খণ্ড

গ্রন্থ সূচী

(বর্ণানুক্রমিক)

গ্রন্থের নাম	সংক্ষিপ্ত	সংস্করণ
অগ্নি পুরাণ	অগ্নি পুঃ	বঙ্গবাসী কার্য্যালয়
অত্রি সংহিতা	অঃ সং	,,
কালিকা পুরাণ	কালিকা পুঃ	,,
কূর্ম্ম পুরাণ	কূর্ম্ম পুঃ	,,
কোর্-আন্		ভাই গিরিশচন্দ্র সেন
খণ্ডিত ভারত		ডক্টর রাজেন্দ্রপ্রসাদ
খ মাণিক্য জ্যোতিষ		
গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড	গর্গ বিঃ	বঙ্গবাসী
,, —মাধুর্য্য খণ্ড	গর্গ মাঃ	,,
,, —দ্বারকা খণ্ড	গর্গ দ্বাঃ	,,
,, —গিরিরাজ খণ্ড	গর্গ গিঃ	,,
,, —অশ্বমেধ খণ্ড	গর্গ অশ্ব	,,
গোপাল তাপনী উপনিষদ্	গোঃ তাঃ উঃ	বসুমতী
চৈতন্যচরিতামৃত	চৈঃ চঃ	হরিশ মজুমদার
দেবী ভাগবত	দেবী ভাঃ, দে ভাঃ	বঙ্গবাসী
পদ্মপুরাণ —স্বর্গ খণ্ড	পদ্মঃ স্বর্গঃ	,,
,, —উত্তর খণ্ড	পদ্মঃ উঃ	,,
প্রাণতোষণী তন্ত্র	প্রাঃ তোঃ তঃ	বসুমতী
বাল্মীকি রামায়ণ —বালকাণ্ড	বাঃ রাঃ বাঃ	পণ্ডিত প্রেস বেনারস
,, —যুদ্ধকাণ্ড	বাঃ রাঃ যুঃ	
,, —উত্তর কাণ্ড	বাঃ রাঃ উঃ	
বায়ু পুরাণ	বায়ু পুঃ	বঙ্গবাসী
বিষ্ণু পুরাণ	বিষ্ণু পুঃ	গীতা প্রেস গোরক্ষপুর
বৃহদ্ধর্ম্ম পুরাণ	বৃঃ ধঃ পুঃ	বঙ্গবাসী
ব্রহ্ম পুরাণ	ব্রঃ পুঃ	,,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মাণ্ড পুরাণ	ব্রহ্মাণ্ড পুঃ	বঙ্গবাসী
,, —রাধা হৃদয়	ব্রঃ পুঃ রাঃ	বটতলা
ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ—শ্রীকৃষ্ণ জন্ম খণ্ড	ব্রঃ বৈঃ কৃঃ	বঙ্গবাসী
ভবিষ্য পুরাণ	ভবিষ্য পুঃ	,,
মৎস্য পুরাণ	মৎস্য পুঃ	,,
মহাভাগবত পুরাণ	মহাভাগ	,,
মহাভারত —আদি পর্ব্ব	মভাঃ আঃ	গীতা প্রেস গোরক্ষপুর
,, —ভীষ্ম পর্ব্ব	মভাঃ ভীঃ	,,
,, —উদ্যোগ পর্ব্ব	মভাঃ উঃ	,,
মহানির্ব্বান তন্ত্র	মঃ নিঃ তঃ	জ্ঞানেন্দ্রনাথ
মানসী		রবীন্দ্রনাথ
যুধিষ্ঠিরের সময়		মঃ মঃ হরিদাস সিদ্ধান্তবাগীশ
লিঙ্গ পুরাণ	লিঙ্গ পুঃ	বঙ্গবাসী
শব্দ-সাগর-অভিধান		হিন্দী
শব্দ কল্পদ্রুম অভিধান		স্যার রাধাকান্ত দেব
সৌর পুরাণ	সৌর পুঃ	,,
স্কন্দ পুরাণ —প্রভাস খণ্ড	স্কঃ পুঃ প্রঃ	,,
,, —মাহেশ্বর খণ্ড	স্কঃ পুঃ মাঃ	,,
,, —নাগর খণ্ড	স্কঃ পুঃ নাঃ	,,
শ্রীমদ্ভাগবত	শ্রীভাঃ	বসুমতী
হরিবংশ—বিষ্ণুপর্ব্ব	হরিঃ বিঃ, হঃ বিঃ	বঙ্গবাসী
Geographical Dictionary of ancient & Mediaval India		N. L. De
The Vedic Age vol. I		R. C. Mozumdar
Story that was Guzardesh		K. M. Munshi
The Glorious Koran		M. M. Pickthal
The Holy Koran		A. Yusuf Ali
The Holy Bible		Collins C. T. Press

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রথম খণ্ড

সূচীপত্র

১। শ্রীবৃন্দাবন লীলা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২। শ্রীমথুরা লীলা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩। শ্রীদ্বারাবতী লীলা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪। শ্রীপিণ্ডারক লীলা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রস্তাবনা

১। শ্রীনাম ভাগবতম্ কোন কাব্য বা ইতিহাস বা তত্ত্বগ্রন্থ নহে। ভগবান শ্রীকৃষ্ণের একশত পঁচিশ বর্ষব্যাপী মহামহিমময়-লীলা সমূহের ইহা একটি সূত্রগ্রন্থ মাত্র।

এই গ্রন্থে অনুস্বার, বিসর্গ এবং সংস্কৃত বিভক্তি ও ক্রিয়াপদ যথা সম্ভব বর্জ্জিত হইয়াছে। এই গ্রন্থ ভারতের বিভিন্ন প্রদেশবাসী সংস্কৃতমূলক প্রাকৃত-ভাষা অর্থাৎ বাংলা, হিন্দী, উড়িয়া গুজরাটি, মহারাষ্ট্রি, মৈথিলী, তামিল, তেলেগু ও অন্যান্য ভাষাভাষী জনসাধারণের সহজ বোধগম্য ভাষায় লিখিত হইল।

২। শ্রীনাম-ভাগবতম্ গ্রন্থে সংকলিত মধুময় ও পূণ্যজনক কৃষ্ণ কথা সমূহ যাহাতে পুস্তক মধ্যে আবদ্ধ না থাকিয়া সহর ও পল্লীর শিক্ষিত ও অশিক্ষিত সর্ব্বশ্রেণীর জনসাধারণের কণ্ঠে কণ্ঠে থাকে এবং বাদ্য যন্ত্রাদি সহযোগে বিভিন্ন সুর তালে সংযোজিত হইয়া সমগ্র কৃষ্ণ-জীবনী স্বাধীন ভারতের সর্ব্বত্র কীর্ত্তনের মাধ্যমে প্রচারিত হয় সেই জন-কল্যাণ উদ্দেশ্যে প্রতিটি লীলাই অনন্তের যশোস্কিত সর্ব্ব-জন পাপ-হর কৃষ্ণ-নাম সুবলিত করিয়া রচিত হইল। (১)

৩। শ্রীনাম-ভাগবতম্ গ্রন্থে শ্রীকৃষ্ণের ব্যবহারিকী লীলা সমূহ একস্থানে সংগৃহীত হইয়াছে। পুরাণশাস্ত্র স্পষ্ট ভাষায় বলেন "লীলৈব দ্বিবিধা প্রোক্তা বাস্তবী ব্যবহারিকী" (স্কঃ বিঃ ১।২৫) অর্থাৎ শ্রীকৃষ্ণলীলা দুই প্রকার—বাস্তবী ও ব্যবহারিকী।

---

(১) তদ্বাগ্বিসর্গো জনতাঘবিপ্লবো যস্মিন্ প্রতি শ্লোকমবদ্ধবত্যপি নামান্য-নন্তস্য যশোঙ্কিতানি যৎ শৃন্বন্তি গায়ন্তি গৃনন্তি সাধবঃ॥ শ্রীভাঃ ১।৫।১১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাস্তবী তত্ত্বসংবেদ্যা জীবানাং ব্যবহারিকী
আদ্যাং বিনা দ্বিতীয়া ন দ্বিতীয়া নাদ্যগা ক্বচিৎ।—স্কঃ বিঃ ১।২৬

ইহার ভাবার্থ এই যে এই লীলাদ্বয়ের মধ্যে তত্ত্ব দ্বারা বাস্তবী লীলা জানা যায় এবং সাধারণ জীবমাত্রই ইহার ব্যবহারিকী লীলা বুঝিতে পারে ব্যবহারিকী লীলা ভিন্ন বাস্তবী লীলার অনুভূতি হয় না।

বিশ্বের সাধারণ স্থূলবুদ্ধি সংসারি মানবের জন্যই এই লীলা সমূহ সংগৃহীত হইল। (সংসারিণাং করুণয়াহ পুরাণ গুহ্যং—শ্রীভাঃ ১।২।৩) যাঁহারা তত্ত্ববিদ্ তাঁহারা ইচ্ছা করিলে এই ব্যবহারিকী বা লৌকিকী লীলা সমূহ হইতে তাঁহাদের প্রয়োজনীয় তত্ত্ব সংগ্রহ করিতে পারিবেন।

৪। শ্রীনাম ভাগবতম্ ভাগবান্ শ্রীকৃষ্ণের জগন্মঙ্গল লীলা সমূহের স্থান ও কাল যথাসম্ভব ভাবে নির্দ্দিষ্ট করিয়া দশটি ভাগে বিভক্ত হইল। প্রত্যেক ভাগ একটি "অঞ্জলি" নামে অভিহিত হইল। শ্রীবৃন্দাবন-লীলা নামা প্রথমাঞ্জলিতে শ্রীকৃষ্ণের শুভ আবির্ভাব হইতে একাদশ বর্ষ পর্য্যন্ত লীলা সমূহ। শ্রীমথুরা লীলা নামা দ্বিতীয়াঞ্জলিতে, দ্বাদশ বর্ষ হইতে বাইশ বর্ষ পর্য্যন্ত লীলা সমূহ। শ্রীদ্বারাবতী লীলা নামা তৃতীয়া অঞ্জলিতে তেইশ বর্ষ হইতে সত্তর বর্ষ পর্য্যন্ত লীলার কতকাংশ। শ্রীপিণ্ডারক লীলা নামা চতুর্থাঞ্জলিতে একাত্তর বর্ষ হইতে পঁচাত্তর বর্ষ পর্য্যন্ত লীলা সমূহ নিবদ্ধ হইয়া শ্রীনাম ভাগবতমের প্রথম খণ্ডের অন্তর্ভুক্ত হইল। শ্রীইন্দ্রপ্রস্থ লীলা নামা পঞ্চমাঞ্জলিতে শ্রীকৃষ্ণের ছিয়াত্তর বর্ষ হইতে অষ্টাশীতি বর্ষ পর্য্যন্ত লীলা সমূহ। শ্রীকুরুক্ষেত্র লীলা নামা ষষ্ঠাঞ্জলিতে উননব্বইতম বর্ষের পরমাদ্ভূত লীলা সমূহ। শ্রীহস্তিনাপুর লীলা নামা সপ্তমাঞ্জলিতে, নব্বই বর্ষ হইতে বিরানব্বই বর্ষ পর্য্যন্ত লীলা সমূহ। শ্রীগার্হস্থ্য লীলা নামা অষ্টমাঞ্জলিতে তেইশ বর্ষ হইতে একশত এগার বর্ষ পর্য্যন্ত পরম মনোহর গার্হস্থ্য জীবনের অবশিষ্ট লীলা সমূহ। শ্রীগুপ্ত-বৃন্দাবন লীলা নামা নবমাঞ্জলিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একশত বার বর্ষ হইতে একশত চব্বিশ বর্ষ পর্য্যন্ত অজ্ঞাত বাসের লীলা সমূহ। এবং শ্রীপ্রভাস লীলা নামা দশমাঙ্গলিতে একশত পঁচিশতম বর্ষের যুগপত্ কঠোর ও কোমল অন্ত্যলীলা সমূহ গ্রথিত হইয়া **শ্রীনাম ভাগবতমের দ্বিতীয় খণ্ডের** অন্তর্ভুক্ত হইল।

৫। শ্রীনাম ভাগবতম্ গ্রন্থ, সংস্কৃত ভাষায় লিখিত পুরাণাদি বহু গ্রন্থ সমন্বিত বিশাল সাহিত্য সমুদ্র মন্থনোদ্ভব পরম পবিত্র শ্রীকৃষ্ণ চরিতামৃত। শ্রীকৃষ্ণের ব্যক্তিত্ব বা ঐতিহাসিকত্ব সম্বন্ধে পাশ্চাত্ত্য ও প্রাচ্য নানা মনীষী ব্যক্তি বহু শতাব্দী যাবৎ নানা অভিমত প্রচার করিতেছেন। কেহ বলেন পৌরাণিক ভারতে কৃষ্ণ নামধেয় তিন ব্যক্তির সন্ধান পাওয়া যায়। কেহ বলেন পুরাণ সমূহে বর্ণিত শ্রীকৃষ্ণ অর্থাৎ বৃন্দাবনের নন্দনন্দন কৃষ্ণ বা ব্রজের রাখাল কানাই এবং মহাভারতে বর্ণিত পার্থ-সারথি এবং গীতা-বক্তা শ্রীকৃষ্ণ এক ব্যক্তি নহেন। আবার কেহ বলেন, শ্রীকৃষ্ণ, কুরু-পাণ্ডব এবং কুরুক্ষেত্র যুদ্ধ একটা আধ্যাত্মিক রূপক মাত্র। বাস্তব ইতিহাসের সঙ্গে ইহাদের কোন সম্বন্ধ নাই, কোন কোন মনীষী অভিমত প্রকাশ করিয়াছেন আধ্যাত্মিক বা দার্শনিক একটা মহাসত্য সাধারণ মানবের বোধগম্য করিবার উদ্দেশ্যে শ্রীমদ্ভাগবদ্গীতা কৃষ্ণার্জ্জুন সংবাদরূপে মহাভারতের ন্যায় একটা রূপক কাব্য গ্রন্থে সন্নিবিষ্ট করা হইয়াছে। এক কথায় শ্রীকৃষ্ণ একটা কবি-কল্পনা মাত্র। তাঁহার কোন বাস্তব সত্ত্বা বা পার্থিব অস্তিত্ব বা লীলা বা কর্ম্ম কোন দিন ছিল না। আবার অনেক কৃষ্ণভক্তের মুখে শুনিয়াছি যে ঐতিহাসিক শ্রীকৃষ্ণ ছিলেন কি ছিলেন না ভক্তের তাহা জানিবার প্রয়োজন নাই। ভাবের বা রসের শ্রীকৃষ্ণ চিরদিন ভাবেই আছেন ও থাকিবেন। শ্রীনাম ভাগবতম্ এই সমস্ত উক্তির প্রতিবাদ গ্রন্থ।

৬। শ্রীনাম ভাগবতম্ বিরাট পুরুষ শ্রীকৃষ্ণের বিরাট জীবন কথার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংক্ষিপ্তসার সংগ্রহ মাত্র, এই মহান্ জীবন কথা-সুধা বিশাল সংস্কৃত সাহিত্যে অর্থাৎ এক লক্ষ শ্লোকাত্মক মহাভারত গ্রন্থের অষ্টাদশ পর্ব্ব মধ্যে সুবৃহৎ প্রথম ষোড়শ পর্ব্বে, চারিলক্ষ শ্লোকাত্মক অষ্টাদশ মহা-পুরাণের অধিকাংশের বিভিন্ন অধ্যায়ে এবং প্রায় লক্ষ শ্লোকাত্মক অষ্টাদশ উপপুরাণ, গর্গ-সংহিতা প্রভৃতি সংহিতা সাহিত্যে, নারদ পঞ্চরাত্র প্রভৃতি ভক্তি সাহিত্যে-গোপাল-তাপনী প্রভৃতি উপনিষদ্ সাহিত্যে, শ্রীমদ্ভাগবত, তন্ত্র প্রভৃতি তন্ত্র সাহিত্যে এবং জৈমিনিভারত, হরিবংশ প্রভৃতি মহা ভারতের পরিশিষ্ট সাহিত্যে ছড়াইয়া রহিয়াছে। এই গ্রন্থ সমূহেরও অনেকগুলি বাংলা ভাষায় দুষ্প্রাপ্য হইয়াছে এবং হইতেছে এবং যে সমস্ত গ্রন্থ বিভিন্ন গ্রন্থালয়ের এক কোণে অনাদরে রক্ষিত হইতেছে, সেই অনাদৃত সুধা-ভাণ্ড হইতে বিন্দু বিন্দু করিয়া এক অজ্ঞাত অখ্যাত খেয়ালি বৃদ্ধ ব্যক্তির দশ বৎসর পরিশ্রমে সংগৃহীত এই মৃত-সঞ্জীবনী সুধা একটি নগণ্য মৃৎপাত্রস্বরূপ, এই সূত্র-গ্রন্থে পরম শ্রদ্ধায় রক্ষিত হইল। সংগ্রহীতার বিশ্বাস কৃষ্ণ-সম্বন্ধ-বর্জ্জিত শিক্ষায় সুশিক্ষিত আধুনিক বহু পদস্থ ভারতীয় এই কৃষ্ণ কথা-সুধা পানে মহা অনর্থের কবল হইতে নিজেরা রক্ষিত হইবেন, এবং স্বাধীন ভারতকেও অচির ভবিষ্যতে মহাবিপদ্ হইতে রক্ষা করিবেন।

৭। শ্রীনাম ভাগবতম্ সূত্র গ্রন্থে শ্রীকৃষ্ণের আবির্ভাব ও তিরোভাব বৎসর নূতন দৃষ্টিকোন্ হইতে বিচারে নিরূপিত হইল।

(১) যদুবংশেঽবতীর্ণস্য ভবতঃ পুরুষোত্তম
শরচ্ছতং ব্যতীতায় পঞ্চবিংশধিকং প্রভো

—শ্রীভাঃ ১১।৬।২৫

(২) পঞ্চবিংশতি বর্ষঞ্চ শতবর্ষাধিকং মুনে
তিষ্ঠন্ জগাম গোলোকং পৃথিব্যাঞ্চ পুরাতনঃ

—ব্রঃ বৈঃ কৃঃ ৫৪।২৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩) যৎ পঞ্চবিংশত্যধিকং বর্ষাণাং শতকং গতম্
ত্যক্তেমাং স্বপদং যাসি রুদতীং বিরহাতুরাম্
—ব্রঃ বৈঃ কৃঃ ১২৯।১৯

উপরোক্ত শাস্ত্র বচনানুযায়ী শ্রীকৃষ্ণ পূর্ণ একশত পঁচিশ বর্ষ মর্ত্ত্যে বাস করিয়া লীলা সম্বরণ করেন—স্থতরাং তাঁহার আবির্ভাব ও তিরোভাব যে কোন একটি বৎসর নিরূপিত হইলেই অপরটি সহজেই নির্দ্ধারিত হইবে। নিম্নে বর্ণিত শাস্ত্র বিচারে কলি-যুগের প্রথমা তিথিতে শ্রীকৃষ্ণের তিরোভাব হইয়াছিল নিরূপণ করিয়া ঐ তিথি হইতে ঠিক্ একশত পঁচিশ বর্ষ পূর্ব্বে শ্রীকৃষ্ণের আবির্ভাব বৎসর নিরূপিত হইল।

আর্য্যভট্ট ও বরাহমিহিরের গণনানুসারে ৩১০১ খ্রীষ্ট পূর্ব্বাব্দে কলিযুগ আরম্ভ হইয়াছিল। আধুনিক বাংলার স্থবিখ্যাত পণ্ডিত মহামহোপাধ্যায় ভারতাচার্য্য শ্রীহরিদাস সিদ্ধান্তবাগীশ মহোদয় তাঁহার ১৯৩০ খ্রীষ্টাব্দে লিখিত “যুধিষ্ঠিরের সময়” নামক পুস্তিকায় নানা শাস্ত্র প্রমাণে পূর্ব্বোক্ত বরাহ মিহিরের গণনাই মূলতঃ স্বীকার করিয়াছেন। তিনিও খ্রীঃপূর্ব্ব ৩১০১ অব্দকেই কলিযুগারম্ভ বৎসর নিরূপণ করিয়াছেন। শ্রীনামভাগবতম্ ঐ তিনটি নির্দ্ধারণ মত ৩১০১ খ্রীঃ পূর্ব্বাব্দকে কলিযুগারম্ভ বৎসর স্বীকার করিয়া তাহার ১২৫ বৎসর পূর্ব্বে শ্রীকৃষ্ণের আবির্ভাব বৎসর নির্দ্ধারণ করিলেন—অর্থাৎ খ্রীষ্টাব্দ ১৯৫৯+৩১০১=৫০৬০ বর্ষ পূর্ব্বে শ্রীকৃষ্ণের তিরোধান হইয়াছিল স্থতরাং ৩১০১+১২৫=৩২২৬ খ্রীষ্ট পূর্ব্বাব্দ—অর্থৎ—৫০৬০+১২৫=৫১৮৫ বৎসর পূর্ব্বে শ্রীকৃষ্ণের আবির্ভাব হইয়াছিল। শ্রীকৃষ্ণের আবির্ভাব তিথি জন্মাষ্টমী তিথি,—এবং তাহা ভাদ্র মাসের কৃষ্ণাষ্টমীতিথি—ঐদিন বুধবার এবং রোহিণী নক্ষত্রান্বিত ছিল এবং নিশীথ রাত্রিকালে তাঁহার আবির্ভাব হইয়াছিল এই বিষয়ে সর্ব্বশাস্ত্র একমত—স্থতরাং ৩২২৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খ্রীঃ পূর্ব্বাব্দের ভাদ্রকৃষ্ণাষ্টমী তিথি বুধবারে শ্রীকৃষ্ণের জন্মদিন নির্দ্ধারিত হইল।

৮। শ্রীনামভাগবতম্ এই অভিমত প্রকাশ করিতেছেন যে শ্রীকৃষ্ণের পরবর্ত্তী মহামানবগণ মধ্যে বৌদ্ধধর্ম্ম প্রবর্ত্তক গৌতম বুদ্ধ ৮০ বৎসর বয়স পূর্ণ হইলে তাঁহার জন্মতিথি বৈশাখী পূর্ণিমাতে দেহত্যাগ করিয়াছিলেন। ইস্‌লাম্ ধর্ম্ম প্রবর্ত্তক হজরত মোহাম্মদ ৬৩ বৎসর বর্ষ বয়স পূর্ণ হইলে তাঁহার জন্মদিন ১২ই রবিআল্ আউয়াল্ তারিখেই পরলোক গমন করিয়াছিলেন। গৌতমবুদ্ধের জন্মের কিঞ্চিদধিক আড়াই সহস্র বৎসর পূর্ব্বে আবির্ভূত ভাগবতধর্ম্মের প্রবর্ত্তক শ্রীকৃষ্ণ ও ১২৫ বৎসর পূর্ণ হইলে তাঁহার জন্মতিথি ভাদ্র মাসের কৃষ্ণাষ্টমী তিথি বুধবারে লীলা সম্বরণ করিয়াছিলেন ইহাই শ্রীনামভাগবতের সুচিন্তিত সিদ্ধান্ত। এই তিথি কলিযুগের প্রথমা তিথি ছিল ইহাও শ্রীনামভাগবতমের নির্দ্ধারণ এবং এই নির্দ্ধারণে নিম্নোদ্ধৃত শাস্ত্র বচনই সমর্থিত হইল। এবং শাস্ত্র বাক্যের সহজ সরল অর্থই করা হইল। কোন কষ্ঠ কল্পিত ব্যাখ্যার প্রয়োজন হইল না।

(১) যস্মিন্ কৃষ্ণো দিবং যাতস্তস্মিন্নের তদাহনি।
প্রতিপন্নং কলিযুগমিতি প্রাহুঃ পুরাবিদঃ। শ্রীভাঃ ১২।২।৩৩

(২) যস্মিন্ কৃষ্ণো দিবং যাতস্তস্মিন্নেব তদাহনি।
প্রতিপন্নং কলিযুগং তস্য সংখ্যাং নিবোধমে। বিষ্ণু পুঃ ৪।২৪।১১৩।

(৩) যস্মিন দিনে হরির্যাতো দিবং সন্তজ্য মেদিনীম্।
তস্মিন দিনেঽবতীর্ণোয়ং কালকায়ঃ কলি কিল।

ব্রহ্মঃ পুঃ ২১২।৮৪

ইহার ভাবার্থ—যে দিন যে মূহুর্ত্তে শ্রীকৃষ্ণ স্বর্গে গমন করেন সেই দিন সেই মূহুর্ত্তেই কলিযুগ আরম্ভ হইয়াছে। পুরাবিদ্‌গণের এইরূপ অভিমত।

খ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯। শ্রীনাম ভাগবতম্ অবশ্যই অবগত আছেন যে বঙ্গদেশের পঞ্জিকাকারগণ "মাঘী পূর্ণিমা" তিথিকে কলিযুগের আদ্যাতিথি বা প্রথমা তিথি বলেন। এবং মূহূর্ত্ত-চিন্তামণি নামক বিখ্যাত জ্যোতিষগ্রন্থ "মাঘী অমাবস্যাকে" প্রথমা তিথি বলেন। এবং স্কন্দ পুরাণ মাহেশ্বর খণ্ড (৫।১২৩) ভাদ্র মাসের কৃষ্ণা ত্রয়োদশী তিথিকে কলিযুগের প্রথমা তিথি নির্দ্ধারণ করিয়াছেন। শ্রীনামভাগবতম্ শ্রীকৃষ্ণের তিরোধান তিথি হিসাবেই কলিযুগের প্রথমা তিথি ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমী তিথি ছিল এই চতুর্থ অভিমত প্রকাশ করিলেন।

পঞ্জিকাকারগণ সহ (১) মাস (২) পক্ষ (৩) তিথি এই তিনটি বিষয়েই মত দ্বৈধ হইল। কিন্তু স্কন্দ পুরাণ শ্রীনামভাগবতমের তিনটি নির্দ্ধারণ মধ্যে (১) ভাদ্রমাস এবং (২) কৃষ্ণপক্ষ এই দুইটি নির্দ্ধারণ সমর্থন করেন। কেবলমাত্র তিথি সম্বন্ধে বিরোধ রহিয়াছে। স্কন্দ পুরাণ বলেন "ত্রয়োদশী তিথি" শ্রীনামভাগবতম্ বলেন "অষ্টমী তিথি" মাত্র ৫টি তিথির দূরত্ব। শ্রীকৃষ্ণ যে একশত পঁচিশ বৎসর পূর্ণ হইলে লীলা সম্বরণ করিয়াছেন এবং অষ্টমী তিথিতে আবির্ভূত হইয়াছেন এই বিষয়ে মতদ্বৈধ নাই, সুতরাং শ্রীকৃষ্ণের আবির্ভাব তিথির হিসাবে তাঁহার তিরোভাব তিথি একশত পঁচিশ পূর্ণ বর্ষ বা যে কোন পূর্ণ বর্ষ হইলেই অষ্টমী তিথি হইবে এই বিষয়ে অকাট্য প্রমাণ অঙ্ক শাস্ত্র। অপর কোন প্রমাণের আবশ্যকতা নাই।

১০। শ্রীনাম ভাগবতমের সিদ্ধান্ত এই যে যখন ভারতীয় মানব সমাজে ধর্ম্মের গ্লানি ও অধর্ম্মের অভ্যুত্থান চরমে উঠিয়াছিল তখন "দ্বাপরস্যাংশ সংক্ষয়ে" অর্থাৎ—যখন দ্বাপর যুগ ক্ষয় হইয়া কলিযুগের স্পর্শ আসিতেছিল। সেই যুগ সন্ধিক্ষণে শ্রীকৃষ্ণ আবির্ভূত হইয়াছিলেন এবং কলিযুগের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী সম্পূর্ণ ১২৫বর্ষ কাল তাঁহার লীলা সময়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণ সর্ব্ব বিশ্বের জাতি, বর্ণ, স্ত্রীপুরুষ নির্ব্বিশেষে সমগ্র মানব সমাজকে সর্ব্ব বিষয়ে সমান অধিকার যুক্ত অতি সহজ সরল "ভাগবত ধর্ম্ম" সংস্থাপন করিতে শূরসেন রাজ্যের রাজধানী মথুরা নিবাসী একমহা নির্য্যাতীত সর্ব্বহারা সজ্জন ক্ষত্রিয় পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁহার আবির্ভাবের পূর্ব্বে তাঁহার জনক যদুবংশীয় বসুদেব এবং জননী সূর্য্যা নাম্নী দেবকী, (সূর্য্যা নাম্নী চ দেবকী বৃঃ ধঃ পুঃ ১৬।৫।৬) সুদীর্ঘ অষ্টবর্ষকাল কারারুদ্ধ ছিলেন। মথুরার তৎকালীন রাজা কংসের কারাগারেই শ্রীকৃষ্ণের জন্ম হয়। শ্রীকৃষ্ণের পিতৃ ও মাতৃ বংশ উভয়ই গৌর বর্ণ বিশিষ্ট ছিলেন। শ্রীকৃষ্ণ গৌর বর্ণ বিশিষ্ট জনক জননীর সন্তানরূপে জন্ম লইলেও তৎকালে সর্বধর্ম্ম ও সর্ব্ব-মানবাধিকার বঞ্চিত কৃষ্ণবর্ণ শূদ্রের গাত্রবর্ণে লীলাদেহ আচ্ছাদন করিয়া আবির্ভূত হইয়াছিলেন।

১১। শ্রীনামভাগবতম্ অবগত আছেন যে শ্রীকৃষ্ণের আবির্ভাব সময় হইতেই তাঁহার কৃষ্ণবর্ণত্ব লইয়া ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও গোপ সমাজে বহু আলোচনা হইয়াছে। শ্রীকৃষ্ণের গিরি-ধারণ লীলায় তাঁহার অমানুষিক শক্তি-দর্শনে নন্দ গোকুলের গোপগণ সন্দেহাকুলচিত্তে স্পষ্ট ভাবাতেই নন্দ ও যশোদাকে জিজ্ঞাসা করিয়াছিলেন প্রকৃতপক্ষে তাঁহাদের কৃষ্ণবর্ণপুত্রের পিতা এবং মাতা কে?

গৌরবর্ণা যশোদে ত্বং নন্দত্বং গৌরবর্ণধৃক্
অয়ং জাতঃ কৃষ্ণবর্ণ এতৎ কুল বিলক্ষণম্। গর্গঃ গিঃ ৫।৫

ইহার ভাবার্থ :—"হে যশোদে হে নন্দ তোমরা উভয়েই গৌর বর্ণ তোমাদের পুত্র হইয়াছে কৃষ্ণবর্ণ ইহাত কুলধর্ম্মের বিপরীত ঘটনা" বসুদেব ও দেবকী উভয়েই শ্রীকৃষ্ণকে নিজ পুত্র স্বীকার করিলেও ভারতীয় রাজন্যবর্গ শ্রীকৃষ্ণকে গৌরবর্ণ ক্ষত্রিয় বসুদেবের পুত্র বলিয়া স্বীকার করিতে অসম্মত ছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বসুদেবাদ্ গৌরবর্ণাদয়ং শ্যামঃ কুতোঽভবৎ
পিতামহোপি গৌরশ্চ দুঃখ হাস্যমিদং বচঃ। গর্গঃ বিঃ ৭।১৫

ইহার ভাবার্থ পিতাপিতামহাদিক্রমে বসুদেব গৌরবর্ণ তাঁহার কৃষ্ণবর্ণ পুত্র হইল ইহা অতীব দুঃখের এবং হাস্যের কথা।

তৎকালীন ব্রাহ্মণ পণ্ডিত গণের মনেও শ্রীকৃষ্ণের এই শ্যাম বর্ণত্ব হেতু একটা সন্দেহ জাগিয়াছিল তাঁহারা ইহার হেতু নির্দ্দেশ করিয়া বলিয়াছেন যে শ্রীকৃষ্ণের গাত্রবর্ণ বাস্তবিক কৃষ্ণ বা শ্যামবর্ণ নহে। উহা উজ্জ্বল বর্ণ যেমন সমুদ্র বা আকাশের বর্ণ শ্যাম নহে উহা উজ্জ্বলবর্ণ বিধায় দূর হইতে শ্যামবর্ণ দেখা যায়, তদ্রূপ—

"জলং চাম্বরং চোজ্জ্বলং নাপিকৃষ্ণং"।—গর্গঃ অশ্বঃ ৬১।৪

তাঁহারা আরও একটা ব্যাখ্যা দিয়া বলিয়াছিলেন যে "শৃঙ্গার রসের" বর্ণ শ্যাম—"শ্যামংতু শৃঙ্গার রসস্বরূপং"—গর্গঃ অশ্বঃ ৬১।৪ অর্থাৎ শ্রীকৃষ্ণ শৃঙ্গার রসের দেবতা সেই হেতু তাঁহার বর্ণ শ্যাম। আধুনিক অনেক মনীষী ব্যক্তির মনেও শ্রীকৃষ্ণের প্রকৃত পরিচয় বিষয়ে একটা সন্দেহ রহিয়াছে। সেই হেতু তাঁহারা এই কৃষ্ণ বর্ণত্বের একটা হেতু প্রদর্শন করিয়া বলিয়াছেন যে শ্রীকৃষ্ণ কদাপি গৌরবর্ণ আর্য্য-বংশোদ্ভব ছিলেন না। তিনি অবশ্যই কৃষ্ণবর্ণ অনার্য্য বংশসম্ভূত ব্যক্তি। যেহেতু বেদেও কৃষ্ণ নামক এক অনার্য্য রাজার উপাখ্যান আছে। আবার শাস্ত্রমতে দণ্ডনীতির বর্ণও শ্যাম।

যদি শ্রীকৃষ্ণের সমসাময়িককালে আর্য্যকুলে তিনিই একমাত্র কৃষ্ণবর্ণ ব্যক্তি হইতেন তবে এই প্রথম তিন যুক্তির একটা মূল্য দেওয়া যাইত। কিন্তু দেখা যাইতেছে যে সেই যুগের আর্য্যকুলের সর্ব্বশ্রেষ্ঠ শাস্ত্রবিৎ শস্ত্রবিদ্ ও ধর্ম্মবিৎ নরনারীর মধ্যে আরও অনেক কৃষ্ণবর্ণ ব্যক্তি ছিলেন। তাঁহারা সকলেই প্রত্যক্ষে বা পরোক্ষে শ্রীকৃষ্ণ প্রবর্ত্তিত ভাগবত ধর্ম্মের ও দুষ্ট দমনলীলার সঙ্গে সম্বন্ধ বিশিষ্ট যথা—(১) বেদব্যাস (২) শুকদেব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩) দ্রোণাচার্য্য (৪) অর্জ্জুন (৫) উদ্ধব (৬) অভিমন্যু (৭) পরীক্ষিত (৮) প্রত্যুম্ন (৯) অনিরুদ্ধ (১০) দ্রৌপদী ও অন্যান্য। সুতরাং পূর্ব্বোক্ত তিনটি যুক্তির সারবত্তা কি স্বীকার যোগ্য? স্বয়ং ভগবান্ নিজ প্রয়োজনানুরূপ কালোচিত কৃষ্ণবর্ণ পরিবেশসহ পৃথিবীতে আবির্ভূত হইয়াছিলেন। কারণ তাঁহার তিরোভাবের দিন হইতেই কৃষ্ণবর্ণ শূদ্রযুগ বা কলিযুগ ভারতে আগমন করিয়াছিল। এবং এই কলিযুগেই শ্রীকৃষ্ণ প্রবর্ত্তিত ভাগবত ধর্ম্ম বিভিন্ন নামে ও রূপে ও ভাষায় সারা বিশ্বে ব্যাপৃত হইয়াছিল এবং এই ভাগবত ধর্ম্ম প্রবর্ত্তনে শাস্ত্র ও শস্ত্রধারী বহু দুষ্টের দমন হইয়াছিল এবং ইহার সম্যক্ আচরণ প্রভাবেই "স্ত্রীশূদ্রদ্বিজবন্ধু" জাতিকে নির্য্যাতন পাপে শূদ্রত্বে বা দাসত্বে অবনমিত।

"ভারত আবার জগত সভায় শ্রেষ্ঠ আসন লবে।"

১২। শ্রীনাম ভাগবতমের সুচিন্তিত সিদ্ধান্ত এই যে কৃষ্ণের বিশ্ব কল্যাণ লীলা সমুহের মুকুটমণি হইল তাঁহার শ্রীবৃন্দাবন লীলা। ইহা একটা দুস্কর্ম্মান্বিত অধঃপতিত সমাজকে কেবল মাত্র প্রেমের স্পর্শে পরম শ্লাঘ্য সজ্জন ও ভাগবত সমাজে পরিবর্ত্তিত করিবার চূড়ান্ত দৃষ্টান্ত। শ্রীকৃষ্ণ আভীর গোপ পল্লীতে প্রবেশ কালে সেই সমাজের নরনারীর নৈতিক অবস্থা ছিল এইরূপ:

"যদন্বয়ে জনাঃ সর্ব্বে পশুধর্ম্মরতোৎসবাঃ
সোদর্য্যা ভগিনীং ত্যক্তা জননীঞ্চ তথাপরাম্"
"তস্যাঃ কুলে প্রসেবন্তে সর্ব্বাং নারীং জনাঃ পরাম্"
"নান্যজ্জানাতি কর্ত্তব্যং ধর্ম্মং স্বোদর-সংশ্রয়াৎ"
"অন্ত্যজাঅপি নো কর্ম্ম যৎকুর্ব্বন্তিবিগর্হিতম্
আভীরাস্তচ্চ কুর্ব্বন্তি তৎ কিমেতত্ত্বয়া কৃতম্"

—স্কঃ নাঃ ১৯২।৩৫, ৩৬, ৩৮, ৩৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইহার ভাবার্থ:—"যৌন সম্পর্কে সহোদরা ভগিনী ও জননী ব্যতীত অপর কোন নারী সম্বন্ধে ইহাদের কোন বিচার ছিল না। ইহাদের যৌন আচরণ পশুবৎ ছিল। নিজ নিজ উদর পোষণ ব্যতীত ইহাদের অপর কোন কর্ত্তব্য বা ধর্ম্মাধর্ম্ম জ্ঞান ছিল না। নিতান্ত অন্ত্যজ জাতির লোকও যে সব দুষ্কর্ম্ম করিত না আভীরগণ সেই সমস্ত কুকর্ম্ম করিত।"

শ্রীকৃষ্ণ এই লীলায় পতিত গ্রাম্য গোপ সমাজের আবাল-বৃদ্ধ-বনিতার সঙ্গে সমান প্রেমে গ্রাম্য ভাবেই মিশিতেন:

"গ্রাম্যৈ সমং গ্রাম্যবদীশ চেষ্টিতঃ"—শ্রীভাঃ ১০।১৫।১০

এইরূপে গোপ সমাজে ষোল আনা গোপাচার বিশিষ্ট হইয়াই তিনি এগার বৎসর এই সমাজে বাস করিয়া ইহাকে একটি আদর্শ সজ্জন সচ্চরিত্র ভাগবত সমাজে উন্নীত করিয়াছিলেন।

সপ্তম বর্ষেই স্বোদর পরায়ণ গোপ বালকগণকে শিক্ষা দিয়াছিলেন—

"এতাবজ্জন্ম সাফল্যং দেহিনামিহ দেহিষু
প্রাণৈরর্থৈর্ধিয়া বাচা শ্রেয় এবাচরেৎসদা"—শ্রীভাঃ ১০।২২।৩৫

ইহার ভাবার্থ:—"নিজ প্রাণ, ধন, বুদ্ধি ও বাক্য দ্বারা অপরের সেবা দ্বারাই মানবদেহ ধারণ সার্থক হয়।"

সপ্তম বর্ষেই স্বার্থপর বৃদ্ধ গোপগণকে শিখাইয়া ছিলেন অভাবগ্রস্ত-জনকে সুখাদ্য দানেই স্বোপার্জিত অর্থের সদ্ব্যয় হয়:—

"অন্নং বহু বিধং তে ভ্যো দেয়ং বো ধেনু দক্ষিণা
অন্যেভ্যশ্চ স্বচাণ্ডাল পতিতেভ্যো যথার্হতঃ"

—শ্রীভাঃ ১০।২৪।২৭, ২৮

ব্রাহ্মণ হইতে চণ্ডাল, পতিত প্রভৃতি সর্ব্বশ্রেণীর মানুষকে প্রচুর পরিমাণ সুখাদ্য যথাযথ বিতরণ করিতে হইবে এবং এই বিতরণে গৃহ পালিত কুক্কুর প্রভৃতি পশুও বাদ পড়িবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অষ্টম বর্ষে রাসলীলার প্রাক্কালে স্বাধীনা গোপীগণকে শিক্ষা দিয়াছিলেন ভারতীয় সনাতন পাতিব্রত্য ধর্ম্ম বা পবিত্র গার্হস্থ্য ধর্ম্ম :

ভর্ত্তু শুশ্রূষণং স্ত্রীণাং পরোধর্ম্মহ্যমায়য়া
তদ্বন্ধুনাঞ্চ কল্যাণ্যঃ প্রজানাঞ্চানু পোষণম্"

—শ্রীভাঃ ১০।২৯।৩৪

ইহার ভাবার্থ :—অকপট ভাবে পতির এবং তাঁহার আত্মীয়গণের শুশ্রূষা এবং সন্তানগণের পালন করাই স্ত্রীলোকদিগের পরম ধর্ম্ম"

এবং "পশু-ধর্ম্ম-রতোৎসবা" নারীগণকে সম্যকভাবে বুঝাইয়া ছিলেন যে :—

অস্বর্গ্যমযশস্যঞ্চ ফল্গু কৃচ্ছ্রং ভয়াবহম্
জুগুপ্সিতঞ্চ সর্ব্বত্র ঔপপত্যং কুলস্ত্রিয়ঃ।—শ্রীভাঃ ১০।২৯।৩৬

ইহার ভাবার্থ :—উপপতি সেবা কুলস্ত্রিগণের পক্ষে সর্ব্বথা নিন্দনীয় শ্রীকৃষ্ণের অমোঘ বাক্যের একটি অক্ষরও তাঁহার প্রিয় গোপ জনতাতে ব্যর্থ হয় নাই। স্বভাবদুর্ব্বৃত্ত গোপ সমাজকে অধিকতর দোষ যুক্ত করিতে শ্রীকৃষ্ণ ব্রজধামে যান নাই। গিয়াছিলেন সেই সমাজকে সর্ব্ব গুণযুক্ত ভাগবত সমাজে পরিণত করিতে।

শ্রীরাসলীলার প্রারম্ভেই শ্রীকৃষ্ণ উর্ব্বর গোপী ক্ষেত্রে যে পাতিব্রত্য এবং গার্হস্থ্য ধর্ম্ম-নীতি বীজ বপন করিয়াছিলেন। তাহা অল্পদিন মধ্যেই এক কল্প বৃক্ষে পরিণত হইয়া পরম পবিত্র ফল প্রদান করিয়াছিল। শ্রীকৃষ্ণ বৃন্দাবন ত্যাগের পাঁচ বৎসর পরে শ্রীকৃষ্ণের দয়িত সখা পরম ভাগবত শ্রীউদ্ধব তাহা স্বচক্ষে দেখিয়া উচ্ছসিত কণ্ঠে বলিয়াছিলেন :

ক্কেমাঃ স্ত্রিয়ো বনচরী ব্যভিচার দুষ্টাঃ
কৃষ্ণে ক্কচৈষ পরমাত্মনি রূঢ় ভাবঃ —শ্রীভাঃ ১০।৪৭।৫৯

ইহার ভাবার্থ :—এতকাল যে বনচারিণী গোপীদিগকে ব্যভিচার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুষ্টা জানিয়াছি আজ তাঁহাদিকে পরম পবিত্রা পতিব্রতা ভাগবত নারীরূপে দেখিতেছি। মহাবুদ্ধিমান উদ্ধবের জানা অন্যান্য নারী সমাজের সঙ্গে তুলনা করিয়া এই নন্দ ব্রজের গোপীগণের পাতিব্রত্য ভগবদ্ভক্তি প্রভৃতি সর্ব্ববিষয়ে শ্রেষ্ঠতা উপলব্ধি করিয়া আবার বলিয়াছিলেন :

বন্দে নন্দ ব্রজ স্ত্রীণাং পাদপদ্মমভীক্ষ্ণশঃ
যাসাং হরিকথোদ্‌গীতং পুনাতি ভুবন ত্রয়ম্—শ্রীভাঃ ১০।৪৭।৬৩

ইহার ভাবার্থ :—যাঁহাদের হরিকথাগান ত্রিভুবন পবিত্র করিতে সমর্থ সেই নন্দ ব্রজের গোপীগণের পাদপদ্ম বন্দনা করি। এই শ্লোক নরোত্তম পুরুষ শ্রীকৃষ্ণের অমোঘ বাক্য ও পবিত্র সঙ্গেরই মাহাত্ম্য কীর্ত্তন মাত্র। মহা-বিষধর সর্প ও শ্বাপদ সঙ্কুল বৃন্দাবনের জলস্থল যেমন শ্রীকৃষ্ণের শুভাগমনের সঙ্গে সঙ্গেই সর্ব্বদোষ বিমুক্ত হইয়াছিল বৃন্দাবন বাসী গোপ সমাজের ভিতর বাহির ও তদ্রূপ সর্ব্বদোষ শূন্য পবিত্র আদর্শ ভারতীয় ভাগবত সমাজে পরিণত হইয়াছিল[১]। এই সত্য অস্বীকার করা কৃষ্ণ নিন্দারই নামান্তর। ইহা হইল শ্রীকৃষ্ণের ব্রজলীলার প্রাকৃত, লৌকিকী ব্যবহারিকী, বা স্থূলবুদ্ধি সংসারি জনসাধারণের বোধগম্য লীলা কথা। তীক্ষ্ণবুদ্ধি উচ্চাধিকারীগণের বোধগম্য ব্যাখ্যাও তত্ত্ববিদ্‌গণ করিয়াছেন। শ্রীবৃন্দাবনের মানব সমাজ দূরের কথা পশুপক্ষী বৃক্ষলতা নদী পর্ব্বত ও শ্রীকৃষ্ণের পাদরেণু স্পর্শে পরমপুণ্য ভাগবত জীবনলাভ করিয়াছিল। সেই হেতুই শ্রীকৃষ্ণের মথুরা যাত্রাদিনে ব্রজে শ্রীকৃষ্ণ বিরহে যে ক্রন্দন রোল উঠিয়া ছিল এই পাঁচ সহস্র বৎসর পরেও তাহা ভারতের আকাশে বাতাসে ধ্বনিত হইতেছে :

---

(১) আধুনিক যুগে মহাত্মা গান্ধীর হরিজন পল্লীতে বাসও শ্রীকৃষ্ণানুসরণ বলিলে অত্যুক্তি হইবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুঁহু রহলি মধুপুর
ব্রজ-কুল আকুল দুকুল কলরব
কানু কানু করি ঝুর

১৩। শ্রীনাম ভাগবতম্ পুণ্যশ্লোক শ্রীকৃষ্ণের মথুরা, দ্বারাবতী ও পিণ্ডারক লীলার নিম্ন বর্ণিত রূপে আস্বাদন করিয়াছেন। মানব-সমাজের কল্যাণব্রতী ব্যক্তি সিংহাসনে বা কোন উচ্চ রাজকীয় পদে প্রতিষ্ঠিত না থাকিলেও সর্ব্বাধিক জগন্মঙ্গল করিতে পারেন। দুষ্ট কংস বধের পর শ্রীকৃষ্ণ তৎকালীন বিধিমতে মথুরা রাজ্যের অধিকারী হইলেও স্বয়ং রাজা না হইয়া কংস কর্ত্তৃক রাজ্যচ্যুত তৎপিতা ও নিজ জেষ্ঠ-মাতামহ বৃদ্ধ উগ্রসেনকেই মথুরা সিংহাসন দান করেন।

মাতামহন্তুগ্রসেনং যদুনামকরোন্নৃপম্—শ্রীভাঃ ১০।৪৫।১২

এবং শ্রীকৃষ্ণ নিজ বাহুবলে সেই বৃদ্ধকে বিশ্বজয়ী মহারাজা করিবেন এবং স্বয়ং তাঁহাকে ভৃত্যের ন্যায় চিরদিন সেবা করিবেন প্রতিজ্ঞা করিয়াছিলেন।

ময়িভৃত্য উপাসীনে ভবতো বিবুধাদয়ঃ
বলিং হরন্ত্যবনতাঃ কিমুতান্যে নরধিপাঃ।—শ্রীভাঃ ১০।৪৫।১৪

শ্রীকৃষ্ণ একাদশ বর্ষ মথুরাবাসের পরে ভারত পরিত্যাগ করেন এবং পশ্চিম সমুদ্র মধ্যস্থিত দ্বারাবতী দ্বীপে যাদব উপনিবেশ স্থাপন করিয়া তথায় এক কল্যাণ রাষ্ট্র প্রতিষ্ঠা করিয়াছিলেন। এবং নিজ পরিকল্পিত এই নব রাষ্ট্রেও বৃদ্ধ উগ্রসেনকেই রাজা করেন এবং প্রধান মন্ত্রী, প্রধান সেনাপতি প্রধান উপদেষ্টা প্রভৃকি সমস্ত মর্য্যাদা পূর্ণ রাজকীয় পদে বিভিন্ন ব্যক্তিকে প্রতিষ্ঠিত করিয়া স্বয়ং সাধারণ অনুগত প্রজা-রূপেই সেই রাষ্ট্রে চিরদিন বাস করিয়াছিলেন।

উগ্রসেনং নরপতিং কাশ্যং চাপি পুরোহিতম্
সেনাপতিমনাধৃষ্টিং বিকদ্রুং মন্ত্রি পুঙ্গবম্

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাদবানাং কুল করান্ স্থবিরান্ দশ তত্র বৈ
মতিমান্ স্থাপয়ামাস সর্ব্ব কার্য্যেষ্বনন্তরান্।

হরিঃ বিঃ ৫৮।৮১

শ্রীকৃষ্ণ তাঁহার বাল্যের আশ্রয়দাতা উচ্ছৃঙ্খল আভীর গোপজাতির কল্যাণার্থ এই কুল হইতেই বিশ্বজয়ী সুশৃঙ্খল নারায়ণী সেনা সংগঠন করেন এবং নিজ পুত্র প্রদ্যুম্নের নেতৃত্বে সমগ্র জম্বুদ্বীপ জয় করিয়া রাজা উগ্রসেনের রাজসূয়যজ্ঞ এবং পৌত্র অনিরুদ্ধের নেতৃত্বে দ্বিতীয়বার সমগ্র ভারত জয় করিয়া তাঁহার অশ্বমেধ যজ্ঞ সুসম্পন্ন করিয়া নিজ প্রতিজ্ঞা পালন করেন। শ্রীকৃষ্ণ স্বেচ্ছায় স্বয়ং অ-রাজা থাকিয়া বহু ব্যক্তিকে বহু ক্ষুদ্র ও বৃহৎ রাজ্যের রাজা করিয়াছেন। স্বয়ং অ-রাজা থাকিবার জন্য বিদর্ভ স্বয়ম্বরে এবং যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞ সভায় বহু নিন্দিত ও অপমানিত হইয়াছেন তবুও নীতির বশবর্তী হইয়া স্বয়ং রাজা বা কোন রাজপুরুষ হন নাই। এহেন আদর্শ নীতিবাদী অ-রাজা শ্রীকৃষ্ণের চূড়ান্ত নিন্দাই হইল তাহাকে একটি ক্ষুদ্র রাজ্যের রাজা সাজান এবং অখণ্ড ব্রহ্মচারী এবং অবরুদ্ধ-সৌরত কৃষ্ণকে পরদার সেবী সাজান।

সম্ভবতঃ এই অনবদ্য চরিত্র বিশ্ব-নমস্যনরোত্তম শ্রীকৃষ্ণকে লোক-চক্ষুতে হীন করিবার অসদুদ্দেশ্যে কোন কূটবুদ্ধি কৃষ্ণদ্বেষী-সম্প্রদায় শ্রীকৃষ্ণ সম্বন্ধে সর্ব্বশাস্ত্র বিরুদ্ধ নানা কাল্পনিক মিথ্যা কাহিনী ও সঙ্গীতাদি জন-সমাজে রটনা করিয়াছেন এবং শ্রীকৃষ্ণের জগৎ-পবিত্রকারী লীলা-গানের মধ্যে মধ্যে প্রচারের কূট কৌশলে এই কৃষ্ণনিন্দা প্রবেশ করাইয়াছেন। কালক্রমে সেই অসত্য ও দুরভিসন্ধিমূলক প্রচারই অজ্ঞ জনসমাজ সত্য বলিয়া গ্রহণ করিয়াছে ও তাহা অবলম্বনে আরও কত গীতাদি পরবর্ত্তীকালে রচিত হইয়াছে এবং ঐ সমস্ত তথাকথিত কৃষ্ণলীলার অনেক আধ্যাত্মিক ব্যাখ্যাও কেহ কেহ করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এইরূপে কূট-কৌশলে প্রচারিত কৃষ্ণ নিন্দার দৃষ্টান্ত মধ্যে একটি হইল স্বেচ্ছায় অ-রাজা শ্রীকৃষ্ণকে ক্ষুদ্র মথুরার রাজা সাজান এবং স্বৈরিণী কুব্জাকে তাঁহার পাটরাণী সাজাইয়া নানা কুৎসিত রঙ্গরস সৃষ্টি। এই কূট প্রচারে এক ঢিলেই দুই পাখি মারা হইয়াছে।

১৪। শ্রীনাম ভাগবতদের অভিমত এই যে শ্রীকৃষ্ণ ভাগবত ধর্ম্ম প্রবর্ত্তন দ্বারা বৈদিক ও তান্ত্রিক এই দুই বিরুদ্ধ ধর্ম্মাচারের সমন্বয় সাধন করিয়া বহুধা বিভক্ত ভারতীয় সমাজকে যুক্ত করিয়াছিলেন। ভাগবত ধর্ম্ম কাহাকে বলে?

যে বৈ ভগবতা প্রোক্তা উপায়া হ্যাত্মলব্ধয়ে
অঞ্জঃ পুংসামবিদুষাং বিদ্ধি ভাগবতান্ হি তান্।

—শ্রীভাঃ ১১।২।৩৪

ইহার ভাবার্থঃ—মূর্খ জনসাধারণ যাহাতে অনায়াসে আত্মলাভ করিতে পারে সেই নিমিত্ত ভগবান্ যে সমস্ত উপায় উপদেশ করিয়াছেন সেই সকলকে ভাগবত ধর্ম্ম জানিবে।

এক কথায় ভাগবত ধর্ম্মের অপর নাম স্বয়ং ভগবৎ কথিত-ধর্ম্ম। ভাগবত-ধর্ম্ম প্রচারের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী ভারতের ধর্ম্মজীবন ও সামাজিক ইতিহাস সংক্ষেপে নিম্নে বর্ণিত হইল। দ্বাপর যুগান্তে উদ্ভূত ভারতীয় দুষ্ট রাজন্যবর্গের স্বার্থে তৎবৃত্তিভোগী এবং অতীব স্থিতিশীল মনোবৃত্তি সম্পন্ন পণ্ডিতগণ শাস্ত্র প্রচার করিয়াছিলেন—

স্ত্রীশূদ্রদ্বিজবন্ধুনাং ত্রয়ী ন শ্রুতি গোচরাঃ

—শ্রীভাঃ ১।৪।২৫

ইহার ভাবার্থ বর্ণাশ্রমী ভারতের গৌরবর্ণ দ্বি-জাতি অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, ও বৈশ্য এই তিন বর্ণের সমস্ত নারী এবং কৃষ্ণবর্ণ (এক জাতি) অর্থাৎ শূদ্র জাতির সমস্ত নারী-পুরুষ এবং উপরোক্ত তিনটি দ্বি-জাতি মধ্যে যে সমস্ত পুরুষ পূর্ব্বোক্ত দুষ্ট রাজন্যবর্গের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুগত ও যুক্তিহীন আচার বিচারসম্পন্ন পণ্ডিতগণের শাস্ত্র ব্যাখ্যা মানিতে অস্বীকার করিয়াছিলেন—তাহাদিগকে "দ্বিজবন্ধু" অর্থাৎ "জঘন্য দ্বিজ" নাম প্রদান করিয়া বৈদিক সমাজ হইতে বহিস্কার করা হইয়াছিল।" অর্থাৎ এই স্ত্রী, শূদ্র ও দ্বিজবন্ধু জাতীয় ব্যক্তিগণ "ওঁকার" প্রভৃতি সর্ব্ব বৈদিক মন্ত্র উচ্চারণ বা শ্রবণের অধিকার হইতে বঞ্চিত হইয়াছিলেন। শুধু এই আইন বা শাস্ত্র প্রচার করিয়াই তাঁহারা নিবৃত্ত হয়েন নাই। মানব সমাজের অর্দ্ধেক স্ত্রী জাতি এবং সংখ্যা গরিষ্ঠ শূদ্র জাতিকে চিরকাল পশুতুল্য অসহায় ও মূর্খ রাখিবার অসদুদ্দেশ্যে আরও নৃশংস শাস্ত্র বা আইন্ প্রণীত ও দুষ্ট রাজশক্তির সাহায্যে প্রতি রাজ্যে প্রবর্ত্তিত হইয়াছিল এই আইনের মধ্যে একটি মাত্র নিম্নে লিখিত হইল—

জপ স্তপ স্তীর্থ যাত্রা প্রব্রজ্যামন্ত্রসাধনম্
দেবতারাধনাঞ্চৈব স্ত্রীশূদ্র পতনানিষট্ (অত্রিসংহিতা)

ইহার ভাবার্থ—(১) জপ (২) তপস্যা (৩) তীর্থ যাত্রা (৪) সন্ন্যাস (৫) কোন মন্ত্র সাধন (৬) কোন দেবতার আরাধনা এই ছয়টি কার্য্য স্ত্রীজাতি ও শূদ্র জাতির পক্ষে মহা অপরাধ গণ্য হইয়াছিল অর্থাৎ উপরোক্ত কোন "দুষ্কার্য্য" করিলে সেই অপরাধি শূদ্র ও নারী সমাজে পতিত দাস ও দাসী বলিয়া গণ্য হইত। এবং এই দাস ও দাসী প্রকাশ্য বাজারে পশুর ন্যায় ক্রীত বিক্রীত হইত। সামাজিক কোন বিষয়ে এই দাসদের কোন অধিকার ছিলনা। এমন কি ইচ্ছামত ধনোপার্জ্জনের স্বোপার্জ্জিত ধনের দান বা ব্যয়েও তাহাদের কোন অধিকার ছিল না। এই শাস্ত্রের প্রণেতা ছিলেন (পণ্ডিত) ব্রাহ্মণ এবং প্রয়োক্তা ছিলেন (কুলীন) ক্ষত্রিয় এবং সহায়ক ছিলেন (ধনী) বৈশ্য সম্ভবতঃ চৈতন্য চরিতামৃত কার তাঁহার সমসাময়িক এই শ্রেণীর ব্যক্তিগণকে লক্ষ্য করিয়াই বলিয়াছেন—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"পণ্ডিত কুলীন ধনীর বড় অভিমান্।"
উপরোক্ত তিন শ্রেণীর, বুদ্ধিমান, ক্ষমতাবান ও অর্থবান সংখ্যাল্প সম্প্রদায় যখন সঙ্ঘবদ্ধ ভাবে মূর্খ দরিদ্র ও বহু শ্রেণীতে বিভক্ত সংখ্যাগুরু ভারতীয় জনতার উপর ধর্ম্মের নামে এইরূপ অত্যাচার করিয়া তাহাদিগকে পশুতে পরিণত করিতে ছিলেন তখন এই নির্য্যাতনের প্রতিবাদ করিবার অপর কোন শক্তি ভারতে ছিল না।

১৫। শ্রীনাম ভাগবতমের আরও অভিমত এই যে স্ত্রী শূদ্র ও দ্বিজবন্ধু জাতির প্রতি এই অত্যাচারের প্রথম প্রতিবাদ আসিয়াছিল বহির্ভারত হইতে। কৈলাসশিখরাসীন দেবদেব জগদ্গুরু সদাশিব ইহার প্রথম প্রতিবাদ করিলেন—তন্ত্রশাস্ত্রের মাধ্যমে। তিনি ঘোষণা করিলেন কলিযুগেরমানব অল্পধীঃ ও অল্পশক্তি সম্পন্ন সুতরাং বেদাচার পালনে অসমর্থ। তাই তন্ত্রশাস্ত্র স্পষ্টভাষায় প্রচার করিলেন আগত-প্রায় কলিযুগে বেদ পুরাণ স্মৃতি প্রভৃতি শাস্ত্রের কোনই মূল্য নাই। সত্য ত্রেতাদি যুগে তাহার মূল্য ছিল কলিযুগে নির্ব্বিষ সর্পের ন্যায় ঐ শাস্ত্রসমূহ নির্ব্বীর্য্য ও মৃত-তুল্য"

নির্ব্বীর্য্যাঃ শ্রৌতজাতীয়া বিষহীনোরগাইব
সত্যাদৌ সফলাআসন্ কলৌ তে মৃতকা ইব'

মহানির্ব্বাণ তন্ত্রঃ ২।১৫

তন্ত্রশাস্ত্র আরও প্রচার করিলেন কলিযুগে যে ব্যক্তি তন্ত্রোক্ত মার্গ উল্লঙ্ঘন পূর্ব্বক অন্য পথের পথিক হয় তাহার সদ্গতি হয় না ইহা সম্পূর্ণ সত্য ইহাতে মোটেই সন্দেহ নাই।

কলাবাগমমুল্লঙ্ঘ্য যোঽন্য মার্গে প্রবর্ত্ততে
ন তস্য গতিরস্তীতি সত্যং সত্যং ন সংশয়ঃ

মঃ নিঃতঃ ২।৯

সদাশিবের এই বাণী মহাবাত্যার ন্যায় ভারতে প্রবেশ করিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দলে দলে ভারতীয় নির্য্যাতীত জনতা এই উদার তান্ত্রিক ধর্ম্ম গ্রহণ করিতে লাগিলেন। বৈদিক চাতুর্ব্বণ্য সমাজ ভাঙ্গিয়া পঞ্চবর্ণবিশিষ্ট তান্ত্রিক সমাজ সৃষ্ট হইল। (১) ব্রাহ্মণ (২) ক্ষত্রিয় (৩) বৈশ্য (৪) শূদ্র ও (৫) সামান্য। এই পঞ্চ বর্ণ।

কৃতাদৌ কলিকালে তু বর্ণাঃ পঞ্চ প্রকীর্ত্তিতাঃ
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রঃ সামান্য এবচ

মঃ নিঃ তঃ ৮।৫

বৈদিক সমাজে ছিল চারি আশ্রম—(১) ব্রহ্মচর্য্য (২) গার্হস্থ্য (৩) বাণপ্রস্থ ও (৪) সন্ন্যাস এই চারি আশ্রম মধ্যে তান্ত্রিক সমাজে মাত্র দুইটি আশ্রম স্বীকৃত হইল—(১) গার্হস্থ্য ও (২) সন্ন্যাস।

ব্রহ্মচর্য্যাশ্রমোনাস্তি বাণপ্রস্থোঽপি ন প্রিয়ে
গার্হস্থ্যো ভিক্ষুকশ্চৈব আশ্রমৌ দ্বৌ কলৌযুগে

মঃ নিঃ তঃ ৮।৮

সুতরাং বর্ণাশ্রমী বৈদিক সমাজের বর্ণ ও আশ্রম ব্যবস্থা অস্বীকৃত হইল এবং চারিবর্ণ স্থলে পাঁচবর্ণ এবং চারি আশ্রমস্থলে দুইটি মাত্র আশ্রম হইল। বৈদিক সমাজের সংখ্যাল্প শ্রেণী কম্পিত হইলেন ভারতীয় সমাজের আমূল পরিবর্ত্তন সাধিত হইল। তন্ত্র আরও ঘোষণা করিলেন যে তন্ত্রোক্ত পূজায় মন্ত্রে, আচারে-বিচারে নরনারী নির্ব্বিশেষে সকল ভারতীয়ের সমান অধিকার কেহ কাহাকে এই ধর্ম্ম হইতে বহিস্কার করিতে পারিবে না বা এই নব ধর্ম্ম গ্রহণে বাধা দিতে পারিবে না—

"বিপ্রা বিপ্রেতরাশ্চৈব সর্ব্বেঽপ্যত্রাধিকারিনঃ"

মঃ নিঃ তঃ ৩।১৪২

সুতরাং পূর্ব্বোক্ত 'জপ-স্তপস্তীর্থযাত্রা' প্রমুখ বেআইনী আইন-সমূহের কোনই মর্য্যাদা রহিল না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরবর্ত্তীকালে এই তন্ত্রোক্ত ধর্ম্মের সমর্থক হইলেন শ্রীকৃষ্ণ সেই হেতু তন্ত্রশাস্ত্রের অপর নাম হইল "আগম শাস্ত্র।"

আগতং শম্ভুবক্ত্রেভ্যো গতঞ্চ গিরিজা শ্রুতৌ
মতঞ্চ বাসুদেবস্য তস্মাদাগম উচ্যতে—প্রাঃ তোঃ তঃ ১৩

এই তন্ত্রশাস্ত্র শিব মুখ হইতে আগত হইয়াছিল। দেবী ভগবতী ইহার প্রথম শ্রোত্রী এবং বাসুদেব শ্রীকৃষ্ণ ইহাতে সম্মতি দিয়াছেন—সেই হেতু এই তন্ত্রশাস্ত্রের অপর নাম আগম শাস্ত্র।

১৬। শ্রীনাম ভাগবতম আরও অভিমত প্রকাশ করিতেছেন যে অনেক দুষ্ট রাজাও নিজ দুষ্ট-অভিসন্ধি সাধন জন্য তান্ত্রিক ধর্ম্ম গ্রহণ করিয়াছিলেন। কালক্রমে এই তান্ত্রিক আচারের মধ্যেও বহু প্রকার দুর্নীতি প্রবেশ করিয়াছিল। তান্ত্রিক সাধনার তৎকালীন কেন্দ্র বারাণসীর রাজা সুদক্ষিণের প্ররোচনায় তথাকার তান্ত্রিক ব্রাহ্মণগণ অভিচার প্রয়োগে শ্রীকৃষ্ণকে নিধন করিতে চেষ্টা করিয়া বারাণসী পুরীসহ যজমান ও পুরোহিত সকলেই ভস্মীভূত হইয়াছিলেন।

বারাণসীং পরিসমেত্য সুদক্ষিণং তং
সত্বিগ্‌জনং সমদহৎ স্বকৃতোঽভিচারঃ—শ্রীভাঃ ১০।৬৬।৪০

শ্রীকৃষ্ণ ভাগবতধর্ম্ম প্রবর্ত্তন দ্বারা বৈদিক ও তান্ত্রিক এই দুই বিরুদ্ধ মতবাদের সমন্বয় সাধন করিয়াছিলেন। শ্রীকৃষ্ণ ভাগবতধর্ম্মে বৈদিকী ও তান্ত্রিকী উভয় মতের পূজাই সমর্থন করিয়া বলিয়াছিলেন উভয় পথেই সিদ্ধি-লাভ করা যায়।

১। এবং-ক্রিয়াযোগপথৈঃ পুমান্ বৈদিক তান্ত্রিকৈঃ
অর্চ্চন্ উভয়তঃ সিদ্ধিং মত্তো বিন্দত্যভীপ্সিতাম্
শ্রীভাঃ ১১।২৭।৪৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণ অহিংসা, সত্য, অচৌর্য্য এবং কাম, ক্রোধ ও লোভ হীনতা এবং সর্ব্বভূতের কল্যাণ কার্য্য করাই সর্ব্ব বর্ণের সমান ধর্ম্ম উপদেশ করিলেন।

২। অহিংসা সত্যমস্তেয়মকামক্রোধলোভতা
ভূতপ্রিয়-হিতেহা চ ধর্ম্মোঽয়ং সার্ব্ববর্ণিকঃ
শ্রীভাঃ ১১।১৭।২১

শ্রীকৃষ্ণ পৌরাণিক বা অন্যান্যভক্ত-কৃত স্তবস্তুতি দ্বারা ভগবৎ উপাসনা এবং ভগবানের করুণা প্রার্থনা করিয়া দণ্ডবৎ প্রণামই পূজার প্রধান উপকরণ বলিলেন।

৩। স্তবৈরুচ্চাবচৈঃ স্তোত্রৈঃ পৌরাণৈঃ প্রাকৃতৈরপি
স্তুত্বা প্রসীদ ভগবন্নিতি বন্দেত দণ্ডবৎ" শ্রীভাঃ ১১।২৭।৪৫

শ্রীকৃষ্ণ উপদেশ দিলেন জাতি, কুল, মান, বিদ্যা, অর্থ প্রভৃতি কোন গুণ না থাকিলেও একমাত্র শ্রদ্ধাজনিত ভক্তিদ্বারাই আত্মা বা ভগবানকে পাওয়া যায় এবং অতি হীন জাতিও ভক্তিদ্বারা পরম পবিত্র হইয়া থাকে।

৪। ভক্ত্যাহমেকয়া গ্রাহ্যঃ শ্রদ্ধয়াত্মা প্রিয়ঃ সতাম্
ভক্তিঃ পুনাতি মন্নিষ্ঠা শ্বপাকানপিসম্ভবাৎ
শ্রীভাঃ ১১।১৪।২১

শ্রীকৃষ্ণ ভাগবত ধর্ম্মাবলম্বীকে অর্থ উপার্জ্জন সম্বন্ধে বিশেষ সাবধান করিয়া বলিলেন যে কুপথে অর্জ্জিত অর্থ দ্বারা কদাচ সুখ হয় না দুষ্কৃতদের অর্থদ্বারা ইহকালে অনুতাপ ও অশান্তি ভোগ হয় এবং পরকালে নরক ভোগ হয়—এইমাত্র লাভ।

৫। প্রায়েনার্থাঃ কদর্য্যাণাং ন সুখায় কদাচন
ইহ আত্মোপতাপায় মৃতস্য নরকায় চ শ্রীভাঃ ১১।২৩।১৫

সংক্ষেপতঃ—ইহাই ভাগবত ধর্ম্মাচারের মুল নীতি। এই ধর্ম্মাচরণে কাহারও সঙ্গে বিরোধ বাঁধিতে পারে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৭। শ্রীনাম ভাগবতম্ লক্ষ্য করিয়াছেন যে—তান্ত্রিক ধর্ম্ম কেবল ভারতীয় পঞ্চবর্ণের মধ্যেই সীমাবদ্ধ ছিল কিন্তু ভাগবত ধর্ম্ম অ-ভারতীয় ম্লেচ্ছ যবন প্রভৃতি সমাজের ব্যক্তিগণকেও এই ধর্ম্ম গ্রহণের অধিকার দিয়াছেন—

কিরাত হুনান্ধ্রপুলিন্দ পুক্কসা আভীর কঙ্কাযবনা খসাদয়ঃ
যেঽন্যেচপাপা যদুপাশ্রয়াশ্রয়া শুধ্যন্তি তস্মৈ প্রভবিষ্ণবেনমঃ

ভাগবত ধর্ম্মের আচার্য্য পদেও কোন বর্ণ বা জাতি বিশেষের একচেটিয়া অধিকার ছিল না। শ্রীকৃষ্ণ লীলা-সম্বরণের পূর্ব্বে অব্রাহ্মণ উদ্ধবকে ভাগবত ধর্ম্মের প্রধান আচার্য্য নিয়োগ করিয়াছিলেন। (গর্গঃ মঃ ২৪।৭৬) এবং বৈদিক ধর্ম্মের প্রধান কেন্দ্র বদরিকাশ্রমের ঋষিকুলে তাঁহাকে এই ধর্ম্ম প্রচারে প্রেরণ করিয়াছিলেন।

শ্রীভাঃ ১১।২৯।৪১,৪৪

১৮। শ্রীনাম ভাগবতম আরও লক্ষ্য করিয়াছেন যে বৈদিক ধর্ম্মে নির্দ্দিষ্ট তিনটি বর্ণের ব্যক্তি ব্যতীত অপরের প্রবেশ অধিকার ছিলনা। তান্ত্রিক ধর্ম্মে ভারতীয় পঞ্চবর্ণের অতিরিক্ত কাহারও প্রবেশ অধিকার ছিলনা। কিন্তু ভাগবত ধর্ম্মগ্রহণে কোন জাতি বর্ণ বা কুলের বাধা ছিলনা। বাধা ছিল ব্যক্তিগত চরিত্রের। যে কোন বর্ণের বা জাতির দাম্ভিক নাস্তিক, শঠ, ভক্তিহীন, পিতৃমাতৃ প্রভৃতি গুরু শুশ্রূষাবিহীন এবং দুর্ব্বিনীত ব্যক্তির এই ধর্ম্মে প্রবেশাধিকার ছিলনা।

নৈতত্ত্বয়া দাম্ভিকায় নাস্তিকায়, শঠায় চ
অশুশ্রূষোরভক্তায় দুর্ব্বিনীতায় দীয়তাম্ শ্রীভাঃ ১১।২৯।৩০

ভাগবত ধর্ম্ম জাতি বা বর্ণ বা পদমর্য্যাদার উপরে স্থান দিয়াছেন ব্যক্তিগত সদাচার ও সচ্চরিত্রতার।

১৯। শ্রীনাম ভাগবতম্ আবিষ্কার করিয়াছেন যে শ্রীকৃষ্ণ নরলীলায় অবস্থান কালে দুইবার এবং তাঁহার তিরোভাবের অর্দ্ধশতাব্দি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মধ্যে আর একবার ভারতীয় সাংস্কৃতিক অভিযান সমগ্র জম্বুদ্বীপ বা এসিয়া মহাদেশ জয় করিয়াছিল। প্রথম অভিযানের নেতা প্রদ্যুম্ন (গর্গঃ বিঃ ২৩।৪৮) দ্বিতীয় অভিযানের নেতা অর্জ্জুন (মভাঃ সভাঃ ২৮।১৮) এবং তৃতীয় অভিযানের নেতা পরীক্ষিত—(শ্রীভাঃ ১।১৬।১৪-১৫ পরীক্ষিতের অভিযানের যে বিবরণ শ্রীভাগবতে আছে তাহাতে জানা যায় যে পূর্ব্বে ভদ্রাশ্ব-বর্ষের (চীনের) রাজধানী চন্দ্রাবতীপুর (পিকিং) হইতে পশ্চিমে কেতুমাল-বর্ষের রাজধানী মন্মথ-শালিনীপুর (মক্কা) পর্য্যন্ত সমস্ত ভূভাগে শ্রীকৃষ্ণ কথা সম্যকভাবে প্রচারিত হইয়াছিল এবং ঐ ঐ দেশের গায়কগণ সর্ব্বত্র কৃষ্ণলীলা গান করিতেন।

১। ভদ্রাশ্বং কেতুমালঞ্চ ভারতং চোত্তরান্ কুরূণ্
কিম্পুরুষাদিনি বর্ষাণি বিজিত্য জগৃহে বলিম্

২। তত্র তত্রোপশৃন্বানঃ স্বপূর্ব্বেষাং মহাত্মনাম্
প্রগীয়মানঞ্চ যশঃ কৃষ্ণ মাহাত্ম্য স্যূচকম্

৩। তেভ্যঃ পরম সংহৃষ্টঃ প্রীত্যুজ্জৃম্ভিত লোচনঃ
মহা ধনানি বাসাংসি দদৌ হারান্মহামনাঃ

শ্রীভাঃ ১।১৬।১২,১৩, ১৫

ইহার ভাবার্থ—পরীক্ষিত দিগ্বিজয় উপলক্ষে এশিয়ার যে কোন দেশেই গিয়াছেন সেই সেই দেশেই কৃষ্ণমাহাত্ম্য স্যূচক গান শ্রবণ করিয়া প্রীতিসহকারে গায়কদের মহামূল্য পুরস্কার দিয়াছেন।

এই বিবরণে স্পষ্ট বুঝা যাইতেছে যে পরীক্ষিত এই সমস্ত দেশে গমন করিবার পূর্ব্বেই ঐ সমস্ত দেশে কৃষ্ণলীলা কথা এবং ভাগবত ধর্ম্ম প্রবেশ করিয়াছিল এবং সঙ্গীতাদির মাধ্যমে ঐ কৃষ্ণকথা জনসাধারণে প্রচারিত হইত।

২০। শ্রীনাম ভাগবতমের অভিমত শ্রীভাগবত বর্ণিত মত রাজা পরীক্ষিত কেতুমাল বর্ষে যে কৃষ্ণলীলা গান শুনিয়াছিলেন তাহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রমাণ ঐ বর্ষে অর্থাৎ পশ্চিম এশিয়ার বিভিন্ন দেশে উদ্ভুত (১) ইহুদী বাইবেল (Old Testament) (২) খ্রীষ্টিয়ান বাইবেল (New Testament) এবং আরব দেশে অবতীর্ণ (৩) আল্ কোর্‌আন্ গ্রন্থে স্পষ্ট ভাবেই রহিয়াছে। এই প্রস্তাবনায় তাহার বিস্তৃত আলোচনার স্থানাভাব। অতি সংক্ষেপে দুই একটি কথা বলা হইতেছে। ইহুদী বাইবেলের অন্তর্গত (Songs of Solomon) "সলোমনের সঙ্গীত" নামক গ্রন্থে লিখিত আছে—

"I am black but comely O Ye,
daughters of Jerusalem." Ch. 1.5

"Look not upon me because I am black. Ch. 1-6.

এই স্থানে প্রশ্ন হয় জেরুসালেমের এই কৃষ্ণ সুন্দর পুরুষটি কে? ইহুদী রাজা সলোমন এবং সেই দেশের অধিবাসীরা সকলেই গৌরবর্ণ এই "black but comely"; পুরুষটি অবশ্যই সেই পুরাতন ভুবন-মোহন কৃষ্ণ যাঁহার লীলাকথা পাঁচ সহস্র বৎসর পূর্ব্বে রাজা পরীক্ষিত ঐদেশে শুনিয়াছিলেন। এই কথা কেহ বলিলে কি অযৌক্তিক হইবে?

জার্ম্মান পণ্ডিত ডাঃ লবিন্‌সর ১৮৬৯ খ্রীষ্টাব্দে জার্ম্মান ভাষায় শ্রীমদ্ভগদ্গীতা অনুবাদ করেন। ঐ পুস্তকের পরিশিষ্টে তিনি দেখাইয়াছেন যে বাইবেলে শ্রীকৃষ্ণ কথিত গীতার অন্ততঃ এক-শতটি বাক্যের ভাব ও শব্দ সাদৃশ্য আছে। এই শব্দ ও ভাব সাদৃশ্য দ্বারা প্রমাণ করিতে চাহিয়াছিলেন যে শ্রীগীতা ঐ সমস্ত ভাব বাইবেল হইতে লইয়াছেন। কিন্তু প্রাচ্য ও পাশ্চাত্য বহু পণ্ডিত ব্যক্তি প্রমাণ করিয়াছেন যে গীতা গ্রন্থ বাইবেল হইতে বহুশত বৎসরের পুরাতন সুতরাং এই সিদ্ধান্তই অনিবার্য্য হয় যে ঐ এক-শতটি বাক্যের জন্য বাইবেলই শ্রীগীতার নিকট ঋণী। সুতরাং বাইবেলের দেশে শ্রীকৃষ্ণ কথিত গীতার প্রবেশ পূর্ব্বেই হইয়াছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খ্রীষ্টিয় বাইবেল গ্রন্থের কিঞ্চিদধিক ৬০০ বৎসর পরে আরব দেশে কোর্আন্ গ্রন্থ অবতীর্ণ হয়। এই গ্রন্থের মধ্যেও শত শত কৃষ্ণকথা লুক্কায়িত রহিয়াছে। যে সমস্ত ব্যক্তি শ্রদ্ধা সহকারে শ্রীভাগবত, মহাভারত ও উপনিষদাদি গ্রন্থ এবং আল্ কোর্আন্ পড়িয়াছেন তাহারা অবশ্যই ইহা স্বীকার করিবেন।

রাষ্ট্রপতি রাজেন্দ্র প্রসাদ "খণ্ডিত ভারত" নামক বিখ্যাত গ্রন্থে লিখিয়াছেন "আরবের অধিবাসীগণ অতি প্রাচীন কাল হইতেই ভারতীয় সাহিত্য ও বিজ্ঞানের সহিত সুপরিচিত ছিলেন। কিতাবল্‌বুধ ও বিলাওয়াহর ওয়া বুদাসিফ্" নামক তুইটি পুস্তক হিজরি দ্বিতীয় শতাব্দীতে তাঁহাদের কৃত বৌদ্ধগ্রন্থের অনুবাদ, জ্যোতিষ, বিজ্ঞান ও চিকিৎসা শাস্ত্রে সিন্দ্‌হিন্দ্ (সিদ্ধান্ত) শশ্রুদ্ (শুশ্রুত) ও স্রাক্ (চরক) গল্প সাহিত্যে "কালিলাহ্‌দামনাহ্" (পঞ্চতন্ত্র) কিতাব সিন্দাবাদ, নীতিশাস্ত্রে "শ্যানক" (চাণক্য) বিদ্‌পা (হিতোপদেশ) প্রভৃতি পুস্তক ছাড়াও ন্যায়শাস্ত্র ও সামরিক বিজ্ঞান সম্বন্ধিয় বহু পুস্তক হিন্দু গ্রন্থ হইতে অনুদিত হয়।"

"যে সমস্ত জাতির সংস্পর্শে ইহারা আসিতেন তাহাদের আচার ব্যবহার জ্ঞান ও ধর্ম্ম সম্বন্ধে জ্ঞানলাভ করিবার জন্য ইহাদের কৌতুহলের অবধি ছিল না" (খণ্ডিত ভারত—ধর্ম্ম—৩৭ পৃষ্ঠা)

উপরোক্ত উক্তির সঙ্গে মাত্র ২।৪টি কথা যোগ করিলেই শ্রীনাম ভাগবতমের বক্তব্য বলা হইবে। আরবী "শশ্রুদের" মধ্যে যেমন সংস্কৃত "শুশ্রুত" লুকাইয়া রহিয়াছেন 'স্রাক্'-এর মধ্যে যেমন 'চরক' 'শ্যানক্'-এর মধ্যে যেমন (চাণক্য) রহিয়াছেন, ঠিক তেমনি ভাবেই (১) আল্‌হাম্‌তুলিল্লাহে (আল্‌কোরআন্ ১।১) (ক) এর মধ্যে

(ক) বিশ্বপালক পরমেশ্বরেরই সম্যক্ প্রশংসা—আঃ কোঃ গিরীশ সেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi.

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"যস্তনাম মহদ্ যশঃ" (শ্বেতঃ উঃ ৪।১৯) লুকাইয়া রহিয়াছে (২) 'এহেদিনা সেরাতল্ মুস্তাকিম্' (কোর্ ১।৫) (খ) এর মধ্যে "অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্" (ঈশঃ উঃ ১৮) লুকাইয়া আছে (৩) "সেরাতল্ লাজিনাআন্ আম্‌তা আলায়হীম্" (কোর্ ১।৬) (গ) এর মধ্যে "মহাজনো যেন গতঃ স পন্থা" (মভাঃ বন ১১৩।১১৭) লুকাইয়া আছে, কারীমের মধ্যে বিষ্ণুসহস্র নাম স্তবের "কৃষ্ণ", "সাবুরের" মধ্যে 'সহিষ্ণু', 'সাকুরের' মধ্যে 'কৃতজ্ঞ'; 'সাহিদের' মধ্যে 'সাক্ষি', হাক্ক' এর মধ্যে 'সত্য' নাম লুকাইয়া রহিয়াছে ইত্যাদি ইত্যাদি। ইহা দ্বারা আরবের সঙ্গে গৌতম বুদ্ধেরও আড়াই সহস্র বৎসর পূর্ব্বে ভাগবত ধর্ম্ম প্রবর্ত্তক শ্রীকৃষ্ণের সম্পর্কই প্রমাণিত হয়।

২০। শ্রীনাম ভাগবতম্ শ্রীকৃষ্ণের ঐতিহাসিক ব্যক্তিত্ব সম্বন্ধে সন্ধিহান ভারতীয় ও বহির্ভারতীয় পণ্ডিতগণের দৃষ্টি স্বাধীনভারত বিখ্যাত শ্রী কে, এম্, মুন্‌সীর নিম্নলিখিত মন্তব্যের প্রতি আকর্ষণ করিতেছেন।

"There is now a general consensus of openion in favour of the historicity of Krishna. Many also hold the view that Vasudeva, the Yadav hero, the cowhard of Gokul, the councillor of the Pandavas, and the great philosopher of the Bhagavat-Gita or in short Krishna of the Puranaas and Krishna of the Mahabharat were one and the same person."

The Vedic Age. Vol I. Page 229. By R. C. Mozumder. C/o Glory that was Guzardesh. by K. M. Munshi.

শ্রীকৃষ্ণার্পণমস্তু

(খ) Show us the Straight path—M. M. Pickthal.

(গ) The way of those on whom thou past bestowed. Thy Grace. A. Yusufali.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কৃতজ্ঞতা

এই গ্রন্থ প্রণয়ণে যে সমস্ত ব্যক্তি ও প্রতিষ্ঠান হইতে গ্রন্থকার নানা-প্রকার সাহায্য লাভ করিয়াছেন তন্মধ্যে সর্ব্বাগ্রে নামোল্লেখ করিতেছেন মেদিনীপুর নারী মহা-বিদ্যালয়ের অধ্যক্ষা গ্রন্থকারের কন্যা প্রতিমা কল্যাণীয়া কুমারী সুশীলা মণ্ডল, M.A. B.T.র। তাহার উৎসাহ, উদ্দীপনা ও নানাপ্রকার সাহায্য ব্যতীত এই বৃদ্ধ বয়সে এই গ্রন্থ সঙ্কলনের বিপুল শ্রম হয়ত বহন করিতে পারিতেন না। দ্বিতীয় নাম করিতেছেন তাঁহার পুত্র-প্রতিম শ্রীমান জীতেন্দ্রমোহন সাহার। এই মহানুভব সমাজসেবী নীরব দাতার দানের তুলনা নাই। তাহার অযাচিত অর্থ সাহায্য ব্যতীত এই গ্রন্থ কদাপি প্রকাশিত হইত না। সর্ব্বদর্শী শ্রীকৃষ্ণ শ্রীমানের অন্যান্য গোপন দানের ন্যায় এই মহৎ দানটি অবশ্যই দেখিয়াছেন। এক্ষণে যাঁহাদের নাম করা হইতেছে এই গ্রন্থ সম্পাদনে তাঁহাদের ঋণ অপরিশোধনীয়। ভারত সেবাশ্রম সঙ্ঘের সাধারণ সম্পাদক পূজ্যপাদ স্বামী বেদানন্দজী মহারাজ গ্রন্থকারের কনিষ্ঠ সহোদর তুল্য প্রীতিভাজন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিখ্যাত অধ্যাপক ডক্টর মাখনলাল রায়চৌধুরী, M.A. B.L: P.R.S. D. Litt. শাস্ত্রী-গ্রন্থকারের পরম প্রীতিভাজন জ্ঞাতি ভ্রাতা টাঙ্গাইল কুমুদিনী কলেজের ভূতপূর্ব অধ্যক্ষ শ্রীমান রবীন্দ্রনাথ ঘোষঠাকুর M.A. সপ্ত-তীর্থ, গ্রন্থকারের বন্ধু পণ্ডিত সুরেন্দ্রনাথ গুহ কাব্যতীর্থ, কন্যাতুল্যা শ্রীমতী সীতা রায়চৌধুরী M.A., পুত্রবধূ লক্ষ্মী ঘোষঠাকুর B.A. কুমারী মনীষা পাল, শ্রীক্ষেত্রমোহন চক্রবর্ত্তী, শ্রীসুখময় দত্ত, শ্রীজগবন্ধু গুরু শ্রীজ্ঞানরঞ্জন রায়, শ্রীধীরেন্দ্রনাথ মজুমদার, শ্রীধীরেন্দ্রনাথ বসু গ্রন্থকারের জ্যেষ্ঠ ভ্রাতার ন্যায় মাননীয় রায় বাহাদুর ৺পূর্ণেন্দুনারায়ণ রায় দেববর্ম্মা গ্রন্থকারের মুস্‌লীম্ বন্ধু জনাব আবদুল করিমখান বি, এল, এবং পূর্বতন মোহরার ও মহোপকারী বন্ধু শ্রীউপেন্দ্রমোহন ভৌমিক, প্রকাশ মন্দিরের শ্রীযুক্ত সুশীলকুমার বসু ও অন্যান্য মহানুভব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যক্তিগণ নানা সদুপদেশ ও উৎসাহ দানে, কেহ নিজ নিজ গ্রন্থাগারের গ্রন্থাদি ব্যবহার করিতে দিয়া, কেহ হস্তলিপি লিখিয়া, কেহ প্রুফ দেখিয়া কেহ গ্রন্থের অনেক উপকরণ সংগ্রহ করিয়া ও অন্যান্য বহু প্রকারে গ্রন্থকারকে সাহায্য করিয়াছেন। এতদ্ভিন্ন নিম্নলিখিত গ্রন্থালয় আমাকে বিগত দশ বৎসর যাবৎ বহু দিন বহু গ্রন্থ পাঠ করিতে দিয়া সাহায্য করিয়াছেন (১) ভারতীয় জাতীয় গ্রন্থালয়, (২) ভারত-সেবাশ্রম-সঙ্ঘ গ্রন্থালয়, (৩) মহানির্বান মঠের জ্ঞানানন্দ-গ্রন্থালয়, (৪) আনন্দ বাজার পত্রিকা-গ্রন্থালয়, (৫) সাহিত্য-পরিষৎ-গ্রন্থালয় এবং (৬) কলিকাতা সংস্কৃত-কলেজ-গ্রন্থালয়।

পরম দয়াল প্রভু গ্রন্থকারকে পূর্ব্ববঙ্গের লাভজনক আইন ব্যবসা পৈত্রিক ও স্বোপার্জিত সমস্ত সঞ্চিত ধন সম্পত্তি ও সুন্দর গৃহাদি হইতে বঞ্চিত করিয়া পশ্চিম বঙ্গের রাজধানী কলিকাতার ন্যায় বিদ্যানগরীর সন্নিকটে একটি ক্ষুদ্র উদ্বাস্তু পল্লীর দীন কুটিরে স্থান দান করিয়াছেন। বিগত দশ বৎসর যাবৎ কত রোগ শোক দুঃখ দারিদ্র্যের সঙ্গে নিয়ত সংগ্রামের মধ্যে রাখিয়াও এক পঙ্গু দ্বারা পর্ব্বত-লঙ্ঘন করাইয়াছেন আজ পরম কৃতজ্ঞ হৃদয়ে কায় মন ও বাক্যে জগদারাধ্য শ্রীকৃষ্ণ চরণে গ্রন্থকার প্রণাম করিতেছেন আর—রবীন্দ্রনাথের ভাষায় বলিতেছেন :—

১। আমি বহু বাসনায় প্রাণপণে চাই
বঞ্চিত করে বাঁচালে মোরে
এ কৃপা কঠোর সঞ্চিত মোর জীবন ভরে

আরও উচ্চ কণ্ঠে বলিতেছেন

২। করুণা তোমার কোন্ পথ দিয়ে কোথা নিয়ে যায় কাহারে,
সহসা দেখিনু নয়ন মেলিয়ে এনেছ তোমারি দুয়ারে।

ওঁ শ্রীকৃষ্ণার্পণমস্তু।

—গ্রন্থকার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূচনা

একদা কোন এক মহাক্ষণে ভগবান শ্রীপ্রেমবাসুদেব তাঁর প্রার্থী ভক্তকে বলেছিলেন। "আমার ধ্যানে মগ্ন হয়ে আমাকে যদি পেতে চাও তবে আমার স্বরূপ খোঁজো গীতায় ভাগবতে, বৈষ্ণব-শাস্ত্রাবলীতে। আমার প্রতিটি নামের অর্থ অনুধ্যান করতে চেষ্টা কর। তাহলে আমার রূপ তোমার কাছে উজ্জ্বল হয়ে উঠবে।

মহতী কৃপায় আবিষ্ট হয়ে যিনি নিজেকে ভক্তের কাছে দান করে গেলেন, আর কেমন করে' তাঁকে পেতে হবে, সেই পথের ইঙ্গিত আপনি ভিখারীর অন্তরে পরিস্ফুট ক'রে তুলে থাকেন, তাঁরই প্রেরনায় শ্রীপূর্ণেন্দুমোহন ঘোষ ঠাকুর বৈষ্ণব শাস্ত্রাবলীর অন্তর্নিহিত শ্রীকৃষ্ণ কীর্ত্তিসমুদ্র মন্থন করে' এই নামামৃতসার সঙ্কলনের প্রয়াস পেয়েছেন। কীর্ত্তন ভক্ত বৎসলের কীর্ত্তনকারী ভক্তি পথাশ্রিত, এই সঙ্কলন ও গাথা গীত গুলিতে ভক্তজনেরই সানন্দ অধিকার। বাঞ্ছিত অমরাবতী হতে আমরা যারা বহুদূরে তারা এর সূচনাই বা কি লিখব প্রস্তাবনাই বা কি করব? একটি ভক্তি পরিপ্লুত হৃদয়ের রচিত সঙ্গীত নিচয়ের তাই এই সামান্য ভূমিকাটি শেষ করি। মনে হয় লেখক এরই মধ্যে তাঁর প্রাণের সুরের সমতন্ত্রীর ঝঙ্কার খুঁজে পেয়ে পরিতৃপ্ত হবেন।

"আমার মন রসনা জপ
হরে কৃষ্ণ নাম!
নামে নিরানন্দ দূরে যাবে
হবিরে তুই পূর্ণকাম!
নামের স্বরূপ হয় সচ্চিদানন্দময়,
সফল জনম হবে, কর রে তুই নামাশ্রয়!
নাম নামী ভিন্ন নয়, নাম রূপ একই হয়,
ওরে গাইবি আনন্দ ঘন হৃদিমাঝে রাধাশ্যাম!

নিবেদিকা
করুণাকণা প্রেমগুপ্ত
জন্মাষ্টমী, ১৩৬৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীনাম-ভাগবতম্

শ্রীবৃন্দাবন-লীলা

[দিব্য জন্ম হইতে একাদশ বর্ষ পর্য্যন্ত]

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্
দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ ॥

৯। অনন্ত-শয়ন

[ক্ষীরসমুদ্র]

১। ব্রহ্মপরাত্মন্ ভগবন্ কৃষ্ণ
২। অব্যয়াদ্বয়তত্ত্ব ভূমন্ কৃষ্ণ
৩। শ্রদ্ধালুমানসোদ্ভাসিত কৃষ্ণ
৪। জ্ঞানবৈরাগ্যোপাসিত কৃষ্ণ
৫। সকলভূতাত্মদয়িত কৃষ্ণ
৬। অনন্তশয়নশয়িত কৃষ্ণ

শ্রীভাগবত প্রথম স্কন্ধ-লীলা

১। হে কৃষ্ণ! তোমাকে কেহ বলেন ব্রহ্ম, কেহ বলেন পরমাত্মা এবং কেহ বলেন ভগবান।—শ্রীভাঃ ১।২।১১

২। হে কৃষ্ণ! তোমাকে কেহ বলেন অব্যয়, কেহ বলেন অদ্বয়, কেহ বলেন ভূমা, এবং কেহ বলেন তত্ত্বজ্ঞান।—শ্রীভাঃ ১।২।১১

৩। হে কৃষ্ণ! তুমি শ্রদ্ধালু মানসে উদ্ভাসিত হও।—শ্রীভাঃ ১।২।১২

৪। হে কৃষ্ণ! তুমি জ্ঞান ও বৈরাগ্য দ্বারা উপাসিত হও।—শ্রীভাঃ ১।২।১২

৫। হে কৃষ্ণ! তুমি সর্ব্বাত্মারূপেই সর্ব্বপ্রিয়তম।—শ্রীভাঃ ১।২।১২

৬। হে কৃষ্ণ! তুমি ক্ষীর-সাগরে অনন্ত-শয়নে শয়িত।—শ্রীভাঃ ১০।১।১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২। জাগরণ

[ক্ষীরসমুদ্র]

৭।	আসুরধরাভারশ্রাবিত	কৃষ্ণ
৮।	সুরসন্দোহসম্ভাবিত	কৃষ্ণ
৯।	ক্ষীরসাগরতীরার্চ্চিত	কৃষ্ণ
১০।	ব্রহ্মশিবাদিসমার্হিত	কৃষ্ণ
১১।	সমবেতস্তুতিনিবেদিত	কৃষ্ণ
১২।	পুরুষোত্তমসংবোধিত	কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

৭। হে কৃষ্ণ! তুমি (গাভীরূপধারিণী) ধরণীর দুঃখের কথা (ব্রহ্মাদি দেবগণের) সমীপে শুনিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১।১৯

৮। হে কৃষ্ণ! তুমি সমস্ত দেবগণকর্ত্তৃক ভাবিত হইয়াছিলে। —শ্রীভাঃ ১০।১।১৯

৯। হে কৃষ্ণ! তুমি ক্ষীর-সাগরের তীরে সমাগত দেবগণ দ্বারা পূজিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।১।১৯

১০। হে কৃষ্ণ! তুমি ব্রহ্মা, শিব প্রভৃতি দেবগণ দ্বারা অর্চ্চিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।১।১৯

১১। হে কৃষ্ণ! সমস্ত দেবগণ সমবেত-ভাবে তোমাকে স্তুতি নিবেদন করিয়াছিলেন।—শ্রীভাঃ ১০।১।২০

১২। হে কৃষ্ণ! তুমি পুরুষোত্তম, দেবগণের সমবেত-স্তবে তোমার যোগনিদ্রা ভঙ্গ হইয়াছিল।—শ্রীভাঃ ১০।১।২০

CC0. In Public Domain: Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩। পরিকর-প্রেরণ

[ক্ষীরসমুদ্র]

১৩।	পুরুষসূক্তসম্বোধিত	কৃষ্ণ
১৪।	আকাশবাণীবিঘোষিত	কৃষ্ণ
১৫।	ধরাজ্বরসন্তাপহরণ	কৃষ্ণ
১৬।	দেবগণমাথুরপ্রেরণ	কৃষ্ণ
১৭।	শ্রীঅনন্তদেবনির্দ্দেশ	কৃষ্ণ
১৮।	দেবীবিষ্ণুমায়োপদেশ	কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

১৩। হে কৃষ্ণ! তুমি পুরুষসূক্ত নামক-বিখ্যাত বৈদিক মন্ত্রে উদ্বোধিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।১।২০

১৪। হে কৃষ্ণ! তুমি আকাশবাণী দ্বারা তোমার আদেশ ঘোষণা করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১।২১

১৫। হে কৃষ্ণ! তুমি ধরণীর সকল দুঃখ হরণ করিবে বলিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১।২২

১৬। হে কৃষ্ণ! তুমি মথুরার যদুবংশীয় ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করিতে দেবদেবীগণকে প্রেরণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১।২২

১৭। হে কৃষ্ণ! তুমি শ্রীঅনন্তদেবকেও পৃথিবীতে জন্মগ্রহণ করিতে অনুরোধ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১।২৪

১৮। হে কৃষ্ণ! তুমি বিষ্ণুমায়া দেবীকেও পৃথিবীতে জন্ম নিতে উপদেশ দিয়াছিলে।—কূর্ম্ম পুঃ ২৪।৭৪ ; শ্রীভাঃ ১০।১।২৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪। আগমন-কারণ

[ভারতবর্ষ]

১৯। ধর্ম্মসংস্থাপনার্থাগত কৃষ্ণ

২০। অধর্ম্মপ্রশমনাগত কৃষ্ণ

২১। সজ্জনরক্ষণার্থাগত কৃষ্ণ

২২। দুর্জ্জনভক্ষণার্থাগত কৃষ্ণ

২৩। ধর্ম্মগ্লানিপ্রধনাগত কৃষ্ণ

২৪। যুগে-যুগে ভারতাগত কৃষ্ণ

মহাভারত ভীষ্মপর্ব্ব-লীলা

১৯। হে কৃষ্ণ! তুমি ধরণীতে ধর্ম্ম-স্থাপনার্থ অবতার-দেহ ধারণ করিয়া আগমন করিয়া থাক।—মভাঃ ভীঃ ২৮।৮

২০। হে কৃষ্ণ! তুমি বৃদ্ধিপ্রাপ্ত অধর্ম্ম-প্রশমন-জন্য ধরায় আগমন করিয়া থাক।—মভাঃ ভীঃ ২৮।৭

২১। হে কৃষ্ণ। তুমি সাধুসজ্জনকে পরিত্রাণ করিতে ধরায় আগমন করিয়া থাক।—মভাঃ ভীঃ ২৮।৮

২২। হে কৃষ্ণ! তুমি দুষ্ট-দুর্জ্জনকে বিনাশ করিতে ধরায় আগমন করিয়া থাক।—মভাঃ ভীঃ ২৮।৮

২৩। হে কৃষ্ণ! তুমি ধর্ম্মের গ্লানি দূর করিতে ধরায় আগমন করিয়া থাক।—মভাঃ ভীঃ ২৮।৭

২৪। হে কৃষ্ণ! তুমি যুগে যুগে বিভিন্ন অবতাররূপে ভারতে আগমন করিয়া থাক।—মভাঃভীঃ ২৮:৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫। যুগ-নির্দ্ধারণ

[মথুরা]

২৫। দ্বাপরযুগান্তরসম্ভব কৃষ্ণ

২৬। তৃতীয়যুগপর্য্যয়োদ্ভব কৃষ্ণ

২৭। যুগাষ্টবিংশতিসম্ভূত কৃষ্ণ

২৮। জয়ন্তীযোগসমুদ্ভূত কৃষ্ণ

২৯। যদুবংশাবতংসযাদব কৃষ্ণ

৩০। মধুতন্তদ্যুমণিমাধব কৃষ্ণ

বিষ্ণুপুরাণ ও বায়ুপুরাণ লীলা

২৫। হে কৃষ্ণ! তুমি দ্বাপর যুগে (কলিযুগের প্রারম্ভে ভারতে স্থরসেন রাজ্যে) আবির্ভূত হইয়াছিলে।—মভাঃ ভীঃ ৬৬।৪০, বিষ্ণু পুঃ ২৩।২৪

২৬। হে কৃষ্ণ! তুমি তৃতীয় যুগ পর্য্যায়ে প্রকাশিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১।৪।১৪

২৭। হে কৃষ্ণ! তুমি দ্বাপরের অষ্টাবিংশতি যুগে জন্ম স্বীকার করিয়াছিলে।—বায়ু পুঃ ৯৮।৯৭

২৮। হে কৃষ্ণ! তুমি জয়ন্তীযোগে জন্মগ্রহণ করিয়াছিলে।—স্কঃ পুঃ প্রঃ ১৯।৯০, হরিঃ বিঃ ৪।১৭, ব্রঃ বৈঃ কৃঃ ৭।৬৫

২৯। হে কৃষ্ণ! তুমি যদুবংশে উদ্ভূত ব্যক্তিগণ-মধ্যে শ্রেষ্ঠ বলিয়া যাদব নামে বিখ্যাত হইয়াছিলে।—বিষ্ণুঃ পুঃ ২৩।২৩

৩০। হে কৃষ্ণ! তুমি যদুবংশের মধুকুলের সূর্য্যস্বরূপ বলিয়া মাধব নামে জগদ্বিখ্যাত হইয়াছিলে।—বায়ুঃ পুঃ ৯৮।৯৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬। জন্মতিথি-নক্ষত্র-নির্ণয়

[মথুরা]

৩১। বৃষস্থে শশাঙ্কে ভাসিত কৃষ্ণ
৩২। বুধবাসরস্সুবাসিত কৃষ্ণ
৩৩। ভাদ্রাসিতাষ্টমীস্সুজাত কৃষ্ণ
৩৪। রোহিণীনক্ষত্রবিভাত কৃষ্ণ
৩৫। অভিজিৎসুক্ষণসম্ভূত কৃষ্ণ
৩৬। মৃগপতিলগ্নাবির্ভূত কৃষ্ণ

মহাভাগবতপুরাণ-লীলা

৩১। হে কৃষ্ণ! তুমি বৃষরাশিতে প্রকাশিত হইয়াছিলে। —গর্গ সং ১১, ভবিষ্য পুঃ ৫৫।১৬, মহাভাগ পুঃ ৫০।৬৭

৩২। হে কৃষ্ণ! তুমি জন্মগ্রহণ দ্বারা বুধবারকে সুগন্ধযুক্ত করিয়াছিলে।—(খ মাণিক্য জ্যোতিষ) গর্গ সং ১১ পদ্মঃ স্বর্গ ৪৩ ১২৫

৩৩। হে কৃষ্ণ! তুমি ভাদ্র মাসের কৃষ্ণাষ্টমী তিথিতে শুভ জন্ম লইয়াছিলে।—বিষ্ণু পুঃ ৫।১।৭৭, মহাভাগ পুঃ ৫০।৬৭, ব্রঃ পুঃ ১৮১।৪৪, ব্রহ্মাণ্ড পুঃ ২।১০৩, ভবিষ্য পুঃ ৫৫।১৫, লিঙ্গ পুঃ ১০৭, বৃঃ ধঃ পুঃ ১।৬৮

৩৪। হে কৃষ্ণ! তুমি রোহিণী-নক্ষত্রে প্রকাশিত হইয়াছিলে। —গর্গ সং ১১, মহাভাগ পুঃ ৫০।৬৭, পদ্মঃ পুঃ ৪৩।২১, ব্রঃ বৈঃ কৃঃ ৭।৬৫, ভবিষ্য পুঃ ৫৫।১৬

৩৫। হে কৃষ্ণ! তুমি অভিজিৎ-ক্ষণে প্রকটিত হইয়াছিলে। —স্কঃ পুঃ ১২।২০ হরিঃ বিঃ ৪।১৭

৩৬। হে কৃষ্ণ! তুমি সিংহ-লগ্নে জন্মগ্রহণ করিয়াছিলে। —ভবিষ্য পুঃ ৫৫।১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭। জন্মস্থান নিরূপণ

[মথুরা]

৩৭।	কংসকারাগারপাবন	কৃষ্ণ (১)
৩৮।	তামসনিশীথভাবন্	কৃষ্ণ
৩৯।	দেবকীবসুদেবনন্দন	কৃষ্ণ
৪০।	মোচিতশৃঙ্খলবন্ধন	কৃষ্ণ
৪১।	মাথুররাজন্যালঙ্কৃত	কৃষ্ণ
৪২।	ব্রহ্মাদ্যমরনমস্কৃত	কৃষ্ণ

শ্রীদেবীভাগবত, কালিকা ও কূর্ম্ম পুরাণ লীলা

৩৭। হে কৃষ্ণ! তুমি (জন্মগ্রহণ দ্বারা) মথুরার রাজা কংসের কারাগার পবিত্র করিয়াছ।—শ্রীভাঃ ১০।২।১৯, লিঙ্গ পুঃ ১০৭

৩৮। হে কৃষ্ণ! তুমি অন্ধকারময়ী মধ্যরাত্রিতে জন্মগ্রহণ করিয়াছিলে।—দেঃ ভাঃ ২৩।২০, ব্রঃ বৈঃ কৃঃ ৭।৬৭, শ্রীভাঃ ১০।৩।৮

৩৯। হে কৃষ্ণ! তুমি পিতা বসুদেব ও মাতা দেবকীর পরমানন্দদায়ক পুত্ররূপে জন্মগ্রহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।৮ সৌর পুঃ ৩১।৫৪, কূর্ম্ম পুঃ ২৪।৭০, কালিকা পুঃ ৪০।৩০

৪০। হে কৃষ্ণ! তুমি জন্মিবামাত্র কারারুদ্ধ পিতামাতার শৃঙ্খলবন্ধন খুলিয়া গিয়াছিল।—শ্রীভাঃ ১০।৩।৪৭, গর্গ সং ১১

৪১। হে কৃষ্ণ! তুমি মথুরার যাদব ক্ষত্রিয়-কুলে জন্মগ্রহণে সেই কুল অলঙ্কৃত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১।২৮-২৯

৪২। হে কৃষ্ণ! তুমি সূতিকাগৃহেই ব্রহ্মাদি-দেবগণ-কর্ত্তৃক নমস্কৃত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।২।৪২

---

(১) সহস্রাধিক বর্ষ পূর্ব্বে এই পুণ্য স্থান চিহ্নিত হইয়া কোটি কোটি মুদ্রা ব্যয়ে বিভিন্ন সময়ে ক্রমে তিনটি স্মৃতি মন্দির প্রস্তুত হইয়াছিল। তাহা সকলই চূর্ণীকৃত হইয়াছে। মথুরা হইতে বৃন্দাবন যাইবার রাজপথের বামপার্শ্বে শ্রীকৃষ্ণ-জন্মস্থান কংস-কারাগারে এক্ষণে একটি ইদ্‌গাহ্ বর্ত্তমান আছে। শ্রীচৈতন্যদেব শেষ কেশব-মন্দির দেখিয়াছেন। "জন্মস্থানে কেশব দেখি করিল প্রণাম"—চৈঃ চঃ মঃ ১৭।১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮। দিব্যাবির্ভাব

[মথুরা]

৪৩।	সুকণ্ঠকৌস্তুভালম্বিত	কৃষ্ণ
৪৪।	চতুর্ভুজায়ুধশোভিত	কৃষ্ণ
৪৫।	জলদশ্যামলশ্রীধর	কৃষ্ণ
৪৬।	কিরীটান্বিতপীতাম্বর	কৃষ্ণ
৪৭।	পদ্মপলাশবিলোচন	কৃষ্ণ
৪৮।	ভাসাসূতিগৃহালোকন	কৃষ্ণ

অগ্নিপুরাণ, মৎস্যপুরাণ ও ভবিষ্যপুরাণ লীলা

৪৩। হে কৃষ্ণ! (জন্ম-সময়ে) তোমার সুন্দর কণ্ঠদেশে মহামূল্য কৌস্তুভ মণি লম্বিত ছিল।—শ্রীভাঃ ১০।৩।৯ পদ্মঃ পুঃ ৪৫।৩৬, বৃঃ ধঃ পুঃ উঃ ১।৬৯

৪৪। হে কৃষ্ণ! তুমি (জন্ম-সময়ে) চারিহস্তবিশিষ্ট ছিলে এবং হস্তে চারিটি অস্ত্র শোভিত ছিল।—অগ্নিঃ পুঃ ১২।৭, মৎস্য পুঃ ৪৬।২, ব্রহ্ম পুঃ ১৮১।১২, পদ্মঃ উঃ ৪৫।৩৬

৪৫। হে কৃষ্ণ! তুমি নবীন মেঘের মত শ্যামবর্ণ এবং বক্ষে শ্রীবৎস চিহ্ন যুক্ত ছিলে। কূর্ম পুঃ ২৪।৭।৮; মৎস্য পুঃ ৪৭।৩; ভবিষ্য পুঃ ৫৫।৩৩

৪৬। হে কৃষ্ণ! তুমি মস্তকে কিরীট-শোভিত ছিলে এবং পীতবর্ণ বসন-পরিহিত ছিলে।—শ্রীভাঃ ১০।৩।১০ ; পদ্মঃ পুঃ উঃ ৪৫।৩৬

৪৭। হে কৃষ্ণ! তুমি পদ্মের পাপড়ির মত লোহিতাভ ও আয়তঃ নয়ন-বিশিষ্ট ছিলে।—শ্রীভাঃ ১০।৩।৯ ; মৎস্য পুঃ ৪৭।২ ; ব্রহ্ম পুঃ ১৮১।১২

৪৮। হে কৃষ্ণ! তুমি স্বদেহের জ্যোতিতে অন্ধকারময় সূতিকাগার আলোকিত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।১২, মৎস্য পুঃ ৪৭।২, বৃঃ ধঃ পুঃ ১।৬৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯। দিব্য পদ-চিহ্ন

[মথুরা]

৪৯। গোষ্পদদরমীনখাম্বিত কৃষ্ণ
৫০। কুম্ভেন্দুধনুত্রিকোণাঙ্কিত কৃষ্ণ
৫১। বজ্রাব্জাষ্টকোণাঙ্কুশকান্ত কৃষ্ণ
৫২। চক্রস্বস্তিকধ্বজপাদান্ত কৃষ্ণ
৫৩। যবজম্বুছত্রোর্দ্ধরেখাঙ্কন কৃষ্ণ
৫৪। অষ্টৈকাদশচিহ্নচরণ কৃষ্ণ

শ্রীভাগবত দশম-স্কন্ধ-লীলা

৪৯। হে কৃষ্ণ তুমি (বাম-চরণ-তলে) (১) গোষ্পদ (২) শঙ্খ (৩) মৎস্য (৪) অম্বর চিহ্নান্বিত ছিলে।—স্কঃ পুঃ

৫০। হে কৃষ্ণ তুমি (বাম-চরণ-তলে) (৫) কলস (৬) অর্দ্ধচন্দ্র (৭) ধনু এবং (৮) ত্রিকোণ এই অষ্ট-চিহ্ন-যুক্ত ছিলে।—স্কঃ পুঃ

৫১। হে কৃষ্ণ তুমি (দক্ষিণ চরণ-তলে) (১) বজ্র (২) পদ্ম (৩) অষ্টকোণ (৪) অঙ্কুশ-শোভিত ছিলে।—শ্রীভাঃ ১০।৩৮।২৫

৫২। হে কৃষ্ণ তুমি (দক্ষিণ-চরণ-তলে) (৫) চক্র (৬) স্বস্তিক ও (৭) পতাকা চিহ্নিত ছিলে।—শ্রীভাঃ ১০।৬০।২৫

৫৩। হে কৃষ্ণ তুমি (দক্ষিণ-চরণ-তলে) (৮) যব (৯) জম্বু (১০) ছত্র (১১) উর্দ্ধ রেখাঙ্কিত ছিলে।—শ্রীভাঃ ১০।৩০।২৫

৫৪। হে কৃষ্ণ তোমার বাম-চরণ-তলে-অষ্টটি এবং দক্ষিণ-চরণ তলে একাদশটি শুভ চিহ্ন অঙ্কিত ছিল।—স্কঃ পুঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১০। দিব্য পলায়ন

[মথুরা]

৫৫। প্রাকৃতশৈশবগৃহীত কৃষ্ণ

৫৬। গোকুলগমনবিহিত কৃষ্ণ

৫৭। পৌরগণেন্দ্রিয়রোধক কৃষ্ণ

৫৮। কপাটাষ্টকবিমোচক কৃষ্ণ

৫৯। রক্ষপালস্বাপকারক কৃষ্ণ

৬০। শেষফণৈর্বারিবারক কৃষ্ণ

শ্রীদেবীভাগবত ও ব্রহ্মপুরাণ লীলা

৫৫। হে কৃষ্ণ! তুমি সূতিকাগৃহেই মানব-শিশুর ন্যায় দ্বিভুজ রূপ ধারণ করিয়াছিলে।—পদ্ম পুঃ ৪৫।৪২ ; শ্রীভাঃ ১০।৩।৪৫

৫৬। হে কৃষ্ণ! তুমি (বসুদেবকে) গোকুলে নন্দগোপ-গৃহে গমন করিতে বলিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।৪৫ ; দেঃ ভাঃ ৪।২৩।২০

৫৭। হে কৃষ্ণ! তুমি (গোকুল-গমন গোপন রাখিতে) সমস্ত মথুরাবাসীর সর্ব্বেন্দ্রিয়-শক্তি হরণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।৪৮

৫৮। হে কৃষ্ণ! তুমি (গোকুল গমনের বাধা) কংস দুর্গের রুদ্ধ অষ্ট কপাট উন্মোচন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।৪৮ ; দেঃ ভাঃ ৪।২৩।২৭

৫৯। হে কৃষ্ণ! তুমি (দুর্গদ্বারের) সমস্ত প্রহরীকে নিদ্রাভিভূত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।৪৮ ; দেঃ ভাঃ ৪।২৩।২৬

৬০। হে কৃষ্ণ! তুমি যাত্রাপথের প্রবল বৃষ্টিধারা অনন্ত নাগের ফণার দ্বারা নিবারণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।৪৯ ; ব্রহ্ম পুঃ ১৮১।২১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১। দিব্য যমুনোত্তরণ

[মথুরা]

৬১।	শিবাগণমার্গদর্শিত	কৃষ্ণ
৬২।	যমুনানিমজ্জনহর্ষিত	কৃষ্ণ
৬৩।	জানুবহযমুনাকৃত	কৃষ্ণ
৬৪।	সন্তরণপুনরাগত	কৃষ্ণ
৬৫।	জলাবর্ত্তসমীকরণ	কৃষ্ণ
৬৬।	যমুনানিরাপত্তরণ	কৃষ্ণ

পদ্মপুরাণ স্বর্গখণ্ড-লীলা

৬১। হে কৃষ্ণ! তুমি রাত্রিকালে কতকগুলি শৃগাল দ্বারা যমুনা-উত্তরণের পথ প্রদর্শিত হইয়াছিলে।—ভবিষ্য পুঃ

৬২। হে কৃষ্ণ! তুমি যমুনা-উত্তরণ-কালে পিতৃহস্তচ্যুত হইয়া নদীতে পতিত হইলে আনন্দিত হইয়াছিলে।—পদ্মঃ স্বর্গ ৪৩।১০৩

৬৩। হে কৃষ্ণ! তুমি গভীরা যমুনাকে এক হাঁটু জলে পরিণত করিয়াছিলে।—বিঃ পুঃ ৫।৩।১৮ ; পদ্মঃ উ ৪৫।৪৮ ; ব্রহ্মঃ পুঃ ১৮১।২২

৬৪। হে কৃষ্ণ! তুমি নদীতে সন্তরণ করতঃ পুনঃ বসুদেবের ক্রোড়ে উঠিয়াছিলে।—পদ্মঃ স্বর্গ ৪৩।১০৫

৬৫। হে কৃষ্ণ! তুমি প্রবল-বারিবর্ষণ-কালে যমুনার ভীষণ জলাবর্ত্তকে শান্ত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।৫০, গর্গ সং ১১

৬৬। হে কৃষ্ণ! তুমি নিরাপদে (পিতৃক্রোড়ে) যমুনা উত্তীর্ণ হইয়া গোকুলে গিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।৫১, ব্রহ্ম পুঃ ১৮১।২২, পদ্মঃ স্বর্গ ৪৩।১০৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২। গোকুলাগমন

[গোকুল-বৃহদ্বন]

৬৭। নিদ্রিতনন্দব্রজানীত কৃষ্ণ

৬৮। যশোদাশয়নশায়িত কৃষ্ণ

৬৯। বিষ্ণুমায়ানয়নায়ক কৃষ্ণ

৭০। কংসশাসনসায়ক কৃষ্ণ

৭১। যশোদাতনুজাচরিত কৃষ্ণ

৭২। আত্মজলিঙ্গবিস্মারিত কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

৬৭। হে কৃষ্ণ! তুমি (সকল ব্রজবাসীকে নিদ্রাভিভূত করিয়া) নন্দের গোকুলে আসিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।৫১

৬৮। হে কৃষ্ণ! তুমি (বসুদেব কর্ত্তৃক) নিদ্রিতা নন্দপত্নী যশোদার শয্যায় স্থাপিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।৫২

৬৯। হে কৃষ্ণ! তুমি বিষ্ণুমায়া দেবীকে (বসুদেব কর্ত্তৃক) কংস কারাগারে আনাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।৫২, পদ্মঃ পুঃ ৪৫।৫১

৭০। হে কৃষ্ণ! তুমি কংসের সমস্ত প্রকার সাবধানতার ব্যবস্থা ব্যর্থ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।৫২

৭১। হে কৃষ্ণ! তুমি (জন্মাষ্টমীর রাত্রি হইতেই) যশোদার গর্ভজাত পুত্ররূপে আচরণ করিয়াছিলে। —শ্রীভাঃ ১০।৩।৫১

৭২। হে কৃষ্ণ! তুমি যশোদাকে তাঁহার সদ্যোজাত শিশুটি পুত্র কি কন্যা তাহা ভুলাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩।৫৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৩। শ্রীনন্দ-নন্দন

[মথুরা]

৭৩। শ্রীনন্দযশোদানন্দন কৃষ্ণ

৭৪। কৃতমুক্তিপিতৃবন্ধন কৃষ্ণ

৭৫। কারিতকংসকারাগমন কৃষ্ণ

৭৬। কারিতবিষ্ণুমায়াপোথন কৃষ্ণ

৭৭। কারিতাষ্টভুজাবাণীশ্রবণ কৃষ্ণ

৭৮। কৃতাষ্টমগর্ভজন্মজ্ঞাপন কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

৭৩। হে কৃষ্ণ! তুমি (জন্মাষ্টমীর রাত্রি হইতেই) শ্রীনন্দ ও যশোদা দুলাল রূপে পরিচিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫।১

৭৪। হে কৃষ্ণ! তুমি (জন্মাষ্টমীর রাত্রিতেই) পিতা বসুদেব ও মাতা দেবকীর কারামোচন করিয়াছিলে।—শ্রীভাঃ ৩০।৪:২৪ বিঃ পুঃ ৫।৪।১৪

৭৫। হে কৃষ্ণ! তুমি (গোকুল হইতে সকন্যা বসুদেবের প্রত্যাগমনের পর) কংসকে কারাগৃহে আনাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪।১৩

৭৬। হে কৃষ্ণ! তুমি (কংস কর্ত্তৃক) যশোদাকন্যা বিষ্ণুমায়া দেবীকে শিলায় প্রহৃত করাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪।৮

৭৭। হে কৃষ্ণ! তুমি (কংস হস্তচ্যুতা) অষ্টভুজারূপে প্রকাশিতা বিষ্ণুমায়ার বাণী কংসকে শুনাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪।১২

৭৮। হে কৃষ্ণ! তুমি (জন্মাষ্টমী রাত্রিতেই অষ্টভুজামুখে) দেবকীর অষ্টম গর্ভের জন্মকথা কংসকে জ্ঞাপন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪।১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৪। পূতনাদি উদ্ধার

[গোকুল-বৃহদ্বন]

৭৯।	নন্দগোপকুলানন্দক	কৃষ্ণ
৮০।	কারিতসুজাতকর্ম্মক	কৃষ্ণ
৮১।	বালঘ্নীপূতনোদ্ধারক	কৃষ্ণ
৮২।	উত্থানে শকটোৎপাটক	কৃষ্ণ
৮৩।	তৃণাবর্ত্তাসুরপাতক	কৃষ্ণ
৮৪।	বদনে বিশ্ববিভাসক	কৃষ্ণ

ব্রহ্ম বৈবর্ত্ত পুরাণ শ্রীকৃষ্ণ জন্ম খণ্ড-লীলা

৭৯। হে কৃষ্ণ! তুমি বৃহদ্বন ব্রজে আগমন করতঃ নন্দগোপকুলকে আনন্দিত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫।১

৮০। হে কৃষ্ণ! তুমি নন্দগোপ কর্ত্তৃক বৈশ্যাচারে তোমার জাত কর্ম সংস্কার করাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫।১

৮১। হে কৃষ্ণ। তুমি শিশুহত্যাকারিণী বিষকন্যা পূতনা রাক্ষসীর স্তন্য পান করিয়া তাহাকে উদ্ধার করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৬।১০ বিঃ পুঃ ৫।৫।৯ হরিঃ বিঃ ৬।২৬ ; ব্রঃ বৈঃ কৃঃ ১১।৪৩

৮২। হে কৃষ্ণ! তুমি (তিন মাস বয়সে) উত্থান উৎসবে বিশাল শকট উৎপাটন করিয়াছিলে। শ্রীভাঃ—১০।৭।৭ ; ব্রঃ বৈঃ কৃঃ ১২।৭, পদ্ম পুঃ ৪৫।৮২ বিষ্ণুঃ পুঃ ৫।৬।৪

৮৩। হে কৃষ্ণ! তুমি তৃণাবর্ত্ত অসুরের গলগ্রহণ দ্বারা তাহাকে ধ্বংস করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৭।২৮ ; ব্রঃ বৈঃ কৃঃ ১১।৬

৮৪। হে কৃষ্ণ! তুমি তোমার মুখ-গহ্বরে যশোদাকে বিশ্ব ব্রহ্মাণ্ড প্রদর্শন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৭।৩৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৫। নামকরণ

[গোকুল-বৃহদ্বন]

৮৫। গর্গপুরোহিতাবিষ্কৃত কৃষ্ণ

৮৬। গোব্রজে রহসি সংস্কৃত কৃষ্ণ

৮৭। কারিতগূঢ়নামকরণ কৃষ্ণ

৮৮। বাসুদেবকৃষ্ণাভিধান কৃষ্ণ

৮৯। গুণকর্ম্মরূপনামক কৃষ্ণ

৯০। নারায়ণসমধামক কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

৮৫। হে কৃষ্ণ! তুমি (বসুদেব প্রেরিত) যদুকুল পুরোহিত গর্গ কর্ত্তৃক বৃহদ্বন গোকুলে আবিষ্কৃত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮।১

৮৬। হে কৃষ্ণ! তোমার নামকরণ সংস্কার গোব্রজে গোপনে সম্পন্ন হইয়াছিল—শ্রীভাঃ ১০।৮।১০ ব্রঃ বৈঃ কৃঃ ১৩।৪৭, বিঃ পুঃ ৫।৬।৮

৮৭। হে কৃষ্ণ! তোমার গর্গ-কৃত নামকরণ নিতান্ত রহস্যপূর্ণ ছিল। শ্রীভাঃ ১০।৮।১১, পদ্ম উঃ ৪৫।৬৭

৮৮। হে কৃষ্ণ! গর্গ মুনি তোমার 'বাসুদেব' এবং 'কৃষ্ণ' নাম রাখিয়াছিলেন।—পদ্ম পুঃ ৪৫।৭০ ; শ্রীভাঃ ১০।৮।১৩—১৫ ব্রঃ বৈঃ কৃঃ ১৩।৫৬

৮৯। হে কৃষ্ণ! পরবর্ত্তীকালে তোমার গুণ ও কর্ম্মানুসারে বহু নাম হইয়াছিল—শ্রীভাঃ ১০।৮।১৫, ব্রঃ বৈঃ কৃঃ ১৩।৭২

৯০। হে কৃষ্ণ! তুমি সৌন্দর্য্য কীর্ত্তি ঐশ্বর্য্য প্রভৃতিতে নারায়ণের সমান প্রভাবশালী ছিলে। শ্রীভাঃ ১০।৮।১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৬। বাল্য-চাপল্য

[গোকুল-বৃহদ্বন]

৯১। ব্রজবাসিবয়স্যক্রীড়ন কৃষ্ণ

৯২। কৌমারচাপলপ্রীণন কৃষ্ণ

৯৩। মর্কায় গব্যবিভাজক কৃষ্ণ

৯৪। অসময়বৎসমোচক কৃষ্ণ

৯৫। গব্যস্তেয়যোগকল্পিত কৃষ্ণ

৯৬। মেহনাদিধার্ষ্ট্যবল্লিত কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

৯১। হে কৃষ্ণ! তুমি সমবয়স্ক ব্রজবাসী গোপবালকগণের সহিত নিত্য খেলা করিতে।—শ্রীভাঃ ১০।৮।২৭ হঃ বিঃ ৮।৮

৯২। হে কৃষ্ণ! তোমার বাল্য-চাপল্য-দর্শনে ব্রজবাসিগণ প্রভূত আনন্দ লাভ করিতেন।—শ্রীভাঃ ১০।৮।২৮

৯৩। হে কৃষ্ণ! তুমি গোপীগণের রক্ষিত দধি নবনীত প্রভৃতি গব্য দ্রব্য মর্কটগণকে বিতরণ করিতে।—শ্রীভাঃ ১০।৮।২৯

৯৪। হে কৃষ্ণ! তুমি কোন কোন গোপগৃহে অনর্থ সৃষ্টি করিতে অসময়ে গো-বৎসের বন্ধন মোচন করিতে।—শ্রীভাঃ ১০।৮।২৯

৯৫। হে কৃষ্ণ! তুমি গোপীগণের দধি-দুগ্ধাদি হরণ মানসে নানা উপায় উদ্ভাবন করিতে।—শ্রীভাঃ ১০।৮।২৯

৯৬। হে কৃষ্ণ! তুমি কোন কোন গোপগৃহে পুরীষাদি পরিত্যাগ করিয়া পলায়ন করিতে।—শ্রীভাঃ ১০।৮।৩১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৭। মৃত্তিকা-ভক্ষণ

[গোকুল বৃহদ্বন]

৯৭।	ক্রীড়ন্মৃত্তিকাভক্ষক	কৃষ্ণ
৯৮।	ভয়ার্ত্তযশোদাপ্রেক্ষক	কৃষ্ণ
৯৯।	ভক্ষণাস্বীকৃতিগদন	কৃষ্ণ
১০০।	মাতৃতোষ্যাদত্তবদন	কৃষ্ণ
১০১।	বিশ্বরূপাস্যবিভাসক	কৃষ্ণ
১০২।	গোপীস্মৃতিসচ্ছনাশক	কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

৯৭। হে কৃষ্ণ! তুমি একদিন খেলাচ্ছলে মৃত্তিকা ভক্ষণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮।৩২

৯৮। হে কৃষ্ণ! তুমি মাতা যশোদার আগমনে ভীত সন্ত্রস্ত নয়নে তাঁহার দিকে দৃষ্টিপাত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮।৩৩

৯৯। হে কৃষ্ণ! তুমি মাতা যশোদার প্রশ্নের উত্তরে "আমি মৃত্তিকা ভক্ষণ করি নাই" বলিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮।৩৫

১০০। হে কৃষ্ণ! তুমি মাতৃ আদেশে তোমার বাক্যের সত্যতা প্রমাণের জন্য মুখ ব্যাদান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮।৩৬

১০১। হে কৃষ্ণ! তুমি মাতা যশোদাকে তোমার মুখাভ্যন্তরে বিশ্ব প্রদর্শন করাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮।৩৭

১০২। হে কৃষ্ণ! তুমি তোমার মুখ মধ্যে মাতা যশোদার ব্রহ্মাণ্ড-দর্শন স্মৃতি মুহূর্ত্তেই বিস্মৃত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮।৪৩—৪৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৮। দাম-বন্ধন

[গোকুল বৃহদ্বন]

১০৩।	মন্থনভাজনভঞ্জন	কৃষ্ণ
১০৪।	ভয়াকুলেক্ষণমঞ্জন	কৃষ্ণ
১০৫।	দামোদরদ্ব্যঙ্গুলধিক্কৃত	কৃষ্ণ
১০৬।	স্বিন্নাগোপীবন্ধস্বীকৃত	কৃষ্ণ
১০৭।	যমার্জ্জুনমূলোন্মথন	কৃষ্ণ
১০৮।	নলকুবরশাপমোচন	কৃষ্ণ

শ্রীভাগবত, অগ্নি ও বিষ্ণু পুরাণ-লীলা

১০৩। হে কৃষ্ণ! তুমি একদা দধি মন্থনকালে (মাতৃদুগ্ধ পানে অতৃপ্ত থাকায়, ক্রোধবশে দধি-মন্থন-ভাণ্ড নুড়ি দ্বারা ভঙ্গ করিয়াছিলে। —শ্রীভাঃ ১০।৯।৬

১০৪। হে কৃষ্ণ! তুমি মাতার হস্তে যষ্টি দর্শন করিয়া ভীত মনে অশ্রুসিক্ত নয়ন মার্জ্জনা করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৯।১১

১০৫। হে কৃষ্ণ! তুমি যশোদা কর্ত্তৃক আনীত তোমার বন্ধন রজ্জু বারবার দুই আঙ্গুল ছোট করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৯।১৫—১৬

১০৬। হে কৃষ্ণ! তুমি (কৃপাপরবশ হইয়া) ঘর্ম্মসিক্ত দেহা ও পরিশ্রান্তা মাতা যশোদার হস্তে ফিতা দ্বারা বন্দী হইয়াছিলে। —অগ্নি ১২।১৬, শ্রীভাঃ ১০।৯।১৮

১০৭। হে কৃষ্ণ! তোমার বন্ধন ফিতার আকর্ষণে যমজ অর্জ্জুন বৃক্ষ উৎপাটিত হইয়াছিল।—শ্রীভাঃ ১০।১০।২৭; পদ্ম উঃ ৪৫।৯০; হঃ বিঃ ৭।১৮; বিঃ পূঃ ৫।৬।১৭

১০৮। হে কৃষ্ণ! তুমি (কুবের পুত্র) নলকুবেরের শাপ মোচন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১০।২৮, ব্রঃ বৈঃ কৃঃ ১৪।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৯। পাদুকা-বহন

[গোকুল বৃহদ্বন]

১০৯। গোপপাদুকাদিবাহন কৃষ্ণ

১১০। আজ্ঞপ্তানীতপীঠোন্মান কৃষ্ণ

১১১। স্তোভিতনর্ত্তননায়ক কৃষ্ণ

১১২। দারুযন্ত্রনিভগায়ক কৃষ্ণ

১১৩। স্বভৃত্যবশ্যতাদর্শিত কৃষ্ণ

১১৪। গোব্রজজনতাহর্ষিত কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

১০৯। হে কৃষ্ণ! তুমি গোপগণের পাদুকাদি বহন করিয়া আনিয়া দিতে।—শ্রীভাঃ ১০।১১।৮

১১০। হে কৃষ্ণ! তুমি গোপগণের আদেশানুযায়ী পীঠ উন্মানাদি আনয়ণ করিতে।—শ্রীভাঃ ১০।১১।৮

১১১। হে কৃষ্ণ! তুমি গোপগণের করতালীতে সাধারণ মানব শিশুর মত নৃত্য করিতে।—শ্রীভাঃ ১০।১১।৭

১১২। হে কৃষ্ণ! তুমি ব্রজবাসিগণের করতালীতে যন্ত্রপুত্তলিকাবৎ গান গাহিতে।—শ্রীভাঃ ১০।১১।৭

১১৩। হে কৃষ্ণ! তোমার বাল্যের সমস্ত আচরণে শুধু ভক্ত বাৎসল্যই প্রকাশ পাইয়াছে।—শ্রীভাঃ ১০।১১।৯

১১৪। হে কৃষ্ণ! তোমার প্রতিটি লীলা ব্রজবাসিগণের হৃদয়ে আনন্দ সঞ্চার করিত।—শ্রীভাঃ ১০।১১।৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২০। ফল-ক্রয়

[গোকুল বৃহদ্বন]

১১৫। ফলবিক্রয়াহ্বানশ্রুত কৃষ্ণ
১১৬। ধান্যপাণিযাতপ্রদ্রুত কৃষ্ণ
১১৭। সর্ব্বফলপ্রদফলার্থি কৃষ্ণ
১১৮। চ্যুতব্রীহিমূল্যক্রয়ার্থি কৃষ্ণ
১১৯। সযত্নস্বফলাপূরিত কৃষ্ণ
১২০। স্বরত্নভাজনভরিত কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

১১৫। হে কৃষ্ণ! তুমি একদিন "ফল কিন্‌বে গো" এই ডাক্ শুনিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১১।১০

১১৬। হে কৃষ্ণ! তুমি ধান্যহস্তে ফল কিনিবার জন্য দ্রুত বিক্রয়িণী সমীপে গিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১১।১০

১১৭। হে কৃষ্ণ! তুমি সর্ব্বকর্ম্মফলদাতা হইয়াও সামান্য ফলপ্রার্থী হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।১১।১০

১১৮। হে কৃষ্ণ! তুমি ফলভাণ্ডে ক্ষুদ্র হস্তচ্যুত স্বল্প ধান্য মূল্য-স্বরূপ নিক্ষেপ করিয়া ফল ক্রয় করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১১।১১

১১৯। হে কৃষ্ণ! পসারিণী সামান্য কয়েকটি ধান্য মূল্যেই তোমার হস্ত দুইটি যত্নের সহিত উত্তম ফলে পূর্ণ করিয়া দিয়াছিল।—শ্রীভাঃ ১০।১১।১১

১২০। হে কৃষ্ণ! তুমি সামান্য ফলের বিনিময়ে বিক্রয়িণীর পাত্র বহুবিধ রত্নে পূর্ণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১১।১১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৯। ধূলি-ধূসরণ

[গোকুল বৃহদ্বন]

১২১। ধূসরিতাঙ্গক্ষুৎক্ষাম কৃষ্ণ
১২২। সরিত্তীরক্রীড়াকাম কৃষ্ণ
১২৩। প্রাতঃকৃতাহারসংযুত কৃষ্ণ
১২৪। স্নুতস্তনীযশোদাহুত কৃষ্ণ
১২৫। বিস্মৃতভোজনসুস্মিত কৃষ্ণ
১২৬। বাটাদ্ধৃতবাহুগৃহীত কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

১২১। হে কৃষ্ণ! তুমি যমুনাতীরে ক্রীড়া করিতে করিতে ধূলি ধূসরিত দেহে ক্ষুধাবিষ্ট হইতে।—শ্রীভাঃ ১০।১১।১৫

১২২। হে কৃষ্ণ! তুমি বয়স্যগণসহ নদীতীরের ক্রীড়ায় অত্যন্ত প্রীতিলাভ করিতে।—শ্রীভাঃ ১০।১১।১৫

১২৩। হে কৃষ্ণ! তুমি সকালে আহারান্তে ক্রীড়ারত হইয়া—দ্বিপ্রহরাবধি অনাহারে থাকিতে।—শ্রীভাঃ ১০।১১।১৬

১২৪। হে কৃষ্ণ! তোমাকে আহ্বান করিবা মাত্র যশোদার স্তন হইতে দুগ্ধধারা ক্ষরিত হইত।—শ্রীভাঃ ১০।১১।১৪

১২৫। হে কৃষ্ণ! তুমি ক্রীড়ামত্ত হইলে আহারের কথা বিস্মৃত হইতে ও সদাই হাস্যমুখে থাকিতে।—শ্রীভাঃ ১০।১১।১৭

১২৬। হে কৃষ্ণ! মাতা যশোদা তোমার হস্তধারণ পূর্ব্বক বলপ্রয়োগে বাট হইতে গৃহে আনিতেন।—শ্রীভাঃ ১০।১১।১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২২। শ্রীবৃন্দাবন-প্রয়াণ

[গোকুল বৃহদ্বন]

১২৭। নববৃন্দাবনপ্রস্থিত কৃষ্ণ (১)
১২৮। যশোদোৎসঙ্গাবস্থিত কৃষ্ণ
১২৯। বলনাশবৃকস্থজিত কৃষ্ণ
১৩০। সবলবৃহদ্বনোজ্ঝিত কৃষ্ণ
১৩১। স্বচরিতগীতবন্দিত কৃষ্ণ
১৩২। শকটারোহণনন্দিত কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ বিষ্ণুপর্ব্ব-লীলা

১২৭। হে কৃষ্ণ! তুমি (পঞ্চম বর্ষে) বৃহদ্বন গোকুল হইতে পশু-চারণ যোগ্য নূতন বন বৃন্দাবনে আসিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১১।২৮; পদ্ম উঃ ৪৫।৯৭; হঃ বিঃ ১০।১

১২৮। হে কৃষ্ণ! তুমি মাতা যশোদার ক্রোড়ে উপবিষ্ট হইয়া বৃন্দাবনে আসিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১১।৩৪

১২৯। হে কৃষ্ণ! তুমি বৃহদ্বনে নরশিশু ভক্ষণকারী বহু বৃক (নেকড়ে বাঘের) উপদ্রব সৃষ্টি করিয়াছিলে।—হঃ বিঃ ৯।৫

১৩০। হে কৃষ্ণ! তুমি বলরামের সঙ্গে এক শকটে যমুনার অপর তীরস্থ বৃন্দাবনে আসিয়াছিলে।—হঃ বিঃ ১০।১—শ্রীভাঃ ১০।১১।৩৪

১৩১। হে কৃষ্ণ! গোপনারীগণগীত তোমার বাল্যলীলা সংগীতে এই বৃন্দাবন যাত্রা মুখরিত হইয়াছিল।—শ্রীভাঃ ১০।১১।৩৩

১৩২। হে কৃষ্ণ! তুমি বৃন্দাবন যাত্রায় গোশকটে আরোহণ করিয়া পরম আনন্দানুভব করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১১।৩০

(১) নব-বৃন্দাবন:—বৃহদ্বন ও বৃন্দাবন যমুনার দুই তীরে অবস্থিত। শ্রীকৃষ্ণ পঞ্চম বর্ষে বৃন্দাবনে আনীত হইবার পূর্ব্বে তথায় কোন জনবসতি ছিল না। ঐ বন জলজঙ্গলে শ্বাপদে পূর্ণ ছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৩। শ্রীবৃন্দাবন-প্রবেশ

[শ্রীবৃন্দাবন]

১৩৩। বৃন্দাবনাভিরামদৃষ্ট কৃষ্ণ
১৩৪। গিরিবরালোকনহৃষ্ট কৃষ্ণ
১৩৫। বয়স্যৈর্বৎসচারক কৃষ্ণ
১৩৬। বকবৎসাসুর দারক কৃষ্ণ
১৩৭। শৃঙ্গবেত্রবেণুশোভন কৃষ্ণ
১৩৮। নিত্যনববালক্রীড়ন কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

১৩৩। হে কৃষ্ণ! (পঞ্চমবর্ষে) তুমি সুন্দর বৃন্দাবনের নূতন অরণ্য দর্শন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১১।৩৫ ; বিঃ পুঃ ৫।৬।২৬

১৩৪। হে কৃষ্ণ! তুমি গিরিশ্রেষ্ঠ গোবর্দ্ধন প্রথম দর্শন করিয়া অত্যন্ত আনন্দ পাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।১১।৩৬

১৩৫। হে কৃষ্ণ। তুমি এই স্থানে গোপবালকগণসহ সর্ব্ব প্রথম বৎস চারণ আরম্ভ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১১।৩৮ ; পদ্ম উঃ ৪৫।৯৭ ; বিঃ পুঃ ৫।৬।৩৫ ; হঃ বিঃ ৮।২

১৩৬। হে কৃষ্ণ! তুমি বেত্র, বেনু, শৃঙ্গ ও শিকা প্রভৃতি দ্বারা শোভিত হইয়া নিত্য রাখালগণসহ গোষ্ঠে গমন করিতে।—শ্রীভাঃ ১০।১২।২

১৩৭। হে কৃষ্ণ! গোষ্ঠলীলাকালে তুমি পঞ্চবর্ষ বয়সে গোবৎস ও বক পক্ষীরূপী দুইটি অসুর বধ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১১।৪৩ ; পদ্ম উঃ ৪৫।১০১

১৩৮। হে কৃষ্ণ! তুমি নিত্য বহু প্রকার গ্রামীণ বাল্যক্রীড়ায় রত হইতে ও তুমি সকল ক্রীড়ায় বিশারদ ছিলে।—শ্রীভাঃ ১০।১২।৬-১০ ; হঃ বিঃ ১০।৪৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৪। অঘাসুর-উদ্ধারণ

[শ্রীবৃন্দাবন]

১৩৯। বকানুজাঘসন্মুখীন কৃষ্ণ

১৪০। সবালতন্মুখপ্রলীন কৃষ্ণ

১৪১। কণ্ঠগতবপুর্বর্দ্ধন কৃষ্ণ

১৪২। অজগরজীবনার্দ্দন কৃষ্ণ

১৪৩। মৎসরীসদ্গতিপ্রাপিত কৃষ্ণ

১৪৪। পৌগণ্ডেবাললীলাগাপিত কৃষ্ণ (১)

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

১৩৯। হে কৃষ্ণ! তুমি একদিন পুতনা ও ভ্রাতা অঘাসুরের সম্মুখীন হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।১২।১৪

১৪০। হে কৃষ্ণ! তুমি বয়স্যগণের অনুগমন করিয়া ছদ্ম অজগররূপী বিবৃত মুখ গহ্বরে প্রবিষ্ট হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।১২।২৮

১৪১। হে কৃষ্ণ! তুমি অঘাসুরের কণ্ঠদেশে পহুঁছিয়া নিজ দেহ বিস্তার করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১২।৩০

১৪২। হে কৃষ্ণ! তোমার বিবর্দ্ধিত দেহদ্বারা কণ্ঠরুদ্ধ হইয়া অঘাসুর প্রাণত্যাগ করিয়াছিল।—শ্রীভাঃ ১০।১২।৩১

১৪৩। হে কৃষ্ণ! পরশ্রীকাতর অঘাসুরের আত্মা জ্যোতিরূপে তোমার দেহে প্রবেশ করতঃ উদ্ধার পাইয়াছিল।—শ্রীভাঃ ১০।১২।৩৩

১৪৪। হে কৃষ্ণ! তোমার পঞ্চমবর্ষের এই লীলা-কথা বালকগণ তোমার ষষ্ঠ বর্ষে বৃন্দাবনে বলিয়াছিল।—শ্রীভাঃ ১০।১২।৪১

---

(১) পৌগণ্ড :—জন্ম হইতে ৫ম বর্ষ পর্যন্ত কৌমার, ৬-১০ বর্ষ পর্যন্ত পৌগণ্ড, ১১-১৫ বর্ষ পর্যন্ত কৈশোর; ১৬ বর্ষ হইতে যৌবন বলা হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৫। পুলিন-ভোজন

[শ্রীবৃন্দাবন]

১৪৫।	দৃষ্টসরিত্তীরককুভ	কৃষ্ণ
১৪৬।	পুলিনভোজনলোলুভ	কৃষ্ণ
১৪৭।	কঞ্জকর্নিকেবোপবিষ্ট	কৃষ্ণ
১৪৮।	সানন্দভোজননিবিষ্ট	কৃষ্ণ
১৪৯।	শাদ্বলে বিরিঞ্চিছলিত	কৃষ্ণ
১৫০।	সপাণিকবলচলিত	কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

১৪৫। হে কৃষ্ণ! তুমি (অঘাসুর নিধন করিয়াই) সদলে নদী পুলিনের শোভা দর্শনে আগমন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১৩।৫

১৪৬। হে কৃষ্ণ! তুমি বয়স্তগণ সহ যমুনাতীরে বনভোজনে লুব্ধ হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।১৩।৬

১৪৭। হে কৃষ্ণ! তোমাকে পদ্মকর্ণিকার ন্যায় বৃত্তাকারে বেষ্টন করিয়া, রাখালগণ উপবেশন করিয়াছিল।—শ্রীভাঃ ১০।১৩।৮

১৪৮। হে কৃষ্ণ! তুমি রাখালগণ সহ সানন্দে বনভোজনে নিবিষ্ট হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।১৩।১১

১৪৯। হে কৃষ্ণ। তৃণক্ষেত্র হইতে সকল রাখালের গোবৎসগুলি এই সময় ব্রহ্মা কর্ত্তৃক ছলে লুক্কায়িত হইয়াছিল।—শ্রীভাঃ ১০।১৩।১৫

১৫০। হে কৃষ্ণ! তুমি হস্তস্থিত খাদ্য ভোজন করিতে করিতে সেই গোবৎস অন্বেষণে একক বাহির হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।১৩।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৬। ব্রহ্ম-মোহন

[শ্রীবৃন্দাবন]

১৫১। কৌমারকেলিবিস্মাপিত কৃষ্ণ

১৫২। সবৎসবালাপহারিত কৃষ্ণ

১৫৩। উভায়িতবৎসবিগ্রহ কৃষ্ণ

১৫৪। স্নেহস্নুতপয়ঃপ্রগ্রহ কৃষ্ণ

১৫৫। বর্ষবিমোহসংবোধিত কৃষ্ণ

১৫৬। বীতমোহব্রহ্মানমিত কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

১৫১। হে কৃষ্ণ! তুমি সর্ব্বযজ্ঞের একমাত্র ভোক্তা, তোমার এই বনভোজন লীলা দর্শনে ব্রহ্মাও বিস্মিত হইয়াছিলেন। —শ্রীভাঃ ১০।১৩।১১

১৫২। হে কৃষ্ণ! তুমি বৎসান্বেষণে প্রস্থান করিলে ব্রহ্মা তোমার রাখাল বয়স্যগণকেও অপহরণ করিয়াছিলেন।—শ্রীভাঃ ১০।১৩।১৫

১৫৩। হে কৃষ্ণ! তুমি গোবৎস ও ব্রজরাখাল এই উভয় দলের সকলের রূপ ধারণ করিয়া বৃন্দাবনে প্রত্যাবর্ত্তন করিয়াছিলে। —শ্রীভাঃ ১০।১৩।১৮

১৫৪। হে কৃষ্ণ! তুমি ব্রজের সমস্ত বৎসবতী গাভী ও গোপী জননীদের পরম স্নেহক্ষরিত দুগ্ধ এই সমস্ত রূপে পান করিয়াছিলে। —শ্রীভাঃ ১০।১৩।২২

১৫৫। হে কৃষ্ণ! শত শত গোবৎস ও রাখালরূপে এই স্তন্যপান লীলা এক বৎসর চলিবার পর প্রকৃত রহস্য ব্রহ্মার বোধগম্য হইয়াছিল। —শ্রীভাঃ ১০।১৩।৪৪

১৫৬। হে কৃষ্ণ! প্রজাপতি ব্রহ্মা সংবৎসর পরে মোহমুক্ত হইয়া ক্ষমাপ্রার্থী হন এবং তোমার পদানত হইয়া প্রণাম ও স্তব করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১৩।৬৩-৬৪, ১০।১৪ অধ্যায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৭। গো-চারণ

[শ্রীবৃন্দাবন]

১৫৭।	পৌগণ্ডে পশুপসম্মত	কৃষ্ণ (১)
১৫৮।	পশুপুরস্থবনাগত	কৃষ্ণ
১৫৯।	পাদরজব্রজপাবন	কৃষ্ণ
১৬০।	শৈলসরিদ্রোধধাবন	কৃষ্ণ
১৬১।	তরুমূলস্থবালবেষ্টিত	কৃষ্ণ
১৬২।	গ্রাম্যৈগ্রাম্যবচ্চেষ্টিত	কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

১৫৭। হে কৃষ্ণ! তুমি পৌগণ্ডে (ষষ্ঠ বর্ষ বয়সে) প্রথম গোচারণে নিযুক্ত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।১৫।১

১৫৮। হে কৃষ্ণ! তুমি গাভীকুলকে অগ্রে স্থাপন করতঃ তৎপশ্চাৎ রাখালগণ সহ গোষ্ঠে গমন করিতে।—শ্রীভাঃ ১০।১৫।২

১৫৯। হে কৃষ্ণ! গোষ্ঠলীলাকালে তোমার চরণধূলী স্পর্শে ব্রজভূমির লতা-বৃক্ষতৃণাদি পবিত্র হইয়াছিল।—শ্রীভাঃ ১০।১৫।৮

১৬০। হে কৃষ্ণ! তুমি গোবর্দ্ধন গিরি ও সন্নিকটস্থ নালা ও নদীর তীরে তীরে গোচারণে ধাবিত হইতে।—শ্রীভাঃ ১০।১৫।৯

১৬১। হে কৃষ্ণ! তুমি গোচারণকালে বালকবৃন্দবেষ্টিত হইয়া (কোন রাখালের ক্রোড়েই) বৃক্ষমূলে শয়ন করিতে।—শ্রীভাঃ ১০।১৫।১৬

১৬২। হে কৃষ্ণ! তুমি পল্লীবাসীগণের সঙ্গে সাধারণ পল্লী-বালকের ন্যায়ই আচরণ করিতে।—শ্রীভাঃ ১০।১৫।১৯

(১) পশুপসম্মত:—শ্রীকৃষ্ণ ষষ্ঠ বর্ষের কার্ত্তিক শুক্লাষ্টমী তিথিতে প্রথম গোচারণ আরম্ভ করেন। এই তিথিকে গোপাষ্টমী তিথি বলে। যেমন ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমী তিথিতে শ্রীকৃষ্ণের জন্ম হওয়ায় এই তিথিকে জন্মাষ্টমী তিথি বলা হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৮। শ্বাপদ-বিনাশ

[তালবন]

১৬৩।	তালবনে বয়স্যসংবৃত	কৃষ্ণ (১)
১৬৪।	নরভুক্‌ধেনুকসংহৃত	কৃষ্ণ
১৬৫।	বিপুলপাদপভঞ্জক	কৃষ্ণ
১৬৬।	শ্বাপদরাসভধ্বংসক	কৃষ্ণ
১৬৭।	দূরীকৃতারণ্যকৈরব	কৃষ্ণ
১৬৮।	কৃতসুলভবনবৈভব	কৃষ্ণ

শ্রীভাগবত, হরিবংশ ও বিষ্ণু পুরাণ-লীলা

১৬৩। হে কৃষ্ণ! একদিন তুমি রাখালগণ বেষ্টিত হইয়া তালবনে গমন করিয়াছিলে—হঃ বিঃ।১৩।৩ শ্রীভাঃ ১০।১৫।২১ বিঃ পুঃ ৫।৮।১

১৬৪। হে কৃষ্ণ! তুমি এই অরণ্যে ধেনুক নামক মনুষ্যখাদক এক হিংস্র জন্তুর বৃহৎ দল সংহার করিয়াছিলে।—হঃ বিঃ ১৩।১২; শ্রীভাঃ ১০।১৫।৩৬-৩৮

১৬৫। হে কৃষ্ণ! তুমি সুপক্ক ফলপূর্ণ বিশাল তালবনে ধেনুক গোষ্ঠির বিপুল দেহ নিক্ষেপ করতঃ ভঙ্গ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১৫।৩২-৩৩; বিঃ পুঃ ৫।৮।৯; হঃ বিঃ ১৩।২১।২২

১৬৬। হে কৃষ্ণ! এই গর্দ্দভ জাতীয় মনুষ্যভুখ শ্বাপদদল তোমার হস্তে নির্মূল হইয়াছিল।—শ্রীভাঃ ১০।১৫।৩৭-৩৮; হঃ বিঃ ১৩।২৩

১৬৭। হে কৃষ্ণ! তুমি ব্রজের চতুষ্পার্শ্ববর্তী বনানীর সমস্ত আরণ্য আপদ দূর করিয়া প্রশংসিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।১৫।৩৯; বিঃ পুঃ ৫।৮।১৩; হঃ বিঃ ১৩।২৪

১৬৮। হে কৃষ্ণ! তুমি (এই অদ্ভুত কর্ম্মদ্বারা) ফল, মূল ও তৃণাদি সমস্ত বনজ সম্পদ ব্রজবাসী মানব ও পশুপক্ষীগণের সহজলভ্য করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১৫।৪০; বিঃ পুঃ ৫।৮।১৩; হঃ বিঃ ১৩।২৫

(১) তালবন:—বরাহপুরাণ মতে এইস্থান মথুরার পশ্চিমভাগে এক যোজনের মধ্যে অবস্থিত। এই লীলা কালিয় দমনের পরে ভাদ্র মাসে ৭ম বর্ষে হইয়াছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৯। কালিয়-দমন

[কালিয়-হ্রদ]

১৬৯। কালিন্দ্যাং কালিয়দমন কৃষ্ণ
১৭০। তীরস্থজীবনরক্ষণ কৃষ্ণ
১৭১। নাগভোগোপরিনর্ত্তক কৃষ্ণ
১৭২। সহস্রফনবিমর্দ্দক কৃষ্ণ
১৭৩। হলাহলমদনাশন কৃষ্ণ
১৭৪। রমনকে চিরোদ্বাসন কৃষ্ণ

শ্রীভাগবত; বিষ্ণু পুরাণ ও হরিবংশ-লীলা

১৬৯। হে কৃষ্ণ! তুমি একদা ষষ্ঠবর্ষে গোষ্ঠ-চারণ কালে কালিন্দী যমুনার একাংশে কালিয় হ্রদে কালিয় নামক বিষধর সর্প দমন করিয়াছিলে। বিঃ পুঃ ৫।৭।২ ; হঃ বিঃ ১২।৩৬ ;—শ্রীভাঃ ১০।১৬।২৯

১৭০। হে কৃষ্ণ! তুমি কালিয় হ্রদের তীরবর্ত্তী বৃক্ষাদি ও পশু-পক্ষীগণকে বিষক্রিয়া হইতে রক্ষা করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১৬।৫

১৭১। হে কৃষ্ণ! তুমি কালিয়নাগের বিস্তৃত ফণার উপর নৃত্য করিয়াছিলে।—হঃ বিঃ ১২।৩৪ ; শ্রীভাঃ ১০।১৬।২৬ ; বিঃ পুঃ ৫।৭।৪৪

১৭২। হে কৃষ্ণ! তুমি চরণাঘাতে কালিয়নাগের সহস্র ফণা ভঙ্গ করিয়াছিলে।—হঃ বিঃ ১২।৩৫ ; শ্রীভাঃ ১০।১৬।২৮ ; ব্রঃ বৈঃ কৃঃ ১৯।১২ ; বিঃ পুঃ ৫।৭।৪৫

১৭৩। হে কৃষ্ণ! তুমি কালিয়নাগের বিষের দর্প খর্ব্ব করিয়াছিলে।—হঃ বিঃ ১২।৩৯ ; শ্রীভাঃ ১০।১৬।৫৪-৫৫ ; বিঃ পুঃ ৫।৭।৭৬

১৭৪। হে কৃষ্ণ! তুমি কালিয়কে চরণ চিহ্নিত করতঃ বহুদূরে রমনক দ্বীপে সকুলে নির্ব্বাসিত করিয়াছিলে—হঃ বিঃ ১২।৪১ ; শ্রীভাঃ ১০।১৬।৬০-৬৩ ; ব্রঃ বৈঃ কৃঃ ১৯।৩০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩০। যমুনা-জল-শোধন

[শ্রীবৃন্দাবন]

১৭৫। গরলমৃতসঞ্জীবন কৃষ্ণ

১৭৬। অমৃতপ্রবর্ষনেক্ষণ কৃষ্ণ

১৭৭। নীপাদ্বিষহ্রদপতিত কৃষ্ণ

১৭৮। চক্ষুশ্রবসহ্রদ্দংশিত কৃষ্ণ

১৭৯। সর্ব্বজীবাজীবস্মৃকৃত কৃষ্ণ

১৮০। কৃতকালিন্দীজলামৃত কৃষ্ণ

শ্রীভাগবত ; হরিবংশ ও বিষ্ণু পুরাণ-লীলা

১৭৫। হে কৃষ্ণ! তুমি কালিয় হ্রদের বিষাক্ত জলপানে মৃত গো ও গোপালগণকে জীবন দান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১৫।৫০

১৭৬। হে কৃষ্ণ! তোমার নয়নকমলের দৃষ্টি অমৃতবার্ষিনী ছিল। —শ্রীভাঃ ১০।১৫।৫০

১৭৭। হে কৃষ্ণ! তুমি তীরস্থ কদম্ববৃক্ষ হইতে লম্ফ প্রদান পূর্ব্বক কালিয় হ্রদে পতিত হইয়াছিলে।—হঃ বিঃ ১২।২; শ্রীভাঃ ১০।১৬।৬; ব্রঃ বৈঃ কৃঃ ১৯।৮; বিঃ পুঃ ৫।৭।১০

১৭৮। হে কৃষ্ণ! তুমি কালিয় হ্রদে সন্তরণ করিতে থাকিলে সর্প কর্ত্তৃক বেষ্টিত হইয়া মর্ম্মস্থলে দংশিত হইয়াছিলে।—বিঃ পুঃ ৫।৭।১৩; হঃ বিঃ ১২।১৪; শ্রীভাঃ ১০।১৬।৯

১৭৯। হে কৃষ্ণ! তুমি যমুনার প্রাণনাশা বিষাক্ত জল মানুষ, গাভী প্রভৃতি সর্ব্বজীবের উপজীবিকা রূপে রূপান্তরিত করিয়াছিলে; হঃ বিঃ ১২।৪৭; শ্রীভাঃ ১০।১৬।৬০

১৮০। হে কৃষ্ণ! তুমি মহাবিষাক্ত কালিন্দীর জল অমৃত-বারিতে পরিণত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১৬।৬৭; বিঃ পুঃ ৫।৭।৮২; হঃ বিঃ ১২।৪৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩১। দাবাগ্নি-ভক্ষণ

[ভাণ্ডীর-বন]

১৮১।	গোগোপদাবাগ্নিরক্ষণ	কৃষ্ণ
১৮২।	কারিতপ্রলম্বমোক্ষণ	কৃষ্ণ
১৮৩।	ইষীকাদাবাগ্নিদমন	কৃষ্ণ
১৮৪।	মুনিমনোবেন্নুমোহন	কৃষ্ণ
১৮৫।	গোকুলগোধূলিমধূপ	কৃষ্ণ
১৮৬।	গোপীমানসাকাশোড়ুপ	কৃষ্ণ

শ্রীভাগবত ; ব্রহ্মবৈবর্ত্ত ও বিষ্ণু পুরাণ-লীলা

১৮১। হে কৃষ্ণ! তুমি (ভাণ্ডীর বনে) গোষ্ঠলীলা সময়ে দাবাগ্নি পান করিয়া গোকুল ও গোপকুলকে রক্ষা করিয়াছিলে। —শ্রীভাঃ ১।১৭।২৫

১৮২। হে কৃষ্ণ! তুমি বলরাম দ্বারা গোপবেশী "প্রলম্ব" অসুরকে নিধন করাইয়া (ভাণ্ডীর-বন) নিরাপদ করিয়াছিলে। —শ্রীভাঃ ১০।১৮।৩০ ; ব্রঃ বৈঃ কৃঃ ১৬।১৯ ; বিঃ পুঃ ৫।৯।৩৬ ; হঃ বিঃ ১৪।৫২

১৮৩। হে কৃষ্ণ! তুমি (ইষিকা বনের) দাবানল হইতেও গোপালবৃন্দকে রক্ষা করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।১৯।১২

১৮৪। হে কৃষ্ণ! তোমার বংশীধ্বনি শুনিয়া বনচারী (শ্বাপদ-কুল হইতে সংসার বিরাগী) মুনির হৃদয় পর্য্যন্ত মোহিত হইত। —শ্রীভাঃ ১০।২১।১৪

১৮৫। হে কৃষ্ণ! তুমি গোষ্ঠ হইতে গোধূলি সময়ে গৃহে প্রত্যাগমনকালে ব্রজবাসিগণের মানস-পদ্মের ভ্রমর স্বরূপ ছিলে। —শ্রীভাঃ ১০।২১।১৯

১৮৬। হে কৃষ্ণ! তুমি নিত্য গোধূলি সময়ে গোপবালাদের মানসাকাশে পূর্ণচন্দ্রের ন্যায় উদিত হইতে।—শ্রীভাঃ ১০।২১।৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩২। গোষ্ঠ-গমন

[শ্রীবৃন্দাবন]

১৮৭।	ময়ূরপিচ্ছাপীড়ধর	কৃষ্ণ
১৮৮।	পীতবসননটবর	কৃষ্ণ
১৮৯।	বন্যবেষবেনুবাদন	কৃষ্ণ
১৯০।	বনমালিমনোমাদন	কৃষ্ণ
১৯১।	গোপালগণগীতকীর্ত্তি	কৃষ্ণ
১৯২।	পথিগোপীমানসস্ফুর্ত্তি	কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ-লীলা

১৮৭। হে কৃষ্ণ! তুমি গোষ্ঠ গমনকালে সর্ব্বদাই তোমায় চূড়ায় ময়ূরপুচ্ছ ধারণ করিতে।—শ্রীভাঃ ১০।২১।৫

১৮৮। হে কৃষ্ণ! তুমি গোষ্ঠ গমনকালে পীতবাস পরিধান করিয়া সুদক্ষ নটের মত নৃত্যভঙ্গীতে চলিতে।—শ্রীভাঃ ১০।২১।৫

১৮৯। হে কৃষ্ণ! তুমি বনবাসী গোপবেশে গোষ্ঠলীলায় বেনুবাদন করিতে।—হঃ বিঃ ১৪।৬;—শ্রীভাঃ ১০।২১।৫

১৯০। হে কৃষ্ণ! তুমি (পঞ্চবর্ণের) পুষ্পমাল্য ধারণ করিয়া সর্ব্ব জীবের হৃদয় রঞ্জন করিতে।—শ্রীভাঃ ১০।২১।৫; হঃ বিঃ ১৪।৪

১৯১। হে কৃষ্ণ! তুমি গোষ্ঠগমনকালে গোপবালকগণ তোমার বাল্য লীলাগান করিত।—শ্রীভাঃ ১০।২১।৫

১৯২। হে কৃষ্ণ! তুমি গোষ্ঠযাত্রায় যাতায়াত পথে সুন্দর মূর্ত্তিতে গোপীদের মনে পরম আনন্দ সঞ্চার করিতে।—শ্রীভাঃ ১০।১৯।৬, ১০।২১।১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৩। বস্ত্র-হরণ

[চীরঘাট]

১৯৩। পুলিনকদম্বাবস্থিত কৃষ্ণ

১৯৪। কুমারীবাসহারিস্মিত কৃষ্ণ

১৯৫। নন্দসুতপতিকামদ কৃষ্ণ

১৯৬। রাসপৌর্ণমাসমানদ কৃষ্ণ (১)

১৯৭। সম্মোচিতলজ্জাবরণ কৃষ্ণ

১৯৮। মোদিতমধুরাভরণ কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

১৯৩। হে কৃষ্ণ! তুমি সপ্তমবর্ষে (অগ্রহায়ণ মাসে গোপ কুমারীদের কাত্যায়ণী ব্রতের শেষ দিনে) যমুনাতীরস্থ কদম্ববৃক্ষে আরোহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২২।৯

১৯৪। হে কৃষ্ণ! তুমি ক্রীড়াচ্ছলে অনধিক পঞ্চমবর্ষীয়া স্নানরতা গোপ-কুমারীদের পরিত্যক্ত তীরস্থিত বস্ত্রাপহরণ করতঃ বয়স্যগণসহ হাস্য করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২২।৯

১৯৫। হে কৃষ্ণ! যে সমস্ত কুমারী কাত্যায়ণী-দেবী-সমীপে নন্দনন্দনকে পতিরূপে প্রার্থনা করিয়াছিলেন, তুমি তাহাদিগকে কামবর দান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২২।৪-৮

১৯৬। হে কৃষ্ণ! তুমি রাসপূর্ণিমা রজনীতে তাহাদের সঙ্গে রাস-নৃত্য করিয়া তাহাদিগকে মানদান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২২।২৭

১৯৭। হে কৃষ্ণ! তুমি পাপলেশহীনা সেই কুমারীদের লজ্জা, ভয় প্রভৃতি আবরণ দূর করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২২।২২

১৯৮। হে কৃষ্ণ! তুমি পবিত্রা কুমারীদিগকে মধুর ভাবের আভরণ ভূষিতা দেখিয়া আনন্দিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।২২।২১

---

(১) বস্ত্রহরণ-লীলার একবর্ষ পরে কার্ত্তিকী পূর্ণিমায় রাসোৎসব হইয়াছিল।—শ্রীভাঃ ১০।২২।২৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩০। জীব-সেবা-শিক্ষণ

[শ্রীবৃন্দাবন]

১৯৯।	নিদাঘদ্রুমচ্ছায়াদৃষ্ট	কৃষ্ণ
২০০।	বয়স্যানুশাসনহৃষ্ট	কৃষ্ণ
২০১।	পরার্থপ্রাণানুমোদক	কৃষ্ণ
২০২।	জীবোপজীবনবোধক	কৃষ্ণ
২০৩।	জগদ্ধিতচেষ্টিতেক্ষক	কৃষ্ণ
২০৪।	জন্মসাফল্যসুশিক্ষক	কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

১৯৯। হে কৃষ্ণ! তুমি গ্রীষ্মকালের দারুণ উত্তাপের সময় বনচ্ছায়ার নীরব জীব-সেবা লক্ষ্য করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২২।৩০

২০০। হে কৃষ্ণ! তুমি ঐ দৃশ্য ব্যাখ্যা করিয়া সমবয়স্ক রাখাল-গণকে নিঃস্বার্থ জীব-সেবা শিক্ষা দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২২।৩১

২০১। হে কৃষ্ণ! তুমি বৃক্ষের মত পরার্থে জীবন-ধারণ অনুমোদন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২২।৩২

২০২। হে কৃষ্ণ! তুমি অপর প্রাণীর হিতের জন্য জীবন ধারণের মহিমা বুঝাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।২২।৩৩

২০৩। হে কৃষ্ণ! তুমি জগতের মঙ্গলকর কর্ম্ম-রহস্য দর্শন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২২।৩৩

২০৪। হে কৃষ্ণ! তুমি পরোপকার দ্বারাই যে দেহীর জীবন সার্থক হয় এই তত্ত্বই রাখালগণকে শিক্ষা দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২২।৩৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৫। অন্ন-ভিক্ষণ

[আঙ্গিরস সত্র]

২০৫। ক্ষুধার্ত্তবয়স্যবেষ্টিত কৃষ্ণ

২০৬। সত্রাঙ্গিরসান্নচেষ্টিত কৃষ্ণ

২০৭। বালিশবিপ্রাবমানিত কৃষ্ণ

২০৮। সুশীলললনামানিত কৃষ্ণ

২০৯। চতুর্ব্বিধস্বন্নস্বীকৃত কৃষ্ণ

২১০। লৌকিকীত্বর্গতিধিক্কৃত কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

২০৫। হে কৃষ্ণ! একদা (বৃন্দাবন হইতে বহুদূরবর্ত্তী বনের গোষ্ঠে) ক্ষুধার্ত্ত রাখালগণ তোমাকে বেষ্টন করিয়াছিল।—শ্রীভাঃ ১০।২৩।১ ব্রঃ বৈঃ কৃঃ ১৮।৮

২০৬। হে কৃষ্ণ! তুমি ঐ স্থানের ব্রাহ্মণগণের আঙ্গিরস যজ্ঞস্থলে অন্ন-যাচ্ঞা-জন্য রাখালদিগকে প্রেরণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৩।৩ ব্রঃ বৈঃ কৃঃ ১৮।১০

২০৭। হে কৃষ্ণ! মূর্খ যাজ্ঞিক ব্রাহ্মণগণ (তোমাকে সাধারণ মনুষ্য-বোধে তোমার যাচ্ঞাপূরণ না করিয়া) তোমার অবমাননা করিয়াছিলেন।—শ্রীভাঃ ১০।২৩।৯-১১ ; ব্রঃবৈঃকৃঃ ১৮।১৫

২০৮। হে কৃষ্ণ! সুশীলা ভক্তিমতী বিপ্রভার্য্যাগণ অন্নপ্রদান দ্বারা তোমাকে সম্মানিত করিয়াছিলেন।—শ্রীভাঃ ১০।২৩।১৯

২০৯। হে কৃষ্ণ! তুমি বিপ্রস্ত্রীগণ হইতে চর্ব্য, চোষ্য, লেহ্য ও পেয় এই চারি প্রকার আহার্য্যই গ্রহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৩।১৯ ; ব্রঃবৈঃকৃঃ ১৮।৫৪

২১০। হে কৃষ্ণ! তুমি হাস্য করিয়া (বিচারহীন) গতানুগতিক লোক ব্যবহারকে ধিক্কার দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৩।১৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৬। গিরি-ধারণ

[গোবর্দ্ধন]

২১১। ইন্দ্রযাগারম্ভবারক কৃষ্ণ
২১২। গোবর্দ্ধনযজ্ঞকারক কৃষ্ণ
২১৩। সপ্তাহকালগিরিধারি কৃষ্ণ
২১৪। ত্রিদশেশ্বরদর্পহারি কৃষ্ণ
২১৫। মর্ত্ত্যাভিধাশ্লেষশমন কৃষ্ণ
২১৬। গোনাশপ্রয়াসদমন কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

২১১। হে কৃষ্ণ! তুমি (গোপজাতির চিরাচরিত) ইন্দ্রযাগ নামক (অযৌক্তিক ও অনাবশ্যক বার্ষিক অনুষ্ঠান) বন্ধ করিয়াছিলে। —শ্রীভাঃ ১০।২৪।২৫ ; বিঃ পুঃ ৫।১০।৩৬ ; হরিঃ বিঃ ১৫।১৯

২১২। হে কৃষ্ণ! তুমি (সপ্তমবর্ষ বয়সে) গোজাতির শ্রীবৃদ্ধিকারক গোবর্দ্ধন-যজ্ঞ নামক নূতন অনুষ্ঠান প্রবর্ত্তন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৪।২৫ ; বিঃ পুঃ ৫।১০।৩৭

২১৩। হে কৃষ্ণ! তুমি (ইন্দ্র কোপ হইতে ব্রজ রক্ষার্থ) সপ্তাহ কাল গোবর্দ্ধন-গিরি এক করাগ্রে ধারণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৫।২৩ ; বিঃ পুঃ ৫।১১।১৬

২১৪। হে কৃষ্ণ! তুমি দেবরাজের (মেঘবর্ষণদ্বারা ধ্বংশ-শক্তির) দর্প চূর্ণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৫।২৪ ; বিঃ পুঃ ৫।১১।২৪

২১৫। হে কৃষ্ণ! "তুমি একজন সাধারণ মানুষ" (কদাচ ঈশ্বর নহ) এই শ্লেষ বাক্য প্রয়োগকারীকে তুমি দমন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৫।৫

২১৬। হে কৃষ্ণ! তুমি (ইন্দ্রকর্ত্তৃক বৃন্দাবনের সমস্ত) গোবংশ ধ্বংসের পাপ-প্রয়াস ব্যর্থ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৭।১ ; হরিঃ বিঃ ১৯।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৭। অন্নকূট-প্রবর্ত্তন

[গোবর্দ্ধন]

২১৭। যুগরূপাচারস্থাপক কৃষ্ণ

২১৮। অযুক্তিবিচারোৎপাটক কৃষ্ণ

২১৯। প্রাচীনাপব্যয়বারণ কৃষ্ণ

২২০। গোসবসদ্ব্যয়কারণ কৃষ্ণ

২২১। কূটপ্রমাণান্নদায়ক কৃষ্ণ

২২২। গিরিপরিক্রমানায়ক কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

২১৭। হে কৃষ্ণ! তুমি তোমার আবির্ভাব যুগের অনুরূপ নূতন ও আবশ্যক আচার প্রবর্তন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৪।২৪

২১৮। হে কৃষ্ণ! তুমি সর্বপ্রকার অযৌক্তিক বিচারের মূলোৎপাটন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৪।২৩ ; হরিঃ বিঃ ১৬।৩৪

২১৯। হে কৃষ্ণ! তুমি গোপগণের (ইন্দ্রযাগ নামক বার্ষিক) অপব্যয় মূলককর্ম্ম নিবারণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৪।১১

২২০। হে কৃষ্ণ! তুমি তৎস্থলে গোবর্দ্ধন-যজ্ঞ নামক সদ্ব্যয়মূলক বার্ষিক নূতন অনুষ্ঠান প্রবর্তন করিয়াছিলে।—শ্রীভাঃ ৩।২।৩২

২২১। হে কৃষ্ণ! তুমি এই নূতন উৎসবে সর্ব্বশ্রেণীর মানব হইতে ইতর জীব পর্য্যন্ত সর্ব্বজীবকে পর্ব্বত-প্রমাণ খাদ্যদ্রব্য বিতরণের নিয়ম প্রবর্ত্তন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৪।২৬-২৮ ; হরিঃ বিঃ ১৭।১৯ ; বিঃ পুঃ ৫।১০।৪৫

২২২। হে কৃষ্ণ! তুমি সমস্ত ব্রজবাসীর সমবেতভাবে গোবর্দ্ধন পরিক্রমার নূতন আচার প্রবর্ত্তন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৪।২৯-৩০ ; হরিঃ বিঃ ১৭।৩২ ; বিঃ পুঃ ৫।১০।৪৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৮। গোবিন্দ-নাম-প্রাপ্তি

[গোবর্দ্ধন]

২২৩। সগোত্রসুরভিবন্দিত কৃষ্ণ
২২৪। গোমাতৃপয়োভিসিঞ্চিত কৃষ্ণ
২২৫। গোবিন্দাভিধানাভিহিত কৃষ্ণ
২২৬। অপ্সরঃকৃতযশোগীত কৃষ্ণ
২২৭। প্রসূনবর্ষণসংবৃত কৃষ্ণ
২২৮। নিসর্গবৈরনিরাকৃত কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

২২৩। হে কৃষ্ণ! তুমি (গিরিধারণে) শত সহস্র গোরক্ষা করিলে সগোত্রা সুরভি কর্ত্তৃক বন্দিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৭।১৮

২৫৪। হে কৃষ্ণ! তুমি গোমাতা সুরভি কর্ত্তৃক তদীয়াদুগ্ধে সিঞ্চিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৭।২২

২২৫। হে কৃষ্ণ! তুমি নন্দব্রজের গোরক্ষার জন্য সুরভি কর্ত্তৃক গোবিন্দ নামে প্রথম অভিহিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৭।২৩; পদ্ম পুঃ ৩৮।৪৩

২২৬। হে কৃষ্ণ! সিদ্ধ অপ্সরাদি (গিরিধারণ রূপ অদ্ভুত কার্য্য দর্শনে) তোমার মহিমা কীর্ত্তন করিয়াছিলেন।—শ্রীভাঃ ১০।২৭।২৪

২২৭। হে কৃষ্ণ! (ব্রজনাশে অকৃতকার্য্য হতদর্প (দেবগণ) তোমার উপর পুষ্পবর্ষণ করিয়াছিলেন। – শ্রীভাঃ ১০।২৭।২৫

২২৮। হে কৃষ্ণ! তুমি বৃন্দাবনের সমস্ত স্বভাব-বৈরসম্পন্ন প্রাণিগণকে হিংসাবিহীন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৭।২৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৭। বরুণ-বিজয়

[নন্দঘাট]

২২৯।	জললোকপালবন্দিত	কৃষ্ণ
২৩০।	বরুণপ্রণতিনন্দিত	কৃষ্ণ
২৩১।	গোপালমানসহর্ষক	কৃষ্ণ
২৩২।	স্বজ্যোতির্লোকপ্রদর্শক	কৃষ্ণ
২৩৩।	স্বজনকরুণাকারক	কৃষ্ণ
২৩৪।	নিমজ্জিতনন্দোদ্ধারক	কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

২২৯। হে কৃষ্ণ! তুমি জললোকপাল বরুণদেব কর্ত্তৃক বন্দিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৮।৪

২৩০। হে কৃষ্ণ! তুমি বরুণদেব কর্ত্তৃক ক্ষমা-প্রার্থনাপূর্ব্বক প্রণামে আনন্দিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৮।৬-৯

২৩১। হে কৃষ্ণ! তুমি যমুনায় নন্দ-নিমজ্জন-হেতু শোকাকুল গোপগণের হর্ষবিধান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৮।১২

২৩২। হে কৃষ্ণ! তুমি গোপগণকে ইন্দ্রিয়াতীত জ্যোতির্ম্ময় পরলোক প্রদর্শন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৮।১৪

২৩৩। হে কৃষ্ণ! তুমি নিজ ভক্তগণের প্রতি চিরদিন পরম করুণাময়।—শ্রীভাঃ ১০।২৮।১৪

২৩৪। হে কৃষ্ণ! তুমি যমুনাজল-নিমগ্ন গোপরাজ নন্দকে আসন্ন মৃত্যু হইতে উদ্ধার করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৮।৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪০। মদনমোহন

(বৃষভানুপুর)

২৩৫।	রাসনৃত্যোৎসবস্মুস্মিত	কৃষ্ণ (১)
২৩৬।	যোগমায়াসমুপাশ্রিত	কৃষ্ণ
২৩৭।	গোপিকামণ্ডলমণ্ডন	কৃষ্ণ
২৩৮।	রাধামানমদখণ্ডন	কৃষ্ণ (২)
২৩৯।	সাক্ষাৎমন্মথমন্মথ	কৃষ্ণ
২৪০।	কন্দর্পদর্পঘ্নাত্মসংস্থ	কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

২৩৫। হে কৃষ্ণ! তুমি (অষ্টম বর্ষে রসরাজরূপে) সহাস্যমুখে রাসনৃত্যোৎসব করিয়াছিলে।—হরিঃ বিঃ ২০।১৮; বিঃ পুঃ ৫।১৩।২৩; শ্রীভাঃ ১০।২৯।১

২৩৬। হে কৃষ্ণ! তুমি যোগমায়া দেবীর আশ্রয় গ্রহণে রাস-নৃত্যোৎসব করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২৯।১

২৩৭। হে কৃষ্ণ! তুমি রাসস্থলীতে মণ্ডলাকারে অবস্থিত গোপীচক্র অলঙ্কৃত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৩।৩

২৩৮। হে কৃষ্ণ! তুমি মানিনী শ্রীরাধার মান-গর্ব্ব খর্ব্ব করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩০।৩৬-৩৯

২৩৯। হে কৃষ্ণ! তুমি মদনমোহনরূপে রাসমণ্ডলে প্রকাশিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩২।২

২৪০। হে কৃষ্ণ! তুমি চিরআত্মসংস্থ; সম্পূর্ণরূপে কাম দমন দ্বারা তুমি কন্দর্পদেবের গর্ব্ব খর্ব্ব করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৩।২৫

---

(১) রাসনৃত্যকালে শ্রীকৃষ্ণের অষ্টম বর্ষ বয়স ছিল এবং নন্দব্রজ গোপাগণ অনধিক ষষ্ঠ বর্ষ বয়স্কা কুমারী ছিলেন।—শ্রীভাঃ ১০।২২।১

(২) শ্রীরাধা গোপীদের প্রধানা ছিলেন।—দেঃ ভাঃ ৯।৫০।২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪১। শাপ-মোচন

[অম্বিকাবন]

২৪১। অম্বিকাবনসমাগত কৃষ্ণ
২৪২। বিপন্ননন্দসমাহূত কৃষ্ণ
২৪৩। পদোপদেবসংস্পৃষ্ট কৃষ্ণ
২৪৪। বিদ্যাধ্রবন্দিতসংহৃষ্ট কৃষ্ণ
২৪৫। শঙ্খচূড়বধবিধায়ক কৃষ্ণ
২৪৬। ভাস্বরমহামণিদায়ক কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

২৪১। হে কৃষ্ণ তুমি গোপগণের সহিত অম্বিকাবনে আগমন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৪।১

২৪২। হে কৃষ্ণ (রাত্রিকালে নিদ্রিতাবস্থায়) অজগর-সর্প-গ্রস্ত নন্দগোপ তোমাকে আহ্বান করিয়াছিলেন।—শ্রীভাঃ ১০।৩৪।৬

২৪৩। হে কৃষ্ণ তুমি (অপর গোপগণের নন্দরাজ রক্ষার সর্ব্বচেষ্টা ব্যর্থ হইলে) সর্পরূপী উপদেবকে পদাঘাত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৪।৮

২৪৪। হে কৃষ্ণ তুমি (তোমার পাদস্পর্শে সদ্য শাপমুক্ত) বিদ্যাধর সুদর্শন কর্ত্তৃক বন্দিত হইয়া হৃষ্ট হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৪।১৪

২৪৫। হে কৃষ্ণ তুমি যক্ষপতি কুবেরানুচর বনচারী লম্পট শঙ্খচূড়কে বধ করিয়া বনভূমি নিরাপদ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৪।৩১

২৪৬। হে কৃষ্ণ তুমি শঙ্খচূড় হইতে প্রাপ্ত মহামূল্য মণি (নিজে গ্রহণ না করিয়া) জ্যেষ্ঠ ভ্রাতা বলরামকে দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৪।৩২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪২। অরিষ্ট-নিধন

[রাধাকুণ্ড]

২৪৭। বৃষভারিষ্টবিঘাতক কৃষ্ণ
২৪৮। মহাশ্বকেশিনিপাতক কৃষ্ণ
২৪৯। রহসিদেবর্ষ্যাশ্বাসিত কৃষ্ণ
২৫০। ভবিষ্যলীলাস্ুভাষিত কৃষ্ণ
২৫১। নিলায়নচৌরধারণ কৃষ্ণ
২৫২। মায়াবিব্যোমবিদারণ কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

২৪৭। হে কৃষ্ণ! তুমি অরিষ্ট নামক (মহাবলশালী ও খল) গোবৃষকে (ভূমিতে ফেলিয়া শৃঙ্গোৎপাটনপূর্ব্বক) বধ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৬।১৩ ; বিঃ পুঃ ৫।১৪।১৩

২৪৮। হে কৃষ্ণ! তুমি কংস-প্রেরিত কেশি নামক দুষ্ট অশ্বকে (তাহার বিবৃত মুখমধ্যে প্রবিষ্ট বাহু বৃদ্ধিকরতঃ) নিহত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৭।৭ ; ব্রঃ বৈঃ কৃঃ ১৬।২৩ ; বিঃ পুঃ ৫।১৬।১৬

২৪৯। হে কৃষ্ণ! তুমি দেবর্ষি নারদ কর্ত্তৃক গোপনে কথিত তোমার আগমন-রহস্য শ্রবণে আশ্বাসিত হইয়াছিল।—শ্রীভাঃ ১০।৩৭।৯ ; হরিঃ বিঃ ২৪।৭০-৭১

২৫০। হে কৃষ্ণ! তুমি (নারদের মুখে) তোমার ভাবী লীলাকথা অবগত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৭।১৫-২৩ ; হরিঃ বিঃ ২৪।৭৩-৭৪, বিঃ পুঃ ৫।১৬।২৬

২৫১। হে কৃষ্ণ! তুমি নিলায়ন ক্রীড়ায় (চোরধরা খেলায়) (গোপের ছদ্মবেশধারী) তস্কর ধরিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৭।২৬

২৫২। হে কৃষ্ণ তুমি (ময়দানবপুত্র) মায়াবি ব্যোমাসুরকে পশুর মত নিধন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৭।৩২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৩। কৃষ্ণ-কালী-রূপায়ণে কৃষ্ণ

[কালিন্দী তীর]

২৫৩। পিচ্ছ-চূড়-গোপ-বেষিত কৃষ্ণ

২৫৪। রোষিত-রায়ানান্বেষিত কৃষ্ণ (১)

২৫৫। শ্রীরাধারাধিকাবিস্কৃত কৃষ্ণ

২৫৬। রায়ান্-গোপ-নমস্কৃত কৃষ্ণ

২৫৭। ত্রিচিল্লী-নৃমুণ্ডালি-কালী কৃষ্ণ

২৫৮। শ্যামান্তর্বহির্বনমালি কৃষ্ণ (২)

মহাভাগবত ও ব্রহ্মাণ্ড পুরাণ-লীলা

২৫৩। হে কৃষ্ণ! তুমি চূড়ায় ময়ূরপুচ্ছ ধারণকরতঃ গোপবেশে বৃন্দাবনের গোষ্ঠে গোচারণে গমন করিতে।—শ্রীভাঃ ১০।১৬।৪২

২৫৪। হে কৃষ্ণ! তুমি কুটিলার কথায় ক্রুদ্ধ লগুড়-হস্ত রায়ান্ গোপ কর্ত্তৃক গোষ্ঠে অন্বেষিত হইয়াছিলে।—ব্রঃ পুঃ রাঃ হৃঃ ১৬।৪৮

২৫৫। হে কৃষ্ণ! তুমি (কৃষ্ণকালী মূর্ত্তিতে) শ্রীরাধা কর্ত্তৃক পূজিত অবস্থায় রায়ান্ কর্ত্তৃক যমুনা পুলিনে আবিস্কৃত হইয়াছিলে।—ব্রঃ পুঃ রাঃ হৃঃ ১৬।৫৮-৫৯

২৫৬। হে কৃষ্ণ! তুমি রায়ান্ ও তন্মাতা জটিলা ও ভগিনী কুটিলা কর্ত্তৃক কৃষ্ণকালীরূপে নমস্কৃত হইয়াছিলে।—ব্রঃ পুঃ রাঃ হৃঃ ১৬।৬০

২৫৭। হে কৃষ্ণ! তুমি ত্রিনয়নী, নৃমুণ্ডমালিনী, ময়ূরপুচ্ছধারিণী কৃষ্ণ-কালীমূর্ত্তিতে আবির্ভূত হইয়াছিলে।—ব্রঃ পুঃ রাঃ হৃঃ ১৬।৫৬-৫৭

২৫৮। হে কৃষ্ণ! তুমি অভ্যন্তরে নৃমুণ্ড-মালিনী-শ্যামা-কালী বাহিরে বনমালী শ্যাম-সুন্দর কৃষ্ণছিলে।—মহাভাগবত ৪৯।১৯

---

(১) রায়ান্ :—জটিলার পুত্র রায়ান্ গোপের অপর নাম ছিল আয়ান্।

(২) শ্যামান্ত :—মূর্ত্তির্মে ভদ্রকালী যা নবীন জলদ প্রভা
সৈব শ্রীকৃষ্ণরূপেণ ক্ষিতাবেবভবিষ্যতি।

—মহাভাগবত ৪৯।১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৪। হোলিকা-লীলায় কৃষ্ণ

[বৃষভানু-পুর-(বর্ষাণ)]

২৫৯। সেচন-যন্ত্রক-শোভিত কৃষ্ণ

২৬০। কস্তুরী-কুঙ্কুম-লোহিত কৃষ্ণ

২৬১। শ্রীরাধিকা-মান--ভঞ্জন কৃষ্ণ

২৬২। অগুরু-আবীর-রঞ্জন কৃষ্ণ

২৬৩। হাস্য-রস-গীত-শ্রাবিত কৃষ্ণ

২৬৪। গোপিকা-বিলাস-হ্লাদিত কৃষ্ণ

গর্গ সংহিতা—মাধুর্য্য খণ্ড-লীলা

২৫৯। হে কৃষ্ণ! তুমি (হোলিকা উৎসবে) পিচ্‌কারী শোভিত হস্তে (নন্দগ্রাম হইতে বৃষভানুপুরে) গিয়াছিলে।—গর্গঃ মাঃ ১২।৬-৯

২৬০। হে কৃষ্ণ! তুমি এই দিন কস্তুরী-হরিদ্রা-কুঙ্কুমে রঞ্জিত হইয়া লোহিত কলেবর হইয়াছিল।—গর্গ মাঃ ১২।১০

২৬১। হে কৃষ্ণ! তুমি এই দিনে ফল্গু-খেলা-ছলে প্রাণ-প্রিয়া গোপী শ্রীরাধার মানভঞ্জন করিয়াছিলে।—গর্গ মাঃ ১২।১৩-২২

২৬২। হে কৃষ্ণ! তুমি এই দিনে গোপীগণকে আবীর ও অগুরুতে রঞ্জিত করিয়া তৎকর্ত্তৃক স্বয়ং রঞ্জিত হইয়াছিলে।—গর্গ মাঃ ১২।১৬

২৬৩। হে কৃষ্ণ! তুমি (হোলির দিনে) শ্রীরাধা ও অন্যা গোপীগণের প্রেম-গালি মিশ্রিত মধুর গীত শ্রবণ করিয়াছিলে।—গর্গ মাঃ ১২।১৫

২৬৪। হে কৃষ্ণ! তুমি (হোলিকা লীলায়) যত গোপী তত কৃষ্ণ রূপ ধারণে সমস্ত গোপীর আনন্দবর্দ্ধন করিয়াছিলে।—গর্গ মাঃ ১২।২০-২১

---

(১) বৃষভানুপুর :—গোবর্দ্ধনের অদূরস্থ বর্ষাণ গ্রামের প্রধান ছিলেন শ্রীরাধার পিতা বৃষভানুগোপ এবং নন্দগ্রামের প্রধান ছিলেন নন্দগোপ। উভয় গ্রামের মধ্যে বিস্তৃত মাঠ। বর্ষাণে হইয়াছিল 'হোলিকা' বা দোললীলা। নন্দগ্রামে হইয়াছিল 'হিন্দোল' বা ঝুলনলীলা। অদ্যাপি এই উভয় গ্রামের নরনারীগণ ফাল্গুনী পূর্ণিমাতে পরস্পরকে আবারে রঞ্জিত করিয়া থাকেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৫। হিন্দোল-লীলায় কৃষ্ণ

[নন্দগ্রাম]

২৬৫। মাধবে-মধুপ-ধ্বনিত কৃষ্ণ
২৬৬। হিন্দোল-ললন-ললিত কৃষ্ণ (১)
২৬৭। কালিন্দী-কদম্ব-শোভন কৃষ্ণ
২৬৮। তদ্দোলা-খেলন-মোহন কৃষ্ণ (২)
২৬৯। কীর্ত্তি-সুতা-রাধা-বল্লভো কৃষ্ণ
২৭০। বৃন্দাবন-লীলা-বল্লবো কৃষ্ণ

গর্গ সংহিতা—মাধুর্য্য খণ্ড-লীলা

২৬৫। হে কৃষ্ণ! তুমি একদা বসন্তকালে ভ্রমর (ও কোকিলের) ধ্বনি শ্রবণে প্রেমাকুল হইয়াছিলে।—গর্গ মাঃ ১৫।৭

২৬৬। হে কৃষ্ণ! তুমি তখন আবাল্য সখী ব্রজ-গোপীগণ সহ কদম্ব বৃক্ষ শাখায় ঝুলন-উৎসবে প্রমত্ত হইয়াছিলে।—গর্গ মাঃ ১৫।৮

২৬৭। হে কৃষ্ণ! তুমি কল্লোলিত কালিন্দী যমুনাতীরস্থ কদম্ব বৃক্ষশাখায় শোভিত হইয়াছিলে।—গর্গ মাঃ ১৫।৮

২৬৮। হে কৃষ্ণ! তুমি প্রিয় সহচরী গোপীগণ সহ কদম্ব শাখাস্থিত দোলায় ঝুলন খেলা খেলিয়াছিলে।—গর্গ মাঃ ১৫।৯

২৬৯। হে কৃষ্ণ! তুমি বৃষভানু-পত্নী কীর্ত্তির কন্যা শ্রীরাধাসহ এক দোলায় বসিয়া তাঁহাকে আনন্দ দিয়াছিলে।—গর্গ মাঃ ১৫।১০

২৭০। হে কৃষ্ণ! তুমি গোপ-লীলায় ব্যাভিচার দুষ্ট আভীর সমাজকে সর্ব্ব দোষ নির্ম্মুক্ত করিয়া মধুময় শ্রীবৃন্দাবন গড়িয়াছিলে।—

---

(১) হিন্দোল :—দোলোৎসবং সমারেভে হরির্মদনমোহনঃ
কদম্ববৃক্ষেরহাস কল্পবৃক্ষ-মনোহরে।—গর্গ মাঃ ১৫।৮

(২) হিন্দোললীলা :—"হিন্দোল" বা "ঝুলন" উৎসবে শ্রীকৃষ্ণ দোলারোহণ করিয়াছিলেন। হোলিকা উৎসবে কোন দোলারোহণ দেখা যায় না। তাহাতে কেবল হাস্য মধুর গালি মিশ্রিত সঙ্গীতসহ প্রিয়জনকে আবীরে ও কুঙ্কুমে ও সুগন্ধে রঞ্জিত করিয়া আনন্দ দান করা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৬। কৈশোর-রূপাম্বনে কৃষ্ণ
[শ্রীবৃন্দাবন]

২৭১। শ্যামল-সুন্দরানুপম কৃষ্ণ

২৭২। বাল-দ্বিরদ-সুবিক্রম কৃষ্ণ

২৭৩। প্রফুল্ল-কমল-লোচন কৃষ্ণ

২৭৪। আজানু-ভুজ-স্মিতেক্ষণ কৃষ্ণ

২৭৫। অঙ্কুশ-শ্রীবৎস-লাঞ্ছিত কৃষ্ণ

২৭৬। দশাশা-স্বভাসা-ভাসিত কৃষ্ণ (১)

শ্রীভাগবত ও হরিবংশ-লীলা

২৭১। হে কৃষ্ণ! তুমি (একাদশবর্ষ উত্তীর্ণ হইলে প্রথম অক্রুর দর্শন সময়ে) নূতন মেঘের ন্যায় শ্যামলবর্ণ ও অনুপম সৌন্দর্য্যশালী ছিলে।—শ্রীভাঃ ১০।৩৮।২৯ ; হরিঃ বিঃ ২৫।২০

২৭২। হে কৃষ্ণ। তুমি (অক্রুরের প্রথম দর্শনকালে) কৃষ্ণবর্ণ হস্তি-শাবকের ন্যায় হৃষ্টপুষ্ট দেহ ও মহাবিক্রমশালী ছিলে।—শ্রীভাঃ ১০।৩৮।২৯ ; হরিঃ বিঃ ২৫।১৯

২৭৩। হে কৃষ্ণ। তোমার নয়ন যুগল প্রস্ফুটিত কমলদলের ন্যায় আয়ত ও অরুণাভ ছিল।—শ্রীভাঃ ১০।৩৮।২৮ ; হরিঃ বিঃ ২৫।১৯ ; বিঃ পুঃ ৫।১৭।২০

২৭৪। হে কৃষ্ণ! তুমি আজানুলম্বিত বাহু ও সদা সহাস্য-নয়ন ছিলে।—শ্রীভাঃ ১০।৩৮।২৮-৩০ ; হরিঃ বিঃ ২৫।২৩

২৭৫। হে কৃষ্ণ! তোমার বক্ষে শ্রীবৎস চিহ্ন ও হস্ত পদাদিতে অঙ্কুশ ধ্বজ বজ্রাদি বহু শুভ চিহ্ন ছিল।—হরিঃ বিঃ ২৫।২০ ; শ্রীভাঃ ১০।৩৮।৩০ ; বিঃ পুঃ ৫।১৭।২০

২৭৬। হে কৃষ্ণ! অক্রুর তোমাকে (সন্ধ্যায়) দর্শনকালে তোমার দেহের জ্যোতিতে দশদিক্ উদ্ভাসিত হইতেছিল।—শ্রীভাঃ ১০।৩৮।৩৪

---

(১) দশাশা :—"দিশোবিতিমিরা রাজন্ কুর্ব্বাণৌ প্রভয়া স্বয়া"
—শ্রীভাঃ ১০।৩৮।৩৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৭। রাজদূতাভ্যর্থনে কৃষ্ণ

[শ্রীবৃন্দাবন]

২৭৭। রাজ-দূতাক্রুর-বন্দিত কৃষ্ণ
২৭৮। প্রীত-পরিরব্ধ-নন্দিত কৃষ্ণ (১)
২৭৯। স্বজনানাময়-ব্যাকুল কৃষ্ণ
২৮০। কুলাময়-কংস-সঙ্কুল কৃষ্ণ
২৮১। আগম-কারণ-ভাবিত কৃষ্ণ
২৮২। নন্দ-নিমন্ত্রণ-হসিত কৃষ্ণ

শ্রীভাগবত ও বিষ্ণুপুরাণ-লীলা

২৭৭। হে কৃষ্ণ! তুমি একদা (দ্বাদশবর্ষে বৃন্দাবনের গো-দোহনস্থানে) সন্ধ্যাকালে কংসরাজ দূত অক্রুর কর্ত্তৃক প্রথম দৃষ্ট ও নমস্কৃত হইয়াছিলে।—বিঃ পুঃ ৫।১৮।৩১ ; শ্রীভাঃ ১০।৩৮।৩৪

২৭৮। হে কৃষ্ণ! তুমি পরম প্রীতিসহকারে তোমার চক্রাঙ্কিত হস্তে রাজদূত অক্রুরকে আলিঙ্গন করিয়া নন্দগৃহে আনিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৮।৩৬-৩৭ ; হরিঃ বিঃ ২৫।৩৯ ; বিঃ পুঃ ৫।১৮।২

২৭৯। হে কৃষ্ণ! তুমি (মথুরাবাসী পিতামাতাদি) স্বজনগণের কুশল চিন্তায় ব্যাকুল হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৯।৪

২৮০। হে কৃষ্ণ! তুমি যদুকুলের ব্যাধিস্বরূপ কংসদ্বারা জন্ম-পূর্ব্বাবধি বিড়ম্বিত ছিলে।—শ্রীভাঃ ১০।৩৯।৫

২৮১। হে কৃষ্ণ! তুমি অক্রুরের বৃন্দাবন আগমন কারণ তাহার নিকট অবগত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৯।৯ ; হরিঃ বিঃ ২৬।২

২৮২। হে কৃষ্ণ! তুমি অক্রুর কর্ত্তৃক নন্দকে কংস-নিমন্ত্রণ জ্ঞাপন-কালে হাস্য করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৯।১০

---

(১) প্রীতপরিরব্ধ :—ভগবাংস্তমভিপ্রেত্যরথাঙ্গাঙ্কিতপাণিনা।
পরিরেভেভ্যুপাকৃষ্যপ্রীতঃ প্রণতবৎসলঃ।
শ্রীভাঃ ১০।৩৮।৩৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৮। গোপী-সান্ত্বনে কৃষ্ণ

[শ্রীবৃন্দাবন]

২৮৩। বিরহিণী-গোপী-বল্লভো কৃষ্ণ
২৮৪। প্রিয়-স্পর্শ-কর-পল্লবো কৃষ্ণ
২৮৫। অখিলৈক-দেশ-সৌষ্ঠবো কৃষ্ণ
২৮৬। গোপী-নয়ন-মহোৎসবো কৃষ্ণ
২৮৭। গোবিন্দ-মাধবেত্যাহুত কৃষ্ণ (১)
২৮৮। প্রেষিত-প্রত্যাগম-দূত কৃষ্ণ

শ্রীভাগবত ও বিষ্ণুপুরাণ-লীলা

২৮৩। হে কৃষ্ণ! তুমি (অক্রূরের সঙ্গে) মথুরা যাত্রাকালে ব্রজগোপীগণ বিরহাতুরা হইয়াছিলেন। তুমি তাঁহাদের প্রাণবল্লভ ছিলে।—শ্রীভাঃ ১০।৩৯।৩১-৩২ ; বিঃ পুঃ ৫।১৮।২২

২৮৪। হে কৃষ্ণ! (রাস মণ্ডলে) তোমার করপল্লবের প্রিয়স্পর্শ গোপীগণের অতীব প্রীতিজনক ছিল।—শ্রীভাঃ ১০।৩০।৮

২৮৫। হে কৃষ্ণ! তোমার লীলা-দেহে জগতের সমস্ত দেহ-সৌন্দর্য্য একত্র সন্নিবিষ্ট হইয়াছিল।—শ্রীভাঃ ১০।৩৯।২১

২৮৬। হে কৃষ্ণ! তুমি নন্দ ব্রজের গোপীনয়নের মহোৎসব-স্বরূপ ছিলে।—শ্রীভাঃ ১০।৩৯।২৫ ; বিঃ পুঃ ৫।১৮।২০

২৮৭। হে কৃষ্ণ! তুমি গোপীগণ-কর্ত্তৃক "হে গোবিন্দ, হে দামোদর, হে মাধব" নামে অভিহিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৯।৩১

২৮৮। হে কৃষ্ণ! তুমি গোপীগণকে বৃন্দাবনে তোমার প্রত্যাগমন-সংবাদ দূত সহযোগে জানাইয়া সান্ত্বনা দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৯।৩৫

---

(১) গোবিন্দমাধব :—

এবং ব্রুবাণাবিরহাতুরাভৃশং ব্রজস্ত্রিয়ঃ কৃষ্ণবিষক্তমানসাঃ
বিসৃজ্যলজ্জাং রুরুদুঃ স্ম সুস্বরং গোবিন্দ দামোদর মাধবেতি

শ্রীভাঃ ১০।৩৯।৩১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৯। অক্রূর-মোহনে কৃষ্ণ

[অক্রুর তীর্থ]

২৮৯। রাজ-রথোপরি-সুস্থিত কৃষ্ণ

২৯০। লেখ্যানিভ-গোপী-বীক্ষিত কৃষ্ণ

২৯১। কালিন্দী-সলিল-হর্ষিত কৃষ্ণ

২৯২। জল-স্থল-সম-দর্শিত কৃষ্ণ

২৯৩। বিস্মাপিতাক্রূর-বন্দিত কৃষ্ণ (১)

২৯৪। মথুরা-গমন-নন্দিত কৃষ্ণ

শ্রীভাগবত, হরিবংশ ও বিষ্ণুপুরাণ-লীলা

২৮৯। হে কৃষ্ণ! তুমি (বলরামসহ মথুরা যাত্রাকালে) কংস প্রেরিত রাজরথে আনন্দে উপবিষ্ট হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৯।৩২ ; হরিঃ বিঃ ২৬।৪৯ ; বিঃ পুঃ ৫।১৮।৩২

২৯০। হে কৃষ্ণ! তোমার মথুরাগামী রথ পানে ব্রজগোপীগণ চিত্র পুত্তলিকার ন্যায় একদৃষ্টে চাহিয়াছিলেন।—শ্রীভাঃ ১০।৩৯।৩৬

২৯১। হে কৃষ্ণ। তুমি (অক্রুরঘাটে) কালিন্দী-যমুনার জল-পানে আনন্দিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৯।৩৯

২৯২। হে কৃষ্ণ! তুমি (কালিন্দীতে স্নানরত অক্রুরকে) জলে ও স্থলে যুগপৎ (তোমার ও বলরামের রথারূঢ়রূপ) দেখাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৩৯।৪১ ; বিঃ পুঃ ৫।১৮।৪৫-৪৬

২৯৩। হে কৃষ্ণ! তুমি (যমুনা জল মধ্যে অদ্ভূত দৃশ্য দর্শনে) মহাবিস্মিত অক্রুর কর্ত্তৃক বন্দিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৪-৫ ;

২৯৪। হে কৃষ্ণ! তুমি (দিবাবসান সময়ে রাজরথে) মথুরায় পৌছিয়া আনন্দিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৫ ; হরিঃ বিঃ ২৭।২

---

(১) বিস্মাপিতাক্রূরঃ :—

অদ্ভুতানীহযাবন্তিভূমৌবিয়তি বা জলে

ত্বয়ি বিশ্বাত্মকেতানি কিং মেহদৃষ্টং বিপশ্যতঃ—শ্রীভাঃ ১০।৪১।৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫০। নাম-দাম-বন্দি-কৃষ্ণ

২৯৫। নমস্তে নাম-দাম-বন্দি কৃষ্ণ
৯৬। নমস্তে নিত্য-সুধা-স্যন্দি কৃষ্ণ
২৯৭। নমস্তে স্বভৃত্য-স্বধৃত কৃষ্ণ
২৯৮। নমস্তে অভক্ত-দুর্ধৃত কৃষ্ণ
২৯৯। নমস্তে ধৃতি-মদমৃত কৃষ্ণ
৩০০। নমস্তে ঋত-পূতাদৃত কৃষ্ণ

২৯৫। হে কৃষ্ণ! তুমি (সর্ব্বভাষায়) তোমার অমোঘ নামোচ্চারণরূপ রজ্জুতে বন্দী হইয়া থাক। তোমাকে প্রণাম করি। —শ্রীভাঃ ২।১।১১

২৯৬। হে কৃষ্ণ! তুমি রসিক ও ভাবুক ভক্ত হৃদয়ে নিত্য সুধাবর্ষণ করিয়া থাক। তোমাকে প্রণাম করি।—ব্রঃ বৈঃ কৃঃ ১৮।১২৮

২৯৭। হে কৃষ্ণ! তুমি তোমার (অকপট) ভক্তের কাছে স্বেচ্ছায় ধরা দিয়া থাক। তোমাকে প্রণাম করি।—গীতা ১১।৫৪

২৯৮। হে কৃষ্ণ! তুমি ভক্তিবিহীনের নিকট চিরদিনই দুর্লভবস্তু; তোমাকে প্রণাম করি।

২৯৯। হে কৃষ্ণ! তুমি ধৃতিমান্ (ধৈর্য্যশালী) ও পরম অমৃত-স্বরূপ; তোমাকে প্রণাম করি।

৩০০। হে কৃষ্ণ! তুমি সত্য হইতেও সত্য বস্তু; তুমি পরম পবিত্র ও পরম আদরের ধন। তোমাকে প্রণাম করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৭। গোপী-নয়নানন্দ-কৃষ্ণ

[শ্রীবৃন্দাবন]

৩০১। নমস্তে গোপী-নেত্রানন্দ কৃষ্ণ
৩০২। নমস্তে রাসোল্লাস-ছন্দ কৃষ্ণ
৩০৩। নমস্তে প্রেমাসব-গন্ধ কৃষ্ণ
৩০৪। নমস্তে ভক্ত-মনো-বন্ধ কৃষ্ণ
৩০৫। নমস্তে ভক্তি-হীন-দ্বন্দ্ব কৃষ্ণ
৩০৬। নমস্তে প্রীতি-মকরন্দ কৃষ্ণ

৩০১। হে কৃষ্ণ! তুমি গোপীজনের নয়নে আনন্দাশ্রু-ধারারূপে বর্ত্তমান রহিয়াছ। তোমাকে প্রণাম করি।

৩০২। হে কৃষ্ণ! তুমি রসিক ভক্তহৃদয়ে রাস-মহোল্লাসের ছন্দ রূপে বর্ত্তমান রহিয়াছ। তোমাকে প্রণাম করি।

৩০৩। হে কৃষ্ণ! তুমি প্রেমিক-ভক্তগণ-সেবিত প্রেমাসবের সুগন্ধরূপে সদা বিদ্যমান রহিয়াছ। তোমাকে প্রণাম করি।

৩০৪। হে কৃষ্ণ! তুমি প্রশান্তচিত্ত ভক্তগণের নির্ম্মল মানসে সদা বন্দী অবস্থায় রহিয়াছ। তোমাকে প্রণাম করি।

৩০৫। হে কৃষ্ণ! তুমি ভক্তিহীনজনের হৃদয়ে মহা-সংশয়-রূপে চিরদিন অবস্থিত রহিয়াছ। তোমাকে প্রণাম করি।

৩০৬। হে কৃষ্ণ! তুমি প্রেমিকগণ-কর্ত্তৃক প্রীতি-পুষ্প-মধুরূপে অনাদিকাল হইতে আস্বাদিত হইতেছ। তোমাকে প্রণাম করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫২। নিয়ত-কর্ম্মকৃৎ কৃষ্ণ

[শ্রীবৃন্দাবন]

৩০৭। নমস্তে কর্ম্ম-কৃদসঙ্গ কৃষ্ণ

৩০৮। নমস্তে নবামৃত-ভঙ্গ কৃষ্ণ

৩০৯। নমস্তে অমৃত-প্রসঙ্গ কৃষ্ণ

৩১০। নমস্তে নিত্য-নব-রঙ্গ কৃষ্ণ

৩১১। নমস্তে সর্ব্ব-বৃত্তি-ময়াঙ্গ কৃষ্ণ

৩১২। নমস্তে সৌম্যতম-ত্রিভঙ্গ কৃষ্ণ

৩০৭। হে কৃষ্ণ! তুমি জগতে নিয়ত কর্ম্ম-ব্যস্ত অথচ সর্ব্বকর্ম্মেই অনাসক্ত রূপে বর্ত্তমান রহিয়াছ। তোমাকে প্রণাম করি।

৩০৮। হে কৃষ্ণ! তুমি ভক্তচিত্তে নিত্য নূতন অমৃত-তরঙ্গ-ভঙ্গ-রূপে বিদ্যমান রহিয়াছ। তোমাকে প্রণাম করি।

৩০৯। হে কৃষ্ণ! তোমার পুণ্য প্রসঙ্গ (ভক্ত নর-নারীগণকে যুগে যুগেই) অমৃতময় করে। তোমাকে প্রণাম করি।

৩১০। হে কৃষ্ণ! তুমি নিত্য নব নব রঙ্গ বিশিষ্ট তত্ত্বরূপে ভক্তমানসে প্রকাশিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩১১। হে কৃষ্ণ! তোমার (চক্ষু-কর্ণ-হস্ত-পদাদি) একাদশ ইন্দ্রিয়ই লীলা গৃহীত এবং সকল ইন্দ্রিয়ের শক্তি বিশিষ্ট। তোমাকে প্রণাম করি।

৩১২। হে কৃষ্ণ! তুমি সুন্দরতম ত্রিভঙ্গমূর্ত্তিতে (ভক্ত-হৃদয় বৃন্দাবনে নিত্য) অবস্থান করিতেছ। তোমাকে প্রণাম করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৩। সুমঙ্গল-নাম-কৃষ্ণ

[শ্রীবৃন্দাবন]

৩১৩। নমস্তে সুমঙ্গল-নাম কৃষ্ণ
৩১৪। নমস্তে নয়নাভিরাম কৃষ্ণ
৩১৫। নমস্তে জ্যোতির্ম্ময়-ধাম কৃষ্ণ
৩১৬। নমস্তে মাধুর্য্য-ললাম কৃষ্ণ
৩১৭। নমস্তে ঋগ্-যজু-সাম কৃষ্ণ
৩১৮। নমস্তে সমীহন-ক্ষাম কৃষ্ণ

৩১৩। হে কৃষ্ণ! তোমার নাম (উচ্চারণ, শ্রবণ, কীর্ত্তন স্মরণ-মননাদি সমস্ত কর্ম্মই) পরম মঙ্গলদায়ক। তোমাকে প্রণাম করি।

৩১৪। হে কৃষ্ণ! তুমি (যে সমস্ত ভাগ্যবানের নয়ন গোচর হও তাঁহাদের দৃষ্টিতে) পরম অভিরাম। তোমাকে প্রণাম করি।

৩১৫। হে কৃষ্ণ! তুমি যুগপৎ (মহামাধুর্য্য) ও জ্যোতির্ম্ময় ঐশ্বর্য্য-বিশিষ্ট। তোমাকে প্রণাম করি।

৩১৬। হে কৃষ্ণ! তুমি পরম মাধুর্য্যময় অঙ্গপ্রত্যঙ্গ বিশিষ্ট ব্যক্তিগণেরও ললাটভূষণ স্বরূপ। তোমাকে প্রণাম করি।

৩১৭। হে কৃষ্ণ! ঋক্ যজু সাম ও (অথর্ব্ব) এই বেদ চতুষ্টয়ী তোমার বাণীমূর্ত্তি। তোমাকে প্রণাম করি।

৩১৮। হে কৃষ্ণ! তুমিই ব্রহ্মাণ্ডের সৃষ্টিকর্ত্তা আবার তুমিই তাহার ক্ষয়কারী। তোমাকে প্রণাম করি।

সমীহনঃ—'সমীহন' ও 'ক্ষাম' এই দুইটি নাম মহাভারতোক্ত বিষ্ণুসহস্রনামান্তর্গত অন্যতম দিব্য নাম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৪। স্বয়ং ভগবান্ কৃষ্ণ

[শ্রীবৃন্দাবন]

৩১৯। ত্বং স্বয়ং-ভগবান্ নমস্তে কৃষ্ণ
৩২০। ত্বং বিষ্ণু-বপুষ্মান্ নমস্তে কৃষ্ণ
৩২১। যশোদা-স্তনন্ধয়ো নমস্তে কৃষ্ণ
৩২২। কিশোর-স্ময় ময়ো নমস্তে কৃষ্ণ
৩২৩। জয়তু ভারতীসংস্কৃতিঃ কৃষ্ণ
৩২৪। জীবতু পূর্ণেন্দুপ্রণতিঃ কৃষ্ণ

৩১৯। হে কৃষ্ণ! তুমি, লীলাদেহে স্বয়ং ক্রীড়াশীল ভগবান্। তোমাকে প্রণাম করি।—শ্রীভাঃ ১।৩।২৮

৩২০। হে কৃষ্ণ! তুমি বিশ্বকল্যাণে জগতে অবতীর্ণ দেহধারী বিষ্ণু। তোমাকে প্রণাম করি।—গোঃ তাঃ উঃ ২।১ ; বিঃ পুঃ ৪।১১।২

৩২১। হে কৃষ্ণ! তুমি (গৌড়ীয় বৈষ্ণবের নিত্য আরাধ্য) যশোদার স্তনপানকারী শ্রীগোপাল। তোমাকে প্রণাম করি।

৩২২। হে কৃষ্ণ! তুমি (গৌড়ীয় বৈষ্ণবের নিত্যধ্যেয়) শ্রীবৃন্দাবনের সর্ব্বাশ্চর্য্যময় নব-কিশোর শ্রীগোবিন্দ। তোমাকে প্রণাম করি।

৩২৩। হে কৃষ্ণ! (সর্ব্ব কর্ম্ম আরম্ভে ও অন্তে) তোমার নামগুণ লীলা শ্রবণ-কীর্ত্তন সম্বলিত ভারতীয় সংস্কৃতি (সর্ব্ববিশ্বে) জয়যুক্ত হউক।

৩২৪। হে কৃষ্ণ! দাসানুদাস পূর্ণেন্দুর (কায়মনোবাক্যের) প্রণতি (জন্ম-জন্মান্তরে) জীবন্ত হউক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীনাম-ভাগবতম্

শ্রীমথুরালীলা

[দ্বাদশ বর্ষ হইতে দ্বাবিংশ বর্ষ পর্য্যন্ত]

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্
দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ

৯। অক্রূর-প্রস্থাপন

[মথুরা]

১। নন্দপুরেন্দ্বস্তমিত কৃষ্ণ (১)
২। মধুপুরমিহিরোদিত কৃষ্ণ
৩। আরণ্যজীবনবিস্মৃত কৃষ্ণ
৪। মাথুরনাগরবিশ্রুত কৃষ্ণ
৫। রাজদূতাতিথ্যাস্বীকৃত কৃষ্ণ
৬। সযানাক্রুরপ্রস্থাপিত কৃষ্ণ

শ্রীভাগবত ও ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ-লীলা

১। হে কৃষ্ণ! তুমি (একাদশবর্ষ) নন্দপুর চন্দ্ররূপে ব্রজের আকাশ উজ্জ্বল করিয়া অস্তমিত হইয়াছিলে।—শ্রীভাঃ ৩।২।২৬; ব্রঃবৈঃ কৃঃ ৫৪।২২;

২। হে কৃষ্ণ! তুমি মথুরাকাশে পুনঃ সূর্য্যরূপে সমুদিত হইয়াছিলে।

৩। হে কৃষ্ণ! তুমি মথুরায় আরণ্য জীবন ভুলিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৩৯

৪। হে কৃষ্ণ! তুমি মথুরার শ্রেষ্ঠ নাগরিক রূপে বিখ্যাত হইয়াছিলে।

৫। হে কৃষ্ণ! তুমিরাজদূতের আতিথ্য অস্বীকার করিয়াছিলে।

৬। হে কৃষ্ণ! তুমি উপবনে নামিয়া রথসহ রাজদূতকে নগরে পাঠাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।১০

---

(১) নন্দপুরেন্দুঃ :—"একাদশসমাস্তত্র গূঢ়ার্চ্চিঃসবলোঽবসৎ" শ্রীভাঃ ৩।২।২৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২। জনতার অভ্যর্থনা

[মথুরা]

৭।	মার্গে গ্রামজনবন্দিত	কৃষ্ণ
৮।	নির্ভয়নাগরনন্দিত	কৃষ্ণ (১)
৯।	পৌরাঙ্গনাপ্রসূনাবৃত	কৃষ্ণ
১০।	বিপ্রোপায়নসমাদৃত	কৃষ্ণ
১১।	সর্ব্বনেত্রোৎসবদায়ক	কৃষ্ণ
১২।	পৌরজনমনোনায়ক	কৃষ্ণ (২)

শ্রীভাগবত-লীলা

৭। হে কৃষ্ণ! তুমি মথুরা যাত্রাপথে গ্রাম্য নরনারীগণ কর্ত্তৃক সাদরে অভ্যর্থিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৭

৮। হে কৃষ্ণ! তুমি মথুরায় নির্ভয় নাগরিক নরনারী কর্ত্তৃকও সানন্দে অভিনন্দিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৩১

৯। হে কৃষ্ণ! তুমি (কংসহন্তা জানিয়াও রাজভক্ত) পরিবারের নারীগণ কর্ত্তৃক পুষ্পবর্ষণ দ্বারা অভ্যর্থিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।২৯

১০। হে কৃষ্ণ! তুমি (রাজবৃত্তিভোগী) মথুরার ব্রাহ্মণগণ দ্বারাও সাদরে অভ্যর্থিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৩০

১১। হে কৃষ্ণ! তুমি দৈহিক সৌন্দর্য্যে ও আচরণে সর্ব্ব শ্রেণীর নরনারীর নয়নের উৎসব স্বরূপ হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৩১

১২। হে কৃষ্ণ! তুমি মুহূর্ত্ত মধ্যেই মথুরার সর্ব্বশ্রেণীর নরনারীর হৃদয়মন জয় করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৩১

---

(১) নির্ভয়ঃ—মথুরার জনসাধারণ কংসের ভয়ে সদাই ভীত চকিত থাকিত। শ্রীকৃষ্ণ মথুরা প্রবেশ মুহূর্ত্তে সমস্ত ভয় দূরীভূত হইয়াছিল।

(২) পৌরজনঃ—শ্রীকৃষ্ণের মথুরা যাত্রাদিনে মথুরায় আনন্দ ও বৃন্দাবনে ক্রন্দনের স্রোত বহিয়াছিল। শ্রীরাম-লীলায় বনবাস যাত্রাকালে অযোধ্যার নাগরিকগণের শোকের অনুরূপ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩। নগর-প্রবেশ

[মথুরা]

১৩। অপরাহ্নে পুরপ্রবিষ্ট কৃষ্ণ (১)
১৪। সবলবয়স্যযবিষ্ঠ কৃষ্ণ
১৫। সালঙ্কারাপুরীবীক্ষিত কৃষ্ণ
১৬। নাগরীনারীনিরীক্ষিত কৃষ্ণ
১৭। দ্বিরদবিক্রমসুপ্রীত কৃষ্ণ
১৮। সদানন্দমূর্ত্তিসুস্মিত কৃষ্ণ

শ্রীভাগবত-লীলা

১৩। হে কৃষ্ণ! তুমি অপরাহ্নে মথুরার উপবনে রথ হইতে অবতরণ করিয়া পদব্রজে নগরে প্রবেশ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।১৯

১৪। হে কৃষ্ণ! তুমি সর্ব্বকনিষ্ঠ, অগ্রজ বলরাম ও বয়স্যগণসহ নগরে প্রবেশ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।১৯

১৫। হে কৃষ্ণ! তুমি ধনুর্যাগ উপলক্ষে বিশেষভাবে সজ্জিত সমৃদ্ধ মথুরাপুরী দর্শন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।২০-২৩

১৬। হে কৃষ্ণ! তুমি নগরের পথপার্শ্বস্থ প্রাসাদস্থিতা পৌরনারীগণ কর্ত্তৃক সপ্রেমে দৃষ্ট হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।২৪

১৭। হে কৃষ্ণ! তুমি (একাদশ বর্ষেই) হস্তিশাবকের ন্যায় তেজস্বী বলশালী; গম্ভীর ও প্রফুল্ল ছিলে।—শ্রীভাঃ ১০।৪১।২৭

১৮। হে কৃষ্ণ! তুমি (মথুরা নগর প্রবেশকালে) সদানন্দ মূর্ত্তি ও সহাস্যবদন ছিলে।—শ্রীভাঃ ১০।৪১।২৮

---

(১) অপরাহ্নে :—শ্রীকৃষ্ণ জ্যেষ্ঠ ভ্রাতা বলরামসহ প্রাতে বৃন্দাবনের অরণ্যবাস হইতে রাজরথে রাজপুর মথুরা যাত্রা করেন। অপরাহ্নে মথুরা পৌছেন। শ্রীরাম কনিষ্ঠ ভ্রাতা লক্ষ্মণসহ প্রাতে রাজরথে অযোধ্যার রাজপুর হইতে দণ্ডকারণ্যে বনবাস যাত্রা করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪। অশিষ্ট-শাসন

[মথুরা]

১৯।	দুর্ম্মদদাসাবমানিত	কৃষ্ণ
২০।	করছিন্নশিরঃপাতিত	কৃষ্ণ
২১।	অশিষ্টরজকদণ্ডন	কৃষ্ণ (১)
২২।	ধৌতভব্যবাসমণ্ডন	কৃষ্ণ
২৩।	আদত্তসুখদসুবেশ	কৃষ্ণ
২৪।	বয়স্যপ্রদত্তাবশেষ	কৃষ্ণ

শ্রীভাগবত ও অগ্নিপুরাণ-লীলা

১৯। হে কৃষ্ণ! তুমি (ধৌত বস্ত্র যাচ্ঞা করায়) পথচারী অশিষ্ট রাজভৃত্য রজক কর্ত্তৃক অপমানিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৩৪-৩৫

২০। হে কৃষ্ণ! তুমি করাঙ্গুলী দ্বারা সেই দুষ্টের মস্তক দেহচ্যুত করিয়াছিলে।—হরিঃ বিঃ ২৭।১৩; শ্রীভাঃ ১০।৪১।৩৭; অগ্নি পুঃ ১২।১৩;

২১। হে কৃষ্ণ! তুমি অশিষ্ট রাজভৃত্যকে প্রকাশ্য রাজপথে দণ্ডদান করতঃতোমার বীর্য্য প্রদর্শন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৩৮

২২। হে কৃষ্ণ! তুমি ধৌত ভদ্রবেশে সজ্জিত হইয়াছিলে।

২৩। হে কৃষ্ণ! তুমি গোপবেশ ত্যাগ জন্য রজক পরিত্যক্ত বস্ত্রসমূহ হইতে দুইখানা ধৌত বস্ত্র গ্রহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৩৯

২৪। হে কৃষ্ণ! তুমি অবশিষ্ট বস্ত্রগুলি বলরাম ও গোপবালকগণকে দিয়া অতিরিক্ত বস্ত্র রাস্তায় ফেলিয়া দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৩৯

---

(১) অশিষ্ট রজকঃ—শ্রীকৃষ্ণ বলরাম ও রাখালগণসহ পদব্রজে মথুরা নগরের পথে অগ্রসর হওয়াতে একে একে রজক, বায়ক, কুব্জা প্রভৃতি বহু পথিকের সঙ্গে সাক্ষাৎ হইয়াছিল। সর্ব্বকালেই রাজ ভৃত্যগণ উদ্ধত হইয়া থাকে। জনসাধরণ অধিকতর শিষ্ট ও বিনয়ী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫। শিষ্ট-পালন

[মথুরা]

২৫।	নাগরিকসজ্জাজল্পিত	কৃষ্ণ (১)
২৬।	অনুরূপবেশকল্পিত	কৃষ্ণ
২৭।	সৌম্যেভসন্নিভশোভিত	কৃষ্ণ
২৮।	বায়কসারূপ্যলম্ভিত	কৃষ্ণ
২৯।	বিপুলৈশ্বর্য্যবিধায়ক	কৃষ্ণ
৩০।	সর্ব্বেন্দ্রিয়বলদায়ক	কৃষ্ণ

শ্রীভাগবত-লীলা

২৫। হে কৃষ্ণ! তুমি নাগরিক বেশ পরিধান না জানাতে জনৈক পথচারীকে ভদ্রসজ্জা করিয়া দিতে বলিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৪০

২৬। হে কৃষ্ণ! তুমি সেই শিষ্ট পথচারী তন্তুবায় কর্ত্তৃক সাদরে ভব্যবেশে সুসজ্জিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৪০

২৭! হে কৃষ্ণ! তুমি (বলরামসহ) নূতন নাগরিক বেশে সজ্জিত হইয়া দুইটি হস্তিশাবকের ন্যায় শোভিত হইয়াছিল।—শ্রীভাঃ ১০।৪১।৪১

২৮। হে কৃষ্ণ! তুমি বায়কের সামান্য সেবার প্রতিদানে তাহাকে সারূপ্য বর দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৪২

২৯। হে কৃষ্ণ! তুমি তোমার সেই সেবাকারীকে বিপুল ঐশ্বর্য্য দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৪২

৩০। হে কৃষ্ণ! তুমি সামান্য সেবার পুরস্কারে তাহাকে সর্ব্ব ইন্দ্রিয়ের পূর্ণশক্তি প্রদান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৫২

---

(১) নাগরিকবেশ :—(বনবাসি গোপগৃহে পালিত) রাম ও কৃষ্ণ নগর-বাস আরম্ভের প্রাক্কালেই বন্য গোপবেশ পরিত্যাগ করিয়া নগরের উপযুক্ত ভদ্রবেশ গ্রহণ করিয়াছিলেন। শ্রীরাম লীলায় বনগামী দুই ভ্রাতার রাজবেশ পরিত্যাগে জটাবল্কল ধারণের অনুরূপ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬। জন-প্রিয়-আচরণ

[মথুরা]

৩১।	সুদামসদ্মসমাগত	কৃষ্ণ (১)
৩২।	কৃতমালাকারস্বাগত	কৃষ্ণ
৩৩।	তাম্বুলানুলেপনার্হিত	কৃষ্ণ
৩৪।	সেবাদেশলেশপ্রার্থিত	কৃষ্ণ
৩৫।	কৃতাভিপ্রেতস্রগর্হণ	কৃষ্ণ
৩৬।	সেবকমনোরথার্পণ	কৃষ্ণ

শ্রীভাগবত-লীলা

৩১। হে কৃষ্ণ! তুমি সুদামা নামক অতি সাধারণ নাগরিকের ভবনে স্বেচ্ছায় উপস্থিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৪৩

৩২। হে কৃষ্ণ! তুমি পুষ্প-বিক্রেতা ফুল-মালী সুদামা কর্ত্তৃক সাদরে অভ্যর্থিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৪৪-৪৫

৩৩। হে কৃষ্ণ! তুমি সেই নগণ্য নাগরিক কর্ত্তৃক আসন, পাদ্য, তাম্বুল ও চন্দন দ্বারা বহু সম্মানিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৪৪,

৩৪। হে কৃষ্ণ! তুমি সেই অখ্যাত মালাকার কর্ত্তৃক আরও কিঞ্চিৎ সেবার অধিকার প্রার্থিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৪৮

৩৫। হে কৃষ্ণ! তুমি অন্যের অবজ্ঞাত সেই শিষ্ট নাগরিক হইতে একটি সুগন্ধ পুষ্পমাল্য গ্রহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৪৯

৩৬। হে কৃষ্ণ! তুমি সেই সামান্য সেবার প্রতিদানে তাহার সমস্ত মনোভিলাষ পূর্ণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪১।৫২

---

(১) সুদামসদ্মঃ :—শ্রীকৃষ্ণ মথুরা-লীলার আরম্ভেই রাজবংশীয় মহামান্য রাজদূত অক্রূরের নিমন্ত্রণ অস্বীকার করিয়াছিলেন। কিন্তু অতি নিম্নশ্রেণীর সুদামা মালীর ভবনে গমন করতঃ চাহিয়া পুষ্পমাল্য গ্রহণ করিয়াছিলেন। শ্রীরাম লীলায় নিষাদ গুহকের আতিথ্যের অনুরূপ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭। স্বরূপ-করণ

[মথুরা]

৩৭।	ত্রিবক্রাবরোরুবাচক	কৃষ্ণ
৩৮।	গন্ধানুলেপনযাচক	কৃষ্ণ
৩৯।	সৈরিন্ধ্রীসেবনহর্ষিত	কৃষ্ণ
৪০।	দর্শনস্ফুফলদর্শিত	কৃষ্ণ
৪১।	কুব্জাস্বরূপকরণ	কৃষ্ণ (১)
৪২।	দাস্যাভিলাষস্বীকরণ	কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ-লীলা

৩৭। হে কৃষ্ণ! তুমি পথচারিণী বিকলাঙ্গী ত্রিবক্রা নাম্নী কংস দাসীকে পরিহাস করতঃ সুন্দরী সম্বোধন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।২

৩৮। হে কৃষ্ণ! তুমি সেই কুব্জা দাসীর নিকটে চন্দনাদি অনুলেপন চাহিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।২ ; হরিঃ বিঃ ২৭।২৬

৩৯। হে কৃষ্ণ! তুমি (তোমার রূপমুগ্ধা কামার্ত্তা) কংস দাসীর প্রদত্ত অনুলেপনে তুষ্ট হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।৬

৪০। হে কৃষ্ণ! তুমি তোমার মঙ্গল রূপ দর্শন ও স্পর্শনের মঙ্গলময় ফল সত্বই প্রদর্শন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।৬

৪১। হে কৃষ্ণ! তুমি (দেহের তিন স্থান বক্র) জরাগ্রস্তা সেই কুৎসিতা কুব্জাকে নিজস্পর্শ দ্বারা মথুরার সর্ব্বোত্তমা সুন্দরীতে পরিণত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।৮৯ ; হরি বিঃ ২৭।৩৫।৩৬

৪২। হে কৃষ্ণ! তুমি সেই কামার্ত্তার কামবাসনা (হৃদ্রোগ) পূর্ণ করিবে সত্য করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।১২ বিঃ পুঃ ৫।২০।১৩

---

(১) কুব্জা স্বরূপা :—মথুরা প্রবেশ দিনেই প্রকাশ্য রাজপথে শ্রীকৃষ্ণের স্পর্শে কুৎসিতা কুব্জা দাসী পরমাসুন্দরী যুবতী নারীতে পরিবর্ত্তিত হইয়াছিল। শ্রীরাম অবতারে অহল্যা উদ্ধারের অনুরূপ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮। ধনুর্ভঞ্জন

[মথুরা]

৪৩।	ধনুর্যাগশালাদর্শন	কৃষ্ণ
৪৪।	মহাশরাসনাকর্ষণ	কৃষ্ণ
৪৫।	সলীলগৃহীতচাপক	কৃষ্ণ
৪৬।	সহেলমধ্যতোভঞ্জক	কৃষ্ণ (১)
৪৭।	ভোজরাজভয়োৎপাদক	কৃষ্ণ
৪৮।	সর্ব্বরক্ষিবলোৎসাদক	কৃষ্ণ

শ্রীভাগবত ; হরিবংশ ও পদ্মপুরাণ-লীলা

৪৩। হে কৃষ্ণ! তুমি সদলে কংসের ধনুর্যাগ মণ্ডপে পূজিত ধনু দর্শন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।১৫

৪৪। হে কৃষ্ণ! তুমি যজ্ঞশালার রক্ষিগণের বাধা অমান্য করিয়া সেই বিশাল ধনু আকর্ষণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।১৬

৪৫। হে কৃষ্ণ! তুমি তোমার কিশোর দেহেই সেই বিশাল ধনু অবলীলাক্রমে হস্তে গ্রহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।১৬

৪৬। হে কৃষ্ণ! তুমি ধনুতে গুণ-যোজন ছলে অবলীলাক্রমে সেই ধনুক মধ্য স্থলে ভঙ্গ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।১৭ ; পদ্ম উঃ ৩৪২ ; হরিঃ.বিঃ ২৭।৪৮ ; বিঃ পুঃ ৫।২০।১৬

৪৭। হে কৃষ্ণ! তুমি ধনুর্ভঙ্গের শব্দে নির্ভীক ভোজরাজ কংসের ভয়োৎপাদন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।২৮ ; হরিঃ বিঃ ২৮।১

৪৮। হে কৃষ্ণ! তুমি ও বলরাম সেই ধনুকের খণ্ড দ্বারা তোমাদিগকে (আক্রমণকারী) কংস প্রহরিগণকে উৎসাদিত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।২০-২১ ;

---

(১) মধ্যতোভঞ্জক :—ত্রেতায় শ্রীরামচন্দ্র মিথিলায় বিশাল হরধনু দ্বাদশবর্ষে ভঙ্গ করিয়াছিলেন। বাঃ রাঃ বাঃ ৬৭।১৬-১৭ দ্বাপরে শ্রীকৃষ্ণচন্দ্র মথুরায় বিশাল কংস ধনু দ্বাদশবর্ষে ভঙ্গ করিয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯। নগর-ভ্রমণ

[মথুরা]

৪৯।	দৃষ্টপুরসম্পদ্ধর্ষণ	কৃষ্ণ
৫০।	স্বপরাক্রমপ্রদর্শন	কৃষ্ণ
৫১।	সায়ংশকটসমাগত	কৃষ্ণ
৫২।	পাদপদ্মযুগবিধৌত	কৃষ্ণ
৫৩।	ক্ষীরোপসেচনসুতৃপ্ত	কৃষ্ণ
৫৪।	জ্ঞাতকংসেপ্সিতসুষুপ্ত	কৃষ্ণ (১)

শ্রীভাগবত-লীলা

৪৯। হে কৃষ্ণ! তুমি (কংস ধনুভঙ্গ করিয়া) রাজধানীর বিভিন্ন স্থান সদলে দর্শন করতঃ আনন্দিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।২১

৫০। হে কৃষ্ণ! তুমি এই সাহসিক কর্ম্ম দ্বারা তোমার অনন্য সাধারণ দৈহিক বল প্রদর্শন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।২২

৫১। হে কৃষ্ণ। তুমি নগর পরিভ্রমণান্তে সায়ংকালে নগরের বহির্ভাগে গোপগণের শকট সমীপে প্রত্যাগমন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।২৩

৫২। হে কৃষ্ণ! তুমি (শকট-মোচনস্থানে) তোমার ধূলি-ধূসরিত চরণ যুগল ধৌত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।২৫

৫৩। হে কৃষ্ণ! তুমি সেই রজনীতে দুগ্ধ মিশ্রিত অন্নমাত্র ভোজন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।২৫

৫৪। হে কৃষ্ণ! তুমি কংসের দুষ্টাভিপ্রায় অবগত হইয়া নিশ্চিন্ত মনে গোশকটে রাত্রিতে সুনিদ্রিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।২৫

---

(১) সুষুপ্ত :—রাজা কংস মৃত্যুর এই পূর্ব্ব রাত্রি রাজপ্রাসাদে ভীষণ স্বপ্ন দর্শনে ভয়াকুল অবস্থায় বিনিদ্র যাপন করিয়াছিলেন।—শ্রীভাঃ ১০।৪২।২৬-৩১। শ্রীরাম লীলায় মৃত্যুর পূর্ব্ব দিন রাক্ষস রাজ রাবণের নানা অশুভ চিহ্ন দর্শনের অনুরূপ—বাঃ রাঃ যুঃ ১০৮ সর্গ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯০। কুবলয়-কলন

[মথুরা]

৫৫।	প্রাতঃ কুবলয়কলন	কৃষ্ণ	(১)
৫৬।	দ্বিপরদামাত্যদলন	কৃষ্ণ	
৫৭।	শোণিতবিন্দুসমন্বিত	কৃষ্ণ	
৫৮।	স্বেদসলিলকণান্বিত	কৃষ্ণ	
৫৯।	দন্তাংসোপরিসমুন্নত	কৃষ্ণ	
৬০।	গোপবৃতরঙ্গসঙ্গত	কৃষ্ণ	

শ্রীভাগবত ও হরিবংশ-লীলা

৫৫। হে কৃষ্ণ ! তুমি (শিব-চতুর্দ্দশীর দিন) প্রাতঃকালে সভামণ্ডপ দ্বারে কুবলয়াপীড় নামক বিশাল রাজ-হস্তী বধ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৪ ; হরিঃ বিঃ ২৯।৩৮

৫৬। হে কৃষ্ণ! তুমি হস্তীর দন্তোৎপাটন করতঃ তদ্দ্বারা সেই হস্তী ও হস্তিপালকে বধ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৪ ; হরিঃ বিঃ ২৯।৩৮

৫৭। হে কৃষ্ণ! তুমি নিহত গজের রক্তবিন্দু দ্বারা সর্ব্বাঙ্গ-লিপ্ত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৫ ; হরিঃ বিঃ ৩০।২

৫৮। হে কৃষ্ণ! তুমি মদমত্ত হস্তীর সহিত বহুক্ষণ ক্রীড়া করিয়া লীলায় ঘর্ম্মাক্ত কলেবর হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৬

৫৯। হে কৃষ্ণ ! তুমি ও বলরাম উভয়ে দুইটি হস্তিদন্ত স্কন্ধে লইয়া মণ্ডপে প্রবেশ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৩০।৪ শ্রীভাঃ ১০।৪৩।১৬

৬০। হে কৃষ্ণ! তুমি হস্তিদন্ত স্কন্ধে করিয়া রঙ্গস্থলে প্রবেশকালে সঙ্গীয় ব্রজবালকগণ দ্বারা পরিবেষ্টিত ছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৫

---

(১) কুবলয় :—কংসরাজার সুবৃহৎ হস্তীকে মদমত্ত করিয়া কৃষ্ণ ও বলরাম বধের জন্যই সভা-মণ্ডপের প্রবেশ দ্বারে স্থাপন করা হইয়াছিল। শ্রীকৃষ্ণ প্রথমে অক্রূরের নিকট পরে নগর ভ্রমণকালে কংসের ষড়যন্ত্র অবগত হইয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১। ভাবানুরূপায়ণ

[মথুরা]

৬১। মল্লানামশনিশঙ্কাশ কৃষ্ণ (১)

৬২। নৃণাংনৃবরপ্রতিকাশ কৃষ্ণ

৬৩। স্ত্রীণাংস্মররূপবিজ্ঞাত কৃষ্ণ

৬৪। গোপানাংস্বজনানুধ্যাত কৃষ্ণ

৬৫। কুরাজ্ঞাংশাস্তেতিপ্রতীত কৃষ্ণ

৬৬। পিত্রোঃশিশুসমদয়িত কৃষ্ণ

শ্রীভাগবত ও পদ্মপুরাণ-লীলা

৬১। হে কৃষ্ণ! তুমি (সভামণ্ডপে প্রবেশ করিলে) দৈহিক শক্তি-মদ-মত্ত মল্লগণ তোমাকে বজ্রের ন্যায় কঠিন বস্তুরূপে দর্শন করিয়াছিল।—শ্রীভাঃ ১০।৪৩।১৭; পদ্মঃ উঃ ৩৬৪

৬২। হে কৃষ্ণ! তুমি জন-সাধারণ কর্ত্তৃক সর্ব্বশ্রেষ্ঠ মানব রূপে দৃষ্ট হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৭; পদ্ম উঃ ৩৬৪

৬৩। হে কৃষ্ণ! তুমি নারীগণ কর্ত্তৃক মূর্ত্তিমান কামদেব রূপে দৃষ্ট হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৭; পদ্ম উঃ ৩৬৫

৬৪। হে কৃষ্ণ! তুমি ব্রজবাসি গোপগণ কর্ত্তৃক পরম আত্মীয় রূপে দৃষ্ট হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৭; পদ্ম উঃ ৩৬৫

৬৫। হে কৃষ্ণ! তুমি দুষ্ট রাজন্যগণ কর্ত্তৃক তাহাদের দণ্ড-দাতারূপে দৃষ্ট হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৭

৬৬। হে কৃষ্ণ! তুমি (পিতা বসুদেব ও মাতা দেবকী কর্ত্তৃক) জন্মাষ্টমী রজনীতে সদ্যোজাত শিশুটির ন্যায় দৃষ্ট হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৭

---

(১) মল্লনাম্ঃ—কংসের ধনুর্যাগ উপলক্ষে কৃষ্ণ-বলরামকে মল্লযুদ্ধ ছলে বধ করিবার নিমিত্ত বহু কুখ্যাত মল্ল আনীত হইছিল সেই সমস্ত বল গর্ব্বিত পালোয়ান কৃষ্ণ দর্শনমাত্র ত্রাসে কম্পিত হইয়াছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২। সর্ব্ব-রস-রূপায়ন

[মথুরা]

৬৭। ভোজপতের্মৃত্যুপমিত — কৃষ্ণ
৬৮। বিরাড়বিদুষাংবিদিত — কৃষ্ণ
৬৯। যোগিনাংপরতত্ত্বরূপ — কৃষ্ণ
৭০। বৃষ্ণীণাংদেবতাস্বরূপ — কৃষ্ণ
৭১। সর্ব্বরসকদম্বমূর্ত্তি — কৃষ্ণ
৭২। ভিন্নৈর্বিভিন্নরূপস্ফুর্ত্তি — কৃষ্ণ

শ্রীভাগবত ও পদ্মপুরাণ-লীলা

৬৭। হে কৃষ্ণ! তুমি ভোজরাজ কংস কর্ত্তৃক সাক্ষাৎ মৃত্যু (যম) রূপে দৃষ্ট হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৭ ; পদ্ম উঃ ৩৬৫

৬৮। হে কৃষ্ণ! তুমি মূর্খব্যক্তিগণ কর্ত্তৃক বিরাট পুরুষরূপে দৃষ্ট হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৭

৬৯। হে কৃষ্ণ! তুমি সভায় উপস্থিত যোগীগণের নিকট পরম তত্ত্বরূপে প্রতিভাত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৭

৭০। হে কৃষ্ণ! তুমি যদু বংশীয়গণের নিকট পরম দেবতারূপে প্রকাশিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৭

৭১। হে কৃষ্ণ! তুমি (সভা প্রবেশকালে একই সময় একই দেহে) সর্ব্বরসের সমূহ মূর্ত্তিরূপে প্রকটিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৭

৭২। হে কৃষ্ণ! তুমি বিভিন্ন চিন্তাধারা-সম্পন্ন নরনারীর নিকট বিভিন্নরূপে স্ফুর্ত্ত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।১৭ ; পদ্ম উঃ ৩৬৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৩। দুষ্ট-মল্ল-দমন

[মথুরা]

৭৩। মল্লস্থলমল্লামন্ত্রিত কৃষ্ণ
৭৪। পরমানুগ্রহমন্দ্রিত কৃষ্ণ
৭৫। সমবলদ্বন্দ্বস্বীকৃত কৃষ্ণ
৭৬। বলাবলযুদ্ধগৃহীত কৃষ্ণ
৭৭। চানুরতোশলমর্দ্দন কৃষ্ণ
৭৮। বয়স্যসংবৃতনর্ত্তন কৃষ্ণ (১)

শ্রীভাগবত ও হরিবংশ লীলা

৭৩। হে কৃষ্ণ! তুমি কুখ্যাত মল্ল চানুর কর্ত্তৃক মল্লযুদ্ধে নিমন্ত্রিত হইয়াছিলে—শ্রীভাঃ। ১০।৪৩।৩১-৩২

৭৪। হে কৃষ্ণ! তুমি (চানুরের এই আহ্বানকে) তোমার প্রতি রাজার অনুগ্রহ বলিয়া গম্ভীরস্বরে উত্তর দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।৩৭

৭৫। হে কৃষ্ণ! তুমি সমান বয়স ও সমান শক্তি সম্পন্ন ব্যক্তির মধ্যে দ্বন্দ্ব যুদ্ধই ন্যায় সঙ্গত বলিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৩।৩৮

৭৬। হে কৃষ্ণ! তুমি বলে ও বয়সে অল্প হইলেও চানুরের মল্ল যুদ্ধের আহ্বান গ্রহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৪।১ হরিঃ বিঃ ৩০।১৯

৭৭। হে কৃষ্ণ! তুমি (দ্বাদশ বর্ষে) নৃশংস পালোয়ান চানুর ও তোশলকে মল্লযুদ্ধে নিহত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৪।২৮

৭৮। হে কৃষ্ণ! তুমি (চানুর ও মুষ্টিকাদি মল্ল নিহত হইলে বয়স্যগণসহ রঙ্গস্থলে নৃত্য করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৪।২৯

নর্ত্তন।—শ্রীকৃষ্ণ ১২৫ বর্ষ লীলা-কাল মধ্যে বহুস্থানে নৃত্য করিয়াছেন। (১) বৃহদ্বনে ২।৩ বর্ষে করতালিতে নৃত্য (২) কালিয় হ্রদে ৭ম বর্ষে সর্প ফণায় নৃত্য (৩) বৃন্দাবনে ৮ম বর্ষে রাসে নৃত্য (৪) মথুরায় দ্বাদশবর্ষে রাজ সভায় নৃত্য (৫) পিণ্ডারকে নারদাদিসহ নৃত্য (৬) ৮৯ বর্ষে কুরু-রণাঙ্গণে ঘটোৎকচ বধে রথোপরি নৃত্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৪। কংস-নিসূদন

[মথুরা]

শ্রীভাগবত; বিষ্ণুপুরাণ; ও হরিবংশ-লীলা

৭৯। হে কৃষ্ণ! তুমি সভাস্থলে সর্ব্বোচ্য রাজ মঞ্চোপরি উপবিষ্ট চিন্তাকুল রাজা কংসকে দর্শন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।৩৫

৮০। হে কৃষ্ণ! তুমি (চানুরাদি বধের পরে) ভূমি হইতে লম্ফ প্রদান পূর্ব্বক উচ্চ রাজমঞ্চে আরোহণ করিয়া আনন্দিত হইয়াছিলে। —শ্রীভাঃ ১০।৪৪।৩৪

৮১। হে কৃষ্ণ! তুমি (নিরস্ত্র তোমাকে অসিচর্ম্মসহ আক্রমণকারী) কংসের কেশাকর্ষন পূর্ব্বক মঞ্চ হইতে নিম্নে নিক্ষেপ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৪।৩৭ ; বিঃ পুঃ ৫।২০।৭৬ পদ্মঃ উঃ ৩৭৯

৮১। হে কৃষ্ণ! তুমি ভূপাতিত কংস দেহোপরি লম্ফ দিয়া পতিত হইয়া তাহাকে বধ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৪।৩৭ ; বিপ্রঃ ৫।২০।৭৬

৮৩। হে কৃষ্ণ! তুমি কংসের দীর্ঘ কেশ ধারণপূর্ব্বক তাহার বিরাটদেহ রঙ্গ ভূমিতে আকর্ষণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৪।৩৮

৮৪। হে কৃষ্ণ! তুমি কংসের দেহাকর্ষণ দ্বারা রঙ্গভূমিতে এক বিস্তৃত পরিখা সৃষ্টি করিয়াছিলে।—বিঃ পুঃ ৫।২০।৮৯ ; হরিঃ ; বিঃ ৩১।৮৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৫। কংস-সদ্গতি-প্রদান

[মথুরা]

৮৫। কংসাত্মসদ্গতিদায়ক কৃষ্ণ

৮৬। নৃপতিযোষিতাশ্বাসক কৃষ্ণ

৮৭। কংসনৃপানুজাক্রান্ত কৃষ্ণ

৮৮। কৃতপ্রবলারিশান্ত কৃষ্ণ

৮৯। নিকৃতস্বকুলশাবল্য কৃষ্ণ

৯০। প্রশংসিতলীলাকৈবল্য কৃষ্ণ

শ্রীভাগবত ও বৃহদ্ধর্ম্মপুরাণ-লীলা

৮৫। হে কৃষ্ণ! তুমি (কংসদেহনির্গত জ্যোতি) সর্ব্বজন সমক্ষে স্বদেহে ধারণ করিয়া তাহাকে সদ্গতি প্রদান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৪।৩৯ ; বৃঃ ধঃ পুঃ ১৭।৬০

৮৬। হে কৃষ্ণ! তুমি কংসের শোকার্ত্তা বিধবাপত্নীগণের শোকে সান্ত্বনা প্রদান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৪।৪৯

৮৭। হে কৃষ্ণ! তুমি (কংস বধের পরে) তাহার অষ্ট কনিষ্ঠ ভ্রাতা কর্ত্তৃক রঙ্গস্থলে ভীষণভাবে আক্রান্ত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৪।৪০

৮৮। হে কৃষ্ণ! তুমি (যুগপৎ আক্রমণকারি) প্রবল শত্রুগণকে নিধন করিয়া চিরদিনের মত শান্ত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৪।৪১

৮৯। হে কৃষ্ণ! তুমি এই সমস্ত দুর্জ্জনগণকে নিধন করতঃ পবিত্র যদুবংশের কলঙ্ক দূর করিয়াছিলে।—হরিঃ বিঃ ৩৩।৪৯

৯০। হে কৃষ্ণ! তোমার এই দুষ্ট-দমনরূপ-লীলা-কৈবল্য দেবগণ কর্ত্তৃক অভিনন্দিত হইয়াছিল।—শ্রীভাঃ ১০।৪৪।৪২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৬। আদর্শ-পুত্র

[মথুরা]

৯১। পিতৃকারাবাসমোচন — কৃষ্ণ
৯২। প্রশ্রয়াবনতরোচন — কৃষ্ণ
৯৩। মোঘদিনাত্যয়বাচক — কৃষ্ণ (১)
৯৪। অশুশ্রূষাক্ষমাযাচক — কৃষ্ণ
৯৫। লীলানরবপুগোপিত — কৃষ্ণ
৯৬। প্রেমনয়নাশ্রুস্নপিত — কৃষ্ণ

শ্রীভাগবত ও পদ্ম পুরাণ-লীলা

৯১। হে কৃষ্ণ! তুমি (সানুজ-কংস বধের পরে) পিতা বসুদেব ও মাতা দেবকীর বন্ধনমোচনই সর্ব্বপ্রথম কার্য্য করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৪।৫০ ; ব্রঃ বৈঃ কৃঃ ৫৪।৯ ; পদ্ম উঃ ৩৮২

৯২। হে কৃষ্ণ! তুমি (জনক ও জননীর চরণে) বিনয়ে অবনত হইয়া তাঁহাদের নিরানন্দ প্রাণে আনন্দ দান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।২

৯৩। হে কৃষ্ণ! তুমি (তোমার পিতৃমাতৃ সেবা বিহীন) একাদশ বর্ষের ব্রজের জীবন বৃথা ব্যয়িত হইয়াছে বলিয়াছিলে। শ্রীভাঃ ১০।৪৫।৮

৯৪। হে কৃষ্ণ! তুমি (দীর্ঘকাল বাধ্যতামূলক সেবা বিহীনতার জন্য) জনকজননীর সমীপে মার্জ্জনা ভিক্ষা চাহিয়াছিলে। শ্রীভাঃ ১০।৪৫।৯

৯৫। হে কৃষ্ণ! তুমি লীলা নরদেহে (মায়া মনুষ্যরূপে) তোমার ভগবৎ স্বরূপ গোপন করিয়াছিলে। শ্রীভাঃ ১০।৪৫।১০

৯৬। হে কৃষ্ণ! তুমি! (পরম স্নেহশীল) পিতামাতার স্নেহাশ্রুধারায় সভা মধ্যেই স্নান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩১

---

(১) মোঘদিনাত্যয় :—"মোঘমেতেব্যতিক্রান্তাদিবসা৷বামনর্চ্চতোঃ" শ্রীভাঃ ১০।৪৫।৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৭। রাখালের রাজ্যদান

[মথুরা]

৯৭।	বৃদ্ধনৃপকারামোচন	কৃষ্ণ
৯৮।	নৃপতিপ্রব্রজ্যাবারণ	কৃষ্ণ
৯৯।	উগ্রসেনাসনস্থাপক	কৃষ্ণ (১)
১০০।	রাজাপ্রজান্বয়জ্ঞাপক	কৃষ্ণ
১০১।	স্বেচ্ছানুশাসনগৃহীত	কৃষ্ণ
১০২।	সুধর্ম্মাসভাসমানীত	কৃষ্ণ

শ্রীভাগবত; বিষ্ণু; পদ্ম; অগ্নি; ব্রহ্মবৈবর্ত্ত; হরিবংশ ও মহাভারত লীলা

৯৭। হে কৃষ্ণ! তুমি কংসের কারারুদ্ধ পিতা বৃদ্ধ উগ্রসেনের কারা মোচন করিয়াছিলে। বিষ্ণুঃ পুঃ ৫।২১।৯ ; পদ্মঃ ৩৯০ ; ব্রঃ বৈঃ কৃঃ ৫৪।১৩

৯৮। হে কৃষ্ণ! তুমি কারামুক্ত উগ্রসেনের (ভার্য্যা ও বিধবা পুত্র-বধূগণসহ) বন গমনেচ্ছা নিবারণ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৩২।২৭-৩০

৯৯। হে কৃষ্ণ! তুমি উগ্রসেনকেই মথুরার রাজা করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।১২ ; পদ্মঃ উঃ ৩৯১ ; হরিঃ বিঃ ৩২।৫৫ ; অগ্নিঃ ১২।২৭ ; মভাঃ উঃ ১২৮।৩৯ ; বিঃ পুঃ ৫।২১।১১-১৫

১০০। হে কৃষ্ণ! তুমি উগ্রসেনকে রাজা সম্বোধন করতঃ তাঁহার সহিত তোমার প্রজা সম্বন্ধ জ্ঞাপনকরিয়াছিলে—শ্রীভাঃ ১০।৪৫।১৩

১০১। হে কৃষ্ণ! তুমি স্বেচ্ছায় উগ্রসেনের অনুশাসন গ্রহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।১৪ ; বিঃ পুঃ ৫।২১।১৫ ; দেবী ভাঃ ১৮।৪৩

১০২। হে কৃষ্ণ! তুমি উগ্রসেনের জন্য সুধর্ম্মা রাজসভা আনিয়াছিলে।—বিঃ পুঃ ৫।২১।১৫

---

(১) উগ্রসেনঃ (ক) মাহামহন্তুগ্রসেনং যদুনামকরোন্নৃপম্ শ্রীভাঃ ১০।৪৫।১২
(খ) অভিষেকেন গোবিন্দো যোজয়ামাসধর্ম্মবিৎ হরিঃ বিঃ ৩২।৫৫
(গ) উগ্রসেনঃ কৃতো রাজা ভোজরাজন্যবর্দ্ধনঃ। মভাঃ উঃ ১২৮।৩৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৮। লোক-মঙ্গলে-মাতুল বধ

[মথুরা]

১০৩।	যযাতিশাপসম্মানক	কৃষ্ণ (১)
১০৪।	নৃপত্বানাকাঙ্খাবাচক	কৃষ্ণ
১০৫।	নিঃস্বার্থ দুর্জ্জনমারণ	কৃষ্ণ
১০৬।	জগদ্ধিতবধকারণ	কৃষ্ণ
১০৭।	কীর্ত্ত্যর্থকংসাদি শাসন	কৃষ্ণ
১০৮।	স্বকুলকলঙ্কনাশন	কৃষ্ণ

শ্রীভাগবত, বিষ্ণুপুরাণ ও হরিবংশ-লীলা

১০৩। হে কৃষ্ণ! তুমি বংশের আদি পুরুষ যযাতির অভিশাপের সম্মানে রাজা হও নাই।—শ্রীভাঃ ১০।৪৫।১৩, বিঃ পুঃ ৫।২১।১২

১০৪। হে কৃষ্ণ! তুমি (উগ্রসেনকে বলিয়াছিলে) রাজত্ব গ্রহণে তোমার বিন্দুমাত্রও অভিলাষ নাই।—হরিঃ বিঃ ৩২।৪৮

১০৫। হে কৃষ্ণ! তুমি (সমাজ-শত্রু ও সংশোধনের অযোগ্য) কংসকে সম্পূর্ণ নিঃসার্থভাবেই নিধন করিয়াছিলে)—হরিঃ বিঃ ৩২।৩৯

১০৬। হে কৃষ্ণ! তুমি জগতের মঙ্গল সাধন জন্যই কংসাদি বহু দুর্জ্জন নিধন করিয়াছিলে কোন স্বার্থসাধন জন্য নহে। হরিঃ বিঃ ৩২।৪৯

১০৭। হে কৃষ্ণ! তুমি মহাশক্তিশালী অথচ মহা দুর্জ্জন ব্যক্তি বধের কীর্ত্তিলাভ জন্যই কংসবধ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৩২।৪৯

১০৮। হে কৃষ্ণ! তুমি স্বকুলকে (যদুকুলকে) সম্পূর্ণ কলঙ্ক মুক্ত করিবার জন্যই কংসবধ করিয়াছিলে। হরিঃ বিঃ ৩২।৪৯

যযাতি শাপ :—শ্রীকৃষ্ণ চন্দ্রবংশীয় সত্যযুগের যযাতি রাজার পুত্র যদুরবংশধর। যদু অরাজা থাকিবার অভিশপ্ত ছিলেন। শ্রীকৃষ্ণ সেই পূর্ব্ব পিতামহের বাক্য পালনে দ্বাপর যুগেও রাজা হন নাই। শ্রীরাম নিজ পিতা দশরথের বাক্য পালনে রাজ্য ত্যাগ করিয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৯। আদর্শ-শত্রু

[মথুরা]

১০৯।	কংসপারলৌকিককারক	কৃষ্ণ
১১০।	উগ্রসেনশোকনিবারক	কৃষ্ণ
১১১।	বৈরানুবন্ধনিবারণ	কৃষ্ণ (১)
১১২।	শবশিবিকাবিচারণ	কৃষ্ণ
১১৩।	মৃতানুগমননায়ক	কৃষ্ণ
১১৪।	দশকোটিস্বর্ণদায়ক	কৃষ্ণ

হরিবংশ-লীলা

১০৯। হে কৃষ্ণ! তুমি (কংস বধের পর তাহার সমস্ত অপরাধ ভুলিয়া) তাহার পারলৌকিক ক্রিয়াসুসম্পন্ন করাইয়াছিলে।—হরিঃ বিঃ ৩২।৫৫

১১০। হে কৃষ্ণ! তুমি স্বীয় (উদার বাক্যেও ব্যবহারে) উগ্রসেনের পুত্রশোক নিবারণ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৩২।৩৪-৪৭

১১১। হে কৃষ্ণ! তুমি মৃত কংসের প্রতি শত্রুভাবাপন্ন যাদব-গণের বৈরবুদ্ধি দূর করিয়াছিলে।—হরিঃ বিঃ ৩২।৫৬

১১২। হে কৃষ্ণ! তুমি (রাজোচিত সম্মানে সৎকার জন্য) কংসের মৃতদেহ বহন নিমিত্ত শিবিকার ব্যবস্থা করিয়াছিলে।—হরিঃ বিঃ ৩২।৫৮

১১৩। হে কৃষ্ণ! তুমি সমস্ত যাদবগণসহ কংস শবের অনুগমনে যমুনাতীরে শ্মশানে গমন করিয়াছিলে। হরিঃ বিঃ ৩২।৫৮-৬০

১১৪। হে কৃষ্ণ! তুমি কংসের পারলৌকিক ক্রিয়ার জন্য রাজকোষ হইতে দশ কোটী স্বর্ণমুদ্রা ব্যয়ের ব্যবস্থা করিয়াছিলে।—হরিঃ বিঃ ৩২।৬২

(১) বৈরানুবন্ধঃ—কংসের অত্যাচারক্লিষ্ট যাদবগণ তাহার শব সৎকার প্রভৃতি পারলৌকিক ক্রিয়ায় যোগদানে অনিচ্ছুক ছিলেন। শ্রীকৃষ্ণ সকল যাদবকে এই কার্য্যে যোগদান করিতে বাধ্য করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২০। আদর্শ-পুনর্ব্বাসন দান

[মথুরা]

১১৫। বাস্তুহীনপুনর্ব্বাসক কৃষ্ণ
১১৬। প্রবাসসংক্লেশনাশক কৃষ্ণ
১১৭। স্বজনস্বদেশানয়ক কৃষ্ণ
১১৮। সাদরস্বগেহদায়ক কৃষ্ণ (১)
১১৯। হৃতবিত্তবিত্ততর্পণ কৃষ্ণ
১২০। প্রবয়সযৌবনার্পণ কৃষ্ণ

শ্রীভাগবত-লীলা

১১৫। হে কৃষ্ণ! তুমি (কংসের অত্যাচারে দেশত্যাগী) যাদবগণকে পুনর্ব্বাসন দান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।২।১-৪ ; শ্রীভাঃ ১০।৪৫।১৫

১১৬। হে কৃষ্ণ! তুমি (স্বদেশ প্রত্যাগত বাস্তুহারা স্বজনগণের) প্রবাসের সর্ব্বক্লেশ সর্ব্বতোভাবে দূর করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।১৬

১১৭। হে কৃষ্ণ! তুমি স্বজনগণকে (বহু দূরবর্ত্তী দেশ সমূহ হইতে) মথুরায় ফিরাইয়া আনিয়াছিলেন।—শ্রীভাঃ ১০।৪৫।১৫-১৬

১১৮। হে কৃষ্ণ! তুমি প্রবাসাগত স্বজনগণকে স্ব স্ব পরিত্যক্ত গৃহেই সসম্মানে পুনর্ব্বাসন দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।১৬

১১৯। হে কৃষ্ণ! তুমি সর্ব্বহারা স্বজনগণকে রাজকোষ হইতে বিত্ত প্রদান করিয়া ক্ষতিপূরণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।১৬

১২০। হে কৃষ্ণ! তুমি প্রবাসের অশনবসনাভাবক্লিষ্ট স্বাস্থ্যহীন অকালবৃদ্ধগণকে পুনরায় পূর্ব্ব স্বাস্থ্য (যৌবন) দান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।১৯

---

(১) স্বগেহ :—সভাজিতান্ সমানায্য বিদেশাবাসকর্ষিতান্
ন্যবাসয়ৎ স্বগেহেষু বিত্তৈঃসন্তর্প্য বিশ্বকৃৎ।
—শ্রীভাঃ ১০।৪৫।১৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৯। নন্দ-বিদায়

[মথুরা]

১২১। নন্দালিঙ্গনানুনয়ন কৃষ্ণ

১২২। বৃন্দাবনঋণ-শংসন কৃষ্ণ

১২৩। অকল্যরক্ষণস্বীকৃত কৃষ্ণ

১২৪। ব্রজপ্রত্যাগমাঙ্গীকৃত কৃষ্ণ

১২৫। সব্রজনন্দবিদায়ক কৃষ্ণ

১২৬। কুপ্যবাসভূষাদায়ক কৃষ্ণ

শ্রীভাগবত-লীলা

১২১। হে কৃষ্ণ! তুমি (তোমাকে সঙ্গে লইয়া ব্রজে প্রত্যাগমন জন্য বহুদিন মথুরায় অপেক্ষমান) নন্দগোপকে আলিঙ্গন ও অনুনয় দ্বারা প্রীত করিয়া বৃন্দাবনে প্রত্যাবৃত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।২০

১২২। হে কৃষ্ণ! তুমি নন্দের নিকটে তোমার অপরিশোধনীয় প্রেমঋণের কথা পুনঃ পুনঃ স্বীকার করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।২২

১২৩। হে কৃষ্ণ! তুমি নন্দ যশোদা কর্ত্তৃক নিরাশ্রয় বাল্যকালে সযত্নে রক্ষিত হইয়াছিলে এই কথা বলিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।২২

১২৪। হে কৃষ্ণ! তুমি মথুরায় শান্তি স্থাপন করিয়া ব্রজে গমন করিতে অঙ্গীকার করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।২৩

১২৫। হে কৃষ্ণ! তুমি (ক্ষত্রিয়াচারে উপনয়ন গ্রহণের পূর্ব্বেই) বৈশ্য পিতা নন্দকে মথুরা হইতে বিদায় দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।২৪

১২৬। হে কৃষ্ণ! তুমি তোমার প্রীতির উপহার স্বরূপ) বাসন, অলঙ্কার. বসনাদি গোপগণকে উপঢৌকন দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।২৪

---

(১) ব্রজ-প্রত্যাগমঃ—"জ্ঞাতীন্ বোঃ দ্রষ্টুমেষ্যামো বিধায় সুহৃদাং সুখম্"।—শ্রীভাঃ ১০।৪৫।২৩। জরাসন্ধের অবিরাম আক্রমণে মথরায় শান্তিও স্থাপিত হয় নাই—শ্রীকৃষ্ণের ব্রজে প্রত্যাগমন ও হয় নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২২। উপনয়ন-গ্রহণ

[মথুরা]

১২৭।	পঞ্চদশবর্ষোপস্থিত	কৃষ্ণ
১২৮।	দ্বিজসংস্কারসুসংস্কৃত	কৃষ্ণ
১২৯।	গর্গাৎ-গায়ত্রীগৃহীত	কৃষ্ণ
১৩০।	ব্রহ্ম-চর্য্য-ব্রত বিহিত	কৃষ্ণ
১৩১।	বিদ্যাকলালাভলিপ্স	কৃষ্ণ
১৩২।	গুরুকুলগমনপ্রেপ্স	কৃষ্ণ

শ্রীভাগবত ওপদ্ম পুরাণ-লীলা

১২৭। হে কৃষ্ণ! তুমি (গুরুগৃহ গমনের পূর্ব্বে) পঞ্চদশ বর্ষে উপস্থিত হইয়াছিলে।

১২৮। হে কৃষ্ণ! তুমি পিতৃগৃহে ক্ষত্রিয়াচারে উপনয়ন সংস্কার গ্রহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।২৯ ; পদ্মঃ উঃ ১৪৬।১

১২৯। হে কৃষ্ণ! তুমি (যদুবংশীয়গণের কুল পুরোহিত) গর্গাচার্য্যের নিকট হইতে ব্রহ্ম গায়ত্রী মন্ত্র গ্রহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।২৯

১৩০। হে কৃষ্ণ! তুমি (উপনয়ন গ্রহণের পরে) সম্পূর্ণরূপে ব্রহ্মচর্য্য ব্রত পালন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।২৯

১৩১। হে কৃষ্ণ! তুমি (সর্ব্ববিদ্যার আধার হইলেও লোক শিক্ষার জন্য) সর্ব্ববেদবিদ্যা ও চৌষট্টি কলা বিদ্যালাভে ইচ্ছুক হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩০-৩১

১৩২। হে কৃষ্ণ! তুমি (বিদ্যার্থি হইয়া) গুরুকুলে বাস করিতে অভিলাষ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৪।৩১

---

(১) গুরুকুল :—পৌরানিক ভারতের উত্তর, দক্ষিণ ও মধ্য দেশে তিনটি বিখ্যাত গুরুকুল বা বিশ্ববিদ্যালয় ছিল। "কাশীকাঞ্চীঅবন্তিকা" (১) কাশীপুর (২) কাঞ্চীপুর (৩) অবন্তীপুর। শ্রীকৃষ্ণ অবন্তীপুরের বিদ্যার্থি ছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৩। আদর্শ বিদ্যার্থি

[অবন্তীপুর]

১৩৩। অবন্তীভারতিশিক্ষিত কৃষ্ণ
১৩৪। কাশ্যসান্দীপনি দীক্ষিত কৃষ্ণ
১৩৫। অনিন্দ্যচারিত্র্যাকর্ষক কৃষ্ণ
১৩৬। সচ্ছাত্রাচারপ্রদর্শক কৃষ্ণ
১৩৭। শুদ্ধানুবৃত্তিপ্রকাশিত কৃষ্ণ
১৩৮। তুষ্টগুরুবেদভাষিত কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ-লীলা

১৩৩। হে কৃষ্ণ! তুমি (ষোড়শ বর্ষে) অবন্তীপুর সারস্বত পীঠে সুশিক্ষিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩১ ; হরিঃ বিঃ ৩৩।২

১৩৪। হে কৃষ্ণ! তুমি কাশী-নিবাসী মহা-আচার্য্য সান্দীপনির শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩১ ; হরিঃ ৩৩।৩

১৩৫। হে কৃষ্ণ! তুমি (গুরুকুলে বাস কালে) অতীব সংযত ও অনিন্দিত চরিত্রগুণে সকলের দৃষ্টি আকর্ষণ করিয়াছিলে। —শ্রীভাঃ ১০।৪৫।৩২

১৩৬। হে কৃষ্ণ! তুমি গুরুকুলে সৎ-ছাত্রের আদর্শ আচরণ দ্বারা অপর ছাত্রগণের চরিত্র সংশোধন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩২

১৩৭। হে কৃষ্ণ! তূমি বিশুদ্ধভাবে গুরু সেবার আদর্শ তোমার আচরণে প্রকাশ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩৩

১৩৮। হে কৃষ্ণ! তুমি (প্রণিপাত পরিপ্রশ্ন ও সেবা দ্বারা) গুরুকে তুষ্ট করতঃ সর্ব্ববেদ-বিদ্যা লাভ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩৩

---

(১) অবন্তী :—মালব দেশের রাজধানী অবন্তীপুর। পরবর্ত্তীকালে এই স্থানের নাম হয় উজ্জয়িনী। পরবর্ত্তীকালে এই স্থানেই রাজা বিক্রমাদিত্যের বিখ্যাত নবরত্ন সভা স্থাপিত হইয়াছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৪। আদর্শ বিদ্বান

[অবন্তীপুর]

১৩৯।	সাঙ্গচতুর্ব্বেদপণ্ডিত	কৃষ্ণ
১৪০।	মন্বাদিধর্ম্মবিমণ্ডিত	কৃষ্ণ (১)
১৪১।	ধনুর্ব্বেদতত্ত্বকোবিদ	কৃষ্ণ
১৪২।	ন্যায়ান্বীক্ষিকীপ্রবোধিত	কৃষ্ণ
১৪৩।	সর্ব্বোপনিষৎ সুনিষ্ঠীত	কৃষ্ণ (২)
১৪৪।	রাজন্যষন্নীতিদীক্ষিত	কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ-লীলা

১৩৯। হে কৃষ্ণ! তুমি (১) শিক্ষা (২) কল্প (৩) ব্যাকরণ (৪) নিরুক্ত (৫) ছন্দ ও (৬) জ্যোতিষ এই ছয় বেদাঙ্গ সহ চারি বেদে সুপণ্ডিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩৩

১৪০। হে কৃষ্ণ! তুমি মনু সংহিতা প্রভৃতি ২০খানা ধর্ম্মশাস্ত্র বা স্মৃতিশাস্ত্রে বিমণ্ডিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩৪

১৪১। হে কৃষ্ণ! তুমি গুরুগৃহে ধনুর্ব্বেদে (যুদ্ধ বিদ্যায়) পরম পণ্ডিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩৪ ; হরিঃ বিঃ ৩৩।৭

১৪২। হে কৃষ্ণ! তুমি ন্যায় দর্শন ও তর্ক শাস্ত্রে মহাপাণ্ডিত্য লাভ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩৪ ; হরিঃ বিঃ ৩৩।৭

১৪৩। হে কৃষ্ণ! তুমি ঈশ, কেন, কঠ প্রভৃতি সমস্ত বেদান্ত বা উপনিষদ শাস্ত্রে সুশিক্ষিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩৩

১৪৪। হে কৃষ্ণ! তুমি (১) সন্ধি (২) বিগ্রহ (৩) যান (৪) আসন (৫) দ্বৈধ (৬) আশ্রয় এই ছয় রাজনীতিতে সুশিক্ষিত ছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩৪

(১) মন্বাদিধর্ম্ম :—শ্রীকৃষ্ণের ধর্ম্মশাস্ত্র পাঠের ফল তাঁহার জীবন।

(২) সর্ব্বোপনিষদ :—শ্রীকৃষ্ণের সর্ব্বোপনিষদ পাঠের ফল শ্রীভগবদ্গীতা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৫। আদর্শ কলাবিদ্-শিল্পী

[অবন্তীপুর]

১৪৫।	বিজ্ঞানবৈরাগ্যাবরিত	কৃষ্ণ
১৪৬।	গুরুকুলবালাচরিত	কৃষ্ণ
১৪৭।	সকৃন্নিগদসুগৃহীত	কৃষ্ণ
১৪৮।	চতুঃষষ্টিকলোপহিত	কৃষ্ণ (১)
১৪৯।	অহোরাত্র্যাধ্যয়ননিষ্ঠ	কৃষ্ণ
১৫০।	অতিমানুষীমতিশিষ্ট	কৃষ্ণ (২)

শ্রীভাগবত ও হরিবংশ-লীলা

১৪৫। হে কৃষ্ণ! তুমি (লোকশিক্ষার জন্য স্বভাবিক) জ্ঞান-বিজ্ঞান আবরণ করিয়া শিক্ষা গ্রহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩৫

১৪৬। হে কৃষ্ণ! তুমি গুরু কুলে সাধারণ বিদ্যার্থি বালকের ন্যায় তোমার গোত্র পরিচয়ে বিদ্যার্জ্জন করিয়াছিলে।—হরিঃ বিঃ ৩৩।৪

১৪৭। হে কৃষ্ণ! তুমি শ্রুতিধর ছিলে। একবার শ্রবণ মাত্রই সর্ব্বশাস্ত্র স্মৃতিতে ধারণ করিতে সমর্থ ছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩৫; হরিঃ বিঃ ৩৩।৬

১৪৮। হে কৃষ্ণ! তুমি গীতবাদ্য নৃত্য প্রভৃতি ৬৪ প্রকার কলা বিদ্যাতেও কৃতবিদ্য হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩৫; হরিঃ বিঃ ৩৩।৬

১৪৯। হে কৃষ্ণ! তুমি (গুরুকুলে অবস্থান সময়ে) অহোরাত্রি অধ্যয়ন নিবিষ্ট থাকিতে (বৃথা সময়ক্ষেপ কর নাই)—শ্রীভাঃ ১০।৪৫।৩৬

১৫০। হে কৃষ্ণ! তুমি অতি-মানুষী মেধা বিশিষ্ট পরম সুশীল ছাত্ররূপে বিখ্যাত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৩৬; হরিঃ বিঃ ৩৩।৮

---

(১) চতুঃষষ্টিকলাঃ—(খ) পরিশিষ্টে এই কলাশিল্পবিদ্যাগুলির নাম দেখুন।

(২) মানব-ইতিহাসের কোন যুগে শ্রীকৃষ্ণের ন্যায় একাধারে সর্ব্ববিদ্যায় ও সর্ব্বশিল্পে বিশারদ কোন দেব-মানব ছিলেন কি?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৬। আদর্শ শ্রম-দাতা

[অবন্তীপুর]

১৫১।	ইন্ধনানয়ননিবিষ্ট	কৃষ্ণ
১৫২।	সসখারণ্যসংপ্রবিষ্ট	কৃষ্ণ
১৫৩।	সুতীব্রবর্ষাবাতোদ্ভ্রান্ত	কৃষ্ণ
১৫৪।	অনিদ্রভৃশাতুরশ্রান্ত	কৃষ্ণ
১৫৫।	প্রভাতে আচার্য্যান্বেষিত	কৃষ্ণ
১৫৬।	অনেককৃচ্ছ্রসংক্লেশিত	কৃষ্ণ (১)

শ্রীভাগবত-লীলা

১৫১। হে কৃষ্ণ! তুমি (গুরুকুলে বাসকালে) গুরুপত্নীর রন্ধন কাষ্ঠ নিজ মস্তকে বহন করিয়া আনিতে।—শ্রীভাঃ ১০।৮০।৩৫

১৫২। হে কৃষ্ণ! তুমি (কাষ্ঠ সংগ্রহ জন্য) সহপাঠি "সুদামা ব্রাহ্মণ" সহ গভীর অরণ্যে প্রবেশ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮০।৩৬

১৫৩। হে কৃষ্ণ! তুমি অরণ্য মধ্যে অকালে ঝড়-বৃষ্টিতে বন্ধুসহ পথ হারাইয়া অতীব বিভ্রান্ত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮০।৩৬

১৫৪। হে কৃষ্ণ! তুমি মস্তকে কাষ্ঠভার সহ সমস্ত রাত্রি অনিদ্র অবস্থায় ভ্রমণ করিয়া শ্রান্ত হইয়াছিলে।—শ্রীভাঃ ১১৷৮০।৩৮

১৫৫। হে কৃষ্ণ! তোমাদের নিরাপত্তা সম্বন্ধে চিন্তাগ্রস্ত গুরু কর্ত্তৃক প্রভাতে অন্বেষিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮০।৯০

১৫৬। হে কৃষ্ণ! তুমি (গুরুগৃহে অবস্থান সময়ে) এইরূপ বহু দৈহিক ক্লেশ অম্লান বদনে সহ্য করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮০।৪৩

---

(১) অনেক কৃচ্ছ্র :—ইত্থং বিধান্যনেকানিবসতাংগুরুবেশ্মনি —শ্রীভাঃ ১০।৮০।৪৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৭। আদর্শ-দক্ষিণা-দাতা

[অবন্তীপুর]

১৫৭। অদ্ভুত-মহিমালোচিত কৃষ্ণ

১৫৮। দারক-দক্ষিণা-যাচিত কৃষ্ণ

১৫৯। প্রভাস-মরণ-বিশ্রুত কৃষ্ণ

১৬০। আনীত-গুরুসুতাচ্যুত কৃষ্ণ

১৬১। পঞ্চজন-শঙ্খ-সূদক কৃষ্ণ

১৬২। গুরু-বধূ-বাঞ্ছা-পূরক কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ-লীলা

১৫৭। হে কৃষ্ণ! তোমার অলৌকিক ও অদ্ভুত ঐশ্বর্য্যের কথা (গুরু ও গুরুপত্নী) নিত্য আলোচনা করিতেন।—শ্রীভাঃ ১০।৪৫।৩৭

১৫৮। হে কৃষ্ণ! তুমি (গৃহাগমন কালে) পত্নীর প্রচোদনায় গুরু তাঁহার মৃত পুত্রকে দক্ষিণা রূপে চাহিয়াছিলেন।—শ্রীভাঃ ১০।৪৫।৩৭;

১৫৯। হে কৃষ্ণ! তুমি শুনিয়াছিলে যে গুরু পুত্র বহুপূর্ব্বে প্রভাসে তিমি কর্ত্তৃক ভক্ষিত হইয়াছিল।—হরিঃ বিঃ ৩৩।১২

১৬০। হে কৃষ্ণ! তুমি (সর্ব্ববিচ্যুতি বিহীন) মৃত গুরু পুত্রকে জীবিত অবস্থায় আনিয়া) গুরু-দক্ষিণা দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৪৬ ; হরিঃ বিঃ ৩৩।২১

১৬১। হে কৃষ্ণ! তুমি (প্রভাস সমুদ্রে গুরু পুত্র অন্বেষণ কালে) পঞ্চজন নামক শঙ্খরূপধারি অসুর বধ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৪১ হঃ বিঃ ৩৩।১৬

১৬২। হে কৃষ্ণ! তুমি গুরু পুত্রকে পুনর্জীবিত করিয়া দক্ষিণা দিয়া গুরু পত্নীর মনোবাসনা পূর্ণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৪৬

---

(১) পঞ্চজন :—এই শঙ্খ দেহ দ্বারাই বিশ্ববিখ্যাত পাঞ্চজন্য শঙ্খ প্রস্তুত হইয়াছিল। যাহার নিনাদে কুরুক্ষেত্র ও অন্যান্য রণাঙ্গণে শত্রু হৃদয় কম্পিত হইয়া উঠিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৮। আদর্শ-আশীর্ব্বাদ-প্রাপ্তি

[অবন্তী-পুর]

১৬৩। গুরু-নিষ্ক্রয়-সম্পাদিত কৃষ্ণ

১৬৪। তুষ্টগুর্ব্বাশীর্গদিত কৃষ্ণ

১৬৫। লোক-পাবন-যশঃ-প্রাপ্ত কৃষ্ণ

১৬৬। অযাত-যাম-ছন্দোবাপ্ত কৃষ্ণ

১৬৭। অবন্তী-চন্দ্রমোস্তমিত কৃষ্ণ

১৬৮। মধুপুর-মার্ত্তণ্ডোদিত কৃষ্ণ (১)

শ্রীভাগবত ও হরিবংশ-লীলা

১৬৩। হে কৃষ্ণ! তুমি পুনর্জীবিত পুত্র প্রদানও বহু ধনরত্ন প্রদানে সম্যকরূপে গুরুর ঋণ পরিশোধ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৪৭

১৬৪। হে কৃষ্ণ! তুমি পরম পরিতুষ্ট গুরুর নিকট হইতে শুভাশীর্ব্বাদ প্রাপ্ত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৪৮

১৬৫। হে কৃষ্ণ! তোমার যশোগাথায় জগৎ পবিত্র হইবে তুমি এই শুভ-আশীর্ব্বাদ লাভ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৫।৪৮

১৬৬। হে কৃষ্ণ (তুমি আরও আশীর্ব্বাদ পাইয়াছিলে যে) তোমার অধীত-বিদ্যাসমূহ চিরদিন নবীন (অযাত-যাম) থাকিবে।—শ্রীভাঃ ১০।৪৫।৪৮

১৬৭। হে কৃষ্ণ! তুমি গুরুকুল ত্যাগ করিলে অবন্তীপুরের চন্দ্র অস্তমিত হইয়াছিল।—শ্রীভাঃ ১০।৪৫।৪৯; হরিঃ বিঃ ৩৩।২৮

১৬৮। হে কৃষ্ণ! (বৎসরান্তে তোমার আগমনে) মথুরার আকাশ মহাতেজস্কর-কৃষ্ণসূর্য্যেউদ্ভাসিত হইয়াছিল।—শ্রীভাঃ ১০।৪৫।৫০ হরিঃ বিঃ ৩৩।৩০

---

(১) মধুপুরমার্ত্তণ্ড :—শ্রীকৃষ্ণ ষোড়শ বর্ষে গুরুগৃহে গমন করিয়াছিলেন ("প্রাপ্তযৌবনদেহস্ত" হরিঃ বিঃ ৩৩।১-৪) এবং সর্ব্ব বেদবিদ্যা ও কলাবিদ্যা লাভান্তে মথুরা প্রত্যাগমন করিয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৯। আদর্শ-সমাজ-সেবক

[মথুরা]

১৬৯। শ্রেণী-প্রকৃতি-প্রমোদিত কৃষ্ণ
১৭০। ভীত-বান্ধব-প্রবোধিত কৃষ্ণ
১৭১। মোচিত-মাথুর-মালিন্য কৃষ্ণ (১)
১৭২। দূরীকৃত-স্বজন-দৈন্য কৃষ্ণ
১৭৩। শেষাবশেষিত-বিলাপ কৃষ্ণ
১৭৪। নিস্কৃত-কুমতি-কলাপ কৃষ্ণ

হরিবংশ-লীলা

১৬৯। হে কৃষ্ণ! তুমি (মথুরা প্রত্যাগত হইয়া) মথুরার সর্ব্ব শ্রেণীর প্রজাগণের সর্ব্ব সুখ বিধান করিয়াছিলে। হরিঃ বিঃ ৩৩।৩০

১৭০। হে কৃষ্ণ! তুমি (জরাসন্ধ আক্রমণ ভয়-ভীত) স্বজন-গণকে প্রবোধ দান করিয়া নির্ভয় করিয়াছিলে। হরিঃ বিঃ ৩৩।৩৪

১৭১। হে কৃষ্ণ! তুমি (অত্যল্পকালেই তোমার ব্যবস্থাগুণে) মথুরাবাসির সর্ব্বপ্রকার মলিনতা দূর করিয়াছিলে।—হরিঃ বিঃ ৩৩।৩৫

১৭২। হে কৃষ্ণ! তুমি অনতি বিলম্বেই তোমার স্বদেশবাসি-গণের সর্ব্বপ্রকার দারিদ্র্য দূর করিয়াছিলে।—৩৩।৩৫

১৭৩। হে কৃষ্ণ! তুমি সর্ব্বশ্রেণীর মথুরাবাসির সর্ব্বপ্রকার শোক ও বিলাপের কারণ দূর করিয়াছিলে।—হরি বিঃ ৩৩।৩৫

১৭৪। হে কৃষ্ণ! তুমি (সুশিক্ষা ব্যবস্থায় মথুরা সমাজ হইতে সকল প্রকার দুর্ব্বুদ্ধি দূর করিয়াছিলে।—হরিঃ বিঃ ৩৩।৩৫

---

(১) মাথুরমালিন্য :—"নতত্রকশ্চিদ্দীনো বা মলিনো বা বিচেতনঃ মথুরায়ামভূদ্রাজন্ গোবিন্দে সমুপস্থিতে" হরিঃ বিঃ ৩৩।৩৫ রামরাজ্যেও এইরূপ অবস্থা ছিল।

নতত্রকশ্চিদ্দীনো বা ব্রীড়িতোবাপিদুঃখিতঃ
হৃষ্টং প্রমুদিতং সর্বং বভূব পরমাদ্ভুতম্ বাঃ রাঃ উঃ ১০৯।১৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩০। আদর্শ-প্রিয়-আচরণ

[মথুরা]

শ্রীভাগবত লীলা

১৭৫। হে কৃষ্ণ! তুমি (মথুরা প্রত্যাগত হইয়া) নন্দ যশোদা ও প্রিয়সখি গোপীদের সান্ত্বনা দিতে প্রিয় সখা উদ্ধবকে বৃন্দাবনে দূত প্রেরণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৬।১

১৭৬। হে কৃষ্ণ! তুমি সখা উদ্ধব দূত সহযোগে নন্দ যশোদার দুর্বিসহ পুত্র বিরহ ব্যথা দূর করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৬।৩

১৭৭। হে কৃষ্ণ! তুমি (বিরহবিধুরা গোপীগণের সমীপে) উদ্ধব-সহযোগে তোমার প্রীতি সন্দেশ প্রেরণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৬।৫

১৭৮। হে কৃষ্ণ! তুমি (তোমার সমবয়স্ক-শ্যামবর্ণ-পরম সুন্দর মহাবাগ্মী ও বুদ্ধিমান নর্ম্ম-সখা উদ্ধবের বার্তা দ্বারা) গোকুলের-প্রিয় সখিদের বিরহ ব্যথা দূর করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৬।৩

১৭৯। হে কৃষ্ণ! তুমি (উদ্ধবকে কয়েকমাস ব্রজে রাখিয়া) গোপীর প্রেমও বিরহের রস মাধুর্য্য বুঝাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৬।৪

১৮০। হে কৃষ্ণ! তুমি গোপীগণকে তাহাদের প্রিয় প্রত্যাগমনের শুভ সমাচার (উদ্ধব মুখে) জ্ঞাপন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৬।৬

---

(১) বিরহ :—উবাসকতিচিন্মাসান্ গোপীণাং বিনুদন্‌শুচঃ
কৃষ্ণলীলাকথা গায়ন্ রময়ামাসগোকুলম্—শ্রীভাঃ ১০।৪৭।৫৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩১। আদর্শ-সত্য-পালন

[মথুরা]

১৮১। সৈরিন্ধ্রী-সদ্ম-সমাগত কৃষ্ণ

১৮২। কৃত-সদাসন-স্বাগত কৃষ্ণ

১৮৩। স্ববাক্য-সত্য-বিধায়ক কৃষ্ণ

১৮৪। শিষ্টাচার-পরিচায়ক কৃষ্ণ

১৮৫। দুর্ভগ-হৃদ্রোগ-বারক কৃষ্ণ

১৮৬। কামার্ত্তকুব্জোদ্ধারক কৃষ্ণ

শ্রীভাগবত ও ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ-লীলা

১৮১। হে কৃষ্ণ! তুমি (দ্বাদশ বর্ষে প্রথম কুব্জা দর্শনের পঞ্চ-বর্ষ পরে) নিজ সত্য পালনার্থ কুব্জাগৃহে গিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৮।১

১৮২। হে কৃষ্ণ! তুমি (মথুরা প্রত্যাগত হইয়া উদ্ধবসহ) রাজ দাসী কুব্জা ভবনে আসন দ্বারা অভ্যর্থিতহইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৮।৩

১৮৩। হে কৃষ্ণ! তুমি (সত্যবাক্ তাই কুব্জার গোপন মনোরথ পুরণের সত্য) পালন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪২।১২

১৮৪। হে কৃষ্ণ! তুমি তোমার আচরণ দ্বারা তোমার (আবির্ভাব যুগের) শিষ্ট আচরণের পরিচয় দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৮।৬

১৮৫। হে কৃষ্ণ! তুমি দুর্ভাগিনী কুব্জার কাম জ্বর চিরতরে বারণ করিয়াছিলে।—ভাঃ ১০।৪৮।৬

১৮৬] হে কৃষ্ণ! তুমি কামার্ত্তা কুব্জাকে তাহার প্রার্থিত দেহ-সুখ-দানে উদ্ধার করিয়াছিলে।—ব্রঃ বৈঃ কৃঃ ৭২।৬৩, ৬৬

---

(১) সৈরিন্ধ্রীসদ্ম :—কুব্জার সঙ্গে শ্রীকৃষ্ণের প্রথম দেখা হয় দ্বাদশ বর্ষে মথুরা প্রবেশ দিনের অপরাহ্নে নগরের রাজপথে। আর দ্বিতীয় দিন দেখা হয় সপ্তদশ বর্ষে কুব্জা-ভবনে। এই দিনই শ্রীকৃষ্ণের স্পর্শে আনন্দে কুব্জার মূর্চ্ছা হয় সেই মূর্চ্ছা আর ভঙ্গ হয় নাই; "সুখসম্ভোগভোগেন মূর্চ্ছামাপ স সুন্দরী" ব্রঃ বৈঃ কৃঃ ৭২।৬৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩২। আদর্শ-মিত্র

[মথুরা]

১৮৭। অক্রুর-প্রিয়ঙ্করাগত কৃষ্ণ
১৮৮। সাদর-ভাষিত-স্বাগত কৃষ্ণ
১৮৯। অম্বরাভূষণ-পূজিত কৃষ্ণ
১৯০। অঙ্কগত-পদ-মৃজিত কৃষ্ণ
১৯১। হাস্তিন-দূতনির্ব্বাচক কৃষ্ণ
১৯২। কৌরব-কর্ম্মাবধারক কৃষ্ণ

শ্রীভাগবত লীলা

১৮৭। হে কৃষ্ণ! তুমি (গুরুকুল হইতে আগমনান্তর) অক্রুরের প্রিয় কামনায় তাঁহার গৃহে গমন করিয়াছিলে। শ্রীভাঃ ১০।৪৮।১২

১৮৮। হে কৃষ্ণ! তুমি তথায় সাদরে অভ্যর্থিত হইয়াছিলে।

১৮৯। হে কৃষ্ণ! তুমি বসন ও ভূষণাদি প্রদত্ত হইয়াছিলে।

১৯০। হে কৃষ্ণ! অক্রুর তোমার চরণযুগল মার্জ্জনা করিয়াছিলেন।

১৯১। হে কৃষ্ণ! তুমি অক্রুরকে এইদিন হস্তিনায় তোমার (রাজনৈতিক) দূত নির্ব্বাচন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৮।৩২

১৯২। হে কৃষ্ণ! তুমি পাণ্ডবগণ প্রতি কৌরবগণের আচরণ (অক্রুর দৌত্যে) অবগত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৪৮।৩৫

---

(১) অক্রুরপ্রিয়ঙ্কর :—শ্রীকৃষ্ণ একদিনে তিন স্থানে তিনটি সত্য করিয়াছিলেন। (১) গোপীগণের নিকটে প্রত্যাগমন সত্য (২) অক্রুরের নিকটে তাহার গৃহ-গমন সত্য (৩) কুব্জার নিকটে মনোরথ পুরণ সত্য। সপ্তদশ বর্ষে এই তিনটি সত্যই পালন করিয়া ছিলেন।

(২) শ্রীকৃষ্ণের উপনয়ন কালে বিধবা কুন্তী পুত্রগণসহ মথুরা আসিয়াছিলেন। "কুন্তী সপুত্রা বিধবা হর্ষশোক সমপ্লুতা" —ব্রঃ বৈঃ কৃঃ ৯৯।২০ মথুরায় পাণ্ডবগণসহ শ্রীকৃষ্ণের প্রথম পরিচয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৩। আদর্শ-সেনাপতি

[মথুরা]

১৯৩। আদ্য-সমরাতিথি-প্রাপ্ত কৃষ্ণ (১)
১৯৪। দিব্যাস্ত্র-সংকৃতাতিথ্য কৃষ্ণ
১৯৫। শঙ্খ-নাদ-সেনা-ত্রাসক কৃষ্ণ
১৯৬। স্বল্পক-সৈনিক শাসক কৃষ্ণ
১৯৭। দারুক-সারথি-শংসন কৃষ্ণ
১৯৮। জরাসন্ধানীক-ধ্বংসন কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ-লীলা

১৯৩। হে কৃষ্ণ! তুমি (তেইশ অক্ষৌহিনী সেনার অধিপতি মগধরাজকে) প্রথম সমরাতিথি প্রাপ্ত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৪; হঃ বিঃ ৩৪।১৪-২০

১৯৪। হে কৃষ্ণ! তুমি (আকাশ হইতে প্রাপ্ত) দিব্যাস্ত্র দ্বারা এই অতিথি সঙ্ঘের সংকার করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।২১-২৯

১৯৫। হে কৃষ্ণ! তুমি (প্রভাসে প্রাপ্ত) পাঞ্চজন্য শঙ্খ নিনাদে (শত্রু সেনার) ত্রাস উৎপাদন করিয়াছিল।—শ্রীভাঃ ১০।৫০।১৬

১৯৬। হে কৃষ্ণ! তুমি অল্পসংখ্যক মাথুরী সৈন্য দ্বারা (বিশাল শত্রুর আক্রমণরোধে) তোমার অসামান্য সামরিক প্রতিভা দেখাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।১৫

১৯৭। হে কৃষ্ণ! তুমি এই যুদ্ধে নবাগত দারুক সারথির প্রশংসা করিয়াছিলে।—ভাঃ ১০।৫০।১৬

১৯৮। হে কৃষ্ণ! তুমি (অধীত যুদ্ধবিদ্যার প্রথম প্রয়োগেই) জরাসন্ধের সংগৃহীত সর্ব্ব-ভারতীয় বিশালবাহিনী ধ্বংশ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৩৪

---

(১) শ্রীকৃষ্ণ সপ্তদশ বর্ষে রাজা উগ্রসেনের স্বেচ্ছা-সেবক-সেনাপতিরূপে বিরাট মাগধবাহিনীর মথুরা আক্রমণ রোধ করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৪। দিব্যাস্ত্র-লাভ

[মথুরা]

১৯৯। মহারথ-মাগধাক্রান্ত কৃষ্ণ
২০০। বেষ্টিতার্ত্তজন-বিভ্রান্ত কৃষ্ণ
২০১। আকাশ-সারথি-রথাপ্ত কৃষ্ণ
২০২। সমর-পরিচ্ছদাবাপ্ত কৃষ্ণ
২০৩। সুদর্শন-শার্ঙ্গ-শোভন কৃষ্ণ
২০৪। কৌমুদকী-সৌনন্দ-মোহন কৃষ্ণ

শ্রীভাগবত ; বিষ্ণুপুরাণ, ও হরিবংশ লীলা

১৯৯। হে কৃষ্ণ! তুমি (মথুরা প্রত্যাগমনের পরই) মহারথ জরাসন্ধ কর্ত্তৃক আক্রান্ত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৩-৪

২০০। হে কৃষ্ণ! তুমি (যুগপৎ বহিঃশত্রুর আক্রমণে এবং নিজ পুরী মধ্যে) ভয়ার্ত্ত স্বজনদ্বারা বেষ্টিত হইয়া বিভ্রান্ত হইয়াছিলে। —শ্রীভাঃ ১০।৫০।৫

২০১। হে কৃষ্ণ! তুমি (বাহিরে ও ভিতরে বিপদগ্রস্ত হইলে) আকাশ হইতে রথ ও দারুক সারথি পাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।১১

২০২। হে কৃষ্ণ! তুমি এই (বিপদকালে আকাশ হইতে) দিব্যাস্ত্র ও সমরোপকরণও প্রাপ্ত হইয়াছিলে। শ্রীভাঃ ১০।৫০।১১

২০৩। হে কৃষ্ণ! তুমি এই সময় সুদর্শন ও শার্ঙ্গধনু প্রভৃতি দিব্যাস্ত্রে শোভিত হইয়াছিলে।—হরি বিঃ ৩৫।৬০

২০৪। হে কৃষ্ণ! তুমি (এই যুদ্ধের প্রাক্কালেই) কৌমুদকীগদা ও সৌনন্দ নামক অসি পাইয়াছিলে।—হরি বিঃ ৩৫।৬০ বিঃ পুঃ ৫।২২।৬

---

(১) ত্রেতাযুগে শ্রীরামচন্দ্রও রাবণ যুদ্ধের প্রাক্কালে আকাশ হইতে রথ ও দিব্যাস্ত্রসহ সারথি মাতলিকে পাইয়াছিলেন।—বা রাঃ যুঃ ১০৩।৯-১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৫। আদর্শ-স্বেচ্ছা-সেবক

[মথুরা]

২০৫। মাগধ-বৈরথ্য-কারণ কৃষ্ণ
২০৬। সত্ত-নিধন-নিবারণ কৃষ্ণ
২০৭। বিজিত-মহারথোপেক্ষণ কৃষ্ণ
২০৮। দুর্মনোহতানীক-প্রেক্ষণ কৃষ্ণ
২০৯। আয়োধন-ধন-গ্রাহক কৃষ্ণ
২১০। যদু-রাজ-কোষ-বর্দ্ধক কৃষ্ণ (১)

শ্রীভাগবত ও হরিবংশ-লীলা

২০৫। হে কৃষ্ণ! তুমি যুদ্ধে পরাজিত জরাসন্ধকে (বলরাম কর্ত্তৃক) রথহীন অবস্থায় বন্দী করাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৩০

২০৬। হে কৃষ্ণ! তুমি বলদেব কর্ত্তৃক জরাসন্ধের সত্ত নিধন প্রচেষ্টা নিবারণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৩১

২০৭। হে কৃষ্ণ! তুমি পরাজিত মহারথী শত্রুকে বন্ধন মুক্ত করিয়া উপেক্ষা করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৩৪ ; হবিঃ বি ৩৬।২৯

২০৮। হে কৃষ্ণ! তোমার সদয় ব্যবহার সত্ত্বেও হতদর্প জরাসন্ধের প্রতিহিংসা সাধনেচ্ছা লক্ষ্য করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৩৪

২০৯। হে কৃষ্ণ! তুমি বিশাল শত্রু সেনা কর্ত্তৃক রণস্থলে পরিত্যক্ত বিপুল ধনরাশি সংগ্রহ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৪০

২১০। হে কৃষ্ণ! তুমি (সংগৃহীত ধনরাশির কপর্দ্দকও নিজে গ্রহণ না করিয়া) উগ্রসেনের রাজকোষ বৃদ্ধি করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৪০

---

(১) যদুরাজ কোষ :—শ্রীকৃষ্ণ নিঃস্বার্থ-রাজ্য সেবক। যুদ্ধক্ষেত্রে শত্রু পরিত্যক্ত (রাজার প্রাপ্য) বিত্তের কপর্দ্দকও স্বয়ং গ্রহণ করেন নাই। "মাগৃধকস্যসিদ্ধনম্" এই বেদ বাক্যের সম্যক পালন করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৬। আদর্শ-জন-সেবা

[মথুরা]

২১১। অক্ষত-বল-পুর-প্রবিষ্ট কৃষ্ণ
২১২। বিজয়-সঙ্গীত-সংহৃষ্ট কৃষ্ণ
২১৩। বিজ্বর-মাথুর-বন্দিত কৃষ্ণ
২১৪। দুন্দুভি-শঙ্খাভিনন্দিত কৃষ্ণ
২১৫। ব্রহ্ম-ঘোষ-বিনির্ঘুষ্ট কৃষ্ণ
২১৬। প্রফুল্ল-পুরাঙ্গনা-জুষ্ট কৃষ্ণ

শ্রীভাগবত-লীলা

২১১। হে কৃষ্ণ! তুমি (স্ব-বীর্য্যে যুদ্ধে জয়ী হইয়া) অক্ষত মাথুর-সৈন্যসহ নগরে প্রবেশ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৩৫

২১২। হে কৃষ্ণ! তুমি মথুরাবাসীর (স্বতঃস্ফূর্ত্ত অভ্যর্থনার) বিজয় সঙ্গীতে আনন্দিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৩৬

২১৩। হে কৃষ্ণ! তুমি সর্ব্ব-শঙ্কা বিহীন মাথুর জন-সাধারণ কর্ত্তৃক বহুপ্রকারে বন্দিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৩৬

২১৪। হে কৃষ্ণ! তুমি মথুরাবাসিগণকর্ত্তৃক বেণুবীণা দুন্দুভিঃ ও শঙ্খধ্বনি দ্বারা অভিনন্দিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৩৭

২১৫। হে কৃষ্ণ! তুমি মাথুর ব্রাহ্মণগণ কর্ত্তৃক "ব্রহ্ম-ঘোষ" (ওঁকার ধ্বনি) দ্বারা বিশেষভাবে আদৃত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৩৮

২১৬। হে কৃষ্ণ! তুমি প্রফুল্ল নাগরিকাগণ দ্বারা (দধিমাল্য অক্ষত দূর্ব্বা) প্রভৃতি মঙ্গল দ্রব্যে অভ্যর্থিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৩৯

---

(১) :—শ্রীকৃষ্ণ মথুরার একজন প্রজার পুত্র প্রজারূপে স্বেচ্ছা-সেবক সেনাপতি হইলেও মথুরা নগরের ব্রাহ্মণগণ হইতে আপামর সাধারণ নরনারী কর্ত্তৃক রাজসম্মান প্রদত্ত হইয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৭। আদর্শ-দেশ-পর্যটক

[দক্ষিণা-পথ]

২১৭। নিরাপদ্বিষয়াণ্বেষক কৃষ্ণ
২১৮। স্বদেশ-স্বজন-শমেপ্সক কৃষ্ণ
২১৯। দক্ষিণাপথ-সম্প্রস্থিত কৃষ্ণ
২২০। সহ্যাদ্রি-প্রদেশোপস্থিত কৃষ্ণ (১)
২২১। শতশো-দেশ-পর্য্যটক কৃষ্ণ (২)
২২২। ক্রৌঞ্চ-নগর-প্রবেশক কৃষ্ণ (৩)

হরিবংশ-লীলা

২১৭। হে কৃষ্ণ! তুমি (জরাসন্ধের আক্রমণে যদুকুল রক্ষার্থ দক্ষিণাপথের দুর্গমদেশে আশ্রয় অন্বেষণ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৩৯।৯

২১৮। হে কৃষ্ণ! তুমি স্বদেশের (মথুরার) ও স্বজনের (যাদব-কুলের বিরোধবিহীন) শান্তির অভিলাষী ছিলে।—হরিঃ বিঃ ৩৯।১৪

২১৯। হে কৃষ্ণ! তুমি দক্ষিণভারতে গিয়াছিলে।-হরি বিঃ ৩৯।১৬

২২০। হে কৃষ্ণ! তুমি সহ্যাদ্রি (পশ্চিমঘাট পর্ব্বতমালা) প্রদেশেও উপস্থিত হইয়াছিলে।—হরিঃ বিঃ ৩৯।১৭

২২১। হে কৃষ্ণ! তুমি উপযুক্ত বাসস্থান অন্বেষণে দক্ষিণাপথের শতশত রাজ্য পরিভ্রমণ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৩৯।১৭

২২২। হে কৃষ্ণ! তুমি ক্রৌঞ্চপুরে প্রবেশ করিয়াছিলে। —হরিঃ বিঃ ৩৯।১১

---

(১) সহ্যাদ্রি :—এই সময় যাদববংশীয় বিভিন্ন শাখার বহু ক্ষত্রিয় রাজা পশ্চিমঘাটের সানুদেশে রাজত্ব করিতেন।

(২) শ্রীরাম ও লক্ষণ সীতা অন্বেষণে সমগ্র দক্ষিণা-পথ ভ্রমণ করেন। শ্রীকৃষ্ণ ও বলরাম আশ্রয় অন্বেষণে দাক্ষিণাত্য ভ্রমণ করেন।

(৩) ক্রৌঞ্চপুর :—সম্ভবতঃ পশ্চিমঘাট পর্ব্বতমালার দক্ষিণাংশে অবস্থিত কোচিন প্রদেশ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৮। অভিজ্ঞোপদেশ-গ্রহণ

[ভার্গবাশ্রম]

২২৩। বেণাতীর-কর্ব্বীর-সুস্থিত কৃষ্ণ

২২৪। পরশুরামাশ্রমোপস্থিত কৃষ্ণ

২২৫। ভার্গব-বচনাশ্বাসিত কৃষ্ণ (১)

২২৬। শৈল-সম্বর্দ্ধন-ভাষিত কৃষ্ণ

২২৭। সরাম-গোমন্ত-গমন কৃষ্ণ

২২৮। ত্রিতয়-বেনা-সন্তরণ কৃষ্ণ

হরিবংশ-লীলা

২২৩। হে কৃষ্ণ! তুমি দাক্ষিণাত্যে বেনানদী তীরবর্ত্তী করবীরপুর রাজ্যে গিয়াছিলে।—হরিঃ বিঃ ৩৯।২০

২২৪। হে কৃষ্ণ! তুমি পরশুরামের আশ্রমে গিয়াছিলে। —হরি বিঃ ৩৯।২৫

২২৫। হে কৃষ্ণ! তুমি (অল্প সৈন্যদ্বারা বিশাল সৈন্য ধ্বংশ সম্বন্ধে) মহাযুদ্ধাভিজ্ঞভার্গবের উপদেশে আশ্বস্ত হইয়াছিলে। —হরিঃ বিঃ ৩৯।৪৩

২২৬। হে কৃষ্ণ! তুমি অভিজ্ঞ যোদ্ধা পরশুরাম কর্ত্তৃক শৈল যুদ্ধে শত্রু সম্বর্দ্ধনার উপকারিতা উপদিষ্ট হইয়াছিলে।—হরি বিঃ ৩৯।৭০

২২৭। হে কৃষ্ণ! তুমি উত্তুঙ্গ গোমন্ত পর্ব্বতে গমন করিয়াছিলে।—হরি বিঃ ৩৯।৮২

২২৮। হে কৃষ্ণ! তুমি, 'বলদেব, ও পরশুরাম এই তিনজনে সন্তরণপূর্ব্বক বেণা নদী উত্তীর্ণ হইয়াছিলে।—হরি বিঃ ৩৯।৫৬

---

(১) ভার্গব ঃ—ত্রেতাযুগে ভার্গব পরশুরাম অল্প সৈন্য সাহায্যে বিশাল হৈহয় ক্ষত্রিয়কুল ২১ বার ধ্বংশ করিয়া এই বিষয়ে অভিজ্ঞ হইয়াছিলেন।

(২) গোমন্ত ঃ—সম্ভবতঃ পশ্চিমঘাট পর্ব্বতমালার উত্তরাংশে বর্ত্তমানকালের গোয়া সমীপস্থ কোন পর্ব্বতশৃঙ্গ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৯। কৃত্রিম-বৃষ্টি-বর্ষণ

[গোমন্ত পর্ব্বত]

২২৯। গোমন্ত-সর্ব্বত-বেষ্টিত কৃষ্ণ
২৩০। দীপিত-পর্ব্বত-সংস্থিত কৃষ্ণ
২৩১। পদাঘাত-শৈল-দ্রাবিত কৃষ্ণ (১)
২৩২। জলাকুলোপল-স্রাবিত কৃষ্ণ
২৩৩। বারিবর্ষোৎক্ষেপ-কারণ কৃষ্ণ
২৩৪। ভৃশ-পীড়িতারি-তাড়ণ কৃষ্ণ

হরিবংশ ও অগ্নিপুরাণ লীলা

২২৯। হে কৃষ্ণ! তুমি (জরাসন্ধের দ্বিতীয় আক্রমণে) গোমন্ত পর্ব্বতের চতুর্দিকে বেষ্টিত হইয়াছিলে।—হরি বিঃ ৪২।৩৮

২৩০। হে কৃষ্ণ! তুমি জরাসন্ধ কর্তৃক গোমন্তে অগ্নিবেষ্টিত হইয়াছিলে।—হরি বিঃ ৪২।৫৪ ; অগ্নিঃ পুঃ ১২।২৯

২৩১। হে কৃষ্ণ! তুমি উত্তুঙ্গ গোমন্ত পর্ব্বত পদাঘাতে ভূমিতে নিমজ্জিত করিয়াছিলে।—হরি বিঃ ৪২।৮২

২৩২। হে কৃষ্ণ! তুমি ভূমি প্রোথিত গোমন্ত-শিখর হইতে জল ও প্রস্তর বর্ষণ করিয়াছিলে।—হরি বিঃ ৪২।৮৩

২৩৩। হে কৃষ্ণ! তুমি ভূগর্ভ-সলিলও শীলা বৃষ্টিতে পরিণতঃ করিয়া বর্ষণ করিয়াছিলে।—হরি বিঃ ৮২।৮৪

২৩৪। হে কৃষ্ণ! তুমি অসম্ভব উপায়ে জল ও শিলা বর্ষণে পীড়িত করিয়া বিশাল শত্রুসেনা তাড়াইয়াছিলে।—হরি বিঃ ৪২।৮৭

---

(১) শৈলদ্রাবিত :—শ্রীকৃষ্ণ ব্রজলীলায় গোবর্দ্ধন পর্ব্বত উৎপাটন করিয়া হস্তে ছত্রে ন্যায় ধারণ করিয়া শিলা বৃষ্টি বারণ করেন। মথুরা লীলায় গোমন্ত পর্ব্বত পদাঘাতে ভূমি নিম্নে প্রোথিত করিয়া শিলা বৃষ্টি সৃষ্টি করিয়াছিলেন। উভয় লীলাই মানব শক্তি ও চিন্তার বহির্ভূত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪০। অজ্ঞাত-মিত্রলাভ

[গোমন্ত পর্ব্বত]

২৩৫। বিমূঢ়-মাগধ-দ্রাবিত কৃষ্ণ
২৩৬। বিস্মিত-চেদিপ-শ্রাবিত কৃষ্ণ
২৩৭। দমঘোষান্বয়-খ্যাপিত কৃষ্ণ
২৩৮। পিতৃ-স্বসৃপতি-জ্ঞাপিত কৃষ্ণ
২৩৯। শৃগাল-সংশ্রয়াশ্বাসিত কৃষ্ণ
২৪০। কর্ব্বীর-নগর-প্রস্থিত কৃষ্ণ (১)

হরিবংশ-লীলা

২৩৫। হে কৃষ্ণ! তুমি গোমন্তের শৈলযুদ্ধে জরাসন্ধের বিরাট বাহিনীকে পলায়ন-পর করিয়াছিলে।—হরি বিঃ ৪৩।৭৫

২৩৬। হে কৃষ্ণ! তুমি এই স্থানে জরাসন্ধের পরমমিত্র মহাবিস্মিত চেদিপতির বার্ত্তা শ্রবণ করিয়াছিলে।—হরি বিঃ ৪৩।৮০

২৩৭। হে কৃষ্ণ! তুমি চেদিরাজ দমঘোষের বংশ পরিচয় ও তোমার সঙ্গে তাঁহার সামাজিক সম্বন্ধ কথিত হইয়াছিলে।—হরি বিঃ ৪৩।৭৮-৮২।

২৩৮। হে কৃষ্ণ! চেদিরাজ তোমার পিতা বসুদেবের অন্যতম ভগিনীপতি এই কথা অবগত হইয়াছিলে।—হরি বিঃ ৪৩।৮০

২৩৯। হে কৃষ্ণ! তুমি (চেদিরাজের নিকট করবীর পতি যদুবংশীয় মহাবীর) শৃগাল-বাসুদেবের আশ্রয়ের আশ্বাস পাইয়াছিলে।—হরিঃ বিঃ ৪৩।৭৮-৯৩

২৪০। হে কৃষ্ণ! তুমি গোমন্ত হইতে (চেদিপতি দমঘোষসহ) করবীর পুরে (বিপন্ন জ্ঞাতিরূপে) গিয়াছিলে।—হরি বিঃ ৪৩।৯৬

---

(১) করবীর পুর :—ত্রেতার কিষ্কিন্ধ্যা এবং দ্বাপরের করবীরপুর এবং বর্ত্তমানকালের কূর্গ রাজ্য একই প্রদেশ বলিয়া অনুমিত হয়। শ্রীরাম কিষ্কিন্ধ্যায় বালীবধে সুগ্রীব মিত্র লাভ করিয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪১। আশ্রয়-প্রার্থীর-রাজ্যদান

[করবীরপুর]

২৪১। করবীর-পুর-সমাগত কৃষ্ণ

২৪২। মৎসরি-শৃগালোপগত কৃষ্ণ

২৪৩। বাসুদেব-মুষলাক্রান্ত কৃষ্ণ

২৪৪। সুদর্শনাঘাত-কৃতান্ত কৃষ্ণ

২৪৫। আর্ত্ত-জনাভয়-দায়ক কৃষ্ণ

২৪৬। শক্র-দেবাসন-স্থাপক কৃষ্ণ (১)

হরিবংশ-লীলা

২৪১। হে কৃষ্ণ! তুমি গোমন্ত হইতে প্রত্যাগমন পথে (আশ্রয় প্রার্থী হইয়া) করবীরে যাদব রাজ্যে আসিয়াছিলে।—হরি বিঃ ৪৩।৯৮

২৪২। হে কৃষ্ণ! তুমি পরশ্রীকাতর রাজা শৃগাল বাসুদেব কর্ত্তৃক শক্রবুদ্ধিতে আক্রান্ত হইয়াছিলে।—হরি বিঃ ৪৪।১-১৪

২৪৩। হে কৃষ্ণ! তুমি যুদ্ধোন্মাদ নৃশংস বাসুদেব কর্ত্তৃক দ্বন্দ্ব যুদ্ধে মুষল দ্বারা আক্রান্ত হইয়াছিলে।—হরি বিঃ ৪৪।২০-২৫

২৪৪। হে কৃষ্ণ! তুমি (আত্মরক্ষার্থ বাধ্য হইয়া) সুদর্শন চক্র দ্বারা যুদ্ধকামী বাসুদেবকে বধ করিয়াছিলে।—হরি বিঃ ৪৪।২৮-২৯

২৪৫। হে কৃষ্ণ! তুমি (সুদর্শনের ধ্বংশলীলা দর্শনে মহাভীত) করবীরপুর বাসীগণকে অভয় দিয়াছিলে।—হরি বিঃ ৪৪।৩৩-৩৪

২৪৬। হে কৃষ্ণ! তুমি আশ্রয়হীন হইলেও করবীরপুর রাজ্য শৃগাল পুত্র শক্রদেবকেই দিয়াছিলেন।—হরি বিঃ ৪৪।৪৫-৪৯

---

(১) শক্রদেব :—শ্রীকৃষ্ণ কংস বধে মধ্য ভারতে মথুরা যাদব রাজ্য এবং শৃগালবাসুদেব বধে দাক্ষিণাত্যে করবীরপুর যাদব রাজ্য প্রাপ্ত হন—কোন রাজ্যই গ্রহণ করেন নাই। দ্বারকা লীলাতেও জরাসন্ধ বধে মগধ-রাজ্য এবং নরক-রাজ বধে ([illegible]) প্রাগ্‌জ্যোতিপুর রাজ্য হস্তগত হইলেও তাহাদের পুত্রগণকেই প্রদান করিয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪২। আদর্শ-ক্ষমাশীল

[শক্তিমতীপুর]

২৪৭।	চৈদ্য-দমঘোষ-সঙ্গত	কৃষ্ণ
২৪৮।	শক্তিমতী-নগরাগত	কৃষ্ণ (১)
২৪৯।	দ্বেষী-শিশুপাল-স্পর্শন	কৃষ্ণ
২৫০।	ব্যধিক-দ্বিভূজ-মর্ষণ	কৃষ্ণ
২৫১।	ললাট-নেত্র-নিমজ্জক	কৃষ্ণ
২৫২।	বধার্হ-শতাঘ-মার্জ্জক	কৃষ্ণ

মহাভারত ও হরিবংশ লীলা

২৪৭। হে কৃষ্ণ! তুমি (করবীরপুর রাজ্য দানের পর পুনরায়) চেদিরাজ দমঘোষের সঙ্গে মিলিত হইয়াছিলে।—হরি বিঃ ৪৫।১

২৪৮। হে কৃষ্ণ! তুমি (পিতৃস্বস্পতি দমঘোষের সঙ্গে) চেদি-রাজধানী শক্তিমতীপুরে আগমন করিয়াছিলে।—হরি বিঃ ৪৫।২

২৪৯। হে কৃষ্ণ! তুমি (বাল্যাবধি তোমার মহা বিদ্বেষী) দমঘোষতনয় শিশুপালকে ক্রোড়ে লইয়াছিলে।—মভাঃ সভাঃ ৪৩।৯

২৫০। হে কৃষ্ণ! তুমি (শিশুপালকে ক্রোড়ে লইবা মাত্র তাহার সহজাত চতুর্ভূজের মধ্যে) দুইখানা হস্ত খসিয়া পড়িয়াছিল।—মভাঃসভাঃ ৪৩।১৮

২৫১। হে কৃষ্ণ! তুমি (ক্রোড়ে লইবামাত্র শিশুপালের সহজাত তিনটি চক্ষু মধ্যে) ললাট চক্ষু নিমজ্জিত হইয়াছিল।—মভাঃ সভাঃ ৪৩।১৮

২৫২। হে কৃষ্ণ! তুমি (পিতৃস্বসার শিশুপাল জননী শ্রুতশ্রবার) অনুরোধে এইস্থানে শিশুপালের বধ-যোগ্য একশত অপরাধ মার্জ্জনার অঙ্গীকার করিয়াছিলে।—মভাঃ সভাঃ ৪৩।২৬

(১) শক্তিমতীপুর:—চেদি দেশের রাজধানী (পরবর্ত্তীকালের বুন্দেলখণ্ড)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৩। পিতৃ-ভবন-বাস

[মথুরা]

২৫৩।	কৃত-বাল-বৃদ্ধ-স্বাগত	কৃষ্ণ
২৫৪।	পিতৃ-সদন-সমাগত	কৃষ্ণ (১)
২৫৫।	মাতৃ-পাদ-নত-সুস্থিত	কৃষ্ণ
২৫৬।	সর্ব্বায়ুধস্তত্র-রক্ষিত	কৃষ্ণ
২৫৭।	মাথুর-দৈন্য-দূরীকৃত	কৃষ্ণ (২)
২৫৮।	উগ্রসেনানুগাবস্থিত	কৃষ্ণ

হরিবংশ-লীলা

২৫৩। হে কৃষ্ণ! তুমি (মথুরা প্রত্যাগমন করিলে) আবাল বৃদ্ধ মাথুরগণ-কর্ত্তৃক স্বাগত হইয়াছিলে।—হরিঃ বিঃ ৪৫।৩-৭

২৫৪। হে কৃষ্ণ! তুমি (রাজানুরোধ সত্ত্বেও রাজভবনে প্রবেশ না করিয়া) নিজ পিতৃভবনেই উঠিয়াছিলে।—হরিঃ বিঃ ৪৫।১৫

২৫৫। হে কৃষ্ণ! তুমি পিতৃমাতৃ-পদানত হইয়া পরমানন্দে বিনীতভাবে পিত্রালয়েই বাস করিয়াছিলে।—হরি বিঃ ৪৫।১৫

২৫৬। হে কৃষ্ণ! তুমি তোমার দিব্যাস্ত্রগুলিও (রাজ অস্ত্রাগারে না রাখিয়া) বসুদেব-ভবনে রাখিয়াছিলে।—হরি বিঃ ৪৫।১৬

২৫৭। হে কৃষ্ণ! তুমি ও বলরাম এই সময় পুনরায় মথুরার (শিক্ষা, স্বাস্থ্য ও আর্থিক) সর্ব্বপ্রকার দৈন্য দূর করিতে মন দিয়াছিলে।—হরিঃ বিঃ ৪৫।৯

২৫৮। হে কৃষ্ণ! তুমি সর্ব্বতোভাবে রাজা উগ্রসেনের অনুগত প্রজা-রূপে মথুরায় আনন্দে বাস করিয়াছিলে। হরিঃ বিঃ ৪৫।১৯

---

(১) শ্রীকৃষ্ণ রাজা উগ্রসেনের অনুরোধ সত্ত্বেও মথুরার রাজভবনে কদাপি বাস করেন নাই।

(২) দৈন্যঃ—"ন তত্র কশ্চিদ্দীনো বা মলিনো বা বিচেতনঃ
মথুরায়ামভুৎ কশ্চিদ্রামকৃষ্ণসমাগমে।"—হরিঃ বিঃ ৪৫।৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৪। অ-রাজার-অপমান

[কুণ্ডিনপুর]

২৫৯। কুণ্ডিন-স্বয়ম্বর-সংশ্রুত কৃষ্ণ
২৬০। রাজানুজ্ঞাত-যাতানাহুত কৃষ্ণ
২৬১। বিদর্ভ-কন্যার্থোপগত কৃষ্ণ
২৬২। অদত্তাতিথ্যাবমানিত কৃষ্ণ (১)
২৬৩। কৈশিক-নিবেশনাশ্রয় কৃষ্ণ
২৬৪। সসম্মানাতিথ্য-সংশ্রয় কৃষ্ণ

হরিবংশ-লীলা

২৫৯। হে কৃষ্ণ! তুমি চর-মুখে (বিদর্ভ রাজধানী) কুণ্ডিনপুরে (রাজকন্যা) রুক্মিণীর স্বয়ম্বর কথা শুনিয়াছিলে।—হরি বিঃ ৪৭।১-২

২৬০। হে কৃষ্ণ! তুমি রাজা উগ্রসেনের অনুমতি মতে (বিনা নিমন্ত্রণেই) কুণ্ডিনপুর স্বয়ম্বরে গিয়াছিলে।—হরিঃ বিঃ ৪৭।৫,২৪

২৬১। হে কৃষ্ণ! তুমি (রাজা বা রাজপুত্র না হইলেও) রাজকন্যা স্বয়ম্বরে আসিয়াছিলে।—হরিঃ বিঃ ৪৭।২৫

২৬২। হে কৃষ্ণ! তুমি (অরাজা ও অনিমন্ত্রিত বিধায়) কুণ্ডিনে কোন প্রকার আতিথ্য প্রদত্ত না হইয়া অপমানিত হইয়াছিলে। —হরিঃ বিঃ ৫০।১-২

২৬৩। হে কৃষ্ণ! তুমি আতিথ্য-প্রত্যাখ্যাত হইয়া (রাজভ্রাতা) কৈশিকের পুরে আশ্রয়প্রার্থী হইয়াছিলে —হরি বিঃ ৪৭।৪৪

২৬৪। হে কৃষ্ণ! তুমি কৈশিকপুরে সসম্মান আতিথ্য লাভ করিয়াছিলে।—হরি বিঃ ৪৭।৪৪

---

(১) অদত্তাতিথ্যঃ—গোমন্ত যুদ্ধে পরাজিত জরাসন্ধ ও তদনুগামী রাজন্যবর্গ এই স্বয়ম্বরে উপস্থিত ছিলেন। তাহাদের ও রাজপুত্র রুক্মীর ষড়্‌যন্ত্রেই শ্রীকৃষ্ণের এই অপমানের ব্যবস্থা করা হইয়াছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৫। অ-রাজার-আসন-সঙ্কট

[কৈশিকপুর]

২৬৫। আসন-সঙ্কট-জ্ঞাপিত কৃষ্ণ

২৬৬। অ-পুরাভিষেক-শ্রাবিত কৃষ্ণ (১)

২৬৭। কৈশিক-পুর-নিবেদিত কৃষ্ণ

২৬৮। রাজেন্দ্রাভিষেক-সিঞ্চিত কৃষ্ণ

২৬৯। নৃ-দেবাসনোপবেশণ কৃষ্ণ

২৭০। মিত্র-রাজন্যানুশাসন কৃষ্ণ

হরিবংশ-লীলা

২৬৫। হে কৃষ্ণ! তুমি (অরাজা বিধায়) ভারতীয় রাজন্যবর্গ তোমার সঙ্গে একত্র উপবেশনে অসম্মত হইয়াছিলেন। সেইজন্য তোমার 'আসন-সঙ্কট' হইয়াছিল।—হরি বিঃ ৫০।২০

২৬৬। হে কৃষ্ণ! তুমি কোন নগরাধিপ অথবা রাজতিলক যুক্ত ছিলে না হেতুতে রাজকন্যার স্বয়ম্বরে বসিবার যোগ্যতা নাই এই অভিযোগ শুনিয়াছিলে।—হরি বিঃ ৫০।১৫

২৬৭। হে কৃষ্ণ! (তোমার অযোগ্যতা দূরীকরণে) কৈশিকরাজ তাঁহার রাজ্য ও সিংহাসন তোমাকে দিয়াছিলেন।—হরিঃ বিঃ৫০।১২,২৯

২৬৮। হে কৃষ্ণ! তুমি কৈশিক রাজ্যে রাজতিলক গ্রহণে তোমার (আসন-সঙ্কট) দূর করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫০।২০

২৬৯। হে কৃষ্ণ! তুমি কৈশিক রাজ্যে (ইন্দ্র প্রদত্ত) সিংহাসনে উপবেশন করিয়াছিলে।—হরি বিঃ ৫০।২৮-৩০

২৭০। হে কৃষ্ণ! তুমি (রাজতিলক অনুষ্ঠানে উপস্থিত স্বয়ম্বরাগত) কতিপয় মিত্র রাজন্যকে অনুশাসন দিয়াছিলে।—হরি বিঃ ৫০।৮০-৮৭

---

(১) অপুরাভিষেক ঃ—সিংহাসন মনধ্যাস্তং পুরং চাস্য ন বিদ্যতে কথংরাজসমাজেঽস্মিন্নাস্ততে দেবকী-সুতঃ —হরিঃ বিঃ ৫০।১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৬। সহ-অবস্থান-অনুশাসন

[কৈশিকপুর]

২৭১। অহিংস-সন্নীতি-বোধক কৃষ্ণ

২৭২। ধর্ম্ম-যোধনানুমোদক কৃষ্ণ

২৭৩। কোপ-পরিহারানুমত কৃষ্ণ

২৭৪। যদ্গত-তদ্গতাভিমত কৃষ্ণ (১)

২৭৫। অবৈরাবস্থান-বাচক কৃষ্ণ

২৭৬। স্বাপরাধ-ক্ষমা-যাচক কৃষ্ণ (২)

হরিবংশ-লীলা

২৭১। হে কৃষ্ণ! তুমি (কৈশিকপুরে) উপস্থিত মিত্র রাজন্য-বর্গকে তোমার অহিংস রাষ্ট্রনীতি বুঝাইয়াছিলে।—হরিঃ বিঃ ৫০।৮৪

২৭২। হে কৃষ্ণ! তুমি ধর্ম্মার্থ যুদ্ধই অনুমোদন করিয়াছিলে কদাপি হিংসা বা লোভ-পরবশ যুদ্ধ সমর্থন কর নাই।—হরিঃ বিঃ ৫০।৮৫

২৭৩। হে কৃষ্ণ! তুমি সর্ব্বাবস্থায় ক্রোধ পরিহার অনুমোদন করিয়াছ।—হরিঃ বিঃ ৫০।৮৬

২৭৪। হে কৃষ্ণ! (পরস্পরের প্রতি) অতীতের সমস্ত হিংসা-বিদ্বেষ বিস্মৃত হওয়াই তোমার সুচিন্তিত অভিমত ছিল।—হরিঃ বিঃ ৫০।৮৬

২৭৫। হে কৃষ্ণ! তুমি নৃপতিগণকে পরস্পরের প্রতি বীত-বৈর হইয়া (অহিংস) সহাবস্থানের অনুরোধ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫০।৮৭

২৭৬। হে কৃষ্ণ! তুমি অতীতে তোমার কোন বিচ্যুতি হইয়া থাকিলে তাহা সর্ব্বরাজন্যসমীপে ক্ষমা চাহিয়াছিলে।—হরি বি ৫০।৮৭

---

(১) যদ্গতঃ—"তেষাং কিং হেতুনা কোপঃ কর্ত্তব্যস্ত্ববনীশ্বরাঃ
যদ্গতং তদতিক্রান্তং যে মৃতাস্তে দিবং গতাঃ" —হরিঃ বিঃ ৫০।৮৬

(২) ক্ষমা :—"ক্ষন্তব্যং রোচতে হস্মাকং বীতবৈরা ভবন্তু তে"
—হরিঃ বিঃ ৫০।৮৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৭। অপমান-সহন

[কৈশিকপুর]

২৭৭।	স্বয়ম্বর-ত্যাগ-জ্ঞাপিত	কৃষ্ণ
২৭৮।	বাল-ভাব-দান-শ্রাবিত	কৃষ্ণ
২৭৯।	স্বচ্ছন্দ-দানানুমোদন	কৃষ্ণ (১)
২৮০।	অ-কন্যাবিঘ্নকৃদ্বোধন	কৃষ্ণ
২৮১।	বহিরভ্যন্তরচরিষ্ণো	কৃষ্ণ
২৮২।	সকলাবমানসহিষ্ণো	কৃষ্ণ

হরিবংশ-লীলা

২৭৭। হে কৃষ্ণ! তুমি (রাজতিলকগ্রহণে আসনসঙ্কট দূর করিবামাত্র) 'স্বয়ম্বর পরিত্যক্ত হইল' জ্ঞাপিত হইয়াছিলে।—হরিঃ বিঃ ৫১।১

২৭৮। হে কৃষ্ণ! (তোমাকে বঞ্চিত করিতে) সাধারণ নিয়মে কন্যার পিতাই ইচ্ছামত বরে কন্যাদান করিবেন" শুনিয়াছিলে।—হরিঃ বিঃ ৫১।১

২৭৯। হে কৃষ্ণ! তুমি স্বয়ম্বর দিনেই (তুমি ব্যতীত) অপর পাত্রে কন্যাদান করিতে রাজাকে অনুরোধ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫১।১৩-১৪

২৮০। হে কৃষ্ণ! তুমি (বিদর্ভরাজ ভীষ্মককে আশ্বাস দিয়াছিলে যে) তুমি কন্যাদান কার্য্যে কোন বিঘ্ন উৎপাদন করিবে না।—হরিঃ বিঃ ৫১।১৫-২১

২৮১। হে কৃষ্ণ! তুমি সর্ব্বলোকের বাহিরে ও ভিতরে বিচরণ করিয়া থাক (বিদর্ভরাজের অভিপ্রায় অবগত ছিলে)—হরিঃ বিঃ ৫১।১৪

২৮২। হে কৃষ্ণ! তুমি বিদর্ভরাজের অনুষ্ঠিত (আতিথ্য-অকরণ, সকামা কন্যাদানে অস্বীকৃতি, কপটবাক্য প্রয়োগ) প্রভৃতি সমস্ত অপমান নীরবে সহ্য করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫১।১৬-১৮

---

(১) স্বচ্ছন্দদান :—পাত্রেভ্যো দীয়তাং কন্যামামপাস্য নরেশ্বর
মমাগমনদোষেণ কথং কন্যাং ন দাস্যসে—হরিঃ বিঃ ৫১।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৮। অপমানিতের-ঔদার্য্য

[কৈশিকপুর]

২৮৩।	বিরোধ-বারণ-প্রযত্ন	কৃষ্ণ
২৮৪।	ত্যক্ত-স্বয়ম্বর-স্ত্রীরত্ন	কৃষ্ণ
২৮৫।	কারিত-রাজানুশোচন	কৃষ্ণ
২৮৬।	ন-যাচকাযাচক-বাচন	কৃষ্ণ (১)
২৮৭।	অবমান-বঞ্চন-ক্ষান্ত	কৃষ্ণ
২৮৮।	প্রস্থিত-শূরসেন-শান্ত	কৃষ্ণ

হরিবংশ-লীলা

২৮৩। হে কৃষ্ণ! তুমি (তোমার সঙ্গে) ভারতীয় রাজন্যগণের অকারণ বিরোধ বারণে সর্ব্বপ্রকার যত্ন করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫০।৪৫

২৮৪। হে কৃষ্ণ! তুমি এই বিরোধ বারণ জন্যই বিদর্ভ স্বয়ম্বর ও রুক্মিণীর ন্যায় রূপগুণবতী স্ত্রীরত্ন পরিত্যাগ করিতে ইচ্ছুক হইয়াছিলে।—হরিঃ বিঃ ৫১।৬৬

২৮৫। হে কৃষ্ণ! তুমি তোমার সদ্ব্যবহারে ভীষ্মক রাজাকে তাঁহার হীন ব্যবহার জন্য অনুতপ্ত করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫১।২০-২৫

২৮৬। হে কৃষ্ণ! তুমি বিদর্ভ ত্যাগকালে বলিয়াছিলে যে তুমি রাজকন্যা রুক্মিণীর প্রার্থীও নহ অপ্রার্থীও নহ।—হরিঃ বিঃ ৫১।২৭

২৮৭। হে কৃষ্ণ! তুমি স্বয়ম্বরাগত সমস্তরাজন্যবর্গের অনুষ্ঠিত সর্ব্বপ্রকার অপমান ও বঞ্চনা সহ্য করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫১।৩৮

২৮৮। হে কৃষ্ণ! তুমি (বিদর্ভে এত উত্তেজনার কারণ হইলেও) শান্তভাবে শূরসেন রাজ্যে (মথুরা) প্রত্যাগমন করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫১।৩৯-৪৯

---

(১) "মা দেহীতি ন চাখ্যেয়ং দদস্বেতি ন মে বচঃ"। হরিঃ বিঃ৫১।২৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৯। অ-দত্তাপহারী

[মথুরা]

২৮৯।	ব্যর্থ-দ্রোহারতি-চেষ্টিত	কৃষ্ণ
২৯০।	বিমনা-মথুরোপস্থিত	কৃষ্ণ
২৯১।	অর্ঘ্যপাণ্যুগ্রসেনার্থিত	কৃষ্ণ
২৯২।	আসন-পুনপ্রত্যর্পিত	কৃষ্ণ
২৯৩।	যদুরাজ-প্রজা-স্বীকৃত	কৃষ্ণ (১)
২৯৪।	দত্তাপহরণ-ধিক্কৃত	কৃষ্ণ (২)

হরিবংশ-লীলা

২৮৯। হে কৃষ্ণ! তুমি রাজন্যবর্গের (পরস্পরের সঙ্গে) যুদ্ধবিগ্রহে আসক্তি নিবারণ চেষ্টায় ব্যর্থ হইয়াছিলে।—হরিঃ বিঃ ৫২।১৯-৩১

২৯০। হে কৃষ্ণ! তুমি (অহিংস-সহাবস্থান প্রচেষ্টায় অকৃত কার্য্য হইয়া চিন্তাকুল মনে মথুরায় আসিয়াছিলে।—হরিঃ বিঃ ৫১।৬৬

২৯১। হে কৃষ্ণ! তুমি (রাজতিলক গ্রহণ করিয়াছ সংবাদে) রাজা উগ্রসেন তোমাকে (মথুরা রাজ্য প্রত্যর্পণ করিতে) অর্ঘ্যহস্তে অভ্যর্থনা করিয়াছিলেন।—হরিঃ বিঃ ৫৫।১৪-৪১

২৯২। হে কৃষ্ণ! তুমি (শত অপমান বহন করিয়াও) উগ্রসেনপ্রদত্ত রাজ-সিংহাসন গ্রহণ অস্বীকার করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৫।৪২

২৯৩। হে কৃষ্ণ! তুমি পুত্রাদিক্রমে উগ্রসেনকে যদুরাজ ও নিজেকে পুনরায় তাঁহার প্রজা স্বীকার করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৫।৪৮

২৯৪। হে কৃষ্ণ! তুমি তোমার প্রদত্ত রাজ্য পুনঃগ্রহণ করিয়া কদাচ দত্তাপহারী হইবে না বলিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৫।৪২-৪৮

---

(১) যদুরাজ :—ধারয়স্ব মহাভাগ পালয়স্ব পুরীমিমাম্ পুত্রপৌত্রৈঃ প্রমুদিতো মথুরাং পরিপালয় ॥—হরিঃ বিঃ ৫৫।৪৮

(২) শ্রীরামচন্দ্র ও ভরত প্রত্যর্পিত রাজ্য গ্রহণ করে নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫০। নিঃস্বার্থ-রাষ্ট্র-সেবক

[মথুরা]

২৯৫।	কৃত-রাজ-প্রজা-স্বাগত	কৃষ্ণ
২৯৬।	সানন্দ-পিতৃ-গৃহাগত	কৃষ্ণ (১)
২৯৭।	সর্ব্ব-কংসকোষোপহিত	কৃষ্ণ
২৯৮।	প্রত্যর্পণ-স্বেচ্ছা-বিহিত	কৃষ্ণ
২৯৯।	নৃপেচ্ছাদান-ব্যয়ানুমত	কৃষ্ণ
৩০০।	রাষ্ট্র-সংরক্ষণ-সম্মত	কৃষ্ণ (১)

হরিবংশ-লীলা

২৯৫। হে কৃষ্ণ! তুমি (বিদর্ভ হইতে প্রত্যাগমন করিলে) মথুরার রাজা ও প্রজাসাধারণ তোমাকে স্বাগত করিয়াছিলেন।—হরিঃ বিঃ ৫৫।৫৪-৭৩

২৯৬। হে কৃষ্ণ! তুমি (রাজভবনে প্রবেশ না করিয়া) সানন্দে পিতৃগৃহে প্রবেশ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৫।৭৪

২৯৭। হে কৃষ্ণ! (কংস মাতা তোমাকে প্রদান করিতে) সমস্ত রাজকোষ বসুদেব গৃহে আনিয়াছিলেন।—হরিঃ বিঃ ৫৫।৭৮

২৯৮। হে কৃষ্ণ! তুমি (মথুরার রাজ্য বা রাজকোষ প্রত্যাশী নহ বলিয়া) সেই বিপুলধনরাশি প্রত্যাখ্যান করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৫।৮০

২৯৯। হে কৃষ্ণ! তুমি কংসের অর্জিত বিপুল ধন রাজার ও রাণীর ইচ্ছা মত দান ও ব্যয় করিতে অনুমতি দিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৫।৮১

৩০০। হে কৃষ্ণ! তুমি নিজ বাহুবলে উগ্রসেনের রাজ্য-রক্ষার সম্পূর্ণ দায়ীত্ব গ্রহণ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৫।৮১

(১) সংরক্ষণঃ—যজস্ববিবিধান্‌যজ্ঞান্ দদস্ববিপুলংধনম্।
জয়স্ব রিপুসৈন্যানি মম বাহুবলাশ্রয়াৎ॥ হরিঃ বিঃ ৫৫।৮১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৭। কৃষ্ণ-সর্প-প্রেরণ

[মথুরা]

৩০১।	যবনামন্ত্রন-স্মরণ	কৃষ্ণ (১)
৩০২।	ভুজঙ্গোপহার-প্রেরণ	কৃষ্ণ
৩০৩।	মুদ্রায়িত-কুম্ভ-প্রেষক	কৃষ্ণ
৩০৪।	কৃষ্ণ-কাল-সর্প-শংসক	কৃষ্ণ
৩০৫।	পিপীলি-ঘট-প্রত্যর্পিত	কৃষ্ণ
৩০৬।	অচিরাপযান-নির্ণীত	কৃষ্ণ

হরিবংশ-লীলা

৩০১। হে কৃষ্ণ! (তোমাকে নিধন জন্য) ভারতীয় রাজগণের যবন রাজাকে নিমন্ত্রণের কথা স্মরণ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৩।৫৫-৫৬

৩০২। হে কৃষ্ণ! তুমি (যবনরাজ কালকে মথুরা আক্রমণে বিরত থাকিতে বলিয়া) একটি কৃষ্ণ-সর্প উপহার দিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৭।৩২

৩০৩। হে কৃষ্ণ! তুমি (একটি বিষধর কৃষ্ণ সর্প পূর্ণ ঘট) নিজ নামাঙ্কিত করিয়া দূত দ্বারা যবন-রাজকে পাঠাইয়াছিলে।—হরিঃ বিঃ ৫৭।৩৩

৩০৪। হে কৃষ্ণ! তুমি (শত্রুরূপে) কালসর্পের ন্যায় ভয়ঙ্কর এই বার্ত্তাই যবনরাজকে জানাইয়াছিলে।—হরিঃ বিঃ ৫৭।৩৫

৩০৫। হে কৃষ্ণ! তুমি যবনরাজ কর্ত্তৃক অসংখ্য কৃষ্ণ পিপীলিকা পূর্ণ সেই সর্প-ঘট পুনঃ প্রেরিত হইয়াছিলে।—হরিঃ বিঃ ৫৭।৩৭

৩০৬। হে কৃষ্ণ! তুমি (ঘট মধ্যে পিপীলিকা ভক্ষিত সর্প-কঙ্কাল দর্শনে) মথুরা পরিত্যাগ মনস্থ করিয়াছিলে।—হরিঃবিঃ ৫৭।৩৮

---

(১) যবনামন্ত্রণঃ :—জরাসন্ধ দূত শাল্ব যবন-রাজাকে বলিয়াছিলেন—
"প্রবিশ্য রাষ্ট্রং মথুরাঞ্চ সেনয়া নিহত্য কৃষ্ণং প্রথয়ন্ স্বকং যশঃ"
—হরিঃ বিঃ ৫৩।৫৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫২। পঞ্চ-দশ-সমর-বিজয়

[মথুরা]

৩০৭। পঞ্চদশাক্রমনাক্রান্ত কৃষ্ণ (১)

৩০৮। সুবিশালারাতি-কৃতান্ত কৃষ্ণ

৩০৯। ত্রি-বিংশতি-চমূ-ক্ষপণ কৃষ্ণ

৩১০। মাথুর-স্বজন-রক্ষণ কৃষ্ণ

৩১১। দলিতারি-সদোপেক্ষক কৃষ্ণ

৩১২। হৃত-মান-মাগধেক্ষক কৃষ্ণ

শ্রীভাগবত-লীলা

৩০৭। হে কৃষ্ণ! তুমি (যবনাক্রমণের পূর্ব্বে) আরও পঞ্চদশ বার জরাসন্ধ কর্ত্তৃক মথুরায় আক্রান্ত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৪১

৩০৮। হে কৃষ্ণ! তুমি প্রতি আক্রমণেই জরাসন্ধের বিশাল সর্ব্ব ভারতীয় সৈন্য বল স্ববীর্য্যে ধ্বংশ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৪২

৩০৯। হে কৃষ্ণ! তুমি জরাসন্ধ কর্ত্তৃক (কাশ্মীর হইতে বিদর্ভ পর্য্যন্ত সকল রাজ্য হইতে) সংগৃহীত তেইশ-অক্ষৌহিনী সৈন্য বিনাশ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৪২ ; হরিঃ বিঃ ৩৪।১৩-২২

৩১০। হে কৃষ্ণ! তুমি প্রত্যেক যুদ্ধেই নিজ বাহুবলে মথুরা-বাসী স্বজনগণকে রক্ষা করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৪২

৩১১। হে কৃষ্ণ! তুমি প্রত্যেক যুদ্ধেই জরাসন্ধকে বন্দী করিয়া প্রতিবারই বন্ধন মুক্ত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৪২

৩১২। হে কৃষ্ণ! তুমি প্রত্যেক পরাজয়ের পরই জরাসন্ধকে (পুনরাক্রমণেচ্ছু) ও লজ্জিত লক্ষ্য করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৪২

---

(১) শ্রীকৃষ্ণের (একাদশ বর্ষ) মথুরা লীলার শেষ বৎসরে একবার কাল-যবন আক্রমণ হইয়াছিল ও তাহার অব্যবহিত পরেই জরাসন্ধের অষ্টাদশ বারের আক্রমণ হইয়াছিল। শ্রীভাঃ ১০।৫২।৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৩। মথুরা-পরিত্যাগ-বিচার

[মথুরা]

৩১৩। সমরাপহারানুমত কৃষ্ণ

৩১৪। দুর্জ্জন-বর্জ্জনাভিমত কৃষ্ণ

৩১৫। অরাতি-সুগম্যালোচিত কৃষ্ণ

৩১৬। মাথুরী-ভূরল্পালোকিত কৃষ্ণ (১)

৩১৭। জনতা-সম্মর্দ্দ-বিমত কৃষ্ণ

৩১৮। দেশ-পরিত্যাগাভিমত কৃষ্ণ

হরিবংশ-লীলা

৩১৩। হে কৃষ্ণ! (সর্ব্বপ্রকার ত্যাগ স্বীকারে) যুদ্ধ পরিহার করাই তোমার অভিমত ছিল।—হরিঃ বিঃ ৫৬।১

৩১৪। হে কৃষ্ণ! তুমি বিরোধ বর্জ্জনে ব্যর্থ-প্রচেষ্ট হইয়া দুর্জ্জন প্রতিবেশী হইতে দূরে গমন করাই যুক্তিযুক্ত মনে করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৬।২-৩

৩১৫। হে কৃষ্ণ! তুমি (যদুরাজ সভায়) শত্রু কর্ত্তৃক মথুরা সহজেই বিজিত হইবার সম্ভাবনার কথা বলিয়াছিলে। হরিঃ বিঃ ৫৬।৫

৩১৬। হে কৃষ্ণ! তুমি মথুরা রাজ্যের ভূমির অল্পতা (ও তাহা বৃদ্ধির কোন উপায় নাই) লক্ষ্য করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৬।৫

৩১৭। হে কৃষ্ণ! তুমি অল্প স্থানে বহু জনতার সংঘট্ট সঙ্গত মনে কর নাই এবং (তাহা জাতির শ্রীবৃদ্ধির পরিপন্থী বুঝিয়াছিলে।) —হরিঃ বিঃ ৫৬।৬

৩১৮। হে কৃষ্ণ! তুমি অনন্যোপায় হইয়া ভারত ত্যাগ মনস্থ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৬।৭

---

(১) (ক) ভূরল্পা :—ইয়ং চ মাথুরী ভূমিরল্পা গম্যা পরস্য চ
—হরিঃ বিঃ ৫৬।৫

(খ) এষামপীহ বসতাং সম্মর্দ্দমুপলক্ষয়ে—হরিঃ বিঃ ৫৬।৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৪। উপনিবেশ-পরিকল্পনা

[মথুরা]

৩১৯। বাসস্থানাভাব-ব্যথিত কৃষ্ণ

৩২০। দ্বীপ-দুর্গাবাস-বিহিত কৃষ্ণ

৩২১। সিন্ধু-রাজ-দেশ-চিহ্নিত কৃষ্ণ

৩২২। কুশস্থল্যানূপ-নির্ণীত কৃষ্ণ

৩২৩। সর্ব্বতোদধি-মধ্যস্থিত কৃষ্ণ

৩২৪। রৈবতকাদূরাবস্থিত কৃষ্ণ (১)

শ্রীভাগবত ও হরিবংশ-লীলা

৩১৯। হে কৃষ্ণ! তুমি (ভারতবর্ষে নিরাপদ) বাসস্থান লাভে অসমর্থ হইয়া ব্যথিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৪৮ হরি বিঃ ৫৫।১০০

৩২০। হে কৃষ্ণ! তুমি স্থলপথে আক্রমণের অযোগ্য সাগর মধ্যস্থ (বিপদ দুর্গম) দ্বীপে বাসই বিহিত মনে করিয়াছিলে। শ্রীভাঃ ১০।৫০।৪৯

৩২১। হে কৃষ্ণ! তুমি সিন্ধুরাজার দেশই মনোনীত করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৬।২৬

৩২২। হে কৃষ্ণ! তুমি কুশস্থলীর নিকটবর্ত্তি জলময় স্থানই যদু বংশীয়দের উপযোগী বলিয়া নির্ণয় করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৫।১০১

৩২৩। হে কৃষ্ণ! তুমি চতুর্দিকে মহাসমুদ্র-বেষ্টিত স্থানে নিবাস স্থাপন করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৫।১০৩

৩২৪। হে কৃষ্ণ! তুমি সুন্দর রৈবতক পর্ব্বতের অদূরে (সমুদ্র মধ্যস্থ নূতন দ্বীপে) অবস্থান করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৬।২৭

---

(১) রৈবতক:—পশ্চিম সমুদ্র তীরস্থ (গুজরাটের) অন্তর্গত জুনাগড় রাজ্যে গির্ণার পর্ব্বতই প্রাচীন রৈবতক। বর্ত্তমানে ইহা জৈনতীর্থ। প্রতিদিন সহস্র সহস্র যাত্রী এই পর্ব্বতে আরোহণ করেন। "গিরিনাথ" শব্দের গুজরাটি উচ্চারণ গির্ণার। বহু প্রাচীন কীর্ত্তি এখানে বর্ত্তমান আছে। সর্ব্বোচ্চ্য শৃঙ্গে দত্তাত্রেয় আশ্রম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৫। দ্বারাবতী-দ্বীপোন্মজ্জন

[আনর্ত্ত-দেশ]

৩২৫। ভারতাবাস-প্রতিহত কৃষ্ণ
৩২৬। সাগরাশ্রয়-সমাগত কৃষ্ণ
৩২৭। বারিধি-ভূদান-গ্রহণ কৃষ্ণ
৩২৮। স্বীকৃত-ন্যাস-প্রত্যর্পণ কৃষ্ণ
৩২৯। বায়ু-বেগ-বার্য্যুৎসর্জ্জিত কৃষ্ণ
৩৩০। যোজন-দশ-দ্বয়ার্জ্জিত কৃষ্ণ (১)

হরিবংশ ও ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ-লীলা

৩২৫। হে কৃষ্ণ! (ভারতীয় ক্ষত্রিয় রাজগণ কর্ত্তৃকই) তোমার ভারতবর্ষ বাস প্রচেষ্টা প্রতিহত হইয়াছিল।—শ্রীভাঃ ১০।৫০।৪৪-৪৮

৩২৬। হে কৃষ্ণ! তুমি (ভারত ভূমিতে আশ্রয় স্থানাভাবে) সাগরের আশ্রয় গ্রহণ করিয়া একটি দ্বীপ প্রার্থনা করিয়াছিলে। —হরিঃ বিঃ ৫৮।৩৫-৩৬ বিঃ পুঃ ৫।২৩।১৩

৩২৭। হে কৃষ্ণ! তুমি মহাসাগরের নিকট হইতে ভূমিদান গ্রহণ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৩৬

৩২৮। হে কৃষ্ণ! তুমি গচ্ছিত দ্রব্যের ন্যায় ঐ দান প্রাপ্ত দ্বীপ পুনরায় প্রত্যর্পণ করিতে স্বীকার করিয়াছিলে।—ব্রঃ বৈঃ কৃঃ ১০৩।৭

৩২৯। হে কৃষ্ণ! (তোমার ইচ্ছায় ও প্রয়োজনেই) প্রবল বায়ুবেগে সমুদ্র জল অপসৃত করিয়াছিলে। হরিঃ বিঃ ৫৮।৩৭-৩৮

৩৩০। হে কৃষ্ণ! তুমি পশ্চিম সমুদ্র মধ্য হইতে দ্বাদশ যোজন ভূমি সমন্বিত (দ্বারকা দ্বীপ) অর্জ্জন করিয়াছিলে।—হরি বিঃ ৫৮।৩৬

---

(১) যোজনদশদ্বয়:—মহাসমুদ্র গর্ভ হইতে অকস্মাৎ ক্ষুদ্র বা বৃহৎ দ্বীপের উন্মজ্জন এবং অকস্মাৎ কোন কোন দ্বীপের নিমর্জ্জন বর্ত্তমান যুগের ভৌগলিকগণও অনেক গ্রন্থে বর্ণনা করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৬। ভূস্বর্গ-নির্ম্মাণ

[দ্বারাবতী]

৩৩১। দ্বারাবতী-নাম-করণ কৃষ্ণ

৩৩২। শত-রাজ-রথ্যা-রচণ কৃষ্ণ

৩৩৩। কল্পিতাভেদ্য-জল-দুর্গ কৃষ্ণ

৩৩৪। কারিতানবদ্য-ভূস্বর্গ কৃষ্ণ

৩৩৫। দেবকারুশিল্প-হর্ষণ কৃষ্ণ

৩৩৬। নৈপুণ্যাতিশয়-দর্শন কৃষ্ণ (১)

শ্রীভাগবত, পদ্মপুরাণ ও হরিবংশ-লীলা

৩৩১। হে কৃষ্ণ! তুমি (নূতন উত্থিত দ্বীপের) দ্বারাবতী নাম করণ করিয়া তাহাতে দুর্গ নির্ম্মাণ করিয়াছিলে)।—হরিঃ বিঃ ৫।৮৬

৩৩২। হে কৃষ্ণ! তুমি দ্বারাবতী নগরে শত সহস্র রাজপথ রচনা করিয়াছিলে। হরিঃ বিঃ ৫৮।৪৮

৩৩৩। হে কৃষ্ণ! তুমি (দেবতাগণেরও) প্রবেশের অযোগ্য জল-দুর্গ নির্ম্মাণ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৫।১০৩ ; পদ্মঃ উঃ ১৪৬।৩৯

৩৩৪। হে কৃষ্ণ! তুমি এই পৃথিবীতেই (দ্বারাবতী রাষ্ট্রে পরম সুন্দর)ভূ-স্বর্গ নির্ম্মাণ করিয়াছিলে। হরি বিঃ ৫৮।১৯ ; ৪৯,

৩৩৫। হে কৃষ্ণ! তুমি দ্বারাবতী নির্ম্মাণে দেব-শিল্পাচার্য্য বিশ্বকর্ম্মার শিল্পনৈপুণ্যে আনন্দিত হইয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৫৬ শ্রীভাঃ ১০।৫০।৪৯

৩৩৬। হে কৃষ্ণ! তুমি দ্বারাবতী নির্ম্মাণে স্থাপত্য শিল্প নৈপুণ্যের পরাকাষ্ঠা দর্শন করিয়াছিলে।—শ্রীভাং ১০।৫০।৫০

---

(১) নৈপুণ্যাতিশয়ঃ—শ্রীকৃষ্ণ নূতন দ্বীপে দ্বারাবতী নির্ম্মাণে দেবশিল্পাচার্য্য বিশ্বকর্ম্মারে দেব-শিল্প-নৈপুণ্য এবং খাণ্ডবারণ্যে ইন্দ্রপ্রস্থ নগর ও পাণ্ডব-রাজসভা নির্ম্মাণে দানব শিল্পাচার্য্য ময়-দানবের দানব শিল্প-নৈপুণ্য প্রদর্শন করাইয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৭। দুর্জ্জন-বর্জ্জন

[দ্বারাবতী]

৩৩৭।	যবনাসন্নভী-প্রস্থিত	কৃষ্ণ	(১)
৩৩৮।	সহ-গজ-বাজী-দংশিত	কৃষ্ণ	
৩৩৯।	বিমত-মথুরাবস্থান	কৃষ্ণ	
৩৪০।	স্বীয়-জন-সহাপযান	কৃষ্ণ	
৩৪১।	সর্ব্বপুরোভাগাবস্থিত	কৃষ্ণ	
৩৪২।	সগণ-দ্বারকোপস্থিত	কৃষ্ণ	

হরিবংশ-লীলা

৩৩৭। হে কৃষ্ণ! তুমি যবনাক্রমণ ভয়-আসন্ন হইলে মথুরা পরিত্যাগ করিয়া দ্বারাবতী পুরীতে প্রস্থান করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৬।১৬ ; শ্রীভাঃ ১০।৫০।৪৬ ; বিঃ পুঃ ৫।২৩।১৫

৩৩৮। হে কৃষ্ণ! তুমি হস্তি অশ্ব প্রভৃতি সহ যুদ্ধ সজ্জায় সজ্জিত হইয়া বর্ম্মপরিহিত অবস্থায় মথুরা ত্যাগ করিয়াছিলে। হরিঃ বিঃ ৫৬।১৭

৩৩৯। হে কৃষ্ণ! তুমি চিরতরে মথুরায় কল্যাণরাষ্ট্র স্থাপন পরিকল্পনা পরিত্যাগ মনস্থ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৬।১৭

৩৪০। হে কৃষ্ণ! তুমি সমস্ত স্বজনসহ (আর্য্যভূমি) ভারত ত্যাগ করিয়া (অনার্য্যভূমি) দ্বারাবতী উপনিবেশে গিয়াছিলে।-হরিঃ বিঃ৫৬।১৭

৩৪১। হে কৃষ্ণ! তুমি (যাত্রাপথে) রক্ষী যাদব সেনার সর্ব্ব পুরোভাগে যুদ্ধ সজ্জায় গমন করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৬।২০

৩৪২। হে কৃষ্ণ! তুমি সমস্ত আত্মীয় বান্ধব নরনারীগণ ও (ধনরত্নাদি) সহ নিরাপদে দ্বারাবতী পৌছিয়াছিলে।--হরি বিঃ ৫৬।৩৪ ; বিঃ পুঃ ৫।২৩।১৫ ; শ্রীভাঃ ১০।৫০।৫৭

---

(১) যবনাসন্নভী :—স্বদেশবাসীকে নির্য্যাতন জন্য বিদেশীকে আমন্ত্রণ অধঃপতিত জাতির মজ্জাগত ব্যাধি। সর্ব্ব যুগেই এই পাপ বর্ত্তমান ছিল। জরাসন্ধের নিমন্ত্রণে যবনাক্রমণ হয়। হরিঃ বিঃ ৫৩।৫৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৮। আদর্শ-রণ-নীতিবিদ্

[মথুরা]

৩৪৩। সাগ্রজ-পুন-প্রত্যাবৃত কৃষ্ণ
৩৪৪। নিরস্ত্র-নগর-নিসৃত কৃষ্ণ
৩৪৫। যবন-ভস্ম-বিধায়ক কৃষ্ণ
৩৪৬। মুচুকুন্দ-গতি-দায়ক কৃষ্ণ
৩৪৭। অরাতি-নিঃশেষ-ধ্বংসন কৃষ্ণ
৩৪৮। তদ্ধন-দ্বারকা-নয়ন কৃষ্ণ (১)

শ্রীভাগবত ও হরিবংশ-লীলা

৩৪৩। হে কৃষ্ণ! তুমি (দ্বারাবতী হইতে) মথুরায় প্রত্যাগমন করিয়াছিলে।—হবিঃ ৫৭।৪০ ; বিঃ পুঃ ৫।২৩ ; শ্রীভাঃ ১০।৫০।৫৭

৩৪৪। হে কৃষ্ণ! তুমি নিরস্ত্র অবস্থায় পদব্রজে নগর হইতে বহির্গত হইয়া কাল-যবন সম্মুখে গিয়াছিলে)।—শ্রীভাঃ ১০।৫০।৫৭

৩৪৫। হে কৃষ্ণ! তুমি যবন রাজাকে একপর্ব্বত গুহায় মুচুকুন্দের নেত্রাগ্নিতে ভস্ম করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫১।১২ ; বিঃ পুঃ ৫।২৩।২৪ ;

৩৪৬। হে কৃষ্ণ! তুমি বহুশত-বর্ষ নিদ্রাগত সূর্য্য বংশীয় মুচুকুন্দ রাজাকে সদ্গতি প্রদান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫১।৬১-৬৩

৩৪৭। হে কৃষ্ণ! তুমি বিশাল সেনার নায়ক যবনরাজ কালকে কৌশলে নিধন করিয়া পরে সেনা ধ্বংস করিয়াছিলে। শ্রীভাঃ ১০।৫২।৫

৩৪৮। হে কৃষ্ণ। তুমি যবনরাজ পরিত্যক্ত বিপুল ধনরাশি দ্বারকায় নিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫২।৫ ; হরিঃ ৫৭।৭৩

---

(১) তদ্ধন :—উগ্রসেন মথুরা ত্যাগের পর কাল যবন নিধন করিয়া যে বিপুল ধন পাইয়াছিলেন, (তাহা রাজার প্রাপ্য নহে জন্য) শ্রীকৃষ্ণ স্বয়ং গ্রহণ করেন। "দ্বারকায়াং ধনী কৃষ্ণো যবনস্য ধনেন হ।" —ব্রঃ বৈঃ কৃঃ ১০৫।৪৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৯। অভিনব-পলায়ন

[প্রবর্ষণ পর্ব্বত]

৩৪৯।	অষ্টাদশ-সমর-শ্রান্ত	কৃষ্ণ (১)
৩৫০।	কপট-পলাতক-ক্লান্ত	কৃষ্ণ
৩৫১।	বহুল-বিত্ত-পথি-ত্যজন	কৃষ্ণ
৩৫২।	বহুল-পথ-পাদ-ব্রজন	কৃষ্ণ
৩৫৩।	প্রবর্ষণারোহ-চেষ্টিত	কৃষ্ণ
৩৫৪।	সমন্তাদনল-বেষ্টিত	কৃষ্ণ

শ্রীভাগবত-লীলা

৩৪৯। হে কৃষ্ণ! তুমি (যবন সেনাধ্বংসের পরই) জরাসন্ধের অষ্টাদশ আক্রমণে রণশ্রান্তি লীলা করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫২।৯-১০

৩৫০। হে কৃষ্ণ! তুমি (জরাসন্ধ ভয়ে ভীত হইয়া) অভিনব কপট-পলায়ণ-লীলা করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫২।১০

৩৫১। হে কৃষ্ণ! তুমি (জরাসন্ধের দ্রুত আক্রমণ বিলম্বিত করিতে) পথিমধ্যে বহু বিত্ত পরিত্যাগ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫২।৮

৩৫২। হে কৃষ্ণ! তুমি শ্রীবলরাম সহ পলায়ন কালে বহু পথ পদব্রজে অতিক্রম করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫২।৮

৩৫৩। হে কৃষ্ণ! তুমি (বৃষ্টি-বহুল উত্তুঙ্গ) প্রবর্ষণ পর্ব্বতে আশ্রয় লাভার্থ আরোহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫২।১০

৩৫৪। হে কৃষ্ণ! তুমি (সেই প্রবর্ষণ পর্ব্বতে অদৃশ্য হইলে) জরাসন্ধ কর্ত্তৃক সেই পর্ব্বত চতুর্দ্দিকে অগ্নিবেষ্টিত হইয়াছিল।—শ্রীভাঃ ১০।৫২।১১

---

(১) অষ্টাদশ সমর :—সম্ভবতঃ শ্রীকৃষ্ণের বাইশ বৎসর বয়সে কাল যবনের সেনা ধ্বংসের অব্যবহিত পরেই জরাসন্ধের শেষ আক্রমণ হয়। এই পলায়ন লীলাও একটা অসামান্য রণকৌশল প্রদর্শন মাত্র।

৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬০। পর্ব্বতোৎপতন

[প্রবর্ষণ পর্ব্বত]

৩৫৫। দশৈক-যোজনোৎপতিত কৃষ্ণ

৩৫৬। অধঃস্থিতারাত্যলক্ষিত কৃষ্ণ

৩৫৭। সাগর-পরিখা-সংবৃত কৃষ্ণ

৩৫৮। নিত্য-বৈর-বাধা-নিস্কৃত কৃষ্ণ

৩৫৯। দুর্গম-দ্বারকা-বাসন কৃষ্ণ

৩৬০। মাগধ-মৃষাপসারণ কৃষ্ণ (১)

শ্রীভাগবত-লীলা

৩৫৫। হে কৃষ্ণ! তুমি অগ্নি হইতে আত্মরক্ষা হেতু প্রবর্ষণ হইতে লম্ফ প্রদানে একাদশ যোজন উৎপতিত হইয়াছিলে। —শ্রীভাঃ ১০।৫২।১২

৩৫৬। হে কৃষ্ণ! তুমি পর্ব্বত হইতে নিম্নে পতনকালে অধঃস্থিত শত্রু-সেনা তোমাকে দেখিতে পায় নাই।—শ্রীভাঃ ১০।৫২।১২

৩৫৭। হে কৃষ্ণ! তুমি শত্রুর অলক্ষ্যে সমুদ্র পারিখা বেষ্টিত দ্বারকায় আগমন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫২।১৩

৩৫৮। হে কৃষ্ণ! তুমি এই কৌশল দ্বারা ভারত পরিত্যাগ করিয়া নিত্য যুদ্ধ-বিগ্রহ হইতে পরিত্রাণ পাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫২।১৪

৩৫৯। হে কৃষ্ণ! তুমি এইরূপে (যবন বধের পরে) স্থায়ীভাবে দুর্গম দ্বারাবতী উপনিবেশে বাস করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫২।১৩

৩৬০। হে কৃষ্ণ! (এই লীলায় তুমি অগ্নিদগ্ধ হইয়াছ) এই মিথ্যা ধারণা সহ জরাসন্ধকে স্বদেশে পাঠাইয়াছিলে। —শ্রীভাঃ ১০।৫২।১৪

---

(১) মৃষাপসারণ :—শ্রীকৃষ্ণ প্রবর্ষণে অগ্নিদগ্ধ হইয়াছেন এই মিথ্যা বুদ্ধি বহু ভারতীয় রাজন্যগণের হইয়াছিল। কিছু পরে রুক্মিণীর বিবাহ কালে প্রকৃত সত্য প্রকাশিত হয়। (বর্ত্তমান যুগেও জার্ম্মাণীর হিটলার ও বঙ্গ-জননীর অমর পুত্র সুভাষচন্দ্রের অগ্নিদাহ সম্বন্ধে মতদ্বৈধ আছে।)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬১। নাম-কীর্ত্তন-সম্ভূত

[মথুরা]

৩৬১। নমো নাম-কীর্ত্তন-সম্ভূত কৃষ্ণ

৩৬২। নমো নাম-কীর্ত্তন-সংস্তুত কৃষ্ণ

৩৬৩। নমো নাম-কীর্ত্তন-সংস্মৃত কৃষ্ণ

৩৬৪। নমো নাম-কীর্ত্তন-সন্ধৃত কৃষ্ণ

৩৬৫। নমো নাম-কীর্ত্তন-সঙ্গীত কৃষ্ণ

৩৬৬। নমো নাম-কীর্ত্তন-সম্প্রীত কৃষ্ণ

৩৬১। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তন সময়ে আবির্ভূত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৬২। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তন দ্বারা সম্যকরূপে স্তবে পূজিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৬৩। হে কৃষ্ণ! নাম কীর্ত্তনে তুমি সম্যক্ স্মরণ মনন হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৬৪। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে ভক্তের নিকটে ধরা দিয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৬৫। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে সম্যক গীত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৬৬। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে সম্যক প্রীতি লাভ করিয়া থাক। তোমাকে প্রণাম করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬২। নাম-কীর্ত্তন-বন্দিত

[মথুরা]

৩৬৭। নমো নাম-কীর্ত্তন-বন্দিত কৃষ্ণ
৩৬৮। নমো নাম-কীর্ত্তন-নন্দিত কৃষ্ণ
৩৬৯। নমো নাম-কীর্ত্তন-রমিত কৃষ্ণ
৩৭০। নমো নাম-কীর্ত্তন-নমিত কৃষ্ণ
৩৭১। নমো নাম-কীর্ত্তন-হসিত কৃষ্ণ
৩৭২। নমো নাম-কীর্ত্তন-রসিত কৃষ্ণ

৩৬৭। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে সম্যক্‌রূপে বন্দিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৬৮। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে সম্যক্ আনন্দিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৬৯। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে সানন্দ-ক্রীড়াশীল হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৭০। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে সুষ্ঠুভাবে প্রণমিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৭১। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে সহাস্যবদন হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৭২। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে রস-স্বরূপে আস্বাদিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৩। নাম-কীর্ত্তনাহুত

[মথুরা]

৩৭৩। নমো নাম-কীর্ত্তনাহুত কৃষ্ণ

৩৭৪। নমো নাম-কীর্ত্তনাধূত কৃষ্ণ

৩৭৫। নমো নাম-কীর্ত্তনাহূত কৃষ্ণ

৩৭৬। নমো নাম-কীর্ত্তনাভূত কৃষ্ণ

৩৭৭। নমো নাম-কীর্ত্তনাকূত কৃষ্ণ

৩৭৮। নমো নাম-কীর্ত্তনারুত কৃষ্ণ

৩৭৩। হে কৃষ্ণ! নাম কীর্ত্তনে সম্যকরূপে তোমার আবাহন হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৭৪। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে (প্রসন্নতায়) আন্দোলিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৭৫। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে (পঞ্চ মহাযজ্ঞে) আহুতি প্রদত্ত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৭৬। হে কৃষ্ণ! নাম কীর্ত্তন দ্বারা (যুগে যুগে বহু ভক্ত) তোমাকে ধরিয়া থাকেন। তোমাকে প্রণাম করি।

৩৭৭। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে তোমাকে লাভের আকূতি শ্রবণ করিয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৭৮। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে (দশদিকে) ধ্বনিত ও প্রচারিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৪। নাম-কীর্ত্তনোল্লাস

[মথুরা]

৩৭৯। নমো নাম-কীর্ত্তনোল্লাস কৃষ্ণ
৩৮০। নমো নাম-কীর্ত্তন-বিলাস কৃষ্ণ
৩৮১। নমো নাম-কীর্ত্তন-বিভাস কৃষ্ণ
৩৮২। নমো নাম-কীর্ত্তন-বিকাশ কৃষ্ণ
৩৮৩। নমো নাম-কীর্ত্তন-সুহাস কৃষ্ণ
৩৮৪। নমো নাম-কীর্ত্তন-সুভাষ কৃষ্ণ

৩৭৯। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে উল্লসিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৮০। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে বিলাস করিয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৮১। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে বিভিন্নরূপে ব্যাখ্যাত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৮২। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে প্রেম-মধুররূপে প্রকাশিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৮৩। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে হাস্যমধুর হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৮৪। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে সম্যক্‌রূপে ভাষিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৫। নাম-সঙ্কীর্ত্তনার্চ্চিত

[মথুরা]

৩৮৫। নমো নাম-সঙ্কীর্ত্তনার্চ্চিত কৃষ্ণ
৩৮৬। নমো নাম-কীর্ত্তন-চর্চ্চিত কৃষ্ণ
৩৮৭। নমো নাম-সঙ্কীর্ত্তনার্জ্জিত কৃষ্ণ
৩৮৮। নমো নাম-কীর্ত্তন-গর্জ্জিত কৃষ্ণ
৩৮৯। নমো নাম-সঙ্কীর্ত্তনার্হিত কৃষ্ণ
৩৯০। নমো নাম-কীর্ত্তন-তর্পিত কৃষ্ণ

৩৮৫। হে কৃষ্ণ! তুমি নাম সংকীর্ত্তনে অর্চ্চিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি

৩৮৬। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তনে আলোচিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৮৭। হে কৃষ্ণ! তুমি নাম সঙ্কীর্ত্তনে (পরম-ধন-রূপে) অর্জ্জিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৮৮। হে কৃষ্ণ! নাম কীর্ত্তনে তোমারই মহিমা উচ্চকণ্ঠে ঘোষিত হইয়া থাকে। তোমাকে প্রণাম করি।

৩৮৯। হে কৃষ্ণ! তুমি নাম সঙ্কীর্ত্তনে পুজিত হইয়া থাক। তোমাকে প্রণাম করি।

৩৯০। হে কৃষ্ণ! তুমি নাম কীর্ত্তন শ্রবণে পরম তৃপ্তিলাভ করিয়া থাক। তোমাকে প্রণাম করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৬। স্বয়ং-ভগবান

[মথুরা]

৩৯১। নমস্তে স্বয়ং ভগবন্ কৃষ্ণ (১)

৩৯২। নমস্তে স্বস্থ-স্ময়মন্ কৃষ্ণ

৩৯৩। নমস্তে বহ্ববমানিত কৃষ্ণ

৩৯৪। নমস্তে জগদ্ধিতান্বিত কৃষ্ণ

৩৯৫। জয়তু ভারতী-সংস্কৃতিঃ কৃষ্ণ

৩৯৬। জীবতু পূর্ণেন্দু-প্রণতিঃ কৃষ্ণ

ইতি শ্রীনামভাগবতে শ্রীঘোষঠাকুরকৃতে
শ্রীমথুরা-লীলা-নাম-ধেয়া দ্বিতীয়াঞ্জলিঃ

৩৯১। হে কৃষ্ণ! তুমি স্বয়ং ভগবান (অষ্টাবিংশ দ্বাপরান্তে নররূপে ভারতে আবির্ভূত হইয়াছিলে) তোমাকে প্রণাম করি। স্কঃ পুঃ বিঃ ৩।১০

৩৯২। হে কৃষ্ণ! তুমি চির-নিরুদ্বিগ্ন, (নির্বিকল্প) চির-হাস্য-ময়। তোমাকে প্রণাম করি।

৩৯৩। হে কৃষ্ণ! তুমি (তোমারি স্বজন কর্ত্তৃক) বহু অপমানিত হইয়াছ। তোমাকে প্রণাম করি।

৩৯৪। হে কৃষ্ণ! তুমি (নিত্যই) জগতের মঙ্গল চিন্তা ও কল্যাণকর্ম্ম করিয়াছ। তোমাকে প্রণাম করি।

৩৯৫। হে কৃষ্ণ! (তোমার সনাতন সত্য বাণী ও অনবদ্য আচরণ অনুসরণরূপ) ভারতীয় সংস্কৃতি (সর্ব্ব বিশ্বে) জয়যুক্ত হউক।

৩৯৬। হে কৃষ্ণ! (দাসানুদাস) পূর্ণেন্দুর এই (বাক্যময়ী পূজা) ও প্রণাম (লোক লোকান্তরে) জীবন্ত হউক।

---

(১) স্বয়ং ভগবান—"অষ্টাবিংশে দ্বাপরান্তে স্বয়মেব যদা হরি" স্কঃ পুঃ বিঃ ৩।১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীনাম-ভাগবতম্

[শ্রীদ্বারাবতী-লীলা]

[ত্রয়োবিংশতি বর্ষ হইতে অষ্টাশীতি বর্ষ পর্য্যন্ত]

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্
দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ

৯। কল্যাণ-রাষ্ট্র-পরিকল্পনা

[দ্বারাবতী]

১। কল্যাণ-রাষ্ট্র-সুকল্পিত কৃষ্ণ
২। সুখদ-যৎসর্ব্ব-জল্পিত কৃষ্ণ
৩। স্বল্প-তুষ্ট-বিপ্রযৎ-তৎপ্রিয় কৃষ্ণ
৪। যদবিহত-ধর্ম্মতৎ-প্রিয় কৃষ্ণ
৫। যদনশন-হীনানুমত কৃষ্ণ (১)
৬। যদৃদ্ধ-জন-রাষ্ট্র-ভন্মত কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ বিষ্ণু পর্ব্ব-লীলা

১। হে কৃষ্ণ! তুমি দ্বারাবতীতে কল্যাণরাষ্ট্রের স্রষ্টা। শ্রীভাঃ ১০।৫২।৩০-৩৪

২। হে কৃষ্ণ! তোমার রাষ্ট্র সর্ব্ব প্রজার সুখাবহ। শ্রীভাঃ ১০।৫২।৩৪।

৩। হে কৃষ্ণ! কল্যাণ-রাষ্ট্রের শিক্ষিত নির্লোভ। শ্রীভাঃ ১০।৫২।৩৩

৪। হে কৃষ্ণ! কল্যাণ রাষ্ট্রে স্বধর্ম্মাচরণ নির্বাধ। শ্রীভাঃ ১০।৫২।৩০

৫। হে কৃষ্ণ! যে রাষ্ট্রে কোন অনশনক্লিষ্ট যাচক বা মলিন ও ব্যাধিগ্রস্ত প্রজা নাই তাহাই তোমার অভিমত রাষ্ট্র।—হরিঃ বিঃ ৫৮।৬৩

৬। হে কৃষ্ণ! যে রাষ্ট্রের প্রজাগণ স্বাস্থ্য, শিক্ষা, খাদ্যে, ও চরিত্রে সমৃদ্ধ তাহাই তোমার অনুমোদিত রাষ্ট্র।—হরিঃ বিঃ ৫৮।৬৫

---

(১) অনশন :—"নেচ্ছাম্যনশিতং দ্রষ্টুং কৃশং মলিনমেবচ
দেহীতি চৈব যাচন্তং নগর্য্যাং নির্দ্ধনম্ নরম্"—হরিঃ বিঃ ৫৮।৬৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২। কল্যাণ-রাষ্ট্র-গঠন

[দ্বারাবতী]

৭।	উগ্রসেনাসন-স্থাপন	কৃষ্ণ (১)
৮।	কৃত-কাশ্য-ব্যবস্থাপন	কৃষ্ণ
৯।	অনাধৃষ্টি-সেনানী-করণ	কৃষ্ণ
১০।	বিকদ্রু-বরমন্ত্রি-বরণ	কৃষ্ণ
১১।	দশ-স্থবির-সংস্থাপক	কৃষ্ণ
১২।	আভ্যন্তরিক-নির্ব্বাচক	কৃষ্ণ

শ্রীভাগবত, দেবীভাগবত ও হরিবংশ-লীলা

৭। হে কৃষ্ণ! তুমি উগ্রসেনকে দ্বারাবতী রাজ্যের সিংহাসনে স্থাপন করিয়াছিলে। (স্বয়ং রাজার দাসের ন্যায় ছিলে) দেবী ভাঃ ৪।১৭।৪৩ ব্রঃ বৈঃ কৃঃ ১০৪।৮৭ শ্রীভাঃ ১০।৫৬।৫৮ হরিঃ বিঃ ৫৮।৮০

৮। হে কৃষ্ণ! তুমি (তোমার অবন্তীপূরের অধ্যাপক) সান্দীপনিকে উপনিবেশ রাষ্ট্রের প্রধান ব্যবস্থাপক করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৮০

৯। হে কৃষ্ণ! তুমি (এক যাদব শাখার) অনাধৃষ্টিকে প্রধান সেনাপতি নিযুক্ত করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৮০

১০। হে কৃষ্ণ! তুমি (অপর যাদব শাখার) বিকদ্রুকে প্রধান মন্ত্রী নিযুক্ত করিয়াছিলে। হরিঃ বিঃ ৫৮।৮০

১১। হে কৃষ্ণ! তুমি (যদুবংশের ৮টি শাখা হইতে) দশজন প্রবীণ ব্যক্তি দ্বারা মন্ত্রিমণ্ডল গঠন করিয়াছিলে। হরিঃ বিঃ ৫৮।৮০

১২। হে কৃষ্ণ! তুমি রাজ্য বিষয়ক গুপ্তমন্ত্রণার ভার নির্ব্বাচিত আভ্যন্তরিক মন্ত্রি-মণ্ডলের উপর ন্যস্ত করিয়াছিলে। হরিঃ বিঃ ৪৮।৮০

---

(১) উগ্রসেন (ক) শ্রীকৃষ্ণ স্বয়ং দ্বারাবতী রাষ্ট্র স্থাপন করিলেও রাজা বা প্রধান সেনাপতি বা প্রধান মন্ত্রী বা ব্যবস্থাপক বা মন্ত্রিসভার সদস্য বা কোন মর্য্যাদার পদ গ্রহণ করেন নাই।—হরিঃ বিঃ ৫৮।৮০
(খ) "উগ্রসেনস্য সেবা বৈ দাসবৎ সততং কৃতা" দেবী ভাঃ ৪।১৭।৪৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩। কল্যাণ-সমাজ-প্রতিষ্ঠা

[দ্বারাবতী]

১৩। শ্রেণী-মর্যাদা-নিয়ামক কৃষ্ণ

১৪। প্রকৃতি-প্রীতি-বিধায়ক কৃষ্ণ

১৫। দূরীকৃত-দৈন্য-ত্বরিত কৃষ্ণ

১৬। অভিপ্রেত-জনাপুরিত কৃষ্ণ

১৭। চাতুর্ব্ব্যণ্য-জনালঙ্কৃত কৃষ্ণ (১)

১৮। স্বাস্থ্য-সুখসম্পৎ-ঝঙ্কৃত কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ বিষ্ণুপর্ব্ব-লীলা

১৩। হে কৃষ্ণ! তুমি দ্বারাবতীর বিভিন্ন শ্রেণীর প্রজা প্রধান গণের শ্রেণী-মর্য্যাদা স্থাপন করিয়াছিলে। হরিঃ বিঃ ৫৮।৭৯

১৪। হে কৃষ্ণ! তুমি সর্ব্বশ্রেণীর প্রজাগণের সর্ব্বপ্রকার সুখ স্বাচ্ছন্দ্য লাভের ব্যবস্থা করিয়াছিলে।—হরি বিঃ ৫০।৭৯

১৫। হে কৃষ্ণ! তুমি (দ্বারাবতী হইতে সর্ব্বপ্রকার দৈহিক, মানসিক ও আর্থিক) দৈন্য ও পাপাচার দূরীভূত করিয়াছিলে। —হরিঃ বিঃ ৫৮।৬৫

১৬। হে কৃষ্ণ! তুমি সর্ব্বজন অভিপ্রেত নাগরিক দ্বারা নগর পূর্ণ করিয়াছিলে। (সমাজদ্রোহীদের স্থান তথায় ছিলনা) হরিঃ বিঃ৫৮।৫৫

১৭। হে কৃষ্ণ! তুমি সেই অনার্য্য দেশের উপনিবেশেও ভারতীয়-আর্য্য আচার বিশিষ্ট চাতুর্ব্বর্ণ্য-সমাজ-প্রতিষ্ঠা করিয়াছিলে। —শ্রীভাঃ ১০।৫০।৫৩

১৮। হে কৃষ্ণ! তুমি দ্বারাবতী রাষ্ট্র স্বাস্থ্যসুখ ও সম্পদের আনন্দ ঝঙ্কারে পূর্ণ করিয়াছিলে শ্রীভাঃ ১০।৫০।৫৪ হরিঃ ৫৮।৮৩

---

(১) চাতুর্ব্বর্ণ্য :—দ্বারাবতী (আর্য্যভূমি ভারতের বাহিরে অনার্যদেশ ছিল)। "দেশান্তরেঽনার্য্যে গতবান্ স কথংহরিঃ" দেবী ভাঃ ৪।১৭।২৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪। অতি-সঞ্চয়ী-শাসন

[দ্বারাবতী]

১৯।	সর্ব্ব-জন-সমৃদ্ধি-লিপ্স	কৃষ্ণ
২০।	ধন-সমতা-বিধানেপ্স	কৃষ্ণ
২১।	নিধি-পতি-শঙ্খাহ্বায়ন	কৃষ্ণ
২২।	স্ব-গৃহ-গুহ্যকানয়ন	কৃষ্ণ
২৩।	নৈশানুশাসন-দায়ক	কৃষ্ণ (১)
২৪।	গণ-সমৃদ্ধি-বিধায়ক	কৃষ্ণ

হরিবংশ বিষ্ণুপর্ব্ব-লীলা

১৯। হে কৃষ্ণ! তুমি দ্বারাবতী রাষ্ট্রের সর্ব্ব শ্রেণীর প্রজার সমৃদ্ধিকামী ছিলে। হরিঃ বিঃ ৫৮।৫৭

২০। হে কৃষ্ণ! তুমি রাষ্ট্রের সর্ব্ব প্রজার ধন-সমতা সাধনের অভিলাষী ছিলে। হরিঃ বিঃ ৫৮।৫৭

২১। হে কৃষ্ণ! তুমি (বহু ধন-সঞ্চয়কারী স্বার্থপর কৃপণ) শঙ্খ নামক যক্ষকে আহ্বান করিয়াছিলে। হরিঃ বিঃ ৫৮।৫৮

২২। হে কৃষ্ণ! তুমি (সেই দেশাত্মবুদ্ধিবিহীন) ধনপতি গুহ্যককে (গোপনে) স্বগৃহে আনিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৫৮

২৩। হে কৃষ্ণ! তুমি সেই (নিজোদর-পূর্ণকারী যক্ষকে তাহার গুপ্তধন বণ্টন দ্বারা দ্বারাবতীর সর্ব্বপ্রজাকে ধনবান করিতে) রাত্রিকালে আদেশ দিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৬২-৬৩

২৪। যে কৃষ্ণ! তুমি (অনুশাসন দিয়াই কর্ত্তব্য শেষ কর নাই) সেই যক্ষধন বণ্টন দ্বারা সমস্ত দ্বারকাবাসীর দৈন্য দূর করিয়াছিলে। —হরিঃ বিঃ ৫৮।৬৫

---

(১) অনুশাসনঃ—জনাঃ কৃশধনা যেঽস্মিংস্তান্ ধনেনাভিপূরয়”
হরিঃ বিঃ ৫৮।৬২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫। সর্ব্বজন-দৈন্য নিরসন

[দ্বারাবতী]

২৫।	যক্ষ-ধনাধন-বণ্টক	কৃষ্ণ
২৬।	অনশন-কণ্টক-কণ্টক	কৃষ্ণ
২৭।	নির্দ্ধন-ধনাঢ্য-কারণ	কৃষ্ণ
২৮।	কৃশানশিতার্ত্তি-বারণ	কৃষ্ণ
২৯।	কৃত-যাচক-জনাভাব	কৃষ্ণ
৩০।	দূরীকৃত-দীন-স্বভাব	কৃষ্ণ (১)

হরিবংশ বিষ্ণুপর্ব্ব-লীলা

২৫। হে কৃষ্ণ! তুমি যক্ষের (লুক্কায়িত) ধনরাশি (দ্বারাবতীর) নির্ধন ব্যক্তিবর্গকে (তাহা দ্বারাই) বণ্টন করিয়া দেওয়াইয়াছিলে। —হরিঃ বিঃ ৫৮।৬৪

২৬। হে কৃষ্ণ ! তুমি (দ্বারাবতী রাষ্ট্র হইতে) অনাহার রূপ কণ্টক চিরতরে উৎপাটন করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৬৩

২৭। হে কৃষ্ণ! তুমি রাষ্ট্রের সমস্ত নির্দ্ধন ব্যক্তিকে ধনাঢ্য করিয়াছিলে। হরিঃ বিঃ ৫৮।৬৫

২৮। হে কৃষ্ণ! তুমি অনশন-কৃশ জনতার সর্ব্ব ক্লেশ দূর করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৬৩-৬৫

২৯। হে কৃষ্ণ! তোমার ব্যবস্থাপনায় দ্বারাবতীতে কোন ভিখারী ছিল না।—হরিঃ বিঃ ৫৮।৬৩

৩০। হে কৃষ্ণ! তুমি (দ্বারাবতী রাষ্ট্র হইতে) সর্ব্বপ্রকার আর্থিক দৈন্য ও সামাজিক দুর্নীতি দূর করতঃ সকলকে সুখী করিয়াছিলে। —হরিঃ বিঃ ৫৮।৬৫-৬৬

---

(১) দীন স্বভাবঃ—

"নাধনো বিদ্যতে তত্র ক্ষীণভাগ্যোঽপি বা নরঃ
কৃশো বা মলিনো বাপি দ্বারবত্যাং কথঞ্চন"।—হরিঃ বিঃ ৫৮।৬৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬। বাণিজ্যোন্নয়ন

[দ্বারাবতী]

৩১। কৃত-সার্থবাহ-শোভন কৃষ্ণ
৩২। কৃত-নানা-পণ্য-লোভন কৃষ্ণ
৩৩। কৃত-কান্ত-মানবাগার কৃষ্ণ (১)
৩৪। কৃত-প্রপা-বাপী-প্রাকার কৃষ্ণ
৩৫। কৃত-সর্ব্ব-রত্ন-সমৃদ্ধি কৃষ্ণ
৩৬। কৃত-কান্তোপবন-বৃদ্ধি কৃষ্ণ

৩১। হে কৃষ্ণ! তুমি দ্বারাবতী রাজ্য (নানা দেশীয়) বণিক দ্বারা শোভিত করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৪৬

৩২। হে কৃষ্ণ! তুমি বিভিন্ন পণ্যসম্ভার দ্বারা দ্বারাবতী উপনিবেশ (রাজ্য বাস) লোভনীয় করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৪৬

৩৩। হে কৃষ্ণ! তুমি উপনিবেশ রাষ্ট্র সুন্দর নরনারীর বাসভূমিতে পরিণত করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৪৬

৩৪। হে কৃষ্ণ! তুমি বহু জলসত্র, জলাশয়, পুষ্করিণী ও প্রাকারাদি দ্বারা দ্বারাবতী পূর্ণ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৪৭, ৯৮।৬৭

৩৫। হে কৃষ্ণ! তুমি সর্ব্বপ্রকার মণিরত্ন দ্বারা দ্বারাবতী পুরী সমৃদ্ধি পূর্ণ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৪৯ ; ৫৬ ; শ্রীভাঃ ১০ ৫৯।৩৬

৩৬। হে কৃষ্ণ! তুমি বহু সুন্দর উপবন নির্ম্মাণ দ্বারা দ্বারাবতীর সৌন্দর্য্য বৃদ্ধি করিয়াছিলে।—হরিঃ বিঃ ৫৮।৫২

---

(১) কান্তমানবাগারঃ :—কান্তনারীনরগণা বণিগ্‌ভিরুপশোভিতা”
—হরিঃ বিঃ ৫৮।৪৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭। পশু-শালা-শোভন

[দ্বারাবতী]

৩৭। চতুর্দ্দন্তৈরৈরাবতালঙ্কৃত কৃষ্ণ (১)

৩৮। পাণ্ডুর-দ্বিরদ-পরিবৃত কৃষ্ণ

৩৯। নানা-দেশজাশ্ব-গবান্বিত কৃষ্ণ

৪০। শ্যামৈক-কর্ণাশ্ব-সমন্বিত কৃষ্ণ (২)

৪১। মনোজব-শ্বেতাশ্ব-সংবৃত কৃষ্ণ

৪২। প্রিয়-দর্শন-পক্ষি-ঝঙ্কৃত কৃষ্ণ (৩)

শ্রীভাগবত ও হরিবংশ বিষ্ণুপর্ব্ব-লীলা

৩৭। হে কৃষ্ণ! তুমি (দ্বারাবতীর পশুশালায়) চারিদন্ত বিশিষ্ট ঐরাবত হস্তিতে অলঙ্কৃত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৯।৩৭

৩৮। হে কৃষ্ণ! তুমি দ্বারাবতীতে (শ্বেতবর্ণ হস্তি দ্বারা) পরিবৃত ছিলে।—শ্রীভাঃ ১০।৫৯।৩৭

৩৯। হে কৃষ্ণ! তুমি নানা দেশীয় অশ্ব ও গোসমূহ দ্বারা শোভিত ছিলে।—হরিঃ বিঃ ৬৪।১৩।১৪, ৯৮।৭৪

৪০। হে কৃষ্ণ। তুমি শ্যামবর্ণ এককর্ণ অশ্ব দ্বারা মণ্ডিত ছিলে। —শ্রীভাঃ ১০।৫০।৫৫

৪১। হে কৃষ্ণ! তুমি মনের ন্যায় শীঘ্রগামী শ্বেতবর্ণ অশ্বসমূহ দ্বারা পরিবৃত ছিলে।—শ্রীভাঃ ১০।৫০।৫৫

৪২। হে কৃষ্ণ! তুমি বিবিধ প্রকার প্রিয় দর্শন পক্ষি সমূহ দ্বারা ভবনসমূহে ঝঙ্কৃত হইতে।—হরিঃ বিঃ ৬৪।১৫ ; ৯৮।৭৩

---

(১) চতুর্দ্দন্ত :—ঐরাবতকুলেভাংশ্চ চতুর্দ্দন্তাংস্তরস্বিনঃ—শ্রীভাঃ ১০।৫৯।৩৭

(২) শ্যামৈককর্ণা :—শ্যামৈককর্ণান্ বরুণো হয়ান্ শুক্লান্ মনোজবান্" —শ্রীভাঃ ১০।৫০।৫৫

(৩) কামব্যাহারিণশ্চৈব পক্ষিণঃ প্রিয়দর্শনাঃ। হরিঃ বিঃ ৬৪।১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮। ফল-পুষ্পোদ্যান-পালন

[দ্বারাবতী]

৪৩।	বর্দ্ধিত-বর্ণাঢ্যানোকহ	কৃষ্ণ
৪৪।	রোপিত-সর্ব্বর্ত্তূ-ভূরুহ	কৃষ্ণ
৪৫।	হিমাদ্রি-পাদপ-রক্ষণ	কৃষ্ণ (১)
৪৬।	মেরুরুহ-তরু-রোপন	কৃষ্ণ (২)
৪৭।	দিব্য-পারিজাত-সংহৃত	কৃষ্ণ
৪৮।	সর্ব্ব-ফল-প্রসূনাবৃত	কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ বিষ্ণুপর্ব্ব-লীলা

৪৩। হে কৃষ্ণ ! তুমি (দ্বারাবতীর) উদ্যান সমূহে নানাবর্ণের পুষ্পপত্র বিশিষ্ট বৃক্ষলতাদি বর্দ্ধিত করিয়াছিলে।—হরিঃ বিঃ ৯৮।৭০

৪৪। হে কৃষ্ণ ! তুমি (শীতগ্রীষ্মাদি) সর্ব্ব ঋতুতে উৎপন্ন নানাবিধ ফল পুষ্প বৃক্ষ রোপন করিয়াছিলে।—হরিঃ বিঃ ৯৮।৭০

৪৫। হে কৃষ্ণ! তুমি (সমুদ্র মধ্যস্থ দ্বীপে) উত্তুঙ্গ হিমালয় পর্ব্বত সম্ভূত বিবিধ ফল পুষ্পবৃক্ষ রক্ষা করিয়াছিলে। হরিঃ বিঃ ৯৮।৬৯

৪৬। হে কৃষ্ণ ! তুমি (সমুদ্র দ্বীপ মধ্যে) তুষারাচ্ছন্ন মেরু প্রদেশ জাত বৃক্ষসমূহ রক্ষা করিয়াছিলে।—হরিঃ বিঃ ৯৮।৬৯

৪৭। হে কৃষ্ণ ! তুমি (পৃথিবীর মাটিতে) স্বর্গের নন্দনকানন জাত পারিজাত বৃক্ষে ফুল ফুটাইয়াছিলে। শ্রীভাঃ ১০।৫০।৫১ হরিঃ বিঃ ৯৮।৬৪

৪৮। হে কৃষ্ণ ! তুমি দ্বারাবতী দ্বীপকে সর্ব্বদেশের সর্ব্ব ফল, পুষ্প বৃক্ষলতায় পরিবৃত করিয়াছিলে। হরিঃ বিঃ ৯৮।৭২

---

(১) হিমাদ্রিপাদপঃ ঃ—যে চ হৈমবতো বৃক্ষা যে চ মেরুরুহাস্তথা' হরিঃ বিঃ ৯৮।৬৯

(২) পারিজাতশ্চ তত্রৈব কেশবেনাহৃতঃ স্বয়ম্। হরিঃ বিঃ ৯৮।৬৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯। গার্হস্থ্য-আশ্রম-প্রবেশ

[দ্বারাবতী]

৪৯। গার্হস্থ্যাশ্রম-প্রবেশন কৃষ্ণ

৫০। বৈদর্ভী-বার্ত্তা-নিবেদন কৃষ্ণ

৫১। চেদিপ-প্রয়াস-শ্রাবিত কৃষ্ণ

৫২। সর্ব্বারি-দমন-ধাবিত কৃষ্ণ

৫৩। রুক্মিণী-প্রণয়ানন্দিত কৃষ্ণ

৫৪। কুরু-কেকয়াভিবন্দিত কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ ও গর্গসংহিতা দ্বারকা খণ্ড-লীলা

৪৯। হে কৃষ্ণ! তুমি (অরাজা থাকিয়াই) গৃহস্থাশ্রমে প্রবেশ করিয়াছিলে। হরিঃ বিঃ ৩৫।১৯ ; ৫০।১-২

৫০। হে কৃষ্ণ! তুমি বিদর্ভ রাজকন্যা রুক্মিণীর প্রতি তদ্‌ভ্রাতা রুক্মীর অত্যাচার বার্ত্তা নিবেদিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫২।৩৬-৪৩

৫১। হে কৃষ্ণ! তুমি চেদিরাজপুত্র শিশুপাল কর্ত্তৃক অকামা রুক্মিণীকে বিবাহ প্রয়াসের কথা শুনিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫২।২৫, ৪০

৫২। হে কৃষ্ণ! তুমি অনুরক্তা ও আশ্রয়ার্থিনী রুক্মিণীর সর্ব্বশত্রু দমনের জন্য দ্রুত বিদর্ভে গিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৩।৬ ; গর্গঃ দ্বাঃ ৪।২১

৫৩। হে কৃষ্ণ! তুমি (জরাসন্ধাদি রাজগণকে যুদ্ধে পরাজিত করিয়া) রুক্মিণীকে দ্বারাবতী আনিয়া অগ্রহায়ণ মাসে বিবাহ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৪।৫৩ ; গর্গঃ দ্বাঃ ৭।৪৩

৫৪। হে কৃষ্ণ! তুমি বিবাহোৎসবে আগত কুরু কেকয় বিদর্ভ প্রভৃতি রাজন্যবর্গ কর্ত্তৃক অভিনন্দিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৪।৫৮

---

(১) বৈদর্ভী : পূর্ব্বানুষ্ঠিত স্বয়ম্বরকালে নিমন্ত্রিত রাজন্যগণ কর্ত্তৃক অরাজা কৃষ্ণের অপমানে রুক্মিণী প্রতিজ্ঞা করিয়াছিলেন, তিনি কদাচ কোন রাজার পত্নী হইবেন না।

"ন চান্যেষাং নরেন্দ্রাণাং পত্নী ভবিতুমুৎসহে
কৃষ্ণাৎ কমলপত্রাক্ষাৎ সত্যমেতদ্বচো মম" হরিঃ বিঃ ৫২।৫১

৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১০। রুক্মিণী-মান-বর্দ্ধন

[নর্ম্মদা-তীর]

৫৫। শ্যালক-কথন-শ্রাবিত কৃষ্ণ

৫৬। ভগিন্যানয়ন-জ্ঞাপিত কৃষ্ণ (১)

৫৭। রুক্মিণী-মান-বিবর্দ্ধন কৃষ্ণ

৫৮। রুক্ম্যভিমান-সংমর্দ্দন কৃষ্ণ

৫৯। বিরূপ-স্বজন-রক্ষণ কৃষ্ণ

৬০। কারিত-বন্ধন-মোচন কৃষ্ণ

শ্রীভাগবত ও গর্গসংহিতা দ্বারকা খণ্ড-লীলা

৫৫। হে কৃষ্ণ! তুমি রুক্মিণীর (জ্যেষ্ঠ ভ্রাতা) রুক্মীর তোমাকে নিধনের প্রতিজ্ঞাযুক্ত আত্মশ্লাঘা শুনিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৪।২০

৫৬। হে কৃষ্ণ! তুমি রাজপুত্র কর্ত্তৃক তোমার নিধনান্তর রুক্মিণীকে বিদর্ভে প্রত্যানয়নের প্রতিজ্ঞার কথাও শুনিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৪।২০

৫৭। হে কৃষ্ণ! তুমি (নর্ম্মদাতীরে বন্দী রুক্মীর জীবন রুক্মিণীর অনুরোধে রক্ষা করিয়া তাঁহার মান বর্দ্ধন করিয়াছিলে।

—শ্রীভাঃ ১০।৫৪।৩৩

৫৮। হে কৃষ্ণ! তুমি শ্যালক রুক্মীর (বীর্য্য-শ্লাঘা ও আভিজাত্যাভিমান সম্পূর্ণরূপে চূর্ণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৪।৩৫

৫৯। হে কৃষ্ণ! তুমি (তোমাকে নিধন করিতে প্রাণপণ যত্নশীল) আত্মীয়ের মস্তক-মুণ্ডন দণ্ড বিধান করিয়া তাহার জীবন রক্ষা করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৪।৩৫ ; পদ্মঃ পুঃ ১৪৭।৪১ ; গর্গঃ দ্বাঃ ৭।৩০

৬০। হে কৃষ্ণ! তোমা কর্ত্তৃক বন্দীকৃত রুক্মীর বন্ধন তুমি রুক্মিণীর সমক্ষে বলরাম কর্ত্তৃক মুক্ত করাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৪।৩৬

---

(১) নিধন : অহত্বা সমরে কৃষ্ণমপ্রত্যূহ্য যবীয়সীম্
কুণ্ডিনং ন প্রবেক্ষ্যামি সত্যমেতদ্ ব্রবীমি বঃ।
—শ্রীভাঃ ১০।৫৪।২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২১। মণিহরণ-অপবাদ

[ঋক্ষ-বান্ পর্ব্বত)

৬১।	সর্ব্ব-গুণ-গণ-ভূষিত	কৃষ্ণ
৬২।	মণি-হরণাঘ-দূষিত	কৃষ্ণ
৬৩।	ঋক্ষ-রাজ-বিল-প্রবিষ্ট	কৃষ্ণ (১)
৬৪।	বহু-দিবসাহব-ক্লিষ্ট	কৃষ্ণ
৬৫।	জাম্ববত-তনয়াবাপ্ত	কৃষ্ণ
৬৬।	স্যমন্তক-যৌতুক-প্রাপ্ত	কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ হরিবংশ-পর্ব্ব-লীলা

৬১। হে কৃষ্ণ! তুমি (দ্বারাবতীর সর্ব্বজন সমৃদ্ধকামী) ও সর্ব্বমান্য সর্ব্ব-গুণ-গণ ভূষিত নাগরিক ছিলে।—শ্রীভাঃ ১০।৫৬।৬-৮

৬২। হে কৃষ্ণ! তুমি ধনী সত্রাজিত কর্ত্তৃক স্যমন্তকমণি হরণাপবাদে মিথ্যা কলঙ্কিত হইয়াছিলে।—হরিঃ বিঃ ৩৮।২৯ ; শ্রীভাঃ ১০।৫৬।১৬

৬৩। হে কৃষ্ণ! তুমি মণি অন্বেষণে (ঋক্ষবান পর্ব্বতস্থিত) ঋক্ষরাজ বিবরে প্রবেশ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৬।১৯ ; হরিঃ হরিঃ ৩৮।৩৪

৬৪। হে কৃষ্ণ! তুমি (অপহৃত মণি উদ্ধারের জন্য) মহাবলবান জাম্ববানের সঙ্গে (অষ্টাবিংশতি অহোরাত্র) দ্বন্দ্বযুদ্ধে ব্যাপৃত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৬।২৪ ; হরিঃ হরিঃ ৩৮।৩৯ ; গর্গঃ দ্বাঃ ৮।৯

৬৫। হে কৃষ্ণ! তুমি (দিব্যদৃষ্টি প্রাপ্ত) জাম্ববান কর্ত্তৃক (জাম্ববতী) কন্যা প্রদত্ত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৬।৩২ ; হরিঃ হরিঃ ৩৮।৪১

৬৬। হে কৃষ্ণ! তুমি জাম্ববান কর্ত্তৃক কন্যা বিবাহের যৌতুক স্বরূপ স্যমন্তক মণি প্রদত্ত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৬।৩২ ; হরিঃ হরিঃ ৩৮।৪১ ; গর্গঃ দ্বাঃ ৮।১০

(১) ঋক্ষরাজবিলঃ—নর্ম্মদাতীরবর্ত্তী ঋক্ষবান পর্বতে জাম্ববানের গুহা। "ঋক্ষবন্তং গিরিবরং বিন্ধ্যঞ্চ গিরিমুত্তমম্" হরিঃ হরিঃ ৩৮।৩২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২। সগোত্রা-পরিণয়

[দ্বারাবতী]

৬৭। সদসি-রহস্য-ভাষণ কৃষ্ণ

৬৮। কলঙ্ক-কলুষ-নাশন কৃষ্ণ

৬৯। মহা-মূল্য-মণি-কামদ কৃষ্ণ

৭০। সুনাম-দূষক-মানদ কৃষ্ণ

৭১। সত্যভামা-কন্যাঙ্গীকৃত কৃষ্ণ

৭২। যৌতুক-রত্নক-ধিকৃকৃত কৃষ্ণ (১)

শ্রীভাগবত ও হরিবংশ ও গর্গসংহিতা দ্বারকা খণ্ড-লীলা

৬৭। হে কৃষ্ণ! তুমি জাম্ববান হইতে (স্যমন্তক প্রাপ্তি বিষয়ক) সমস্ত রহস্য যদুরাজ সভায় বলিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৬।৩৮; হরিঃ বিঃ ৩৮।৪৩

৬৮। হে কৃষ্ণ! তুমি নিজ বাহুবলে স্যমন্তক উদ্ধার করিয়া নিজ কলঙ্ক মোচন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৬।৩৮; হরিঃ হরিঃ ৩৮।৪৪

৬৯। হে কৃষ্ণ! তুমি (জাম্ববান হইতে যৌতুক স্বরূপপ্রাপ্ত) মহামূল্যমণি সত্রাজিতকে প্রদান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৬।৩৮; হরিঃ হরিঃ ৩৮।৪৩; গর্গঃ দ্বাঃ ৮।১১

৭০। হে কৃষ্ণ! তুমি মহামূল্য মণি দান করিয়া মিথ্যাপবাদ দাতাকেই সম্মানিত করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৬।৪০

৭১। হে কৃষ্ণ! তুমি সত্রাজিতের প্রদত্ত তাঁহার কন্যা (সগোত্রা ও বাগ্‌দত্তা) সত্যভামাকে পত্নীত্বে গ্রহণ করিয়াছিলে।—
শ্রীভাঃ ১০।৫৬।৪৪; হরিঃ হরিঃ ৩৮।৪৭; গর্গঃ দ্বাঃ ৮।১২

৭২। হে কৃষ্ণ! তুমি (রাজা সত্রাজিত কর্ত্তৃক যৌতুকরূপে প্রদত্ত স্যমন্তক) গ্রহণ করিতে অস্বীকার করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৬।৫৫

---

(১) স্যমন্তক :—"ভগবানাহ ন মণিং প্রতীচ্ছামো বয়ং নৃপ"। শ্রীভাঃ ১০।৫৬।৪৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৩। কুন্তী-কুল্য-করণ

[হস্তিনাপুর]

৭৩। জতু-গৃহ-মোক্ষ-বিদিত কৃষ্ণ

৭৪। কুল্য-করণ-সুবিহিত কৃষ্ণ (১)

৭৫। সাগ্রজ-হস্তিনা-গমন কৃষ্ণ

৭৬। বিদুর-দ্রোণ-সম্মেলন কৃষ্ণ

৭৭। কপট-শোক-প্রকাশক কৃষ্ণ

৭৮। পাণ্ডবান্বেষণ-বারক কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

৭৩। হে কৃষ্ণ! তুমি (পাণ্ডবগণসহ কুন্তীর) জতুগৃহের অগ্নি হইতে গোপনে পলায়ন সংবাদ পূর্ব্বেই অবগত ছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।১

৭৪। হে কৃষ্ণ! তুমি (সত্যভামা পরিণয়ের পরই) (কুলোচিত শোক প্রকাশ) করিতে হস্তিনায় গিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।২

৭৫। হে কৃষ্ণ! তুমি অগ্রজ বলরাম সহ (এই প্রথমবার) কুরু রাজধানীতে গমন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।১

৭৬। যে কৃষ্ণ! তুমি এই উপলক্ষে পাণ্ডবগণের প্রকৃত শুভানুধ্যায়ী ভীষ্ম, দ্রোণ, বিদুর, গান্ধারী প্রভৃতির সঙ্গে মিলিত ও পরিচিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।২

৭৭। হে কৃষ্ণ! তুমি পাণ্ডব মৃত্যুতে ব্যথিত ব্যক্তিবর্গের নিকট পাণ্ডব ও কুন্তীর আকস্মিক অগ্নিদাহের জন্য কপট শোক প্রকাশ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।২

৭৮। হে কৃষ্ণ! তুমি এইরূপে দুর্য্যোধন কর্ত্তৃক পাণ্ডবান্বেষণ বারণ করিয়া (তাঁহাদিগকে নিরাপদ করিয়াছিলে)।—শ্রীভাঃ ১০।৫৭।২

---

(১) কুল্যকরণ :—

বিজ্ঞাতার্থোপি গোবিন্দ দগ্ধানাকর্ণ্য পাণ্ডবান্
কুন্তীঞ্চ কুল্যকরণে সহ রামো যযৌ কুরূন্—শ্রীভাঃ ১০।৫৭।১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৪। কপট-ক্রন্দন

[হস্তিনাপুর]

৭৯। গুরু-রত্ন-নাশ-ভাষিত কৃষ্ণ

৮০। পূর্ব্ব-বিদিতোচ্ছ্বসিত কৃষ্ণ

৮১। নর-চরিতানুকরণ কৃষ্ণ (১)

৮২। কৃত-নেত্রাসার-মোচন কৃষ্ণ

৮৩। সভার্য্য-সাগ্রজাবস্থিত কৃষ্ণ

৮৪। দ্বারাবতী-পুর-প্রস্থিত কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ হরিবংশ পর্ব্ব-লীলা

৭৯। হে কৃষ্ণ! তুমি (সত্যভামার বাচনিক শ্বশুর সত্রাজিত) বধ ও তাঁহার মহামূল্য স্যমন্তক মণি অপহরণের সংবাদ অবগত হইয়াছিলে। —শ্রীভাঃ ১০।৫৭।৮; হরিঃ হরিঃ ৩৯।৬

৮০। হে কৃষ্ণ! তুমি সমস্ত ব্যাপার পূর্ব্বে অবগত থাকিয়া (কপট) শোকে উচ্ছ্বসিত হইয়াছিলে।—১০।৫৭।৮

৮১। হে কৃষ্ণ! তুমি (এই দুঃসংবাদ শ্রবণে) সাধারণ গৃহস্থ মানবের ন্যায় আচরণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।৯

৮২। হে কৃষ্ণ। তুমি সত্যভামার দুঃখে ব্যথিত হইয়া বহু অশ্রুজল মোচন (ও বহু বিলাপ) করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।৯

৮৩। হে কৃষ্ণ! তুমি অগ্রজ বলরাম ও পত্নী সত্যভামাসহ এই সময় হস্তিনাপুরে (শ্বশুর শোকে শোকাকুল) ছিলে। শ্রীভাঃ ১০।৫৭।১০

৮৪। হে কৃষ্ণ! তুমি (দুঃসংবাদ প্রাপ্তিমাত্র কাল বিলম্ব না করিয়া) দ্বারাবতী প্রস্থান করিয়াছিলে।

—শ্রীভাঃ ১০।৫৭।১০; হরিঃ হরিঃ ৩৯।৯

---

(১) নরচরিত:—"অনুসৃত্য নৃলোকতাম্"—শ্রীভাঃ ১০।৫৭।৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৫। চৌর-অন্বেষণ

[দ্বারাবতী]

৮৫।	সভার্য্য-স্বপুরাগমন	কৃষ্ণ
৮৬।	শত-ধন্বা-চৌরান্বেষণ	কৃষ্ণ
৮৭।	কৃতবর্ম্মা-মর্ম্ম-কম্পন	কৃষ্ণ
৮৮।	কারিত-ভীত-হৃদ্বেলন	কৃষ্ণ
৮৯।	কারিতাক্রুর হৃৎস্পন্দন	কৃষ্ণ
৯০।	কারিত-বিচিত্র-বন্দন	কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

৮৫। হে কৃষ্ণ! তুমি ভ্রাতা বলরাম ও ও সত্যভামা সহ (হস্তিনা হইতে) দ্বারাবতী আগমন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।১০

৮৬। হে কৃষ্ণ! তুমি (পলাতক হত্যাকারী) স্যমন্তক মণি চৌর শত-ধন্বার অনুসন্ধান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।১০

৮৭। হে কৃষ্ণ! তুমি (চৌরের অন্যতম পরামর্শ দাতা মহাবীর) কৃতবর্ম্মার মর্ম্ম-কম্পন স্বরূপ হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।১২

৮৮। হে কৃষ্ণ! (তোমার উপস্থিতি মাত্রেই) তোমার অবহেলা হেতু কৃতবর্ম্মা ভীত হইয়াছিল।—শ্রীভাঃ ১০।৫৭।১২

৮৯। হে কৃষ্ণ! (তোমার উপস্থিতি মণি-চৌরের অপর সাহায্য-কারী) অক্রূরের হৃৎস্পন্দন উৎপাদন করিয়াছিল।—১০।৫৭।১৪

৯০। হে কৃষ্ণ! (শতধন্বা তোমার বিরুদ্ধে সাহায্য প্রার্থনা করিলে মহাভীত হইয়া) অক্রূর তোমার বিচিত্র স্তব করিয়াছিল। —শ্রীভাঃ ১০।৫৭।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৬। পত্নীর প্রিয়-আচরণ

[মিথিলা]

৯১।	সত্যভামা-প্রিয়াচরণ	কৃষ্ণ
৯২।	স-রাম-চৌরানুসরণ	কৃষ্ণ
৯৩।	মিথিলোপবন-গমন	কৃষ্ণ
৯৪।	স্যমন্তকচৌর-শমন	কৃষ্ণ
৯৫।	হৃত-রত্নাবাপ্তিকথন	কৃষ্ণ
৯৬।	অগ্রজাচরণ-বিমন	কৃষ্ণ (১)

শ্রীভাগবত ও হরিবংশ হরিবংশ-লীলা

৯১। হে কৃষ্ণ! তুমি (দ্বারাবতী পৌঁছিয়াই) সত্যভামাকে সন্তুষ্ট করিতে শ্বশুর-হত্যাকারী স্যমন্তক চৌরের অনুসরণ করিয়াছিলে। —শ্রীভাঃ ১০।৫৭।২৭

৯২। হে কৃষ্ণ! তুমি স্বরথে অগ্রজ বলরাম সহ পলায়মান চৌর শতধন্বার পশ্চাদনুসরণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।১৯

৯৩। হে কৃষ্ণ! (তুমি অশ্বারোহণে পলায়নকারী চৌরের) অনুসরণে মিথিলার উপবন পর্য্যন্ত আসিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।২০ ; হরিঃ হরিঃ ৩৯।১৯

৯৪। হে কৃষ্ণ! তুমি রথ হইতে একক অবতরণ করিয়া পদব্রজে বহু দূর যাইয়া চৌর শতধন্বাকে নিধন করিয়াছিলে। (কিন্তু তাহার নিকট মণিপ্রাপ্ত হও নাই)—শ্রীভাঃ ১০।৫৭।২১ ; হরিঃ হরিঃ ৩৯।১৮

৯৫। হে কৃষ্ণ! তুমি নিহত চৌরের নিকট মণির অপ্রাপ্তির কথা রথস্থ বলরামকে বলিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।২২ ; হরিঃ হরিঃ ৩৯।২০

৯৬। হে কৃষ্ণ! অগ্রজ বলরাম তোমার কথায় শ্রদ্ধা না করায় তুমি বিমনা হইয়া দ্বারাবতী প্রত্যাগমন করিয়াছিলে।

—শ্রীভাঃ ১০।৫৭।৩৮-৪১ ; হরিঃ হরিঃ ৩৯।২১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৭। বলরাম-সংশয়-নিরসন

[দ্বারাবতী]

৯৭।	একক-পুর-প্রত্যাগত	কৃষ্ণ
৯৮।	অক্রূর-প্রস্থান-বিজ্ঞাত	কৃষ্ণ
৯৯।	নির্ভয়াক্রূর-প্রহর্ষণ	কৃষ্ণ
১০০।	কারিত-রত্ন-প্রদর্শন	কৃষ্ণ
১০১।	অগ্রজ-শান্তি-বিধায়ক	কৃষ্ণ
১০২।	শ্বাফল্ক-রত্নক-দায়ক	কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

৯৭। হে কৃষ্ণ! তুমি (মিথ্যাচরণ করিয়াছ এই মিথ্যা সন্দেহে বলরাম তোমার সঙ্গী না হওয়াতে) তুমি একক দ্বারাবতী প্রত্যাগত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।২৩-২৪

৯৮। হে কৃষ্ণ! তুমি (শতধন্বা কর্ত্তৃক গচ্ছিত স্যমন্তক সহ) অক্রূরের পলায়ন কথা সম্পূর্ণ অবগত ছিলে। শ্রীভাঃ ১০।৫৭।২৯

৯৯। হে কৃষ্ণ! তুমি অক্রূরকে অভয় প্রদানে তুষ্ট করিয়া (মাতুলালয় হইতে) দ্বারকায় আনিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।৩৪-৩৭

১০০। হে কৃষ্ণ! তুমি যদু রাজসভায় (বলরাম সমক্ষে) অক্রূর কর্ত্তৃক (লুক্কায়িত) মণি প্রদর্শন করাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।৪০

১০১। হে কৃষ্ণ! তুমি (এই কার্য্য দ্বারা বলরামের মিথ্যা সন্দেহ নিরসন করতঃ) তোমাদের পারিবারিক শান্তি আনয়ন করিয়াছিলে। —শ্রীভাঃ ১০।৫৭।৪১

১০২। হে কৃষ্ণ! তুমি (বলরামের সন্দেহ দূর করিয়া সভা মধ্যেই) স্যমন্তক মণি (স্বর্ণ-লোভী) শ্বফল্কপুত্র অক্রূরকে আনন্দ সহকারে দান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৭।৪১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৮। পিশাচ-মোচন

[বদরিকাশ্রম]

১০৩। বদরি-বিশোলোপনীত কৃষ্ণ
১০৪। ঋষি-কুলাতিথ্য-লভিত কৃষ্ণ
১০৫। ঘোর-নৈশ-নাদাকর্ণিত কৃষ্ণ
১০৬। ঘণ্টা-কর্ণ-ব্যথা-বর্ণিত কৃষ্ণ
১০৭। কৃত-পিশিতাশনার্হণ কৃষ্ণ
১০৮। মাংসাশী-পিশাচ-মোচন কৃষ্ণ

হরিবংশ ভবিষ্য পর্ব্ব-লীলা

১০৩। হে কৃষ্ণ! তুমি (তপস্যার্থে কৈলাশ যাত্রা পথে) বদরিকাশ্রমে উপনীত হইয়াছিলে।—হরিঃ ভবিঃ ৭৬।৩৫

১০৪। হে কৃষ্ণ! তুমি বদরিকাশ্রমে ঋষিকুলের আতিথ্য গ্রহণ করিয়া (একরাত্রি) বাস করিয়াছিলে।—হরিঃ ভবিঃ ৭৮।২, ১১।

১০৫। হে কৃষ্ণ! তুমি (গঙ্গার উত্তর তীরে) রাত্রিকালে ঘোর আর্ত্তনাদ শ্রবণ করিয়াছিলে।—হরিঃ ভবিঃ ৭৮।২, ১১;

১০৬। হে কৃষ্ণ! তুমি তথায় ঘণ্টাকর্ণ (নামক এক পিশাচত্ব প্রাপ্ত ব্রাহ্মণের) আত্মকাহিনী শুনিয়াছিলে।—হরিঃ ভবিঃ ৮০।২৬-২৭

১০৭। হে কৃষ্ণ! সেই মাংসাশী পিশাচ তোমাকে একটি মনুষ্যের মৃতদেহ আহারার্থ দিয়াছিল।—হরিঃ ভবিঃ ৮৩।৬-৮

১০৮। হে কৃষ্ণ! তুমি কৃপাপূর্ব্বক সেই মাংসাশী পিশাচকে মুক্ত করিয়া তাঁহাকে স্বর্গবাসী করিয়াছিলে।—হরিঃ ভরিঃ ৮৩।২৪-২৫

---

(১) পিশিতাশন :—
"নবং সুসংস্কৃতং ভক্ষ্যং ব্রহ্মণ্যং শবমুত্তমম্
অস্মাকং পিশিতাশানাং শাস্ত্রে নিয়তমেবহি" হরিঃ ভবিঃ ৮৩।৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৭। তপস্যায়—সিদ্ধি-লাভ

[কৈলাস পর্ব্বত]

১০৯। তাপস-কৈলাসোপগত কৃষ্ণ

১১০। মানসোত্তরাদ্রি-সঙ্গত কৃষ্ণ

১১১। সহোমা-সদাশিব-দৃষ্ট কৃষ্ণ

১১২। প্রদ্যুম্ন-পুত্র-লাভ-হৃষ্ট কৃষ্ণ

১১৩। দ্বাদশ-বর্ষ-তপস্তপ্ত কৃষ্ণ

১১৪। মন্মথ-সুত-বর-প্রাপ্ত কৃষ্ণ (১)

মহাভারত মৌষল পর্ব্ব ও হরিবংশ ভবিষ্য পর্ব্ব-লীলা

১০৯। হে কৃষ্ণ! তুমি তপস্যার্থে (বহির্ভারতে) কৈলাস পর্ব্বতে গমন করিয়াছিলে।—হরিঃ ভবিঃ ৮৪।২৪-১৩

১১০। হে কৃষ্ণ! তুমি মানস সরোবরের উত্তরস্থ পর্ব্বতে তপস্যা করিয়াছিলে।—হরিঃ ভবিঃ ৮৪।১৪-১৫

১১১। হে কৃষ্ণ! তুমি তপস্যায় সিদ্ধিলাভ করিয়া উমাসহ সদাশিবকে প্রত্যক্ষ দর্শন করিয়াছিলে।—হরিঃ ভবিঃ ৮৬।১৭-১৮

১১২। হে কৃষ্ণ! (তুমি জগন্মঙ্গলার্থ) কামদেবকে জ্যেষ্ঠ পুত্ররূপে পাইবার বর লাভ করিয়া হৃষ্ট হইয়াছিলে।—হরিঃ ভবিঃ ৮৮।১৩

১১৩। হে কৃষ্ণ! তুমি (একাদিক্রমে) দ্বাদশবর্ষ তপস্যা করতঃ সিদ্ধিলাভ করিয়াছিলে।—মভাঃ মৌঃ ২১।৩০ ; হরিঃ ভবিঃ ৮৪।২৭

১১৪। হে কৃষ্ণ। তুমি (সত্যযুগে হরকোপানলে দগ্ধ কামদেবকে) তোমার জ্যেষ্ঠপুত্র প্রদ্যুম্নরূপে পাইয়াছিলে।—হরিঃ ভবিঃ ৮৮।১৪

---

(১) মন্মথ :—
"স্মরংতং বিদ্ধি দেবেশ নাত্রকার্য্যা বিচারণা" হরিঃ ভবিঃ ৮৮।১৪

(২) দ্বাদশ বর্ষ—
ব্রতং চচার ধর্ম্মাত্মা কৃষ্ণো দ্বাদশবার্ষিকম্। মভাঃ অনুঃ ১৩৯।১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২০। দীক্ষা-গ্রহণ

[উপমন্যু-আশ্রম-মানসোত্তর]

১১৫। উপমন্যু-দীক্ষা-দীক্ষিত কৃষ্ণ
১১৬। উমা-মহেশ্বর বীক্ষিত কৃষ্ণ
১১৭। সদাশিবাষ্ট-বরাবাপ্ত কৃষ্ণ
১১৮। শাম্ব-তনয়-বর-প্রাপ্ত কৃষ্ণ
১১৯। লব্ধ-দেবী-বরাযাচক কৃষ্ণ
১২০। শিব-সহস্র-নামা লোচক কৃষ্ণ

মহাভারত অনুশাসন পর্ব্ব ও শিবপুরাণ উত্তরভাগ ও পুর্ব্বভাগ-লীলা

১১৫। হে কৃষ্ণ! তুমি ঋষি উপমন্যুর নিকট শিব-দীক্ষা গ্রহণ করিয়াছিলে।—মভাঃ অনুঃ ৪৫।৩৬৭ ; শিব পুঃ উঃ ২।৪১

১১৬। হে কৃষ্ণ! তুমি (দ্বিতীয়বার তপস্যাতেও) উমা মহেশ্বরকে সাক্ষাৎ দর্শন করিয়াছিলে।—মভাঃ অনুঃ ৪৫।৩৭২ ; শিব পুঃ উঃ ২।৪৫

১১৭। হে কৃষ্ণ! তুমি সদাশিবের নিকট হইতে অষ্ট বর লাভ করিয়াছিলে।—মভাঃ অনুঃ ৪৬।৪ ; শিব পুঃ উঃ ২।৫২

১১৮। হে কৃষ্ণ! তুমি দ্বিতীয়বার তপস্যায় জাম্ববতীতনয় শাম্বকে পুত্ররূপে প্রাপ্ত হইয়াছিলে।—মভাঃ অনুঃ ৪৬।৪ ;
শিব পুঃ পূঃ ১।২২

১১৯। হে কৃষ্ণ! তুমি অযাচক হইয়াও মহাদেবী হইতে অষ্ট বর লাভ করিয়াছিলে।—মভাঃ অনুঃ ৪৬।৫ ; শিব পুঃ উঃ ২।৬০

১২০। হে কৃষ্ণ! তুমি শিব সহস্র নাম স্তব আলোচনা করিয়াছিলে।—মভাঃ অনুঃ ১৭।১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৯। পাণ্ডব-সখ্য-স্থাপন

[পাঞ্চাল]

১২১। কৃষ্ণা-স্বয়ম্বরোপনীত কৃষ্ণ

১২২। পাণ্ডবাগমন-ভণিত কৃষ্ণ

১২৩। বৃথা-বিগ্রহ-নিবারণ কৃষ্ণ

১২৪। কুম্ভকার-গৃহাগমন কৃষ্ণ

১২৫। আত্ম-পরিচয়-দায়ক কৃষ্ণ (১)

১২৬। পাণ্ডব-সখ্য-বিধায়ক কৃষ্ণ

মহাভারত আদি পর্ব্ব-লীলা

১২১। হে কৃষ্ণ ! তুমি বলদেবাদিসহ দ্রৌপদী স্বয়ম্বরে পাঞ্চালে উপস্থিত হইয়াছিলে।—মভাঃ আদি ১৮৬।৮

১২২। হে কৃষ্ণ ! তুমি (স্বয়ম্বরে মৎস্যচক্রভেদের পূর্ব্বেই গোপনে বলদেবকে) পাণ্ডবাগমনের কথা বলিয়াছিলে।—মভাঃ আদি ১৮৬।১০

১২৩। হে কৃষ্ণ ! তুমি (অর্জ্জুন কর্ত্তৃক লক্ষ্যভেদের পরে) অকৃত-কার্য্য রাজন্যবর্গের বৃথা কলহ সৃষ্টির প্রচেষ্টা নিবারণ করিয়াছিলে।
—মভাঃ আদি ১৮৯।৩৮

১২৪। হে কৃষ্ণ! তুমি কলহ বারণ করিয়া গোপনে ভার্গব কুম্ভকারের গৃহে পাণ্ডবগণের বাসস্থানে আসিয়াছিলে।
—মভাঃ আদি ১৯০।১৮

১২৫। হে কৃষ্ণ! তুমি কুন্তী ও পাণ্ডবগণের নিকট ভার্গবের কর্ম্মশালায় স্বেচ্ছায় আত্মপরিচয় দিয়াছিলে।—মভাঃ আদি ১৯০।২০

১২৬। হে কৃষ্ণ! তুমি কুম্ভকার গৃহে পাণ্ডবগণসহ সখ্যতা স্থাপন করিয়া (অবিলম্বে দ্বারকা গিয়াছিলে)—মভাঃ আদি ১৯০।২৪-২৫

---

(১) আত্ম পরিচয়ঃ—শ্রীকৃষ্ণ পাণ্ডবগণের মাতুলপুত্র হইলেও তাঁহার উপনয়ন সময়ে মথুরায় প্রথম দেখা হয়। বহু বৎসর পরে পাঞ্চালে কুম্ভকার গৃহে এই দ্বিতীয় সাক্ষাৎকারে সখ্যতা স্থাপিত হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২২। স্বজন-অভাব-মোচন

[দ্বারাবতী]

১২৭। পাণ্ডব-বিবাহ-জ্ঞাপিত কৃষ্ণ

১২৮। ভূষণাভরণ-প্রাপিত কৃষ্ণ

১২৯। আসন-শয়ন-প্রেরক কৃষ্ণ

১৩০। প্রেষ্যা-নানা-দেশ্যা-প্রেষক কৃষ্ণ (১)

১৩১। নানোপকরণ-প্রদান কৃষ্ণ

১৩২। কোটিশ স্মুবর্ণ-বিধান কৃষ্ণ

মহাভারত আদি পর্ব্ব-লীলা

১২৭। হে কৃষ্ণ! তুমি (সর্ব্বহারা) পঞ্চপাণ্ডবসহ রাজকন্যা দ্রৌপদীর বিবাহ সংবাদ (দ্বারাবতীতে) শুনিয়াছিলে।—মভাঃ আদি ১৯৮।১৩

১২৮। হে কৃষ্ণ! তুমি (বিবাহের উপহার স্বরূপ) বিবিধ রত্নাভরণ ও ভূষণাদি পাঞ্চালে প্রেরণ করিয়াছিলে।—মভাঃ আদি ১৯৮।১৩

১২৯। হে কৃষ্ণ! তুমি পাণ্ডবগণকে বিবিধ শয্যা ও আসনাদি প্রেরণ করিয়াছিলে।—মভাঃ আদি ১৯৮।১৫

১৩০। হে কৃষ্ণ! (তুমি পর-গৃহ-বাসী রাজ-ভিখারী আত্মীয়গণকে) নানা দেশীয়া দাসী প্রেরণ করিয়াছিলে।—মভাঃ আদি ১৯৮।১৬

১৩১। হে কৃষ্ণ! তুমি (রাজ-গৃহস্থালীর প্রয়োজনীয়) সর্ব্ব-প্রকার উপকরণ পাঞ্চালে প্রেরণ করিয়াছিলে।—মভাঃ আদি ১৯৮।১৭

১৩২। হে কৃষ্ণ! তুমি (ভিক্ষাজীবী রাজ-জামাতাগণকে) কোটি স্মুবর্ণমুদ্রা প্রেরণ করিয়া স্বচ্ছল করিয়াছিলে।—মভাঃ আদি ১৯৮।১৮

---

(১) প্রেষ্যা—প্রেষ্যাঃ সম্প্রদদৌ কৃষ্ণো নানাদেশ্যাঃ স্বলঙ্কৃতাঃ।—মভাঃ আদি ১৯৮।১৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৩। পুত্র-স্বীকরণ

[দ্বারাবতী]

১৩৩। সূতি-সদ্ম-সুতাপহৃতি কৃষ্ণ

১৩৪। কৃত-মৎস্যোদর-নিষ্কৃতি কৃষ্ণ

১৩৫। ষোড়শে স্বভার্য্য-স্বীকৃত কৃষ্ণ

১৩৬। সর্ব্বজ্ঞ-সর্ব্বার্থ-বিদিত কৃষ্ণ

১৩৭। কারিত-দেবর্ষি-বর্ণন কৃষ্ণ (১)

১৩৮। কৃতান্তঃ-পুরিকা-কর্ণন কৃষ্ণ

শ্রীভাগবত ও হরিবংশ বিষ্ণু পর্ব্ব-লীলা

১৩৩। হে কৃষ্ণ! (রুক্মিণী গর্ভজাত তোমার জ্যেষ্ঠপুত্র প্রদ্যুম্ন) সূতিকা গৃহ হইতে (সপ্তম রাত্রিতে) অপহৃত হইয়াছিল।
—শ্রীভাঃ ১০।৫৫।২-৩ ; হরিঃ বিঃ ১০৪।৩ ; গর্গঃ দ্বাঃ ৮।২৫

১৩৪। হে কৃষ্ণ! তুমি (চৌর-শম্বরাসুর কর্ত্তৃক সমুদ্র নিক্ষিপ্ত) পুত্রকে মৎস্যের উদর হইতে নিষ্কৃত করাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৫।৫

১৩৫। হে কৃষ্ণ! তুমি ষোড়শবর্ষ পরে তোমার অন্তঃপুরে আগত সেই পুত্রকে সস্ত্রীক স্বীকার করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৫।২৫

১৩৬। হে কৃষ্ণ! তুমি সর্ব্বজ্ঞ বলিয়া প্রদ্যুম্ন বিষয়ক সমস্ত গোপন ইতিহাস পূর্ব্ব হইতেই অবগত ছিলে।—শ্রীভাঃ ১০।৫৫।৩৬

১৩৭। হে কৃষ্ণ! তুমি (স্বয়ং নীরব থাকিয়া অন্তঃপুরিকাদের বিশ্বাসোৎপাদন জন্য) দেবর্ষি নারদ দ্বারা সমস্ত ঘটনা বিবৃত করাইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৫।৩৬

১৩৮। হে কৃষ্ণ! তুমি স্বয়ং নিজান্তঃপুরের নারীগণসহ প্রদ্যুম্ন সম্বন্ধে নারদের বর্ণনা শ্রবণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৫।৩৬

---

(১) দেবর্ষিবর্ণন :—
বিজ্ঞাতার্থোঽপি ভগবাংস্তূষ্ণীমাস জনার্দ্দনঃ
নারদোঽকথয়ৎ সর্ব্বং শম্বরাহরণাদিকম্ শ্রীভাঃ ১০।৫৫।৩৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৪। স্বজন-কল্যাণ-করণ

[দ্রুপদপুর]

১৩৯।	দ্রুপদ-পুর-সমাগত	কৃষ্ণ
১৪০।	পাণ্ডব-কল্যাণানুমত	কৃষ্ণ
১৪১।	পাঞ্চাল-প্রস্তাব-সম্মত	কৃষ্ণ
১৪২।	হস্তিনা গমনাভিমত	কৃষ্ণ
১৪৩।	মঙ্গলানুধ্যানা বস্থিত	কৃষ্ণ
১৪৪।	সপার্থ-হস্তিনা-প্রস্থিত	কৃষ্ণ (১)

মহাভারত আদি পর্ব্ব-লীলা

১৩৯। হে কৃষ্ণ! তুমি (পাণ্ডব বিবাহের পরে দ্বারকা হইতে) পাঞ্চালে দ্রুপদ পুরে আসিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।১১

১৪০। হে কৃষ্ণ! তুমি সতত পাণ্ডবগণের কল্যাণ অনুধ্যান করিতে।—মভাঃ আদি ২০৬।৯

১৪১। হে কৃষ্ণ! তুমি (ধৃতরাষ্ট্র প্রেরিত দূত বিদুরের সঙ্গেই সস্ত্রীক পাণ্ডবগণের হস্তিনা গমন বিষয়ে) দ্রুপদ রাজের প্রস্তাব অনু-মোদন করিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।২-৪

১৪২। হে কৃষ্ণ! তুমি (স্বতঃ প্রবৃত্ত হইয়া পাণ্ডবগণ সহ) হস্তিনা পুর গমন করিতে অভিমত করিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।৬

১৪৩। হে কৃষ্ণ! তুমি পাণ্ডবগণের পরম কল্যাণের জন্যই তাঁহাদের সঙ্গে অবস্থান করিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।৯

১৪৪। হে কৃষ্ণ! তুমি (ধৃতরাষ্ট্রের বিনা আহ্বানেই) পাণ্ডবগণ সহ হস্তিনাপুরে প্রস্থান করিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।১১

---

(১) হস্তিনা প্রস্থিত :—

আদায় দ্রৌপদীং কৃষ্ণাং কুন্তীং চৈব যশস্বিনীম্
স বিহারং সুখং জগ্মুর্নগরং নাগসাহ্বয়ম্। মভাঃ আদি ২০৬।১১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৫। রাজ্যার্দ্ধ-প্রাপন

[হস্তিনাপুর]

১৪৫। যাদব-প্রধান-প্রখ্যাত কৃষ্ণ
১৪৬। সর্ব্বত্র-স্ববীর্য্য-বিখ্যাত কৃষ্ণ
১৪৭। পাণ্ডব-প্রীতি-বিজ্ঞাপন কৃষ্ণ
১৪৮। কৌরব-রাজ্যার্দ্ধ-প্রাপন কৃষ্ণ
১৪৯। খাণ্ডবারণ্য-সংগ্রাহক কৃষ্ণ
১৫০। পার্থাভিষেকানুমোদক কৃষ্ণ

মহাভারত আদি পর্ব্ব-লীলা

১৪৫। হে কৃষ্ণ! তুমি মহা যোদ্ধা যাদবগণের (রাজা না হইলেও) সর্ব্বজনমান্য প্রধান নেতা এই বার্ত্তা এই সময় সর্ব্ব ভারতে প্রখ্যাত হইয়াছিল।—মভাঃ আদি ২০৪।২৬

১৪৬। হে কৃষ্ণ! (জরাসন্ধ, কাল যবনাদি বিখ্যাত বীরগণের তোমা কর্ত্তৃক পরাজয় সংবাদে) তোমার ব্যক্তিগত বীর্য্যের কথা বিশ্ব-ব্যাপি হইয়াছিল।—মভাঃ আদি ২০৪।২৬

১৪৭। হে কৃষ্ণ! (বিনা নিমন্ত্রণে হস্তিনা গমন দ্বারা) তোমার অপরিসীম পাণ্ডব প্রীতিও বিজ্ঞাপিত হইয়াছিল।—মভাঃ আদি ২০৪।২০

১৪৮। হে কৃষ্ণ! (তোমার ব্যক্তিগত প্রতিপত্তিতেই এই সময়) নিরাশ্রয় পাণ্ডবগণের অর্দ্ধেক কৌরবরাজ্য প্রাপ্তি সম্ভব হইয়াছিল।—মভাঃ আদি ২০৬।২৫-২৭

১৪৯। হে কৃষ্ণ! তুমি (গঙ্গাতীরস্থ সমৃদ্ধিশালী জনাকীর্ণ হস্তিনাপুরের দাবী ত্যাগ করিয়া) পাণ্ডবগণের জন্য যমুনাতীরস্থ জনহীন খাণ্ডববন ভূভাগ সংগ্রহ করিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।২৫

১৫০। হে কৃষ্ণ! অরণ্যময় খাণ্ডবপ্রস্থ রাজ্যের রাজা যুধিষ্ঠিরের রাজ্যাভিষেক ক্রিয়া হস্তিনাপুরে সুসম্পন্ন করাই তুমি অনুমোদন করিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।২৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৬। অরণ্যে-নগর-স্থাপন

[খাণ্ডব-প্রস্থ]

১৫১। খাণ্ডব-প্রস্থ-সংপ্রস্থিত কৃষ্ণ
১৫২। সানুগ-পাণ্ডব-সুস্থিত কৃষ্ণ
১৫৩। পার্থ-পৈতামহ-স্থাপন কৃষ্ণ
১৫৪। কৃতজ্ঞ-কৌন্তেয়-মানন কৃষ্ণ
১৫৫। আরণ্য-পুরানুধাবক কৃষ্ণ
১৫৬। ইন্দ্রপ্রস্থ-পুর-স্থাপক কৃষ্ণ (১)

মহাভারত আদি পর্ব্ব-লীলা

১৫১। হে কৃষ্ণ! তুমি (হস্তিনাপুরে যুধিষ্ঠিরের রাজ্যাভিষেক সুসম্পন্ন করিয়া নিবিড় অরণ্য পথে) খাণ্ডবপ্রস্থে আসিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।২৭

১৫২। হে কৃষ্ণ! তুমি সানুচর পাণ্ডবগণ সঙ্গে পরমানন্দে (নির্ব্বাসন ভূমি) খাণ্ডবপ্রস্থে আসিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।২৮

১৫৩। হে কৃষ্ণ! তুমি (পিতৃস্বসা) পৃথার পুত্রগণকে পৈত্রিক রাজ্যাংশে স্থাপন করিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।৫১

১৫৪। হে কৃষ্ণ! তুমি (রাজ্য প্রাপ্তির একমাত্র হেতু বুঝিয়া) কৃতজ্ঞ পাণ্ডবগণ কর্ত্তৃক বহু সম্মানিত হইয়াছিলে।—মভাঃ আদি ২০৬।৫১

১৫৫। হে কৃষ্ণ! তুমি গভীর অরণ্য মধ্যে একটি মহাসমৃদ্ধ নগর স্থাপনের পরিকল্পনা করিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।২৯-৪৭

১৫৬। হে কৃষ্ণ! তুমি খাণ্ডব প্রস্থের অরণ্য-ভূমির একাংশ (বিশ্ববিখ্যাত) ইন্দ্রপ্রস্থ নগরে পরিণত করিবার মূলে অবস্থিত ছিলে।—মভাঃ আদি ২০৬।২৯

---

(১) ইন্দ্রপ্রস্থ :—

কুরুষ্ব কুরুরাজায় মহেন্দ্রপুরসন্নিভম্
ইন্দ্রেন কৃতনামানমিন্দ্রপ্রস্থং মহাপুরম্ —মভাঃ আদি ২০৬।২৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৭। পাণ্ডব-উপদেশ

[ইন্দ্রপ্রস্থ]

১৫৭।	যুধিষ্ঠির-নৃপোপদেশ	কৃষ্ণ
১৫৮।	ধর্ম্মধুর্বহন-নিদেশ	কৃষ্ণ
১৫৯।	বিপ্র-সম্মানানুমোদন	কৃষ্ণ
১৬০।	নারদাগমন-গদন	কৃষ্ণ
১৬১।	দেবর্ষি-ভাষিত-সম্মত	কৃষ্ণ (১)
১৬২।	সরাম-দ্বারকোপনত	কৃষ্ণ

মহাভারত আদি পর্ব্ব-লীলা

১৫৭। হে কৃষ্ণ! তুমি (খাণ্ডবপ্রস্থ হইতে দ্বারকা প্রস্থানের প্রাক্কালে অনভিজ্ঞ নূতন রাজা) যুধিষ্ঠিরকে কতিপয় সংক্ষিপ্ত উপদেশ দিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।৫১

১৫৮। হে কৃষ্ণ! তুমি (নববিবাহিত যুবক রাজাকে) সর্ব্ব অবস্থায় ধর্ম্মের ভার বহন করিতে উপদেশ দিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।৫১

১৫৯। হে কৃষ্ণ! তুমি বেদজ্ঞ ব্রাহ্মণগণকে সর্ব্বদা সম্মান করিতে রাজাকে নির্দ্দেশ দিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।৫১

১৬০। হে কৃষ্ণ! তুমি অচিরেই খাণ্ডব প্রস্থে (পরম ভাগবত) নারদের আগমনের ভবিষ্যদ্বাণী করিয়াছিলে। মভাঃ আদি ২০৬।৫১

১৬১। হে কৃষ্ণ! তুমি (নারদের সমস্ত উপদেশ তোমার অনু-মোদিত এই বুদ্ধিতে) তাহা সম্যক্ প্রতিপালন করিতে পাণ্ডবগণকে নির্দ্দেশ দিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।৫১

১৬২। হে কৃষ্ণ! তুমি (নারদাগমনের পূর্ব্বে সেইদিনই) বলরামসহ দ্বারাবতীতে প্রস্থান করিয়াছিলে।—মভাঃ আদি ২০৬।৫২

(১) দেবর্ষিভাষিত :—
অদ্যৈব নারদঃ শ্রীমানাগমিষ্যতি সত্বরঃ
আদৃত্য তস্য বাক্যানি শাসনং কুরু তস্যবৈ। মভাঃ আদি ২০৬।৫১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৮। সখা-সম্ভাষণ

[প্রভাস]

১৬৩। প্রভাস-প্রবাস-সংশ্রুত কৃষ্ণ
১৬৪। সখা-সম্ভাষাগত-দ্রুত কৃষ্ণ
১৬৫। প্রবাসন-হেতু-কথিত কৃষ্ণ
১৬৬। পার্থাচরণানুমোদিত কৃষ্ণ
১৬৭। নর-নারায়ণ-সুস্থিত কৃষ্ণ
১৬৮। স-সখ-রৈবত-প্রস্থিত কৃষ্ণ

মহাভারত আদি পর্ব্ব-লীলা

১৬৩। হে কৃষ্ণ! তুমি (যুধিষ্ঠিরের খাণ্ডব আগমনের কিছুকাল পরেই) তীর্থযাত্রা উপলক্ষে অর্জ্জুনের প্রভাসতীর্থে আগমন সংবাদ শুনিয়াছিলে।—মভাঃ আদি ২১৭।৩

১৬৪। হে কৃষ্ণ! তুমি অর্জ্জুনকে সম্ভাষণ করিতে অবিলম্বে দ্বারকা হইতে প্রভাসতীর্থে আসিয়াছিলে।—মভাঃ আদি ২১৭।৪

১৬৫। হে কৃষ্ণ! তুমি অর্জ্জুনের নিকটে তাঁহার দ্বাদশবর্ষ তীর্থ প্রবাসের হেতু অবগত হইয়াছিলে।—মভাঃ আদি ২১৭।৭

১৬৬। হে কৃষ্ণ! তুমি (নারদোপদেশ পালনে তীর্থে আগমন) অর্জ্জুনের এই আচরণ অনুমোদন করিয়াছিলে।—মভাঃ আদি ২১৭।৭

১৬৭। হে কৃষ্ণ! এই প্রবাস উপলক্ষে নর-নারায়ণ ঋষিদ্বয়ের (১) (কৃষ্ণার্জ্জুনের) পুনর্মিলন হইয়াছিল।—মভাঃ আদি ২১৭।৫

১৬৮। হে কৃষ্ণ! তুমি সখা অর্জ্জুন সমভিব্যাহারে (যাদবগণের বিহার-শৈলাবাস) রৈবতকে আসিয়াছিলে।—মভাঃ আদি ২১৭।১৫

---

(১) আস্তাং প্রিয়সখায়ৌ তৌ নরনারায়ণাবৃষী। মভাঃ আদি ২১৭।৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৯। অর্জ্জুন-অভ্যর্থনা

[রৈবতক]

১৬৯। কারিত-রৈবত-মণ্ডিত কৃষ্ণ
১৭০। প্রিয়-সম্মানন-পণ্ডিত কৃষ্ণ
১৭১। সংস্কৃত-শয়ন-কল্পিত কৃষ্ণ
১৭২। দর্শন-সন্দেশ-জল্পিত কৃষ্ণ
১৭৩। নৃত্য-গীত-বাদ্যোপচিত কৃষ্ণ
১৭৪। স-সখ-দ্বারকোপনীত কৃষ্ণ

মহাভারত আদি পর্ব্ব-লীলা

১৬৯। হে কৃষ্ণ! তুমি অর্জ্জুনের অভ্যর্থনার জন্য (বিহার-শৈল) রৈবতক পর্ব্বত সুসজ্জিত করাইয়াছিলে।—মভাঃ আদি ২১৭।৮

১৭০। হে কৃষ্ণ! তুমি প্রিয়জনের সম্মান-করণ-পদ্ধতিতে সুপণ্ডিত ছিলে।—মভাঃ আদি ২১৭।৯

১৭১। হে কৃষ্ণ! তুমি (পদব্রজে তীর্থ পর্য্যটনকারী ব্রহ্মচারী) অর্জ্জুনের শয়ণের জন্য উৎকৃষ্ট শয্যার ব্যবস্থা করিয়াছিলে।
—মভাঃ আদি ২১৭।১১

১৭২। হে কৃষ্ণ! তুমি অর্জ্জুন সহ একত্র বাস করিয়া তাঁহার বিভিন্ন তীর্থ-দর্শনের বিবরণ শ্রবণ করিয়াছিলে।—মভাঃ আদি ২১৭।১২

১৭৩। হে কৃষ্ণ! তুমি রৈবতকে তোমার অতিথি সখাকে নানাবিধ নৃত্যগীতবাদ্যে অভ্যর্থিত করিয়াছিলে।—মভাঃ আদি ২১৭।১০

১৭৪। হে কৃষ্ণ! তুমি এইরূপে অনেকদিন রৈবতকে বাস করিয়া সখাসহ নিজ রথে দ্বারাবতী আসিয়াছিলে।—মভাঃ আদি ২১৭।১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩০। আতিথ্য-করণ

[দ্বারাবতী]

১৭৫। কারিত-দ্বীপালঙ্করণ কৃষ্ণ

১৭৬। কারিত-কুমারভ্যর্থন কৃষ্ণ

১৭৭। কারিত-প্রেমাভি নন্দন কৃষ্ণ

১৭৮। কারিত-জনতা-বন্দন কৃষ্ণ

১৭৯। সুখ-পুর্য্যাবাস-বাসিত কৃষ্ণ (১)

১৮০। বহুল-শর্ব্বরী-যাপিত কৃষ্ণ

মহাভারত আদি পর্ব্ব-লীলা

১৭৫। হে কৃষ্ণ! তুমি অর্জ্জুনাগমন উপলক্ষে দ্বারাবতী দ্বীপ বহু ধ্বজা পতাকায় অলঙ্কৃত করাইয়াছিলে।—মভাঃ আদি ২১৭।১৬

১৭৬। হে কৃষ্ণ! তুমি যাদব কুমারগণ কর্ত্তৃক অর্জ্জুনকে বিশেষ ভাবে অভ্যর্থনা করাইয়াছিলে।—মভাঃ আদি ২১৭।২০

১৭৭। হে কৃষ্ণ! তুমি (সমবয়স্ক যাদব রাজবংশীয়গণ দ্বারা) অর্জ্জুনকে পুনঃ পুনঃ সপ্রেম অভিনন্দন করাইয়াছিলে।

—মভাঃ আদি ২১৭।২০

১৭৮। হে কৃষ্ণ! তুমি দ্বারাবতীর জন-সাধারণ দ্বারা অর্জ্জুনকে অভিনন্দিত করাইয়াছিলে।—মভাঃ আদি ২১৭।১৭

১৭৯। হে কৃষ্ণ! তুমি তোমার নিজের পরম সুখকর বাসভবনে অর্জ্জুনের অবস্থানের ব্যবস্থা করিয়াছিলে।—মভাঃ আদি ২১৭।২১

১৮০। হে কৃষ্ণ! তুমি দ্বারাবতীতে অর্জ্জুন সহ একই গৃহে বহু রাত্রি বাস করিয়াছিলে।—মভাঃ আদি ২১৭।২১

---

(১) শর্ব্বরী :—

কৃষ্ণস্য ভবনে রম্যে রত্ন-ভোজ্য-সমাবৃতে
উবাস সহ কৃষ্ণেন—বহুলাস্তত্র শর্ব্বরীঃ। মভাঃ আদি ২১৭।২১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩১। সুভদ্রা-হরণ-অনুমোদন

[রৈবতক]

১৮১। সুভদ্রা-হরণ-সম্মত কৃষ্ণ

১৮২। স্ব-সারথি-রথানুমত কৃষ্ণ

১৮৩। স্ব-কুল-সম্মান-স্বীকৃত কৃষ্ণ

১৮৪। পশুবৎ-প্রদান-ধিক্কৃত কৃষ্ণ (১)

১৮৫। সংহৃষ্টার্জ্জুন-সমন্বিত কৃষ্ণ

১৮৬। স-সখ-স্বস্থকোদ্বাহিত কৃষ্ণ

মহাভারত আদি পর্ব্ব-লীলা

১৮১। হে কৃষ্ণ! তুমি (উৎসব উপলক্ষে রৈবতক আগমন করিয়া সখা অর্জ্জুন কর্ত্তৃক তোমার ভগিনী) সুভদ্রাহরণ অনুমোদন করিয়াছিলে।—মভাঃ আদি ২১৮।২৩

১৮২। হে কৃষ্ণ! তুমি নিজ রথ ও সারথি দ্বারা অর্জ্জুনকে (ভগিনীহরণে) পরোক্ষে সাহায্য করিয়াছিলে।—মভাঃ আদি ২১৮।২৩

১৮৩। হে কৃষ্ণ! তুমি (সুভদ্রাহরণে ক্রুদ্ধ যাদবগণের নিকট) স্বীকার করিয়াছিলে যে অর্জ্জুন সুভদ্রাহরণ দ্বারা যদুকুলের সম্মান বৃদ্ধি করিয়াছে।—মভাঃ আদি ২২০।২

১৮৪। হে কৃষ্ণ! তুমি (কন্যার ইচ্ছার বিরুদ্ধে) কন্যা সম্প্রদান প্রথাকে পশুবৎ প্রদান বলিয়া ধিক্কার দিয়াছ।—মভাঃ আদি ২২০।৪

১৮৫। হে কৃষ্ণ! তোমার (ইচ্ছানুযায়ী পলায়ন পর) ভদ্রার্জ্জুনকে দ্বারকায় সসম্মানে অভ্যর্থনা করা হইয়াছিল।—মভাঃ আদি ২২০।১২

১৮৬। হে কৃষ্ণ! তুমি নিজ সখা (মাতুলেয়) অর্জ্জুনের সঙ্গে নিজ ভগিনী সুভদ্রার বিবাহ দেওয়াইয়াছিলে।—মভাঃ আদি ২২০।১৩

---

(১) পশুবৎ :—

প্রদানমপি কন্যায়াঃ পশুবত্ কোঽনুমন্যতে—মভাঃ আদি ২২০।৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩২। অভিমন্যু-নামকরণ

[ইন্দ্রপ্রস্থ]

১৮৭। পাণ্ডব-পুর-সমাগত কৃষ্ণ
১৮৮। সাদর-ভাষিত-স্বাগত কৃষ্ণ
১৮৯। সহস্র-দোগ্ধ্রীগো-দায়ক কৃষ্ণ
১৯০। বহু-স্বর্ণ-দান-নায়ক কৃষ্ণ
১৯১। অভিমন্যু-নাম-করণ কৃষ্ণ
১৯২। স্বস্ত্যয়ন-ক্রিয়াচরণ কৃষ্ণ (১)

মহাভারত আদি পর্ব্ব-লীলা

১৮৭। হে কৃষ্ণ! তুমি (দ্বাদশ-বর্ষ তীর্থবাসান্তে সুভদ্রাসহ অর্জ্জুন প্রত্যাগমনের পরে) পুনঃ ইন্দ্রপ্রস্থপুরে আগমন করিয়াছিলে।

—মভাঃ আদি ২২০।২৭

১৮৮। হে কৃষ্ণ! তুমি ইন্দ্রপ্রস্থ বাসীগণ কর্ত্তৃক বিপুলভাবে স্বাগত সম্বর্দ্ধিত হইয়াছিলে।—মভাঃ আদি ২২০।৩৪-৪৩

১৮৯। হে কৃষ্ণ! তুমি এই যাত্রায় রাজা যুধিষ্ঠিরকে এক সহস্র (মথুরাদেশীয়) দুগ্ধবতী গাভী উপহার দিয়াছিলে।

—মভাঃ আদি ২২০।৪৬

১৯০। হে কৃষ্ণ! তুমি বহু উপঢৌকন সহ দশ-মনুষ্য-ভার ওজনের সুবর্ণ রাজাকে প্রদান করিয়াছিলে।—মভাঃ আদি ২২০।৫২

১৯১। হে কৃষ্ণ! তুমি স্বয়ং (সুভদ্রাতনয়) অভিমন্যুর নামকরণ সংস্কার করিয়াছিলে।—মভাঃ আদি ২২০।৬৭

১৯২। হে কৃষ্ণ! তুমি নবজাতক ভাগিনেয়ের কল্যাণার্থ স্বয়ং জাতকর্ম্মাদি সমস্ত মঙ্গলক্রিয়া করিয়াছিলে।—মভাঃ আদি ২১০।৭১

---

(১) স্বস্ত্যয়ন :—

জন্ম প্রভৃতি কৃষ্ণশ্চ চক্রে তস্য ক্রিয়াঃ শুভাঃ। মভাঃ আদি ২১০।৭৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৩। তাপসী-পরিণয়

[ইন্দ্রপ্রস্থ]

১৯৩। স-সখ-যামুনাবস্থিত কৃষ্ণ
১৯৪। বিপিন-মৃগয়া-মোদিত কৃষ্ণ
১৯৫। মহানস-মেধ্য-প্রেষক কৃষ্ণ
১৯৬। তৃষার্ত্ত-সলিলান্বেষক কৃষ্ণ
১৯৭। সূর্য্য-সুতা-তপঃশ্রাবিত কৃষ্ণ (১)
১৯৮। তাপসী-কালিন্দী-কামিত কৃষ্ণ

শ্রীভাগবত, মহাভারত ও গর্গ সংহিতা দ্বারকাখণ্ড-লীলা

১৯৩। হে কৃষ্ণ! তুমি যমুনা নদীতীরস্থ বনপ্রদেশ কিছুকাল সখা অর্জ্জুনসহ সুখে অবস্থান করিয়াছিলে।—মভাঃ আদি ২২০।২৭

১৯৪। হে কৃষ্ণ! তুমি নির্জ্জন অরণ্যে অর্জ্জুনসহ মৃগয়ার আনন্দ উপভোগ করিয়াছিলে। মভাঃ আদি ১২০।৬৪ ;—শ্রীভাঃ ১০।৫৮।১৪

১৯৫। হে কৃষ্ণ! তুমি মৃগয়ালব্ধমেধ্য (আহার যোগ্য পবিত্র) পশুগুলি রাজা যুধিষ্ঠিরের রন্ধনশালায় প্রেরণ করিতে।
—শ্রীভাঃ ১০।৫৮।১৬

১৯৬। হে কৃষ্ণ! তুমি (এই সময় একদা) তৃষ্ণার্ত্ত হইয়া জলান্বেষণে যমুনা নদীতে গিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৮।১৬

১৯৭। হে কৃষ্ণ! তুমি (যমুনাতীরে) সূর্য্যকন্যা কালিন্দীর (বিষ্ণু-পতি লাভার্থ) তপস্যা কাহিনী শ্রবণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৮।২২

১৯৮। হে কৃষ্ণ! তুমি তাপসী কালিন্দীর তপস্যায় সিদ্ধিদান করিয়া তাঁহাকে বিবাহ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৮।২৯,
গর্গঃ দ্বাঃ ৮।১৬

---

(১) সূর্য্যকন্যা :—
দ্বারকামেত্য কালিন্দীং সূর্য্যকন্যাং মনোহরাম্
উপযেমে বিধানেন বিতরন্মঙ্গলং পরম—গর্গঃ দ্বাঃ ৮।১৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৪। খাণ্ডব-দাহন

[খাণ্ডববন]

১৯৯।	নিদাঘ-যমানুজাগত	কৃষ্ণ
২০০।	কপট-ব্রাহ্মণোপগত	কৃষ্ণ
২০১।	খাণ্ডব-বনান্ন-যাচিত	কৃষ্ণ
২০২।	গাণ্ডীব-সুনাভ-প্রাপিত	কৃষ্ণ
২০৩।	খাণ্ডব-দাহ-সহায়ক	কৃষ্ণ
২০৪।	হুতাশন-তৃপ্তি-বিধায়ক	কৃষ্ণ

মহাভারত আদি পর্ব্ব-লীলা

১৯৯। হে কৃষ্ণ! তুমি (ইন্দ্রপ্রস্থ বাসকালে গ্রীষ্ম-ঋতুতে একদা অর্জ্জুনসহ) যমুনা-পুলিন-বিহারে আসিয়াছিলে।—মভাঃ আদি ২২৩।১৭

২০০। হে কৃষ্ণ! (এই সময় অগ্নিদেব) ব্রাহ্মণের ছদ্মবেশে তোমাদের নিকট আগমন করিয়াছিলেন।—মভাঃ আদি ২২১।৩০

২০১। হে কৃষ্ণ! (এই ছদ্মবেশী ব্রাহ্মণ) তোমার নিকট বিশাল খাণ্ডব-বন-ভোজন প্রার্থনা করিয়াছিলেন।—মভাঃ আদি ২২৪।২৩

২০২। হে কৃষ্ণ! এই ব্রাহ্মণ অর্জ্জুনকে গাণ্ডীবধনু এবং তোমাকে বজ্রনাভ চক্রপ্রদান করিয়াছিলেন।—মভাঃ আদি ২২৪।২৩

২০৩। হে কৃষ্ণ! তুমি অর্জ্জুন কর্ত্তৃক খাণ্ডব বন দাহকার্য্যে-সহায়ক হইয়াছিলে।—মভাঃ আদি ২২৬।২৭

২০৪। হে কৃষ্ণ! তুমি (সখাসহ) খাণ্ডববন দাহন দ্বারা অগ্নিদেবের (ক্ষুধামান্দ্য দূর করিয়া) তৃপ্তিবিধান করিয়াছিলে।—মভাঃ আদি ২২৭।৩৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৫। দানব-শিল্পী-সংরক্ষণ

[খাণ্ডববন]

২০৫। সকল-সুরাস্ত্র-রোধন কৃষ্ণ
২০৬। শিল্পি-রক্ষণানুমোদন কৃষ্ণ
২০৭। দশ-পঞ্চ-দিন-দীপিত কৃষ্ণ
২০৮। স্থির-প্রীতি-বর-লম্ভিত কৃষ্ণ
২০৯। জন-হিত-জ্বলন-বিহিত কৃষ্ণ (১)
২১০। স-শিল্পি-পুলিন-প্রস্থিত কৃষ্ণ

মহাভারত আদি পর্ব্ব-লীলা

২০৫। হে কৃষ্ণ! তুমি (খাণ্ডববন দাহনকালে) দেবগণ নিক্ষিপ্ত সমস্ত দিব্যাস্ত্র নিষ্ক্রিয় করিয়াছিলে।—মভাঃ আদি ২২৬।৪৩

২০৬। হে কৃষ্ণ। তুমি (দানব-শিল্পাচার্য্য ময়কে নিধনের অভিনয় করিলে) অর্জ্জুন কর্ত্তৃক অভয় দান অনুমোদন করিয়াছিলে।
—মভাঃ আদি ২২৭।৪৫

২০৭। হে কৃষ্ণ! তুমি (সখা অর্জ্জুনসহ একাদিক্রমে) পঞ্চ-দশদিন (ইন্দ্র-রক্ষিত) খাণ্ডববন-দাহন করিয়াছিলে।—মভাঃ আদি ২২৭।৪৫

২০৮। হে কৃষ্ণ! তুমি (পরাজিত দেবরাজ ইন্দ্র কর্ত্তৃক বর যাচ্ঞা করিতে অনুরুদ্ধ হইলে) অর্জ্জুনসহ চিরন্তন প্রীতি-বর প্রার্থনা করিয়াছিলে।—মভাঃ আদি ২৩৩।১৩

২০৯। হে কৃষ্ণ! তুমি খাণ্ডববন-দাহন করিয়া জগতের পরম মঙ্গল সাধন করিয়াছিলে।—মভাঃ আদি ২৩৩।৫

২১০। হে কৃষ্ণ! তুমি (খাণ্ডব-দাহন অন্তে) শিল্পী ময়দানবকে সঙ্গে লইয়া অর্জ্জুনসহ যমুনাপুলিনে আসিয়াছিলে।
—মভাঃ আদি ২৩৩।১৫-১৯

---

(১) জনহিত :—
দদাহ সহ কৃষ্ণাভ্যাং জনয়ঞ্জগতোহিতম্—মভাঃ আদি ২৩৩।৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৬। নব-শিল্পোদ্ভাবন

[ইন্দ্রপ্রস্থ]

২১১।	কৃতজ্ঞ-কারু-প্রচোদিত	কৃষ্ণ
২১২।	কিঞ্চিচ্চিন্তিতোদীরিত	কৃষ্ণ
২১৩।	পাণ্ডব-রাজ-সভা-নিদেশ	কৃষ্ণ
২১৪।	ময়-দানব-নৈপুণ্যোপদেশ	কৃষ্ণ
২১৫।	মানব-বিস্ময়োৎপাদন	কৃষ্ণ
২১৬।	শিল্প-সমন্বয়োদ্ভাবন	কৃষ্ণ (১)

মহাভারত সভা পর্ব্ব-লীলা

২১১। হে কৃষ্ণ ! তুমি দানব শিল্পাচার্য্য ময় কর্ত্তৃক কিছু সেবা-গ্রহণ করিতে বিশেষভাবে প্রার্থিত হইয়াছিলে।—মভাঃ সভাঃ ১।৯

২১২। হে কৃষ্ণ ! তুমি কিঞ্চিৎ চিন্তা করিয়া তাহাকে একটি সেবার আদেশ দিয়াছিলে।—মভাঃ সভাঃ ১।১০

২১৩। হে কৃষ্ণ ! তুমি (ইন্দ্রপ্রস্থের) রাজা পাণ্ডব যুধিষ্ঠিরের জন্য একটি রাজ-সভা নির্ম্মাণের নির্দ্দেশ দিয়াছিলে।—মভাঃ সভাঃ ২।১১

২১৪। হে কৃষ্ণ ! তুমি সেই সভা নির্ম্মাণে মানব ও দানব শিল্পের পূর্ণ নৈপুণ্য প্রদর্শনের ইচ্ছা করিয়াছিলে।—মভাঃ সভাঃ ১।১৩

২১৫। হে কৃষ্ণ ! তুমি (সেই অপূর্ব্ব রাজসভা নির্ম্মাণ করাইয়া) নরলোকের বিস্ময় উৎপাদন করিয়াছিলে।—মভাঃ সভাঃ ১।১২

২১৬। হে কৃষ্ণ ! তুমি (এই কার্য্য দ্বারা মানব ও দানব দুইটি ভিন্ন) শিল্প নৈপুণ্যের সমন্বয় সাধন করিয়াছিলে ।—মভাঃ সভাঃ ১।১৩

---

(১) শিল্প-সমন্বয় :—

যত্র দিব্যানভিপ্রায়ান্ পশ্যেম হি কৃতাংস্ত্বয়া
অসুরান্ মানুষাংশ্চৈব সভাং তাং কুরুবৈ ময়। মভাঃ সভাঃ ১।১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৭। শিষ্ট-আচরণ

[ইন্দ্রপ্রস্থ]

২১৭। পিতৃ-স্বসৃ-পাদ-প্রণত কৃষ্ণ
২১৮। ভীম-যুধিষ্ঠির-সঙ্গত কৃষ্ণ
২১৯। ধনঞ্জয়-প্রেমালিঙ্গিত কৃষ্ণ
২২০। যমজ-ভ্রাতাভিনন্দিত কৃষ্ণ
২২১। শৈব্য-বলাহক-বাহিত কৃষ্ণ
২২২। স্বরথ-দ্বারকা-প্রস্থিত কৃষ্ণ

মহাভারত সভা পর্ব্ব-লীলা

২১৭। হে কৃষ্ণ! তুমি (বিশ্ব-বিস্ময়কর রাজসভা নির্ম্মাণের ব্যবস্থা করিয়া) দ্বারাবতী প্রস্থানকালে পিতৃস্বসা কুন্তীর চরণে প্রণত হইয়াছিলে।—মভাঃ সভাঃ ২।৩

২১৮। হে কৃষ্ণ! তুমি যাত্রাকালে (জ্যেষ্ঠ ভ্রাতা) যুধিষ্ঠির ও ভীমকে প্রণাম করিয়াছিলে।—মভাঃ সভাঃ ২।২৩

২১৯। হে কৃষ্ণ! তুমি (সমবয়স্ক সখা) ধনঞ্জয় কর্ত্তৃক সপ্রেমে গাঢ় আলিঙ্গিত হইয়াছিলে।—মভাঃ সভাঃ ২।২০

২২০। হে কৃষ্ণ! তুমি (কনিষ্ঠ) দুই যমজ ভ্রাতা (নকুল ও সহদেব) কর্ত্তৃক প্রণমিত হইয়াছিলে।—মভাঃ সভাঃ ২।১১

২২১। হে কৃষ্ণ! তুমি তোমার নিজস্ব (১) শৈব্য (২) সুগ্রীব (৩) মেঘ পুষ্প ও (৪) বলাহক নামক (চারি বর্ণের চারি) অশ্বদ্বারা বাহিত হইয়াছিলে।—মভাঃ সভাঃ ২।১৫

২২২। হে কৃষ্ণ! তুমি তোমার (গরুড় ধ্বজ বিশিষ্ট ও দারুক সারথি চালিত) নিজ রথে দ্বারকা প্রস্থান করিয়াছিলে।

—মভাঃ সভাঃ ২।২৯-৩০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৮। অবন্তি-রাজকন্যা-পরিণয়

[অবন্তিপুর]

২২৩।	অবন্তি-পতি-সুতা-কান্ত	কৃষ্ণ
২২৪।	মিত্রবিন্দা-দয়িত-দান্ত	কৃষ্ণ
২২৫।	ব্যাহত-বর-মাল্যার্পণ	কৃষ্ণ
২২৬।	কন্যা-হরণাবধারণ	কৃষ্ণ
২২৭।	সকামা-কন্যানুগ্রাহক	কৃষ্ণ
২২৮।	পিতৃ-স্বসৃ-সুতোদ্বাহক	কৃষ্ণ

শ্রীভাগবত ও গর্গ সংহিতা দ্বারকাখণ্ড-লীলা

২২৩। হে কৃষ্ণ! তুমি (তৎকালীন ভারতের অন্যতম শ্রেষ্ঠ রাজা) অবন্তিপতি (জয়সেনের) কন্যাকে বিবাহ করিয়াছিলে। শ্রীভাঃ ১০।৫৮।৩১

২২৪। হে কৃষ্ণ! তুমি রাজকন্যা মিত্রবিন্দার পরম প্রিয় পতি ও পরম সংযত পুরুষ ছিলে।—শ্রীভাঃ ১০।৫৮।৩০

২২৫। হে কৃষ্ণ! দুর্যোধনের বশবর্ত্তী বিন্দ ও অনুবিন্দ নামক অবন্তিরাজপুত্রদ্বয় তাহাদের ভগিনী কর্ত্তৃক তোমাকে বরমাল্যার্পণে বাধা প্রদান করিয়াছিল।—শ্রীভাঃ ১০।৫৮।৩০

২২৬। হে কৃষ্ণ! তুমি (দুষ্ট রাজন্যগণকে যুদ্ধে পরাজিত করিয়া স্বয়ম্বরসভা হইতে-সকামা-কন্যা) আনয়ন অবধারণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৮।৩১

২২৭। হে কৃষ্ণ! তুমি (তোমার প্রতি পরম প্রেমপরায়ণা রাজ) কন্যাকে অনুগ্রহ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৮।৩০, গর্গঃ দ্বাঃ ৮।১৭

২২৮। হে কৃষ্ণ! তুমি তোমার (অন্যতমা পিতৃস্বসা রাজাধিদেব্যার) কুমারী কন্যাকে বিবাহ করিয়াছিলে। শ্রীভাঃ ১০।৫৮।৩১

(১) সকামা :—

আবন্ত্য রাজতনুজাং মিত্রবিন্দাং মনোহরাম্
স্বয়ম্বরে তাং জহার ভগবান্ রুক্মিণীং যথা—গর্গ সং দ্বাঃ ৮।১৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৯। কোশল-রাজকন্যা-পরিণয়

[কোশল-পুর]

২২৯। কোশল-কন্যকা-যাচক কৃষ্ণ

২৩০। অশুল্ক-প্রদাতা-বাচক কৃষ্ণ

২৩১। বৃষজিচ্ছুলভ্য-শ্রাবিত কৃষ্ণ

২৩২। কৃতাত্ম-সপ্তধা-ধাবিত কৃষ্ণ (১)

২৩৩। গৃহীত-সত্যা-সযৌতুক কৃষ্ণ

২৩৪। কৃত-বৈবাহিক-কৌতুক কৃষ্ণ

শ্রীভাগবত, পদ্মপুরাণ ও গর্গ সংহিতা দ্বারকাখণ্ড-লীলা

২২৯। হে কৃষ্ণ! তুমি (অরাজা হইয়াও) কোশলের (সূর্য্যবংশীয়-রাজা) নগ্নজিতের কন্যাপ্রার্থী হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৮।৪৩

২৩০। হে কৃষ্ণ! তুমি (সেই যুগের প্রথামত) কোন কন্যা শুল্ক প্রদান না করিয়াই (রাজকন্যা নাগ্নজিতীকে) প্রার্থনা করিয়াছিলে। —শ্রীভাঃ ১০।৫৮।৪০

২৩১। হে কৃষ্ণ! তুমি কোশলরাজ কর্ত্তৃক সপ্ত মহাবলবান গো-বৃষকে এক-সঙ্গে দমন রূপ বীর্য্য-শুল্ক দিতে আহূত হইয়াছিলে। —শ্রীভাঃ ১০।৫৮।৪০-৪৪

২৩২। হে কৃষ্ণ! তুমি নিজ দেহ সপ্তভাগে বিভক্ত করিয়া (সপ্ত কৃষ্ণ রূপে) সপ্ত গো-বৃষ যুগপৎ ধারণ ও দমন করিয়াছিলে।— শ্রীভাঃ ১০।৫৮।৪৫ ; পদ্মঃ পুঃ ১৪৯।৪, গর্গঃ দ্বাঃ ৮।১৮

২৩৩। হে কৃষ্ণ! তুমি সেই বীর্যশুল্ক প্রদানে বহু যৌতুকসহ রাজকুমারী সত্যাকে পত্নীরূপে গ্রহণ করিয়াছিলে। শ্রীভাঃ ১০।৫৯।৪১-৫১

২৩৪। হে কৃষ্ণ! তুমি বহু যৌতুক ও কোশল-রাজগৃহে বহু বৈবাহিক কৌতুক লাভ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৮।৪৮

---

(১) সপ্তধা :—

নগ্নজিৎ কন্যকাং সত্যাং দমিত্বাসপ্তগোবৃষান্

পশ্যতাং সর্ব্ব লোকানামুপযেমে হরিঃ স্বয়ম্—গর্গঃ দ্বাঃ ৮।১৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪০। কেকয়-রাজকন্যা-পরিণয়

[কেকয়পুর]

২৩৫। কেকয়-কুমারী-কামিত কৃষ্ণ (১)
২৩৬। সুভাষিণী-ভদ্রা-নমিত কৃষ্ণ
২৩৭। শ্রুতকীর্ত্তি-সুতা-গ্রাহক কৃষ্ণ
২৩৮। পিতৃ-স্বসৃ-কন্যোদ্বাহক কৃষ্ণ
২৩৯। সন্তর্দ্দন-ভগিনী-কান্ত কৃষ্ণ
২৪০। সর্ব্ব-করণ-মুক্ত-শান্ত কৃষ্ণ (২)

শ্রীভাগবত ও গর্গ সংহিতা দ্বারকাখণ্ড-লীলা

২৩৫। হে কৃষ্ণ! তুমি (অরাজা হইলেও কেকয় রাজা ধৃষ্টকেতুর কন্যাকে) পত্নীরূপে গ্রহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৯।৫৬

২৩৬। হে কৃষ্ণ! তুমি (কেকয় রাজকন্যা) সুভাষিণী ভদ্রা কর্ত্তৃক প্রণমিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৮।৫৬, গর্গঃ দ্বাঃ ৮।১৯

২৩৭। হে কৃষ্ণ! তুমি (বসুদেবের অন্যতমা ভগিনী) শ্রুতকীর্ত্তির কন্যাকে বিবাহ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৮।৫৬

২৩৮। হে কৃষ্ণ! তুমি এই (বিবাহ-লীলাতেও) অন্যতমা পিতৃস্বসার কন্যার পাণিগ্রহণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৮।৫৬

২৩৯। হে কৃষ্ণ! তুমি (এই কন্যার ভ্রাতা) সন্তর্দ্দন প্রভৃতি দ্বারা সাদরে সকামা কন্যা প্রদত্ত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৮।৫৬

২৪০। হে কৃষ্ণ! তুমি বহু দেশীয় ও বহু চরিত্রের কন্যা বিবাহ করিলেও সমস্ত রমণীর কুহক-মুক্ত শান্ত পুরুষ ছিলে।—শ্রীভাঃ ১০।৬১।৪

---

(১) কেকয় :—কৈকেয়রাজতনুজাং ভদ্রাং তু ভগবান হরিঃ
—গর্গঃ দ্বাঃ ৮।১৯

(২) করণ :—পত্ন্যস্তুষোড়শসহস্রমনঙ্গবাণৈর্যস্যেন্দ্রিয়ং বিমথিতুং করণৈর্নশেকুঃ—শ্রীভাঃ ১০।৬১।৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪১। মদ্র-রাজকন্যা-পরিণয় (১)

[সকালা]

২৪১। শোভনা-লক্ষ্মণা-বল্লভ কৃষ্ণ
২৪২। ভুবন-কমন-সৌষ্ঠব কৃষ্ণ
২৪৩। অভেদ্য-রথাঙ্গ-ভেদন কৃষ্ণ
২৪৪। অনায়াস-মৎস্য-ছেদন কৃষ্ণ
২৪৫। অষ্ট-রামা-যুতাভিরাম কৃষ্ণ
২৪৬। বরাঙ্গনা-প্রিয়াত্মারাম কৃষ্ণ (২)

শ্রীভাগবত দশম স্কন্ধ লীলা

২৪১। হে কৃষ্ণ! তুমি (মহা মাননীয় মদ্ররাজ বৃহৎ সেনের) পরমাসুন্দরী কন্যা লক্ষ্মণার প্রাণবল্লভ ছিলে।—শ্রীভাঃ ১০।৮৩।১৭

২৪২। হে কৃষ্ণ! তুমি ত্রিভুবনের সকল দৈহিক সৌন্দর্য্যে পরম সুন্দর ছিলে।—শ্রীভাঃ ১০।৩৯।২১

২৪৩। হে কৃষ্ণ! তুমি লক্ষ্মণা স্বয়ম্বরে মদ্ররাজ স্থাপিত (অদৃষ্ট-পূর্ব্ব অভেদ্য মৎস্য চক্র ভেদ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮৩।১৯

২৪৪। হে কৃষ্ণ! তুমি (অর্জ্জুনেরও প্রাণপণ যত্নে অভেদ্য) মৎস্য চক্র অনায়াসে ছেদন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮৩।২৪-২৫

২৪৫। হে কৃষ্ণ! তুমি (ভুবনসুন্দরী) অষ্টমহিষী পরিবৃত হইয়া পরম অভিরাম হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮৩।৬

২৪৬। হে কৃষ্ণ! তুমি (পরম পরিতুষ্টা) বহু বরাঙ্গণাগণের পরম প্রিয় পতি হইলেও স্বয়ং আত্মারাম পুরুষ ছিলে।—শ্রীভাঃ ১০।৮৩।৩৯

---

(১) মদ্রদেশ :—পাঞ্জাবে ইরাবতী ও চন্দ্রভাগা নদীর মধ্যবর্ত্তী দেশ। ইহার রাজধানীর নাম সকালা। ইহা মান্দ্রাজ নহে।

(২) আত্মারামস্ত তস্যেমা বয়ং বৈ গৃহদাসিকাঃ।—শ্রীভাঃ ১০।৮৩।৩৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪২। মুর-নরক-নিধন

[প্রাগ্‌জ্যোতিষ পুর]

২৪৭। হৃত-ছত্র-কুণ্ডল-জ্ঞাপিত কৃষ্ণ

২৪৮। প্রাগ্‌জ্যোতিষপুর-ধাবিত কৃষ্ণ

২৪৯। লৌহিত্যে সম্মুত-মুরারি কৃষ্ণ

২৫০। দুস্কৃত-নরকাসুরারি কৃষ্ণ

২৫১। ভগদত্তাভয়-দায়ক কৃষ্ণ

২৫২। দ্রবিণ-দ্বারকা-নয়ক কৃষ্ণ

শ্রীভাগবত, কালিকাপুরাণ ও হরিবংশ বিষ্ণুপর্ব্ব-লীলা

২৪৭। হে কৃষ্ণ! তুমি (১) বরুণের ছত্র (২) দেবমাতা অদিতির কুণ্ডল (৩) ইন্দ্রের মণি পর্ব্বত প্রভৃতি দেববিত্ত নরকাসুর কর্ত্তৃক অপহরণ বার্ত্তা, দেবরাজ কর্ত্তৃক জ্ঞাপিত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৯।২

২৪৮। হে কৃষ্ণ তুমি (নরকাসুরের রাজ্য) প্রাগ-জ্যোতিষপুরে ঐ (দেব সম্পত্তি উদ্ধার জন্য) গিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৯।২

২৪৯। হে কৃষ্ণ! তুমি লৌহিত্যের (ব্রহ্মপুত্র নদ) জলযুদ্ধে নরক রাজার সেনাপতি পঞ্চশিরা মুরকে সপুত্র নিধন করিয়াছিলে। —শ্রীভাঃ ১০।৫৯।৬-১০ ; কালিকা পুঃ ১১।৮৭

২৫০। হে কৃষ্ণ! তুমি মহা দুস্কর্ম্মকারি নরক রাজাকে (সুদর্শন চক্রে) নিধন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৯।২১ ; হরিঃ বিঃ ১৩।১২১

২৫১। হে কৃষ্ণ! তুমি (নরক নিধনের পরে) তৎপুত্র ভগদত্তকে অভয় প্রদান পূর্ব্বক পিতৃরাজ্যে স্থাপন করিয়াছিলে। শ্রীভাঃ ১০।৫৯।৩২

২৫২। হে কৃষ্ণ! তুমি ভূমিপুত্র নরকাসুর সংগৃহীত বিপুল ধনরাশি দ্বারাবতীতে আনিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৯।৩৬ ; হরিঃ বিঃ ৬৪।১৮

---

(১) প্রাগ্‌জ্যোতিষপুর :—সম্ভবতঃ আসামের অন্তর্গত কামরূপ বা গৌহাটি নহে। হিমালয়ের উত্তরে কৈলাশের সন্নিকটে ভৌমাসুরের প্রাগ্‌জোতিষপুর দেখা যায়। গর্গঃ বিঃ ২৫।৫৬-৫৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৩। ধর্ষিতোদ্ধারণ

[প্রাগ্‌জ্যোতিষপুর] (১)

২৫৩। নরকান্তঃপুর-প্রবিষ্ট কৃষ্ণ
২৫৪। দ্ব্যষ্টসহস্র-বামা-দৃষ্ট কৃষ্ণ
২৫৫। লাঞ্ছিতা-লজ্জা-নিবারক কৃষ্ণ
২৫৬। ধার্ম্মিক-ধর্ষিতা-ধারক কৃষ্ণ
২৫৭। অমান্যা-মানদোদ্ধারণ কৃষ্ণ (১)
২৫৮। তাবদ্রূপ-ধরোদ্বাহন কৃষ্ণ

শ্রীভাগবত, ব্রহ্মবৈবর্ত্ত ও কালিকা পুরাণ-লীলা

২৫৩। হে কৃষ্ণ! তুমি নরক রাজার সুরক্ষিত পার্ব্বত্য অন্তঃপুরে প্রবেশ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৯।৩২ ; কালিকা পুঃ ৪৪।৬০।৩৮

২৫৪। হে কৃষ্ণ! তুমি (তথায়) নানা রাজ-অন্তঃপুর হইতে বলপূর্ব্বক আনীতা ষোড়শ সহস্র স্ত্রী দেখিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৯। ৩৩ ; ব্রঃ বৈঃ কৃঃ ১১২।৩৮ ; হরিঃ বিঃ ৬৪।১৫ ; বিঃ পুঃ ৫।২৯

২৫৫। হে কৃষ্ণ! তুমি বলপূর্ব্বক অপহৃতা ও ধর্ষিতা সেই সমস্ত লাঞ্ছিতা নারীগণের লজ্জা নিবারণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৯।৩৫

২৫৬। হে কৃষ্ণ! তুমি পরম ধার্ম্মিক ধর্ষিতাগণকে স্ত্রীরূপে গ্রহণ করিয়া তাহাদিগকে সামাজিক মর্য্যাদা দিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৯।৩৬

২৫৭। হে কৃষ্ণ! তুমি মানহীনাগণকে স্বয়ং বিবাহ করিয়া সর্ব্বোচ্চ সম্মান দিয়াছিলে।—হরিঃ বিঃ ৬৪।৩৪ ; বিঃ পুঃ ৫।২৯।৩৩

২৫৮। হে কৃষ্ণ! তুমি ষোড়শ সহস্র দেহ ধারণে একই দিনে ষোড়শ সহস্র ভবনে বিবাহ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৬।৪১

---

(১) অমান্যা মানদ :—সেই যুগের বিজয়ী রাজগণ যুদ্ধে পরাজিত শত্রুগণের কুলনারীগণকে হরণ করিয়া উপ-পত্নী করিতেন। শ্রীকৃষ্ণ এই মহাপাপাচারের প্রতিবাদে নরক স্ত্রীগণকে শাস্ত্রমতে বিবাহ করিয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৪। পারিজ্জাত-হরণ

[স্বর্গ-পুর]

২৫৯। অদিতি-কুণ্ডল-প্রাপিত কৃষ্ণ

২৬০। দেবেন্দ্রাবমান-লভিত কৃষ্ণ

২৬১। পারিজাত-দ্রুমোৎপাটক কৃষ্ণ

২৬২। দেবেশ-কুলিশ-গ্রাহক কৃষ্ণ

২৬৩। সত্যভামোদ্যান-স্থাপন কৃষ্ণ

২৬৪। স্বর্সুষমা-মর্ত্ত্য-মাদন কৃষ্ণ (১)

শ্রীভাগবত, বিষ্ণুপুরাণ ও হরিবংশ বিষ্ণুপর্ব্ব-লীলা

২৫৯। হে কৃষ্ণ! তুমি (অদিতির কুণ্ডল প্রভৃতি সমস্তউদ্ধারকৃত) দেব সম্পত্তি স্বর্গে দেবরাজকে প্রত্যর্পণ করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৯।৩৮

২৬০। হে কৃষ্ণ! তুমি (স্বর্গের একটি পারিজাত পুষ্পবৃক্ষ সত্যভামার জন্য যাজ্ঞা করিলে) দেবরাজ তাহা মানুষকে দিতে অস্বীকার করিয়া তোমাকে অপমান করিয়াছিলেন।—হরিঃ বিঃ ৭০।৪

২৬১। হে কৃষ্ণ! তুমি নন্দন কানন হইতে বলপূর্ব্বক পারিজাত বৃক্ষ উৎপাটন করিয়া আনিয়া মর্ত্ত্যের উদ্যানে রোপন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৫৯।৩০ ; হঃ বিঃ ৭৩ ; বিঃ পুঃ ৫।৩০।৩৮ ; ব্রঃ বৈঃ কৃঃ ১১৩।৪১

২৬২। হে কৃষ্ণ! তুমি ক্রোধান্ধ দেবরাজ কর্ত্তৃক বজ্রদ্বারা আক্রান্ত হইলে। তাঁহার উদ্যত বজ্র কাড়িয়া লইয়াছিলে বিঃ পুঃ ৫।৩০।৬৫

২৬৩। হে কৃষ্ণ! তুমি স্বর্গের বৃক্ষ পারিজাত মর্ত্ত্যে আনিয়া সত্যভামার গৃহোদ্যানে স্থাপন করিয়াছিলে।—শ্রীভাঃ ৪০।৫৯।৪১।

২৬৪। হে কৃষ্ণ! তুমি পারিজাতের স্বর্গীয় সুষমায় মর্ত্ত্যের আকাশে বাতাসে স্বর্গের উন্মাদনা আনিয়াছিলে। শ্রীভাঃ ১০।৫৯।৪০

---

(১) স্বসুষমা :—স্থাপিতঃ সত্যভামায়া গৃহদ্যানোপশোভনঃ
অন্বগুভ্র্মরাঃ স্বর্গাত্তদ্গন্ধাসব লম্পটাঃ শ্রীভাঃ ১০।৫৯।৪০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৫। মর্ত্ত্যে-স্বর্গ-সৃজন

[দ্বারাবতী]

২৬৫। কৃত-পুরী-স্বর্গ-সমান কৃষ্ণ
২৬৬। কৃতেচ্ছ-শীতোষ্ণ-প্রদান কৃষ্ণ
২৬৭। কৃত-জরা-গ্লানি-শাসন কৃষ্ণ (১)
২৬৮। কৃতানিষ্ট গন্ধ-নাশন কৃষ্ণ
২৬৯। কৃত সর্ব্ব-ব্যাধি-হরণ কৃষ্ণ
২৭০। কৃত-পূর্ব্ব-জাতি-স্মরণ কৃষ্ণ (২)

হরিবংশ বিষ্ণুপর্ব্ব-লীলা

২৬৫। হে কৃষ্ণ! তুমি (পারিজাত রোপণ করতঃ) দ্বারাবতীকে স্বর্গের সমান স্বাস্থ্য-সম্পন্ন করিয়াছিলে।—হরিঃ বিঃ ৬৯।৬০-৬৫

২৬৬। হে কৃষ্ণ! তুমি পারিজাতের গুণে দ্বারকায় শীত-গ্রীষ্মাদি ঋতু স্বেচ্ছাধীন করিয়াছিলে।—হরিঃ বিঃ ৬৯।৬০-৬৫

২৬৭। হে কৃষ্ণ! তুমি দ্বারকাবাসীর বৃদ্ধত্ব ও দেহের সর্ব্বপ্রকার গ্লানি দূর করিয়াছিলে।—হরিঃ বিঃ ৬৫।২০৩, ৬৫।৫৫

২৬৮। হে কৃষ্ণ! তুমি দ্বারাবতী হইতে সর্ব্বপ্রকার অনিষ্ট-গন্ধ সম্পূর্ণরূপে দূর করিয়াছিলে।—হরিঃ বিঃ ৬৫।২৭

২৬৯। হে কৃষ্ণ! তুমি দ্বারকাবাসীর সর্ব্বপ্রকার রোগ ও দৈহিক ক্লেশ নিবারণ করিয়াছিলে।—হরিঃ বিঃ ৭৫।৫৬

২৭০। হে কৃষ্ণ! তুমি পারিজাত সুষমায় দ্বারকাবাসীর পূর্ব্ব জন্মস্মৃতি ফিরাইয়া আনিয়াছিলে।—হরিঃ বিঃ ৬৪।৬৭, ৭৫।৫৬

---

(১) জরাগ্লানি :—বিরোগারোগিণশ্চাসন্ ঘ্রাত্বা গন্ধং বনস্পতেঃ
হরিঃ বি ৭৫।৫৬

(২) জাতিস্মৃতি :—যমাসাদ্য জনঃ সর্ব্বো জাতিং স্মরতি পৌর্ব্বিকীম্
হরিঃ বিঃ ৬৪।৬৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৬। প্রভাস-মিলন

[স্যমন্ত-পঞ্চক-প্রভাস] (১)

২৭১। সূর্য্যোপরাগ-বিগণন কৃষ্ণ

২৭২। স্যমন্ত-পঞ্চকাগমন কৃষ্ণ

২৭৩। অভুক্ত-সস্ত্রীক-সংযত কৃষ্ণ

২৭৪। রাম-হ্রদ-সবিধি-স্নাত কৃষ্ণ

২৭৫। বৃন্দাবনৌকস-সংবৃত কৃষ্ণ

২৭৬। গোপী-গণাধ্যাত্ম্য-সংস্কৃত কৃষ্ণ

শ্রীভাগবত দশম স্কন্ধ-লীলা

২৭১। হে কৃষ্ণ! তুমি দ্বারাবতী অবস্থানকালে একবার পূর্ণ গ্রাস সূর্য্যগ্রহণ গণনা করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮২।১

২৭২। হে কৃষ্ণ! তুমি তীর্থস্নান করিতে স্বমন্ত-পঞ্চক তীর্থে (কুরুক্ষেত্রে) আসিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮২।২

২৭৩। হে কৃষ্ণ! তুমি ষোড়শ সহস্র স্ত্রীসহ উপবাসী থাকিয়া সংযম পালন করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮২।৯, ১০।৮৩।৬-৭

২৭৪। হে কৃষ্ণ! তুমি সমস্ত পত্নীগণসহ তীর্থের বিধিমত রামহ্রদে গ্রহণ স্নান করিয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮২।১০

২৭৫। হে কৃষ্ণ! তুমি এই তীর্থ ক্ষেত্রে বহুবর্ষ পরে ব্রজের গোপ-গোপীদের দ্বারা পরিবৃত হইয়াছিলে।—শ্রীভাঃ ১০।৮২।১৩

২৭৬। হে কৃষ্ণ! তুমি এই (কুরুক্ষেত্রান্তর্গত) প্রভাস তীর্থক্ষেত্রে তোমার বাল্য-সখি গোপীগণকে গোপনে অধ্যাত্ম্য বিদ্যায় সংস্কৃত করিয়াছিলে—শ্রীভাঃ ১০।৮২।৪৭

প্রভাস :—এই প্রভাস কুরুক্ষেত্রের প্রান্তবাহিনী সরস্বতী নদীতীরে চমসোদ্ভেদের নিকটবর্ত্তী বসুদেবের যজ্ঞস্থলী। ইহা পঞ্চ-স্রোতা সরস্বতী সাগর-সঙ্গমস্থিত প্রভাস ক্ষেত্র নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৭। জঙ্গম-নারায়ণ কৃষ্ণ

[দ্বারাবতী]

২৭৭। নমস্তে জঙ্গম-নারায়ণ কৃষ্ণ

২৭৮। নমস্তে সংযম-পারায়ণ কৃষ্ণ

২৭৯। নমস্তে হৃৎকর্ণ-রসায়ন কৃষ্ণ

২৮০। নমস্তে সুবর্ণ-স্বস্ত্যয়ন কৃষ্ণ

২৮১। নমস্তে সৎকর্ম্ম-পরায়ণ কৃষ্ণ

২৮২। নমস্তে ত্বদর্থ-নামায়ণ কৃষ্ণ (১)

২৭৭। হে কৃষ্ণ! তুমি চলমান্ নারায়ণ। তোমাকে প্রণাম করি।

২৭৮। হে কৃষ্ণ! তুমি সংযত জীবনের পরিসমাপ্তি। তোমাকে প্রণাম।

২৭৯। হে কৃষ্ণ' তুমি হৃদয় ও কর্ণের রসায়ণ। তোমাকে প্রণাম।

২৮০। হে কৃষ্ণ! তুমি সর্ব্বপাপহারি শ্রেষ্ঠ স্বস্ত্যয়ণ। তোমাকে প্রণাম।

২৮১। হে কৃষ্ণ! তুমি পরম আশ্রয়। তোমাকে প্রণাম করি।

২৮২। হে কৃষ্ণ! তুমি (সর্ব্বভাষার) ঈশ্বর বোধক সর্ব্ব নামের মধ্যেই সর্ব্বশক্তিতে পূর্ণরূপে অবস্থিত। তোমাকে প্রণাম করি।

---

(১) ত্বদর্থনামায়ণ :—"গীতানিনামানিতদর্থকানি"—শ্রীভাঃ ১১।২।৩৯

(ক) কৃষ্ণ (সংস্কৃত) = করিম (আর্বী) = কীষণ (ফার্সী) = ক্রীম্ (ইজিপ্ট) = কণ্হ = (পালী) = কাণ্হাইয়া (হিন্দি) = কানু = কানাই = কিষ্ট = কেষ্টো = কৃষ্ট (বাংলা) = ক্রুষ্ণ (উড়িয়া) = ক্রীস্ত = (গ্রীক্) = শিব = কালী = ব্রহ্ম = স্বয়ম্ভূ (স্বয়ং = খোদ্) = স্বধা (সংস্কৃত) = খোদা (ফার্সী) = গোদা (টিউটন্) = গড্ = (ইংরাজী) = গত্ (ফ্রেঞ্চ) গট্ (জার্মান্) প্রত্যেক নামই ঈশ্বরবোধক ও সর্বশক্তিমান।

(খ) "শ্রী"(সংস্কৃত) = "সরিফ্" (ফার্সী) = "আল্" (আরবী) "দি" ইংরাজী = জী = (হিন্দি) = হের (গ্রীক্) গৌরব বাচক শব্দ যথা শ্রীনাথ, শ্রীভাগবত, কোরাণসরিফ্ কাবাসরিফ্ আল্লাহ্, আল্করিম্ হেরক্রীজ, নাথজী কীষণজী রাম-জী। দি লর্ড দি বাইবেল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৮। লীলা-নরাবতংশ কৃষ্ণ

[দ্বারাবতী]

২৮৩। নমস্তে লীলা-নরাবতংশ কৃষ্ণ

২৮৪। নমস্তে স্বভক্ত-হৃদ্ধংস কৃষ্ণ

২৮৫। নমস্তে রণ-জিদনৃশংস কৃষ্ণ

২৮৬। নমস্তে বহুরামারিরংস কৃষ্ণ

২৮৭। নমস্তে হিংসিতাজিঘাংস কৃষ্ণ

২৮৮। নমস্তে শস্ত্র-বিদহিংস কৃষ্ণ

১৮৩। হে কৃষ্ণ! তুমি (সর্ব্বযুগের) লীলাপুরুষ-গণের অলঙ্কার স্বরূপ। তোমাকে প্রণাম করি।

২৮৪। হে কৃষ্ণ! তুমি (সর্ব্বদেশের) ভাগবত নরনারীর হৃদয় সরোবরের হংস স্বরূপ। তোমাকে প্রণাম করি।

২৮৫। হে কৃষ্ণ! তুমি বহু রণ-জয়ী হইলেও পরাজিত শত্রুর প্রতি চিরদিন অনৃশংস ছিলে। তোমাকে প্রণাম করি।

২৮৬। হে কৃষ্ণ! তুমি বহু বরাঙ্গনার বল্লভ হইলেও নিয়ত অকামুক ছিলে। তোমাকে প্রণাম করি।

২৮৭। হে কৃষ্ণ! তুমি বহুজন কর্তৃক হিংসিত হইলেও কাহাকে হিংসা কর নাই। তোমাকে প্রণাম করি।

২৮৮। হে কৃষ্ণ! তুমি (ব্রহ্মাস্ত্র প্রভৃতি) সর্বায়ুধ সমন্বিত থাকিয়াও সর্ব্বক্ষেত্রেই অহিংস ছিলে। তোমাকে প্রণাম করি।

(গ) (সংস্কৃত) নাথ—(আর্বী) লাহ্—লাত্—(হিব্রু) ইলোহা (স্যাক্সন) হ্লাফ্, লাভার্ড—(ইংরাজী) লর্ড। প্রভু অর্থবোধক।

(ঘ) শ্রীনাথ—আল্লাহ্—নাথজী—দি লর্ড—শ্রীকৃষ্ণ—আল্করিম্

(ঙ) (সংস্কৃত) "গৌরীনাথ"—(আর্বী—"গেরিলাত্"—(ইসলাম-পূর্ব্ব আরবের প্রধান দেবতার নাম)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৯। পতিত-পাবন কৃষ্ণ

[দ্বারাবতী]

২৮৯। নমস্তে-পতিত-পাবন কৃষ্ণ

২৯০। নমস্তে-ভুবন-ভাবন কৃষ্ণ

২৯১। নমস্তে-প্রণত-ধাবন কৃষ্ণ

২৯২। নমস্তে-প্রলয়-রাবণ কৃষ্ণ

২৯৩। নমস্তে-তুরিত-দ্রাবণ কৃষ্ণ

২৯৪। নমস্তে-অমৃত-স্রাবণ কৃষ্ণ

২৮৯। হে কৃষ্ণ! তুমি (যুগে যুগে ভারতে আবির্ভূত হইয়া তোমার চরিতামৃতে) সমস্ত পতিতকে পবিত্র কর। তোমাকে প্রণাম করি।

২৯০। হে কৃষ্ণ! তুমি (এক ও অদ্বিতীয় হইয়াও বহু হইবার বাসনায়) তোমার মানসে এই বিশ্বের স্রষ্টা। তোমাকে প্রণাম করি।

২৯১। হে কৃষ্ণ! তুমি তোমার চরণে প্রণত জনকে (নানা সম্পদ ও বিপদ সলিলে) ধৌত করিয়া গ্রহণ কর। তোমাকে প্রণাম করি।

২৯২। হে কৃষ্ণ! তুমি (সৃষ্টি ও স্থিতিকালে শান্তস্বরূপ হইলেও) প্রলয়ে করাল ধ্বনিতে আত্মপ্রকাশ কর। তোমাকে প্রণাম করি।

২৯৩। হে কৃষ্ণ! তুমি নিরাশ্রয় ও অত্যাচারিত মানবের সমস্ত তুঃখ পাপরাশি দূর করিয়া দাও। তোমাকে প্রণাম করি।

২৯৪। হে কৃষ্ণ। তুমি "শ্রাবণের ধারার মত" করুণামৃত বর্ষণে ভক্ত জনকে সুধারসে প্লাবিত কর। তোমাকে প্রণাম করি।

---

(১) তুরিতদ্রাবণ :—সেই যুগের তুষ্ট রাজন্যবর্গের তুর্নীতির ফলে লক্ষ লক্ষ ধর্ষিতা ও বিধবা নারী সমাজপতিগণ কর্ত্তৃক পরিত্যক্তা ও নিরাশ্রয়া হইয়া পাপ জীবন যাপনে বাধ্য হইতেন। এই পাপাচার দূর করিতে শ্রীকৃষ্ণ নরকরাজের অন্তঃপুরে বন্দিনী ষোড়শ সহস্র ধর্ষিতাকে দ্বারাবতীর কল্যাণ রাষ্ট্রে আনিয়া শাস্ত্রমতে বিবাহ করেন। তাঁহাদের গর্ভজাত পুত্রগণের নিকটে পরে সমস্ত রাজন্য নতি স্বীকার করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫০। পুরুষ-প্রধান কৃষ্ণ

[দ্বারাবতী]

২৯৫। নমস্তে-পুরুষ-প্রধান কৃষ্ণ (১)
২৯৬। নমস্তে-সমস্তাবধান কৃষ্ণ
২৯৭। নমস্তে-কল্যাণ-নিধান কৃষ্ণ
২৯৮। নমস্তে-সুবুদ্ধি-বিধান কৃষ্ণ (২)
২৯৯। নমস্তে-পীত-পরিধান কৃষ্ণ
৩০০। নমস্তে-বিশ্ব-সমাধান কৃষ্ণ

২৯৫। হে কৃষ্ণ! তুমি প্রধান পুরুষ। (লোকে ও বেদে পুরুষোত্তম নামে প্রথিত।) তোমাকে প্রণাম করি।

২৯৬। হে কৃষ্ণ তুমি বিশ্বের (ব্যক্ত ও অব্যক্ত) (বর্ত্তমান অতীত ও ভবিষ্যৎ) সমস্তই অবগত আছ! তোমাকে প্রণাম করি।

২৯৭। হে কৃষ্ণ! তুমি জীবের (ইহকাল ও পরকালের) সর্ব্ব কল্যাণের মূল। তোমাকে প্রণাম করি।

২৯৮। হে কৃষ্ণ! তুমি মানবকে সুবুদ্ধি প্রদান করিয়া শুভকর্ম্মে প্রণোদিত কর। তোমাকে প্রণাম করি।

২৯৯। হে কৃষ্ণ! তুমি (দ্বাপরান্তের লীলাদেহে অতসী পুষ্পের ন্যায় পীতবর্ণের বসন পরিধান করিতে। তোমায় প্রণাম করি।

৩০০। হে কৃষ্ণ! তুমি বিশ্বের (সৃষ্টি স্থিতি ও লয় বিষয়ক চিরন্তন রহস্যের) একমাত্র সমাধান। তোমাকে প্রণাম করি।

---

(১) পুরুষ প্রধান: "অতোঽস্মি লোকে বেদেচ প্রথিতঃ পুরুষোত্তমঃ
গীতা ১৫।১৮

(২) সুবুদ্ধি বিধান "ধিয়োয়োনঃ প্রচোদয়াৎ" গায়ত্রী মন্ত্রাংশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫১। প্রজ্ঞান-প্রবুদ্ধ কৃষ্ণ

[দ্বারাবতী]

৩০১। নমস্তে প্রজ্ঞান-প্রবুদ্ধ কৃষ্ণ
৩০২। নমস্তে সৌরতা বরুদ্ধ কৃষ্ণ
৩০৩। নমস্তে বিজ্ঞান-বিস্নুদ্ধ কৃষ্ণ
৩০৪। নমস্তে নিয়ত-নিরুদ্ধ কৃষ্ণ
৩০৫। নমস্তে প্রণয়-প্রলুব্ধ কৃষ্ণ
৩০৬। নমস্তে কুহকাবিমুগ্ধ কৃষ্ণ

৩০১। হে কৃষ্ণ! তুমি সর্ব্বঅবস্থায় প্রজ্ঞানে প্রবুদ্ধ (নিত্য জাগ্রত)। তোমাকে প্রণাম করি।

৩০২। হে কৃষ্ণ! তুমি (সর্ব্বলীলার মধ্যেই) দেহ ও মনে নিত্য অবিকৃত। তোমাকে প্রণাম করি।

৩০৩। হে কৃষ্ণ! তুমি সর্ব্বশ্রেষ্ঠ জ্ঞান ও বিজ্ঞানে সদা নির্ম্মল রহিয়াছ। তোমাকে প্রণাম করি।

৩০৪। হে কৃষ্ণ! তুমি (ইন্দ্রিয়ারাম নহ) নিয়ত আত্মারাম অবস্থায় সমাধিস্থ রহিয়াছ। তোমাকে প্রণাম করি।

৩০৫। হে কৃষ্ণ! তুমি (একমাত্র ভক্ত হৃদয়ের) অনাবিল প্রেমামৃত রস প্রলুব্ধ। তোমাকে প্রণাম করি।

৩০৬। হে কৃষ্ণ! তুমি কদাচ কোন নর-নারীর কোন কুহক্ ছলনা বা মায়া দ্বারা বঞ্চিত হও নাই। তোমাকে প্রণাম করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫২। স্বয়ং-ভগবান্ কৃষ্ণ

[দ্বারাবতী]

৩০৭। ত্বং স্বয়ং ভগবান নমস্তে কৃষ্ণ

৩০৮। ত্বং শাস্ত্র-তনুমান·নমস্তে কৃষ্ণ (১)

৩০৯। ত্বং রাষ্ট্রকৃদরাজ নমস্তে কৃষ্ণ

৩১০। ত্বং জগদ্ধিৎ-সুপ্রজ নমস্তে কৃষ্ণ

৩১১। জয়তু ভারতী-সংস্কৃতিঃ কৃষ্ণ

৩১২। জীবতু পূর্ণেন্দু-প্রণতিঃ কৃষ্ণ

ইতি শ্রীনাম ভাগবতে শ্রীঘোষঠাকুর কৃতে
শ্রীদ্বারাবতী লীলা-নামধেয়া-চতুর্থাঞ্জলিঃ

৩০৭। হে কৃষ্ণ! তুমি (সর্ব্ব আর্য্য শাস্ত্র সম্মত) স্বয়ং ভগবান। তোমাকে প্রণাম করি।

৩০৮। হে কৃষ্ণ! তুমি সমস্ত ধর্ম্ম শাস্ত্রের মূর্ত্তিমান্ বিগ্রহ। তোমাকে প্রণাম করি। শ্রীভাঃ ১০।৮৫।৪২

৩০৯। হে কৃষ্ণ! তুমি (স্বয়ং দ্বারাবতীতে) কল্যাণরাষ্ট্র সৃষ্টি করিয়া কদাচ সেই রাজ্যেও রাজা হও নাই। তোমাকে প্রণাম করি।

৩১০। হে কৃষ্ণ! তুমি সর্ব্বভূত হিতকারী (বিশ্বের সর্ব্বশ্রেষ্ঠ) প্রজার ভূমিকায় লীলা করিয়াছ। তোমাকে প্রণাম করি।

৩১১। হে কৃষ্ণ! (তোমার মহা-মহিমান্বিত জীবন ও বাণী অনুশীলন রূপ) ভারতীয় সংস্কৃতি সর্ব্ব বিশ্বে জয়যুক্ত হউক।

৩১২। হে কৃষ্ণ! তোমার (দাসানুদাস) পূর্ণেন্দুর এই আকুতি-ময় প্রণাম (ভাবাভাবান্তরে) জীবন্ত হউক।

---

(১) শাস্ত্রতনু: "বিশুদ্ধ সত্ত্বধাম্ন্যদ্ধাত্বয়ি শাস্ত্র শরীরিণি
শ্রীভাঃ ১০।৮৫।৪২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীনাম-ভাগবতম্

শ্রীপিণ্ডারক-লীলা

[এক-সপ্ততি বর্ষ হইতে পঞ্চ-সপ্ততি বর্ষ পর্য্যন্ত]

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীং ব্যাসং ততোজয়মুদীরয়েৎ ॥

১। দ্বাপরান্তে কৃষ্ণ-পরিবেশ

[দ্বারাবতী]

১। শ্যামল-কলেবরাবৃত কৃষ্ণ
২। শ্যাম-পুত্র-পৌত্র-সংবৃত কৃষ্ণ (১)
৩। শ্যামোদ্ধবার্জ্জুনালিঙ্গিত কৃষ্ণ
৪। শ্যাম-সখী-কৃষ্ণা-শংসিত কৃষ্ণ
৫। শ্যাম-সৌভদ্র-দ্রোণ-সুখ্যাত কৃষ্ণ (২)
৬। শ্যামাঙ্গ-শুক-ব্যাস-ব্যাখ্যাত কৃষ্ণ

মহাভারত, শ্রীভাগবত ও গর্গ-সহিংতা অশ্বমেধ-পর্ব্বলীলা

১। হে কৃষ্ণ! তুমি দ্বাপর লীলায় শ্যাম দেহে আবৃত শ্রীভাঃ ১০।৩।৯
২। হে কৃষ্ণ! তুমি শ্যাম-বর্ণ পুত্র পৌত্রে পরিবৃত। শ্রীভাঃ ১০।৫৫।২৭,
৩। হে কৃষ্ণ! তুমি শ্যামবর্ণ সখা উদ্ধব ও অর্জ্জুন কর্ত্তৃক আলিঙ্গিত। শ্রীভাঃ ১০।৪৭।২
৪। হে কৃষ্ণ! তুমি শ্যামবর্ণা সখী দ্রৌপদী কর্ত্তৃক প্রশংসিত।
৫। হে কৃষ্ণ! তুমি শ্যাম সৌভদ্র ও দ্রোণ সুখ্যাত। মভাঃ ২২০।৭৭
৬। হে কৃষ্ণ! তুমি শ্যামাঙ্গ শাস্ত্র-বক্তা শুক ব্যাস কর্ত্ত্ক ব্যাখ্যাত

---

(১) শ্যামপুত্র : "কৃষ্ণাকারান্ কৃষ্ণ পুত্রান্ কৃষ্ণ পৌত্রাংশ্চ সুন্দরান্" গর্গ অশ্বঃ ৪৭।১২

(২) শ্যাম সৌভদ্র : "কৃষ্ণস্য সদৃশং শৌর্য্যে বীর্য্যে রূপে তথাকৃতৌ" মভাঃ আঃ ২২০।৭৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২। উগ্রসেনের-রাজসূয়-যজ্ঞ

[দ্বারাবতী]

৭। কৃতোগ্র-সেন-যদু-রাজ কৃষ্ণ
৮। স্বয়মাস্থিত-ভৃত্য-প্রজ কৃষ্ণ (১)
৯। শ্রাবিত রাজসূয়েপ্সিত কৃষ্ণ
১০। যদুপতি-কীর্ত্ত্যভিপ্সিত কৃষ্ণ
১১। জম্বু-জয়-বীটি প্রস্তাবন কৃষ্ণ
১২। প্রদ্যুম্ন-প্রগ্রহ-প্রীণন কৃষ্ণ

শ্রীভাগবত ও গর্গ সংহিতা বিশ্ব-জিত খণ্ড-লীলা

৭। হে কৃষ্ণ! তুমি উগ্রসেনকে (দ্বারাবতীতেও) যদুরাজ করিয়াছিলে। গর্গঃ বিঃ ১।৫

৮। হে কৃষ্ণ! তুমি প্রজারূপে বাস করিতে। শ্রীভাঃ ১০।৪৬।১৪

৯। হে কৃষ্ণ! তুমি রাজা উগ্রসেন কর্তৃক রাজসূয় যজ্ঞ সম্পাদনের ইচ্ছা জ্ঞাপিত হইয়াছিলে। গর্গঃ বিঃ ২।৩

১০। হে কৃষ্ণ! তুমি যদুরাজের বিশ্বব্যাপী কীর্তি ইচ্ছা করিয়াছিলে। গর্গঃ বিঃ ২।৬।৭

১১। হে কৃষ্ণ! তুমি রাজসূয়ের অঙ্গ বিশ্বজয়ের নেতৃত্ব জন্য তাম্বুল বিটিকা প্রদানের প্রস্তাব করিয়াছিলে। গর্গ-বিঃ ২।৬

১২। হে কৃষ্ণ! তুমি (তোমার তৃতীয় ব্যূহ) প্রদ্যুম্ন বিশ্বজয়ের প্রতিজ্ঞা করিয়া তাম্বুল গ্রহণ করায় পরম প্রীত হইয়াছিলে। গর্গ বিঃ ২।১০

---

(১) ভৃত্য প্রজা—উগ্রসেনকে মথুরা সিংহাসন প্রদানকালে শ্রীকৃষ্ণ বলিয়াছিলেন যে যদুরাজ বিশ্বের সমস্ত দেবতা ও নরপতিগণের কর-গ্রাহী সর্ব্বশ্রেষ্ঠ রাজা হইবেন। শ্রীকৃষ্ণ সদা ভৃত্যই থাকিবেন। এই বাক্য সত্য করিয়াছিলেন।

ময়িভৃত্য উপাসীনে ভবতো বিবুধাদয়ঃ
বলিং হরন্ত্যবনতা কিমুতান্যে নরাধিপাঃ শ্রীভাঃ ১০।৪৫।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩। নারায়ণী-সেনা সংগঠন

[দ্বারাবতী]

১৩।	দুর্ম্মদাভীর-সংগঠন	কৃষ্ণ
১৪।	অগণ্য-গোপসংগ্রহণ	কৃষ্ণ
১৫।	সংশপ্তক-সেনা-শিক্ষণ	কৃষ্ণ
১৬।	নারায়ণী-নাম-করণ	কৃষ্ণ
১৭।	কৌরব-বাসনোত্তারণ	কৃষ্ণ
১৮।	নিঃশেষ-বিনশন মারণ	কৃষ্ণ (২)

গর্গ সংহিতা ও মহাভারত উদ্যোগ পর্ব্ব

১৩। হে কৃষ্ণ! তুমি দুর্দ্ধর্ষ বিচ্ছিন্ন আভীর গোপ জনতাকে সুশৃঙ্খল সেনাবাহিনীতে সংগঠিত করিয়াছিলে।—মভাঃ উঃ ৭।১৮

১৪। হে কৃষ্ণ! তুমি (যদুরাজ উগ্রসেনের রাজসূয় যজ্ঞ উপলক্ষে বিশ্বজয় হেতু) অগণন সেনা সংগ্রহ করিয়াছিলে।—গর্গ বিঃ ৪।২২

১৫। হে কৃষ্ণ! তুমি এই সেনাদলকে যুদ্ধে মৃত্যু-পণ-কারী বীর যোদ্ধারূপে সুশিক্ষিত করিয়াছিলে। মভাঃ ৭।১৮

১৬। হে কৃষ্ণ! তুমি ইহার "নারায়ণী সেনা" নাম দিয়াছিলে। মভাঃ উঃ ৭।১৮

১৭। হে কৃষ্ণ! তুমি দুর্য্যোধনকে (কুরুক্ষেত্র যুদ্ধে এই নারায়ণী সেনার সাহায্য প্রাপ্তির) আশা সমুদ্র পার করিয়াছিলে। মভাঃ উঃ ৭।১৮

১৮। হে কৃষ্ণ! তুমি (অর্জ্জুন দ্বারা এই সেনা) কুরু রণাঙ্গনে নিঃশেষে ধ্বংস করিয়াছিলে।—মভাঃ দ্রোঃ ১৭-৩২ অধ্যায়

---

(১) নারায়ণী সেনাঃ— মৎসংহনন তুল্যানাং গোপানামর্বুদং মহত্
নারায়ণী ইতি খ্যাতাঃ সর্বে সংগ্রাম যোধিনঃ।
মভাঃ উঃ ৭।১৮

(২) নিঃশেষ মারণঃ—কুরুযুদ্ধে দুর্যোধনের একাদশ অক্ষৌহিণী সেনা মধ্যে এক অর্ব্বুদ (অষ্ট অক্ষৌহিণী) নারায়ণী সেনা শ্রীকৃষ্ণের প্রদত্ত এবং অর্জ্জুন স্বয়ং এই সেনা সম্পূর্ণ ধ্বংস করেন। মভাঃ দ্রোঃ ১৭-৩২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪। নারায়ণী-সেনার-বিশ্ব-জয়-যাত্রা

[দ্বারাবতী]

১৯।	চতুর্ব্যূহাত্মক-বিস্ময়	কৃষ্ণ:
২০।	পুত্র-পৌত্র-ব্যূহ-বিজয়	কৃষ্ণ
২১।	প্রদ্যুম্নানিরুদ্ধ-বন্দিত	কৃষ্ণ
২২।	উদ্ধব-সচিব-নন্দিত	কৃষ্ণ
২৩।	অষ্টাদশ-রথী-সংস্তুত	কৃষ্ণ
২৪।	অগণিত-কার্ষ্ণি-সংযুত	কৃষ্ণ

শ্রীভাগবৎ—ও গর্গসংহিতা বিশ্বজিৎ খণ্ডলীলা

১৯। হে কৃষ্ণ! তুমি স্বয়ং সংকর্ষণ প্রদ্যুম্ন অনিরুদ্ধ এই চারি মূর্ত্তিতে ও নামে চতুর্ব্যূহরূপে মহাবিস্ময়স্বরূপ ছিলে। গর্গঃবিং ৪।২৮

২০। হে কৃষ্ণ! তুমি প্রদ্যুম্ন ও পৌত্র অনিরুদ্ধ ব্যূহরূপে বিশ্ব বিজয় লীলা করিয়াছিলে। গর্গঃ বিঃ ৪।৮

২১। হে কৃষ্ণ! তুমি বিশ্ববিজয় যাত্রাকালে অধিনায়ক পুত্র প্রদ্যুম্ন ও পৌত্র অনিরুদ্ধ কর্ত্তৃক বন্দিত হইয়াছিলে। গর্গঃ বিঃ ৪।২০

২২। হে কৃষ্ণ! তুমি বিশ্ব-জিৎ সেনাপতির উপদেষ্টা রূপে বুদ্ধি সত্তম সখা উদ্ধবকে প্রেরণ করিয়া আনন্দিত হইয়াছিলে। গর্গঃ বিঃ ৪।১৯

২৩। হে কৃষ্ণ! তুমি (নারায়ণীসেনার সঙ্গীয় তোমার) অষ্টাদশ মহারথী পুত্র পৌত্র কর্ত্তৃক যাত্রাকালে সংস্তুত হইয়াছিলে।

গর্গঃ বিঃ ৪।১৯

২৪। হে কৃষ্ণ! তুমি (এই যাত্রায়) তোমার অগণিত (কৃষ্ণবর্ণ) পুত্র পৌত্রকে সংযুক্ত করিাছিলে তাঁহারা সকলেই বিশ্ববিজয়ী।

---

(১) অষ্টাদশরথী :—শ্রীকৃষ্ণের অগণিত পুত্রগণ মধ্যে অষ্টাদশ জন রথী ছিলেন :—প্রদ্যুম্নোশ্চানিরুদ্ধশ্চ দীপ্তিমান্ ভানুরেবচ

শাম্বোমধুবৃহদ্ভানু চিত্রভানুবৃকোরুণঃ

পুষ্করোবেদবাহুশ্চ শ্রুতদেবসুনন্দনঃ

চিত্রকেতু বিরূপশ্চ কবিন্যগ্রেধএবশ্চ গর্গঃ বিঃ ৪।২০-২১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫। নারায়নী-সেনার পশ্চিম-ভারত বিজয়

[মহারাষ্ট্র, মাহিষ্মতী, কঙ্কণ, কূটক, শূর্পারক, সহ্যাদ্রি, কেরল, তৈলঙ্গ]

২৫। মহারাষ্ট্র-মাহিষ্মতী-জিৎ কৃষ্ণ

২৬। কূটক-কৌঙ্কণ-কর-ভৃৎ কৃষ্ণ

২৭। শূর্পারকপুর-বলি-ভৃৎ কৃষ্ণ

২৮। সহ্যাদ্রি-বিষয়-বশী-কৃৎ কৃষ্ণ (১)

২৯। কেরল-নরেশ-নমন কৃষ্ণ (২)

৩০। তৈলঙ্গাধিপতি-দমন কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

২৫। হে কৃষ্ণ! তোমার নারায়ণী সেনা (পশ্চিম ভারতে) নর্মদা তীরস্থ মাহিষ্মতী ও মহারাষ্ট্র রাজ্য জয় করে।—গর্গ বিঃ ৬।৩৪

২৬। হে কৃষ্ণ! তুমি তৎপরে কঙ্কন ও কূটক (ধারওয়ার) রাজ্য হইতে কর গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ ১০।১, ১৪

২৭। হে কৃষ্ণ! তুমি শূর্পারক (সুরাট) রাজ্য হইতে যজ্ঞ কর গ্রহণ করিয়াছিলে।—গর্গ বিঃ ১০।১৬

২৮। হে কৃষ্ণ! তুমি সহ্যাদ্রি (পশ্চিমঘাট পর্বতমালা) প্রদেশের রাজ্যসমূহ বশীভূত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৫।২

২৯। হে কৃষ্ণ! তুমি কেরল (মালাবারের কানাড়া প্রদেশ) নরপতিকে নমিত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১০।১৯

৩০। হে কৃষ্ণ! তুমি তৈলঙ্গ (তেলিঙ্গানা) রাজ্যাধিপতিকে দমন করিয়া কর গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২০।২০

---

(১) সহ্যাদ্রি প্রদেশে গোকর্ণ, ঋষ্যমূক প্রভৃতি ও অন্যান্য প্রদেশে বহু ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য ছিল সমস্ত রাজ্যের নামোল্লেখ হইল না।

(২) কেরল—অম্বষ্ঠঃ কেরলাধীশঃ শ্রুত্বাবার্ত্তান্ত মন্মুখাৎ
দদৌ তস্মৈ বলিং শীঘ্রং প্রদ্যুম্নায় মহাত্মনে।
—গর্গঃ বিঃ ১০।১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬। শ্বেতাঙ্গের কৃষ্ণাঙ্গ-বিদ্বেষ

[বিন্ধ্য প্রদেশ চন্দ্রিকাপুর]

৩১। চন্দ্রিকাপুর-নাথার্হিত কৃষ্ণ (১)
৩২। চৈদ্য-শিশুপাল-গর্হিত কৃষ্ণ
৩৩। গৌরাঙ্গ-পিতৃ-কুলান্বিত কৃষ্ণ
৩৪। সান্বয়-শ্যামাঙ্গ-নিন্দিত কৃষ্ণ (২)
৩৫। আভীর-জাত-সুপ্রথিত কৃষ্ণ
৩৬। রাজন্যাত্মজ-সংশয়িত কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

৩১। হে কৃষ্ণ! তুমি (বিন্ধ্য প্রদেশস্থিত চেদিরাজধানী) চন্দ্রিকাপুর পতি (দমঘোষ কর্তৃক) পূজিত হইয়াছিলে।—গর্গ বি ৯।৩৯

৩২। হে কৃষ্ণ! তুমি (চেদিরাজ দম ঘোষ পুত্র) শিশুপাল কর্তৃক ভর্ৎসিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৭।১৫

৩৩। হে কৃষ্ণ! তুমি গৌরাঙ্গ পিতা ও পিতামহের কুলে জন্ম গ্রহণ করিয়াছিলে।—গর্গ বিঃ ৭।১৫

৩৪। হে কৃষ্ণ! তুমি স্বয়ং এবং তোমার পুত্র পৌত্রাদি বংশধরগণ কৃষ্ণাঙ্গ থাকায় (শ্বেতাঙ্গ রাজন্যগণ কর্তৃক) নিন্দিত হইতে। গর্গ বি ৭।১৪

৩৫। হে কৃষ্ণ! তুমি আভীর বংশীয় নন্দ গোপাত্মজ বলিয়া পূর্ব্ব হইতে সর্বজন পরিচিত ছিলে।—গর্গ বিঃ ৭।১৪

৩৬। হে কৃষ্ণ! তুমি (ক্ষত্রিয় বসুদেব কর্তৃক স্বপুত্র স্বীকৃত হইলেও) (গৌরবর্ণ রাজন্যগণ) তোমার ক্ষত্রিয়ত্বে সংশয়িত ছিলেন। —গর্গ বিঃ ৭।১৫ ; ব্রঃ বৈঃ পুঃ ১১৬।১৭-২৬

---

(১) চন্দ্রিকাপুর—অপর নাম শক্তিমতীপুর। (কেন) তীরে অবস্থিত।

(২) শ্যামাঙ্গ—আভীরস্যাপিনন্দস্য পূর্বং পুত্র প্রকীর্ত্তিতঃ
বসুদেব মন্যতে তং মৎপুত্রোঽয়ং গত ত্রপঃ। গর্গ বিঃ ৭।১৪
বসুদেবাদ্ গৌরবর্ণাদয়ং শ্যামঃ কুতোভবৎ
পিতামহোপি গৌরশ্চ দুঃখহাস্য মিদং বচঃ। গর্গ বিঃ ৭।১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭। নারায়ণী-সেনায় দক্ষিণ-ভারত ও লঙ্কা বিজয়

[কুণ্ডিন, কুন্তল, দক্ষিণ-মথুরা, মল্লার, সেতুবন্ধ, লঙ্কা]

৩৭।	কুণ্ডিন-পুর-পত্যাদৃত	কৃষ্ণ
৩৮।	কুন্তল-নাথ-নমস্কৃত	কৃষ্ণ (১)
৩৯।	মল্লারোপকূল-নমন	কৃষ্ণ
৪০।	দক্ষিণ-মথুরা-দমন	কৃষ্ণ
৪১।	রাম-সেতু-বন্ধ-স্নপন	কৃষ্ণ
৪২।	লঙ্কা-পতি-বলি-গ্রহণ	কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

৩৭। হে কৃষ্ণ! তুমি বিদর্ভ রাজধানী কুণ্ডিনপুর (আধুনিক বেরার) পতি-কর্তৃক সমাদৃত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ১২।৮,৯

৩৮। হে কৃষ্ণ! তুমি কুন্তল (গবালিয়র) রাজ কর্তৃক সমাদৃত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ১২।১১

৩৯। হে কৃষ্ণ! তুমি মল্লার উপকূল (ত্রিবাঙ্কুর রাজ্যে মালাবার) অবনমিত করিয়াছিলে।—গর্গঃ বি ১৩।১৩

৪০। হে কৃষ্ণ! তুমি দক্ষিণমথুরারাজ্য (মাদুরা) জয় করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৩।১৪

৪১। হে কৃষ্ণ! তুমি শ্রীরামচন্দ্রের নির্মিত সেতুবন্ধ তীর্থে স্নান করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৩।১৫

৪২। হে কৃষ্ণ! তুমি ভারতের দক্ষিনস্থ লঙ্কা (সিলোন) দ্বীপের রাক্ষস রাজার উপহার গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৩।১৫

---

(১) কুন্তল দেশ :—কৌন্তলকপুর=কৌটলক পুর কেরল প্রদেশে অবস্থিত। মতান্তরে "গবালিয়র" মতান্তরে মহীশূর রাজ্যের কয়রা জেলার অন্তর্গত সরিনাল। আমরা গবালিয়রই যুক্তিসঙ্গত মনে করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮। নারায়ণী-সেনার দক্ষিণ-পূর্ব্ব-ভারত-বিজয়

[দ্রাবিড়, শ্রীরঙ্গ, কামকাঞ্চী, কাঞ্চীপুর, মহেন্দ্র, কলিঙ্গ]

৪৩। দ্রাবিড়াধিপতি-দমন কৃষ্ণ (১)

৪৪। শ্রীরঙ্গ-নরপতি-নমন কৃষ্ণ

৪৫। কাম-কাঞ্চি-পতি-পূজিত কৃষ্ণ

৪৬। কাঞ্চিপুর-নরেশার্চ্চিত কৃষ্ণ

৪৭। মহেন্দ্রাধিরাজ-বলি-ভৃৎ কৃষ্ণ (২)

৪৮। কলিঙ্গাধীশ্বর-বশী-কৃৎ কৃষ্ণ (৩)

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

৪৩। হে কৃষ্ণ! তুমি (ক্রমশঃ দক্ষিণ পূর্বভারতে প্রবেশ করিয়া) দ্রাবিড় দেশ জয় করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৪।১৫

৪৪। হে কৃষ্ণ! তুমি শ্রীরঙ্গপত্তনের নরপতিকে নমিত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৪।১

৪৫। হে কৃষ্ণ! তুমি কামকাঞ্চির রাজা কর্তৃক পূজিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ১৪।১

৪৬। হে কৃষ্ণ! তুমি কাঞ্চীপুর (কাঞ্চিভরম) রাজকর্তৃক সম্মানিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ১৪।১

৪৭। হে কৃষ্ণ! তুমি মহেন্দ্র-দেশাধিপতির নিকট হইতে কর গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৪।১৮

৪৮। হে কৃষ্ণ! তুমি কলিঙ্গাধিপতিকেও বশীভূত করিয়াছিলে গর্গঃ বিঃ ৫।১৩

---

(১) দ্রাবিড় :—মাদ্রাজ হইতে শ্রীরঙ্গপত্তন পর্য্যন্ত ভূভাগ। ইহার রাজধানী কাঞ্চীপুর। পরবর্তীকালের চোলরাজ্য।

(২) মহেন্দ্র :—উড়িষ্যা হইতে মাদুরা পর্য্যন্ত বিস্তৃত পর্বতমালা।

(৩) কলিঙ্গ :—আধুনিক উড়িষ্যা, অন্ধ্র ও মধ্যপ্রদেশের অংশ। পূর্ব্বরাজধানী মণিপুর, পরবর্ত্তী রাজধানী কলিঙ্গনগর (ভুবনেশ্বর)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯। নারায়ণী-সেনার পূর্ব্বোত্তর-ভারত-বিজয়

[সাগর-সঙ্গম, অঙ্গ, বঙ্গ, পুণ্ড্র, অসীম, কামরূপ, ডামর]

৪৯।	সাগর-সঙ্গম-গমন	কৃষ্ণ (১)
৫০।	অঙ্গ-নরেশ্বর-দমন	কৃষ্ণ
৫১।	বঙ্গাধিপ-দর্প-নাশন	কৃষ্ণ
৫২।	পুণ্ড্রাসীম-নাথ-শাসন	কৃষ্ণ
৫৩।	কামরূপ-পতি-পূজিত	কৃষ্ণ (২)
৫৪।	ডামরপোড্ডীশ-নির্জ্জিত	কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

৪৯। হে কৃষ্ণ! তুমি গঙ্গাসাগর সঙ্গমে (পশ্চিমবঙ্গ রাজ্যের চব্বিশ পরগণা জেলায় অবস্থিত) গিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৪।৪১

৫০। হে কৃষ্ণ! তুমি অঙ্গদেশ (মুঙ্গের ও ভাগলপুর) পতিকে দমন করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৫।১

৫১। হে কৃষ্ণ! তুমি পুণ্ড্র (উত্তরবঙ্গে প্রাচীন গৌড়রাজ্য) ও অসীম (আসাম) পতিকে জয় করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৫।৭

৫২। হে কৃষ্ণ! তুমি কামরূপ (কামাখ্যা) রাজ কর্তৃক পূজিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ১৫।৩২

৫৩। হে কৃষ্ণ! তুমি ডামর দেশাধিপতি উড্ডীশকে জয় করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৫।৩

---

(১) সাগর সঙ্গম :—প্রাচ্যাং দিশি যযৌ রাজন্ গঙ্গাসাগর সঙ্গমম্
গর্গ বিঃ ১৪।৪১

(২) কামরূপ :—সম্ভবতঃ সেইযুগে কামরূপ রাজ্য উত্তরবঙ্গাধিপতি পৌণ্ড্রক বাসুদেবের অধীন ছিল।
"কামরূপেশ্বরঃ পুণ্ড্রঃ"।—গর্গঃ বিঃ ১৪।১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১০। নারায়ণী-সেনার মধ্য-ভারত-বিজয়

[মিথিলা, মগধ, গয়া, কাশী, কোশল, প্রয়াগ]

৫৫। মৈথিল-জনক-পূজিত কৃষ্ণ (১)
৫৬। মাগধ-জরাসুত-নির্জ্জিত কৃষ্ণ
৫৭। গয়া-নরেশ্বর-শাসন কৃষ্ণ
৫৮। কাশী-পতি-গর্ব্ব-নাশন কৃষ্ণ
৫৯। কোশল-নরেশ-বশী-কৃৎ কৃষ্ণ
৬০। প্রয়াগপুরপ-বলি-ভৃৎ কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

৫৪। হে কৃষ্ণ! তুমি মিথিলা (বিহারের ত্রিহুত বিভাগ) পতি জনক "বহুলাশ্ব" কর্তৃক পূজিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ১৬:৪, ৫২

৫৫। হে কৃষ্ণ! তুমি মগধের (বিহারে পাটনা ও সন্নিহিত রাজগির্ প্রদেশ) রাজা জরাসন্ধকে জয় করিয়াছিলে।—গর্গঃ বি. ১৭।৬৩

৫৬। হে কৃষ্ণ! তুমি গয়া প্রদেশের রাজাকে শাসন করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৮।২

৫৭। হে কৃষ্ণ! তুমি কাশী নরেশের গর্ব্ব নাশ করিয়াছিলে। গর্গঃ বিঃ ১৮।৪

৫৮। হে কৃষ্ণ! তুমি কোশল (অযোধ্যা) নরপতিকে বশীভূত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৮.৬

৫৯। হে কৃষ্ণ! তুমি প্রয়াগ (এলাহাবাদ) রাজের নিকট হইতেও কর গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৮।৯

---

(১) জনক:—কোন ব্যক্তি বিশেষের নাম নহে। ইহা মিথিলা দেশের রাজার উপাধি। এই সময় মিথিলার জনক ছিলেন "বহুলাশ্ব"। বর্ত্তমান সময়ে যেমন "মিকাডো" (জাপানের রাজার উপাধি) "জার" রাশিয়ার রাজার উপাধি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১। নারায়নী-সেনার মধ্য-ভারত-বিজয়

[বিশালা, উত্তর-কোশল, নয়পাল, নৈমিষ, কারূষ, কান্যকুব্জ]

৬১। বিশালেশোবলি-গৃহীত কৃষ্ণ
৬২। উত্তরাধীশ্বরো-পুজিত কৃষ্ণ
৬৩। নয়পালেশো-নমস্কৃত কৃষ্ণ
৬৪। নৈমিশ নরেশ-প্রণত কৃষ্ণ (১)
৬৫। কারূষাধীশ্বরো নমিত কৃষ্ণ (২)
৬৬। কান্যকুব্জ-পতি শমিত কৃষ্ণ (৩)

গর্গ সংহিতা বিশ্বজিৎ—খণ্ড-লীলা

৬১। হে কৃষ্ণ! তুমি বিশালার (অবন্তীরাজ্য) রাজা হইতে কর গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৮।৭, ৮

৬২। হে কৃষ্ণ! তুমি উত্তরকোশলরাজ কর্ত্তৃক পূজিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ১৮।৭

৬৩। হে কৃষ্ণ! তুমি নয়পাল রাজ কর্ত্তৃক নমস্কৃত হইয়াছিলে। —গর্গঃ বিঃ ১৮।৭

৬৪। হে কৃষ্ণ! তুমি নৈমিষারণ্যের রাজা কর্ত্তৃক প্রণতঃ হইয়াছিলে।—গর্গঃ বিঃ ১৮।৮

৬৫। হে কৃষ্ণ! তুমি কারূষ দেশ (রেওয়ারাজ্য) পতি কর্ত্তৃক প্রণমিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ১৮।১৩

৬৬। হে কৃষ্ণ! তুমি কান্যকুব্জ (কনৌজ) পতিকে শান্ত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৮।১৪

---

(১) নৈমিষ—সীতাপুর জেলার নিম্সার। এইস্থানে সীতার পাতাল প্রবেশ হয়। গোমতী নদী তীরস্থিত প্রসিদ্ধ আরণ্য-তীর্থ।

(২) কারূষ রাজ্য—এই নামে দুইটি রাজ্য ছিল (১) দন্তবক্রের দেশ (রেওয়ারাজ্য) (২) পৌণ্ড্রক বাসুদেবের দেশ (উত্তরবঙ্গ)।

(৩) কান্যকুব্জ :—আধুনিক ফরক্কাবাদ জেলার কনৌজ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২। নারায়ণী-সেনার মধ্য-ভারত-বিজয়

[কম্পিলা, বিন্দুদেশ, বিম্বদেশ, মথুরা, বৃন্দাবন, নন্দগ্রাম]

৬৭।	কম্পিলোপায়ণ নয়ণ	কৃষ্ণ
৬৮।	বিন্দু-নাথ-বলি গ্রহণ	কৃষ্ণ
৬৯।	বিম্বদেশেশ্বর-বশী-কৃৎ	কৃষ্ণ
৭০।	মাথুর-নরেশ-কর-ভৃৎ	কৃষ্ণ
৭১।	বৃন্দাবন-পরিব্রাজক	কৃষ্ণ
৭২।	শ্রীনন্দ-গ্রামানুগ্রাহক	কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

৬৭। হে কৃষ্ণ! তুমি কম্পিলার (দক্ষিণ পাঞ্চালের রাজধানী) রাজা দ্রুপদের নিকট হইতে উপহার প্রাপ্ত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ১৮।১৬

৬৮। হে কৃষ্ণ! তুমি বিন্দু দেশের (অবন্তীপুরের নিকটস্থ রাজ্য) রাজা হইতে কর গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৮।১৬

৬৯। হে কৃষ্ণ! তুমি বিম্বদেশের রাজাকে বশীভূত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৮।১৮

৭০। হে কৃষ্ণ! তুমি মথুরার রাজা হইতে কর গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৮।৪৯

৭১। হে কৃষ্ণ! তুমি সমস্ত বৃন্দাবন ভ্রমণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৮।৫১

৭২। হে কৃষ্ণ! তুমি নন্দগোপের বাসভূমি নন্দগ্রামবাসীগণকে বহু উপহার প্রদানে সন্তুষ্ট করিয়াছিলে। (কোন কর গ্রহণ কর নাই) —গর্গঃ বিঃ ১৮।৫৩

---

(১) নন্দগ্রাম :—বলিঞ্চ নন্দরাজায় দত্ত্বা দত্ত্বা পুনঃ পুনঃ
তৈ পূজিতঃ কৈতিদিনৈঃ স্থিতোভূন্নন্দগোকুলে।
গর্গঃ বিঃ ১৮।৫৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৩। যাদব-কৌরব সৌহার্দ্দ-স্থাপন

[হস্তিনাপুর]

৭৩। হস্তিনা-পুর-বলি-যাচক কৃষ্ণ

৭৪। কৌরবাবমান-প্রাপক কৃষ্ণ

৭৫। কুরু-যদু-যুদ্ধারম্ভন কৃষ্ণ

৭৬। প্রাণ-হরা-হবালম্ভন কৃষ্ণ

৭৭। সবল-সহসোপস্থিত কৃষ্ণ (১)

৭৮। স্বভাব-সৌহার্দ্দ-সুস্থিত কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

৭৩। হে কৃষ্ণ! তুমি (উদ্ধব-দূত মুখে) হস্তিনাপুর রাজ্য হইতে উগ্রসেনের রাজসূয় কর প্রার্থনা করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৯।২২

৭৪। হে কৃষ্ণ! তুমি (করের পরিবর্ত্তে রাজা দুর্য্যোধন কর্ত্তৃক) অপমান প্রাপ্ত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ১৯।২৫-৩০

৭৫। হে কৃষ্ণ! এই উপলক্ষে তোমার (প্রতিনিধি ও পুত্র) প্রদ্যুম্নের সঙ্গে কুরু যুবরাজ দুর্যোধনের মহা যুদ্ধারম্ভ হইয়াছিল।—গর্গঃ বিঃ ২০।৫২

৭৬। হে কৃষ্ণ! এই উপলক্ষে কৌরব ও যাদব উভয় পক্ষ প্রাণঘাতী যুদ্ধালিঙ্গন করিয়াছিলেন।—গর্গঃ বিঃ ২০।৫২

৭৭। হে কৃষ্ণ! তুমি (হস্তিনাপুরের যুদ্ধক্ষেত্রে) বলরামসহ অকস্মাৎ আবির্ভূত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ২১।৪২

৭৮। হে কৃষ্ণ! তুমি স্বয়ং চেষ্টা করিয়া যুদ্ধ বন্ধ করিয়াছিলে উভয় পক্ষকে পূর্ব্ব সদ্ভাবে সংস্থাপিত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।১

---

(১) সহসোপস্থিত :—দেবৌ পুরাণৌ পুরুষৌ তদাবি-
র্বভূবতুর্ম্মৈথিল রাম কৃষ্ণৌ।—গর্গঃ বিঃ ২১।৪২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৪। নারায়ণী-সেনার জম্বু-জয়োদ্বোধন

[ইন্দ্রপ্রস্থ]

৭৯। কৃত-কুন্তীসুতাভ্যর্থন কৃষ্ণ
৮০। গৃহীতেন্দ্রপ্রস্থামন্ত্রণ কৃষ্ণ
৮১। পাণ্ডবাতিথ্যানুমোদন কৃষ্ণ
৮২। জম্বু-বিজয়-প্রণোদন কৃষ্ণ (১)
৮৩। সরাম-স্বপুর-সরণ কৃষ্ণ
৮৪। পাণ্ডব-বান্ধব-বরণ কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

৭৯। হে কৃষ্ণ! তুমি কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠির কর্ত্তৃক (হস্তিনাপুরেই) অভ্যর্থিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।২৪

৮০। হে কৃষ্ণ! তুমি সসৈন্যে ইন্দ্রপ্রস্থ গমনের নিমন্ত্রণ গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।৩

৮১। হে কৃষ্ণ! তুমি পাণ্ডবাতিথ্য অনুমোদন করিয়াছিলে। গর্গঃ বিঃ ২২।৪-৬

৮২। হে কৃষ্ণ! তুমি নারায়ণী সেনাকে সমগ্র জগত জয়ের আদেশ দিয়া ইন্দ্রপ্রস্থ হইতে বিদায় নিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।৮

৮৩। হে কৃষ্ণ! তুমি বলরামসহ ইন্দ্রপ্রস্থ হইতে দ্বারকা প্রস্থান করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।৯

৮৪। হে কৃষ্ণ! তুমি (যুধিষ্ঠিরের স্নেহানুরোধে জগজ্জয় ব্যাপারে) অর্জ্জুনকে বান্ধবরূপে সঙ্গে নিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।১৬

---

(১) জম্বু-বিজয়ঃ—
(ক) "উগ্রসেন মখার্থায় জগজ্জেতুং প্রণোদিতঃ"।—গর্গঃ বিঃ ২৮।৪৮
(খ) জগত বলিতে সেই যুগে ইলাবৃত বর্ষ প্রভৃতি নব-বর্ষ সমন্বিত জম্বুদ্বীপ (এসিয়া মহাদেশকেই) বুঝাইত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯৫। নারায়নী-সেনার উত্তর-ভারত-বিজয়

[বিরাট্, ত্রিগর্ত্ত, উশীনর, শাল্ব, কেকয়, মদ্র, কৌশাম্বী]

৮৫। বিরাট-ভূপতি পূজিত কৃষ্ণ
৮৬। ত্রিগর্ত্তোপচার-চর্চ্চিত কৃষ্ণ
৮৭। শাল্বোশীনর-কর-ভৃৎ কৃষ্ণ (১)
৮৮। কেকয়াধীশ্বরো-বশী-কৃৎ কৃষ্ণ (২)
৮৯। মদ্রেশোপহৃত-গৃহীত কৃষ্ণ
৯০। কৌশাম্বীশ্বর-প্রণমিত কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

৮৫। হে কৃষ্ণ! তুমি বিরাট রাজ্য (আধুনিক জয়পুর) হইতে কর গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।১৯

৮৬। হে কৃষ্ণ! তুমি ত্রিগর্ত্ত (জলন্ধর জেলার কাঙ্গড়া উপত্যকা) রাজের নিকট হইতেও উপায়ণ গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।১৭

৮৭। হে কৃষ্ণ! তুমি শাল্ব (আলোয়ার) ও উশিনর (সেবালিক পর্ব্বত) রাজ্য হইতে কর গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১২।৬

৮৮। হে কৃষ্ণ! তুমি কেকয় (পাঞ্জাবে শতদ্রু ও বিপাশার মধ্যবর্ত্তী দেশ) রাজকে বশীভূত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১৫।৩৩-৩৪

৮৯। হে কৃষ্ণ! তুমি মদ্র (পাঞ্জাবে চন্দ্রভাগা ও ইরাবতীর মধ্যবর্ত্তী দেশ) পতির নিকট হইতে উপহার গ্রহণ করিয়াছিলে। —গর্গঃ বিঃ ১৮।৪৮

৯০। হে কৃষ্ণ! তুমি কৌশাম্বীরাজ (সরস্বতী তীরবর্ত্তী দেশ) কর্ত্তৃক প্রণমিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।২৮

---

(১) শাল্বদেশ—এই রাজ্য জয়পুর যোধপুর ও আলোয়ারের অংশ বিশেষ লইয়া গঠিত ছিল। ইহার রাজধানীর নাম মার্ত্তিকাবৎপুর। আজমীর হইতে ৩৬ মাইল উত্তর-পশ্চিমে মারোয়ার রাজ্যে মাইরূটা বা মারূটা পাওয়া যায়। শাল্বপুরের অপভ্রংশ আলোয়ার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৬। নারায়ণী-সেনার উত্তর-পশ্চিম ভারত-বিজয়

[সিন্ধু, সৌবীর, আভীর, জাঙ্গল, কাশ্মীর, গান্ধার]

৯১। সৈন্ধব-চিত্রাঙ্গদানত কৃষ্ণ (১)

৯২। সৌবীর-সুদেব-বিনত কৃষ্ণ

৯৩। আভীর-বিচিত্র-নির্জ্জিত কৃষ্ণ

৯৪। জাঙ্গল-সুমেরু-বিজিত কৃষ্ণ

৯৫। কাশ্মীরাধিশ্বর-শমন কৃষ্ণ

৯৬। গান্ধার-বিড়ৌজা-দমন কৃষ্ণ (২)

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

৯১। হে কৃষ্ণ! তুমি সিন্ধু (আধুনিকসিন্ধ্) রাজ চিত্রাঙ্গদকে পদানত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।২৮

৯২। হে কৃষ্ণ! সৌবীর (সিন্ধুর উত্তর পশ্চিমে অবস্থিত রাজ্য রাজ সুদেবকে বিনত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।২৮

৯৩। হে কৃষ্ণ! তুমি আভীর (পাঞ্জাবের উত্তর পশ্চিমে অবস্থিত রাজ্য) পতি বিচিত্রকে নির্জ্জিত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।২৮

৯৪। হে কৃষ্ণ! তুমিই কুরু জাঙ্গল পতি সুমেরুকে পরাজিত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।২৮

৯৫। হে কৃষ্ণ! তুমি কাশ্মীর রাজ মহৌজাকে জয় করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।২৮

৯৬। হে কৃষ্ণ! তুমি গান্ধার রাজ বিড়ৌজাকে দমন করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।২৮

---

(১) সৈন্ধবঃ— তদৈব সৌবীর পতিঃ সুদেবঃ
আভীর নাথোপি বিচিত্র নামা।
চিত্রাঙ্গদঃ সিন্ধুপতি র্মহৌজাঃ
কাশ্মীরপোজাঙ্গলপঃ সুমেরুঃ গর্গঃ বিঃ ২২।২৮

(২) গান্ধারঃ—গন্ধর্ব্ব দেশের অপভ্রংশ। পেশোয়ার রাওয়ালপিণ্ডি প্রভৃতি স্থান এই দেশের অন্তর্গত। ইহা সম্ভবতঃ "কান্দাহার" নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৭। নারায়ণী-সেনার ম্লেচ্ছ-দেশ-বিজয়

[কাল-যবনদেশ, অর্ব্বূদ, মৌরঙ্গ-ম্লেচ্ছ দেশ]

৯৭।	যবনাধিশ্বরো-দমন	কৃষ্ণ
৯৮।	চণ্ড-কাল-সুত-শমন	কৃষ্ণ
৯৯।	ম্লেচ্ছ-বল-ধ্বংস-করণ	কৃষ্ণ
১০০।	পার্থ-ধ্বজা-পতি-বরণ	কৃষ্ণ (১)
১০১।	অর্ব্বুদোপায়ণ-গ্রহণ	কৃষ্ণ
১০২।	মৌরঙ্গাধিপতি-দমন	কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

৯৭। হে কৃষ্ণ! তুমি (গান্ধার বিজয়ের পরে) তদুত্তরস্থিত যবন রাজ্য পতিকে দমন করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।৩০

৯৮। হে কৃষ্ণ! তুমি ম্লেচ্ছপতি কাল যবন পুত্র চণ্ডকে শান্ত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।৩১

৯৯। হে কৃষ্ণ! তুমি যবন রাজ চণ্ডের সংগৃহীত বিরাট ম্লেচ্ছ সেনাবল অর্জ্জুন দ্বারা ধ্বংস করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।৩২

১০০। হে কৃষ্ণ! তুমি মহাবল চণ্ডের ছিন্ন শির আনয়ন হেতু পাণ্ডব অর্জ্জুনকে ধ্বজাপতি করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।৫২

১০১। হে কৃষ্ণ! তুমি প্রণতঃ অর্বুদ (অপর ম্লেচ্ছরাজ) পতির উপহার গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।৫৩

১০২। হে কৃষ্ণ! তুমি মৌরঙ্গ ম্লেচ্ছ রাজ মন্দহাসকে বিনত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।৫৪

---

(১) ধ্বজাপতি :—সেনাং হত্বাপি যশ্চণ্ডং শিরস্ত্র সহিতং শিরঃ
আনেষ্যতে তং স্ববলে করিষ্যামি ধ্বজাপতিম।—গর্গঃ বিঃ ২২।৩৫

(২) যবন :—সম্ভবতঃ বৈদিকাচার বহির্ভূত অনার্য্য অভারতীয়গণকে "যবন" এবং "ম্লেচ্ছ" শব্দে লক্ষ্য করা হইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৮। নারায়ণী-সেনার হিমাদ্রি-লঙ্ঘন

[গন্ধমাদন]

১০৩। আর্য্যানার্য্যান্বয়-বিস্ময় কৃষ্ণ

১০৪। আসেতু-হিমাদ্রি-বিজয় কৃষ্ণ

১০৫। শ্বেতাঙ্গ-হৃদয়-কম্পন কৃষ্ণ

১০৬। গান্ধারে নগেন্দ্র-লঙ্ঘণ কৃষ্ণ

১০৭। হিমাদ্রি-দক্ষিণী-করণ কৃষ্ণ (১)

১০৮। প্রাগুদীচ্যাশাগ্রসরণ কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

১০৩। হে কৃষ্ণ! তুমি অপূর্ব্ব দিগ্‌বিজয় হেতু আর্য্য ও অনার্য্য সমস্ত রাজ বংশের মহা বিস্ময় স্বরূপ হইয়াছিল।—গর্গঃ বিঃ ২২।৫৩-৫৪

১০৪। হে কৃষ্ণ! তুমি দক্ষিণে সেতু বন্ধ হইতে উত্তরে হিমাচল পর্য্যন্ত ভারতান্তর্গত সমস্ত ক্ষুদ্র বৃহৎ রাজ্যই পদানত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।৫৫

১০৫। হে কৃষ্ণ! গৌরবর্ণ গর্ব্বিত দুষ্ট রাজণ্যবর্গের হৃদয় ও দেহ কৃষ্ণবর্ণ তোমার নামে কম্পিত হইত।—গর্গঃ বিঃ ২২।৫৩-৫৪

১০৬। হে কৃষ্ণ! তুমি (গান্ধারে গন্ধমাদনের সন্নিকটে সেনা সহ) নগাধিরাজ হিমালয় উল্লঙ্ঘন করিয়াছিলে।—গর্গঃ বিঃ ১২।৫৫

১০৭। হে কৃষ্ণ! তুমি হিমালয় পর্ব্বতকে দক্ষিণ দিকে রাখিয়া (নারায়ণী সেনা সহ) অগ্রসর হইয়াছিলে?—গর্গঃ বিঃ ২২।৫৫

১০৮। হে কৃষ্ণ! তুমি হিমালয় উল্লঙ্ঘন করিয়া (জম্বুদ্বীপের অবশিষ্ট অষ্ট-বর্ষ বিজয়ে) ক্রমশঃ পূর্ব্বোত্তর দিকে অগ্রসর হইয়াছিলে।—গর্গঃ বিঃ ২২।৫৫

---

(১) দক্ষিণীকরণ :—

ইত্থংখণ্ডং ভারতাখ্যং জিত্বা কার্ষ্ণি যদূত্তমঃ
হিমাদ্রিং দক্ষিণীকৃত্য প্রাগুদীচিং দিশংযযৌ।—গর্গঃ বিঃ ২২]৫৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৯। নারায়ণী-সেনার-কিম্পুরুষ-বর্ষ (তিব্বত)-বিজয়

[শোণিতপুর, অলকাপুর, প্রাগ্‌জ্যোতিষপুর]

১০৯।	শোণিত-পুরাগ্রসরণ	কৃষ্ণ (১)
১১০।	বিহিত-বহ্বোপকরণ	কৃষ্ণ
১১১।	অলকাপুর-সম্প্রস্থিত	কৃষ্ণ
১১২।	যক্ষরাজ-বলি-পূজিত	কৃষ্ণ
১১৩।	প্রাগ্‌জ্যোতিষ-পুরোপস্থিত	কৃষ্ণ
১১৪।	ভৌম-সুত-বলি-গৃহীত	কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

১০৯। হে কৃষ্ণ! তুমি (হিমালয়োত্তরে সর্ব্ব প্রথম) বাণ রাজধানী শোণিতপুর রাজ্যে গিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৩।২

১১০। হে কৃষ্ণ! তুমি বাণরাজ হইতে বহু উপহার গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৩।১২

১১১। হে কৃষ্ণ! তুমি (শোণিতপুর হইতে যক্ষপতি কুবেরের রাজধানী) অলকাপুরে গিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৩।১৩

১১২। হে কৃষ্ণ! তুমি যক্ষরাজ কর্ত্তৃক কর প্রদানে পূজিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ২৩।৩৮

১১৩। হে কৃষ্ণ! তুমি অলকাপুর হইতে পূর্ব্বোত্তরে প্রাগ্‌-জ্যোতিষপুরে গিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৫।৫৬

১১৪। হে কৃষ্ণ! তুমি নরকাসুরের পুত্র নীলের প্রদত্ত কর গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৬।৫৭

---

(১) শোণিতপুর ঃ—পুরাণবর্ণিত বাণ রাজধানী শোণিতপুর ও নরক রাজধানী প্রাগ্‌জ্যোতিষপুর হিমালয়ের উত্তরে কৈলাশের সন্নিকটবর্ত্তী দুইটি রাজ্য—ইহা আসামের তেজপুর বা গৌহাটি নহে। ইহা হিমালয়ের উত্তরস্থ ব্রহ্মপুত্রের তীরবর্ত্তী। গর্গ বিঃ ২৩।২ ; ২৫।৫৬

কৈলাশ গিরি পার্শ্বে চ করবীরস্য সানুষু
বাণস্য শোনিত পুরং প্রযযৌ যাদবেশ্বরঃ। গর্গ বিঃ ২৬।২৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২০। নারায়ণী-সেনার কিম্পুরুষ বর্ষ বিজয়

[হেমকূট, চৈত্রদেশ, বসন্ততিলক পুর]

১১৫। হেমকূটে সর্পাক্রমিত কৃষ্ণ

১১৬। গন্ধর্ব্ব-সুমতি-মুক্তিদ কৃষ্ণ

১১৭। বিচিত্র-চৈত্র-দেশস্থিত কৃষ্ণ

১১৮। এলা-লবঙ্গ-প্রমোদিত কৃষ্ণ

১১৯। দৃষ্ট নর-বলি-বর্জ্জিত কৃষ্ণ

১২০। বসন্ত-তিলক-নির্জ্জিত কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

১১৫। হে কৃষ্ণ! তুমি হেমকূট পর্ব্বত সন্নিকটে বিশাল সর্প কর্ত্তৃক আক্রান্ত হইয়াছিলে।—গর্গ বিঃ ২৬।৩০-৩১

১১৬। হে কৃষ্ণ! তুমি শাপগ্রস্ত সুমতি নামক গন্ধর্বকে সর্প দেহ হইতে মুক্তিদান করিয়াছিলে।—গর্গ বিঃ ২৬।৪৩

১১৭। হে কৃষ্ণ! তুমি মনোহর বিচিত্র সমাবেশযুক্ত চৈত্র দেশে সমাগত হইয়াছিলে।—গর্গ বিঃ ২৬।৪৪

১১৮। হে কৃষ্ণ! তুমি এই দেশে এলাচিও লবঙ্গ-লতিকা লতার সুগন্ধে আনন্দিত হইয়াছিলে।—গর্গ বিঃ ২৬।৪৬

১১৯। হে কৃষ্ণ! তুমি এই দেশের নরনারীকে বলিপলি বর্জ্জিত দেহসম্পন্ন দেখিয়াছিলে।—গর্গ বিঃ ৩৬।৪৮

১২০। হে কৃষ্ণ। তুমি এই দেশে বসন্ততিলক পুরীর রাজা শৃঙ্গার তিলককে পরাজিত করিয়াছিলে।—গর্গ বিঃ ২৬।৫২

---

(২) প্রাগ্জ্যোতিষপুর: তিনটি স্থান প্রাগ্জ্যাতিষপুরের দাবীদার। (১) আসামে গৌহাটি (২) বেত্রবতী নদীতীরস্থ প্রদেশ (৩) হিমালয়ের উত্তরে কিম্পুরুষ বর্ষে এই শেষোক্ত স্থান রামায়ণ মহাভারত ও গর্গ সংহিতার বর্ণনার সহিত সম্পূর্ণ মিলিয়া যায়। এইস্থান হিমালয়ের দক্ষিণ-পূর্বে হইতে পারে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৯। নারায়ণী-সেনার হরি-বর্ষ-বিজয়

(উত্তর তিব্বত্ ও মঙ্গোলিয়া)

[নিস্কৌশাম্বীপুর]

১২১। কিম্পুরুষ-খণ্ড-বিজিত কৃষ্ণ (১)

১২২। হরি-বর্ষ-খণ্ডোপস্থিত কৃষ্ণ (২)

১২৩। নিস্কৌশাম্বী-পতি-পূজিত কৃষ্ণ

১২৪। দশার্ণ-প্রদেশ-সুস্থিত কৃষ্ণ

১২৫। তীক্ষ্ণ-তুণ্ড-গৃধ্রাক্রমিত কৃষ্ণ

১২৬। গরুড়াস্ত্র-বল-শাসিত কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

১২১। হে কৃষ্ণ তুমি নারায়ণী সেনা সহযোগে সমগ্র কিম্পুরুষ খণ্ড (দক্ষিণ-তিব্বত দেশ) জয় করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৬।৬১

১২২। হে কৃষ্ণ! তুমি (কিম্পুরুষ বর্ষ জয় করিয়া) হরিবর্ষ খণ্ড (উত্তর-তিব্বত্ ও মঙ্গোলিয়া) উপস্থিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ২৬।৬২

১২৩। হে কৃষ্ণ! তুমি (হরিবর্ষান্তর্গত দশার্ণদেশের রাজধানী) নিস্কৌশাম্বী-পুরপতি কর্তৃক পূজিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ২৭।৩

১২৪। হে কৃষ্ণ! তুমি দশার্ণ দেশে কতক দিন আনন্দে অবস্থান করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৭।৮

১২৫। হে কৃষ্ণ! তুমি এই দেশে তীক্ষ্ণ চঞ্চু বিশালদেহ শকুন পক্ষীর দল কর্তৃক ভীষণ ভাবে আক্রান্ত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ২৭।৩

১২৬। হে কৃষ্ণ! তুমি গরুড়াস্ত্র প্রয়োগে এই মহাগৃধ্রদলের আক্রমণ হইতে নিজ সেনাদল রক্ষা করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৭।৫

---

(১) কিম্পুরুষবর্ষ—পৌরাণিক জম্বুদ্বীপ (এশিয়া মহাদেশ) নয়টি বর্ষে বা খণ্ডে বিভক্ত ছিল; তন্মধ্যে মধ্য বর্ষের নাম (১) ইলাবৃতবর্ষ তাহার দক্ষিণে যথাক্রমে (২) হরিবর্ষ (৩) কিম্পুরুষবর্ষ ও (৪) ভারতবর্ষ উত্তরোত্তরে (৫) রম্যকবর্ষ (৬) হিরণ্ময়বর্ষ সর্ব্বোত্তরে (৭) উত্তরকুরুবর্ষ পূর্ব্বদিকে (৮) ভদ্রাশ্ববর্ষ পশ্চিমে (৯) কেতুমালবর্ষ।—শ্রীভাঃ৫।১৬।৬-১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২২। নারায়নী-সেনার উত্তরকুরু-বিজয়

(সাইবেরিয়া)

[বারাহীপুর]

১২৭। উত্তর-কুরুভূপস্থিত কৃষ্ণ (১)

১২৮। বারাহী-নগর-সুস্থিত কৃষ্ণ

১২৯। তন্নৃপ-যজ্ঞাশ্ব-বন্ধন কৃষ্ণ

১৩০। কারিত-কুমার শোধন কৃষ্ণ

১৩১। গৃহীত-গুণাকরার্হণ কৃষ্ণ

১৩২। যজ্ঞ-তুরগ-প্রত্যর্পণ কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

১২৭। হে কৃষ্ণ! তুমি (হরিবর্ষ হইতে) বিখ্যাত মেরু পর্ব্বতের উত্তরে অবস্থিত উত্তর কুরুবর্ষে উপস্থিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ২০।১

১২৮। হে কৃষ্ণ! তুমি উত্তর কুরুবর্ষের রাজধানী বারাহীপুরে অবস্থান করিয়াছিলেন।—গর্গঃ বিঃ ২৮।২

১২৯। হে কৃষ্ণ! তুমি এই সময়ে উত্তর কুরু-রাজের আরব্ধ অশ্বমেধ যজ্ঞের অশ্ব বন্ধন করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৮।৭

১৩০। হে কৃষ্ণ! তুমি মহা বুদ্ধিমান দূত উদ্ধব দ্বারা রাজপুত্র বীরধন্বাকে যুদ্ধ করিতে নিষেধ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৮।১৩-১৭

১৩১। হে কৃষ্ণ! তুমি (মহাযুদ্ধে পরাজিত উত্তরকুরুরাজ গুণাকরের) প্রদত্ত উপহার (যজ্ঞ-কর) গ্রহণ করিয়াছিলে।—২৮।৫৪

১৩২। হে কৃষ্ণ! তুমি (যজ্ঞ-কর) গ্রহণ করতঃ উত্তরকুরুরাজের যজ্ঞাশ্ব তাঁহাকে প্রত্যর্পণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৮।৫৮

---

(১) উত্তর কুরুবর্ষ :— উত্তরোত্তরেণেলাবৃতং ··· রম্যক্ হিরন্ময় কুরূণাং বর্ষাণাং মর্য্যাদা গিরয়ঃ।”—শ্রীভাঃ ৫।১৬।৮
“এবং দক্ষিণেনেলাবৃতং······হরিবর্ষকিম্পুরুষভারতানাং যথাসংখ্যম্।” শ্রীভাঃ ৫।১৬।৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৩। নারায়ণী-সেনার হিরন্ময়-বর্ষ-বিজয়
(দক্ষিণ সাইবেরিয়া)

[চিত্রবন, মকরদেশ; ডিণ্ডিভদেশ ; ত্রিশৃঙ্গদেশ]

১৩৩। চিত্র-বন-বানর-বশ-কৃৎ কৃষ্ণ
১৩৪। মকরে-মধুকর-নাশ-কৃৎ কৃষ্ণ
১৩৫। ডিণ্ডিভে গজ-মুখ-স্পৃষ্ট কৃষ্ণ
১৩৬। ত্রিশৃঙ্গে শৃঙ্গী-নর-দৃষ্ট কৃষ্ণ
১৩৭। দেব-সখ-নৃপ-পূজিত কৃষ্ণ
১৩৮। চন্দ্র-কান্ত-নদী-স্নপিত কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

১৩৩। হে কৃষ্ণ! তুমি (হিরন্ময় বর্ষে) চিত্রবনে মহাকায় আক্রমণকারী বানর দল বশীভূত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৯।১৩

১৩৪। হে কৃষ্ণ! তুমি মকর-মুখ মানবের দেশে বৃহৎ ভ্রমর দল কর্তৃক আক্রান্ত হইয়া উহা বিনাশ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৯।১

১৩৫। হে কৃষ্ণ! তুমি ডিণ্ডিভ দেশে হস্তি-মুখ মানব কর্তৃক স্পৃষ্ট হইয়াছিলে।—গর্গঃ বিঃ ২৯।১৮

১৩৬। হে কৃষ্ণ! তুমি ত্রিশৃঙ্গ দেশে তিনটি শৃঙ্গ বিশিষ্ট মানব দর্শন করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৯।১৯

১৩৭। হে কৃষ্ণ! তুমি দেবগণের ধনরক্ষক রাজা দেবসখা কর্তৃক বহু ধনরত্নোপহারে পূজিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৩৯।২৩

১৩৮। হে কৃষ্ণ। তুমি সেই দেশে সর্ব্বব্যাধি নাশক চন্দ্রকান্ত নদীতে স্নান করিয়াছিলে।—গর্গঃ বিঃ ২৯।৩২

---

(১) হিরন্ময় বর্ষ :—
প্রদ্যুম্নোহথ মহাবাহু র্জিত্বারাত্তুত্তরান্ কুরূন্
হিরন্ময়ং নামখণ্ডং জেতুং কাষ্ণির্জগাম হ।—গর্গঃ বিঃ ২৯।১

(২) দক্ষিণেনতু নীলস্য নিষধস্যোত্তরেণ তু
বর্ষং হিরন্ময়ং নাম যত্র হৈরন্বতী নদী!—মভাঃ ভীঃ ৮।৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৪। নারায়ণী-সেনার রম্যক্-বর্ষ-বিজয়

(মাঞ্চুরিয়া, কোরিয়া)

[কালদেশ, মানব-নগর]

১৩৯। রম্যক্-বর্ষোপস্থিত কৃষ্ণ (১)

১৪০। দেব-লোকনিভাবস্থিত কৃষ্ণ

১৪১। কলঙ্ক-রাক্ষসাক্রমিত কৃষ্ণ

১৪২। হনুমাঞ্ছহায়-রক্ষিত কৃষ্ণ

১৪৩। স্বর্ণ-ময়-নগর-দৃষ্ট কৃষ্ণ

১৪৪। শ্রাদ্ধ-দেব-সংস্তুত-হৃষ্ট কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

১৩৯। হে কৃষ্ণ! তুমি (হিরণ্ময় বর্ষ জয় করিয়া) রম্যক্‌বর্ষে (মাঞ্চুরিয়া ও কোরিয়া দেশে) উপস্থিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৩০।১

১৪০। হে কৃষ্ণ! তুমি রম্যক্ বর্ষ দেবলোকের ন্যায় সমৃদ্ধি সম্পন্ন দর্শন করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৩০।১

১৪১। হে কৃষ্ণ! তুমি (রম্যক্ বর্ষান্তর্গত) কালদেশে কলঙ্ক নামক মহাভয়ঙ্কর রাক্ষস কর্তৃক আক্রান্ত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৩০।২

১৪২। হে কৃষ্ণ! তুমি হনুমানের সাহায্যে এই রাক্ষসাক্রমণ হইতে সসৈন্যে রক্ষিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৩০।২০

১৪৩। হে কৃষ্ণ! তুমি এই রম্যক্ বর্ষে এক স্বর্ণময় মানব-নগর দেখিয়াছিলে।—গর্গঃ বিঃ ৩০।৩২

১৪৪। হে কৃষ্ণ!—তুমি এই স্বর্ণ-নগরাধিপতি শ্রাদ্ধদেব বৃদ্ধ মনু কর্তৃক স্তুত হইয়া আনন্দিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৩০।৩৫

---

(১) রম্যকবর্ষ :—(ক) এবং হিরণ্ময়ং খণ্ডং জিত্বা কর্ষ্ণির্মহাবলঃ
জগাম রম্যকংবর্ষ দেবলোক মিবস্ফুরৎ—গর্গঃ বিঃ৩০।১

(খ) দক্ষিণেন তু শ্বেতস্য নিষধস্যোত্তরেণ তু
বর্ষং রমণকংনাম জায়ন্তে তত্রমানবাঃ।—মভাঃ ভীঃ ৮।২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৫। নারায়ণী-সেনার ভদ্রাশ্ব-বর্ষ-বিজয়

(১) (চীন-দেশ, ইন্দোচীন, মালয়, ব্রহ্মদেশ প্রভৃতি)
[বেদক্ষেত্র ; চন্দ্রাবতী-পুর]

১৪৫। বেদ-ক্ষেত্র-তীর্থোপস্থিত কৃষ্ণ

১৪৬। ভদ্র-শ্রবা-নৃপোপচিত কৃষ্ণ

১৪৭। শকুনি-মায়া-পরিবৃত কৃষ্ণ

১৪৮। স্বয়মুপস্থিত-নিরাকৃত কৃষ্ণ

১৪৯। মদালসা-বাঞ্ছা-বিধায়ক কৃষ্ণ

১৫০। চন্দ্রাবতী-পুর-প্রদায়ক কৃষ্ণ (১)

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

১৪৫। হে কৃষ্ণ! তুমি (রম্যকবর্ষ বিজয়ের পরে জম্বুদ্বীপের পূর্ব্ব ভাগস্থ) ভদ্রাশ্ববর্ষে বেদক্ষেত্র তীর্থে গিয়াছিলে।—গর্গঃ বিঃ ৩২।২

১৪৬। হে কৃষ্ণ! তুমি এই বর্ষের (চীন, ইন্দোনেশিয়া, মালয় ব্রহ্মদেশ) অধিপতি ভদ্রশ্রবা কর্তৃক পূজিত হইয়াছিলে। গর্গঃ বিঃ ৩২।৫

১৪৭। হে কৃষ্ণ! তুমি তোমার সৈন্যগণসহ চন্দ্রাবতী পুরপতি দৈত্যরাজ শকুনির মায়া যুদ্ধে মোহিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৩৯।৫১

১৪৮। হে কৃষ্ণ! তুমি স্বয়ং অকস্মাৎ চন্দ্রাবতীর যুদ্ধস্থলে উপস্থিত হইয়া দৈত্যপতির সমস্ত মায়া নষ্ট করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৩৯।৫৩

১৪৯। হে কৃষ্ণ! তুমি (শকুনি বধের পরে তৎপত্নী) মদালসার পুত্রের জীবন-রক্ষা প্রার্থনা পূর্ণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪২।৭

১৫০। হে কৃষ্ণ! তুমি চন্দ্রাবতী রাজ্য (সম্ভবতঃ চীনের রাজধানী পিকিং) মদালসার পুত্রকে প্রদান করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪২।৮

---

(১) চন্দ্রাবতী :—"প্রবিবেশ সুরৈঃ সার্দ্ধং পুরীং চন্দ্রাবতীং প্রভুঃ"
"সর্ব্বং চন্দ্রাবতীরাজ্যং দদৌ তস্মৈ মহামনাঃ" ;—গর্গঃ বিঃ ৪২।৮
নারায়ণীসেনা রম্যক্ বর্ষ জয় করিয়া মেরুর পূর্ব্বদিকৃস্থিত ভদ্রাশ্ববর্ষ (চীনে) আসিয়াছিল। সম্ভবতঃ "চীন" এই চন্দ্রাবতী নামেরই অপভ্রংশ। চন্দ্রাবতীর মহাপ্রাচীর ২১৪ খ্রীঃ পূর্ব্বাব্দে রাজা চিত্তাণটি নির্ম্মাণ করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৬। নারায়ণী-সেনার ইলাবৃত-বর্ষ-বিজয়

[বেদনগর]

১৫১। স্বয়মিলাবৃতোপস্থিত কৃষ্ণ (১)

১৫২। মুচুকুন্দ-জামাত্রুপচিত কৃষ্ণ

১৫৩। স্ত্রী-রূপাষ্ট-সিদ্ধি-সন্দৃষ্ট কৃষ্ণ

১৫৪। স্ব-চরিত-গীত-সংহৃষ্ট কৃষ্ণ

১৫৫। মূর্ত্ত-তাল-রাগ-সংস্তুত কৃষ্ণ

১৫৬। দ্বারাবতী-পুর-প্রস্থিত কৃষ্ণ (২)

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

১৫১। হে কৃষ্ণ! তুমি (ভদ্রাশ্ববর্ষে চীন দেশের রাজধানী চন্দ্রাবতীপুর জয়ের পরে) স্বয়ং সসৈন্যে ইলাবৃত বর্ষে (মধ্য এশিয়ার অল্‌টাই পর্ব্বত-প্রদেশ) উপস্থিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৩।১

১৫২। হে কৃষ্ণ! তুমি (নাভি-বর্ষ ইলাবৃতে বেদনগরে) মুচুকুন্দের জামাতা কর্ত্তৃক পূজিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৩।১০

১৫৩। হে কৃষ্ণ! তুমি এইস্থানে অষ্ট-সিদ্ধিকে অষ্ট নারীমূর্ত্তিতে দর্শন করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৩।২১

১৫৪। হে কৃষ্ণ! তুমি এই বর্ষে (অপ্সরা-সঙ্গীতে) তোমার আবাল্য চরিত কথা শ্রবণ করিয়া আনন্দিত হইয়াছিলে। গর্গঃ বিঃ ৪৩।২৯

১৫৫। হে কৃষ্ণ! তুমি এই বেদনগরে সমস্ত তাল ও রাগ-রাগিণীকে মূর্ত্ত অবস্থায় দেখিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৫ অধ্যায়

১৫৬। হে কৃষ্ণ! তুমি (বেদনগর হইতে পুনরায়) দ্বারাবতী-পুরে প্রস্থান করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৩।৩৮

---

(১) ইত্থং খণ্ডস্ত ভদ্রাশ্বং জিত্বা শ্রীযাদবেশ্বরঃ
যদুভিঃ সৈনিকৈঃ সার্দ্ধমিলাবৃতমথা যযৌ—গর্গঃ বিঃ ৪৩।১

(২) শ্রীকৃষ্ণ (তৃতীয় ব্যূহ প্রদ্যুম্নরূপে) নারায়ণী সেনা পরিচালনা করিতেন। কিন্তু মহাশঙ্কটজনক স্থান সমূহে স্বয়ং অকস্মাৎ উপস্থিত হইয়া বিপদ মোচনান্তর পুনঃ দ্বারাবতী আসিতেন।—গর্গঃ বিঃ ৪৫।২৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৭। নারায়ণী-সেনার মধুধারা-বিজয়

[বসন্ত-মালতীপুর। মধুধারা(১) ও অরুণোদা তট]

১৫৭। বসন্ত-মালতী-পুরাগত কৃষ্ণ

১৫৮। কৃত-পতঙ্গ-পদানত কৃষ্ণ

১৫৯। উদ্ধব-দূত-সম্প্রেরিত কৃষ্ণ (১)

১৬০। সক্র-সখা-বলি-পূজিত কৃষ্ণ

১৬১। অরুণোদা-তীর-সন্দৃষ্ট কৃষ্ণ (২)

১৬২। পুরন্দর-দর্শন-হৃষ্ট কৃষ্ণ

গর্গ সংহিতা বিশ্বজিৎ—খণ্ড-লীলা

১৫৭। হে কৃষ্ণ! তুমি মধুধারা নদী (সম্ভবতঃ ইনিসি নদী) তীরস্থ বসন্ত-মালতীপুরে আগমন করিয়াছিলে।—গর্গঃ বিং ৪৬।১-২

১৫৮। হে কৃষ্ণ। তুমি বসন্ত-মালতীপুরের গন্ধর্ব্ব রাজা পতঙ্গকে পদানত করিয়া কর গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৬।৩৩

১৫৯। হে কৃষ্ণ! তুমি দেব-নিধি রক্ষক সক্রসখার পুরে (সম্ভবতঃ ইয়েনিসিস্ক) উদ্ধবকে দূত প্রেরণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৭।৭-৮

১৬০। হে কৃষ্ণ! তুমি পরাজিত দেবধন-রক্ষক সক্রসখা কর্ত্তৃক বহু রত্নোপহারে পূজিত হইয়াছিলে।—গর্গঃ বি. ৪৮।১৮

১৬১। হে কৃষ্ণ! তুমি অরুণোদা-নদী (সম্ভবতঃ ওবি নদী) দর্শন করিরাছিলে।—গর্গঃ বিঃ ৪৮।২০

১৬২। হে কৃষ্ণ! তুমি এই অরুণোদা নদী-তীরে (সম্ভবতঃ টোমস্কে) দেবরাজ পুরন্দরকে দর্শন করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।২২

---

(১) "প্রদ্যুম্নঃ সৈনিকৈঃ সার্দ্ধং নদং কামদুঘং যযৌ"—গর্গঃ বিঃ ৪৬।১

(২) সেনানী প্রদ্যুম্নের দূত উদ্ধব পতঙ্গ রাজাকে বলিয়াছিলেন :—
উগ্রসেনো যাদবেন্দ্রো দ্বারকেশো নৃপেশ্বরঃ
জম্বু-দ্বীপ নৃপান্ জিত্বা রাজসূয়ং করিষ্যতি—গর্গঃ বিঃ ৪৭।৮
"জিত্বা স ভারতাদীনি খণ্ডানি স্বস্য তেজসা"—গর্গঃ বিঃ ৪৭।৯
"অদ্যৈবেলাবৃতং প্রাপ্তো জেতুং কার্ষ্ণি র্মহাবলঃ"—গর্গঃ বিঃ ৪৭।১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৮। বিদ্যাধরী-স্বয়ম্বর-বিজয়

[লীলাবতীপুর] (১)

১৬৩। লীলাবতী-পুরাবস্থিত কৃষ্ণ
১৬৪। সুন্দরী-স্বয়ম্বর-সুস্থিত কৃষ্ণ
১৬৫। দিব্য-গৌর-রূপ-বিস্ময় কৃষ্ণ
১৬৬। মর্ত্ত্য-শ্যাম-রূপ-হৃন্ময় কৃষ্ণ
১৬৭। বিদ্যাধরী-কন্যা-মূর্চ্ছন কৃষ্ণ
১৬৮। কৃতোদ্বাহ-মঙ্গলার্চ্চন কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

১৬৩। হে কৃষ্ণ! তুমি হেম-পর্ব্বত সান্নিধ্যে লীলাবতী (লেনা) নদী তীরস্থ লীলাবতী নগরে গমন করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৩০

১৬৪। হে কৃষ্ণ! তুমি বিদ্যাধর রাজকন্যা (স্বর্গ-বিখ্যাত) "সুন্দরী" নাম্নী কন্যার স্বয়ম্বর সভায় গিয়াছিলে।—গর্গঃ বিঃ ৫৮।২৭

১৬৫। হে কৃষ্ণ! তুমি সভায় নিমন্ত্রিত দিব্য-গৌরবর্ণ দেবগণের পরম বিস্ময় স্বরূপ হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।২৮

১৬৬। হে কৃষ্ণ! তুমি শ্যাম বর্ণের মানবরূপেই উপস্থিত সকলের হৃদয় মন আকর্ষণ করিয়াছিলে।—গর্গ বিঃ ৪৮।৩৬

১৬৭। হে কৃষ্ণ! তোমার রূপ-দর্শনে স্বর্গ-রূপসী বিদ্যাধর কন্যা "সুন্দরী" স্বয়ম্বর সভায় মূর্চ্ছিতা হইয়াছিলেন।—গর্গঃ বিঃ ৪৮।৪৯

১৬৮। হে কৃষ্ণ! তুমি শ্যামবর্ণ নররূপের সৌন্দর্য্যেই সমস্ত গৌরাঙ্গ দেব-রূপ পরাজিত করিয়া স্বর্গের শ্রেষ্ঠা রূপবতী কন্যাকে বিবাহ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৪০

---

(১) বিদ্যাধরী মূর্চ্ছন :—প্রদ্যুম্নবীরং নরলোক সুন্দরম্
সমেত্য মূর্চ্ছাং সমবাপ সুন্দরী—গর্গঃ বিঃ ৪৮।৩৯

(২) লীলাবতীপুর :—সম্ভবতঃ ইয়াব্লোনয় পর্ব্বত হইতে উদ্ভূত, লেনা নদী তীরস্থ ইয়াকুটস্ক নগর। সম্ভবতঃ 'লেনা' লীলাবতী নামের অপভ্রংশ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৯। নাম্নায়ণী-সেনার কেতুমাল বর্ষ-বিজয়

(ইরান্, আরব, জর্ডন, লেবানান্, এস্রাইল, সিরিয়া, তুরুস্ক)

[মন্মথ-শালিনীপুর]

১৬৯। কেতুমালজ-স্তবা-কর্ণিত কৃষ্ণ (১)

১৭০। আজন্ম-চরিত-বর্ণিত কৃষ্ণ

১৭১। মন্মথ-মায়া-সমাবৃত কৃষ্ণ

১৭২। সর্ব্বাস্ত্র-তেজ-নিরাকৃত কৃষ্ণ

১৭৩। কেতুমাল-পতি-বন্দিত কৃষ্ণ

১৭৪। বলি-প্রদানাভিনন্দিত কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

১৬৯। হে কৃষ্ণ! তুমি (ভারত প্রত্যাবর্ত্তন পথে) সুমেরুর পশ্চিমস্থ কেতুমালবাসী জনগণের স্তুতিবাক্য শ্রবণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৩১।৭

১৭০। হে কৃষ্ণ! তোমার জন্ম হইতে রাজসূয় লীলা পর্য্যন্ত সমগ্র চরিতকথা এই বর্ষে সঙ্গীতে শ্রবণ করিয়াছিলে। গর্গঃ বিঃ ৩১।৮-৬৩

১৭১। হে কৃষ্ণ! তুমি এই বর্ষের মন্মথশালিনী পুরে সসৈন্যে কামদেবের মায়ায় মোহিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৩১।৩

১৭২। হে কৃষ্ণ! তুমি অনতিবিলম্বেই (সুন্দরী নারীগণের মোহ নিরাকরণ করত সর্ব্বসেনা রক্ষা করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৩১।৪০

১৭৩। হে কৃষ্ণ! তুমি (অনুচরগণকে কামবেগ হইতে মুক্ত করিলে) কেতুমালবর্ষ পতি কর্তৃক বন্দিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৩১।৩৫

১৭৪। হে কৃষ্ণ! তুমি মন্মথ—শালিনীপুর পতি কর্তৃক নানা উপহারে অভিনন্দিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৩১।৩৫

---

(১) কেতুমাল :—(ক) "মেরোস্তু পশ্চিম পার্শ্বে কেতুমালো মহীপতে।" মভাঃ ভীঃ ৬।৩১।

(খ) ইউরাল পর্ব্বতের দক্ষিণস্থ সমগ্র পশ্চিম এসিয়া পৌরাণিক কেতুমাল বর্ষের অন্তর্গত ছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩০। নারায়ণী সেনার ভারত-প্রত্যাবর্ত্তন

[কচ্ছ-গুর্জ্জর-আনর্ত্ত-দ্বারাবতী]

১৭৫। কেতুমাল-খণ্ড-বিজিত কৃষ্ণ
১৭৬। ভারত-খণ্ড-সংপ্রস্থিত কৃষ্ণ (১)
১৭৭। বিজয়-দুন্দুভি-নাদিত কৃষ্ণ
১৭৮। বহু-দেশ-জয়-বাদিত কৃষ্ণ
১৭৯। কচ্ছ-গুর্জ্জরানর্ত্তানত কৃষ্ণ
১৮০। স্বপুর-দ্বারাবত্যাগত কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

১৭৫। হে কৃষ্ণ! তুমি (জম্বুদ্বীপের অভ্যন্তর বর্ষ) ইলাবৃত খণ্ড সম্পূর্ণ জয় করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৪৪, শ্রীভাঃ ১।১৬।১২-১৩

১৭৬। হে কৃষ্ণ! তুমি (সর্ব্বশেষে কেতুমালখণ্ড জয় করিয়া তোমার জন্মভূমি) ভারত-খণ্ডে প্রত্যাবর্ত্তন করিয়াছিলে।—৪৮।৪৪

১৭৭। হে কৃষ্ণ! তুমি সমগ্র (এসিয়া মহাদেশ জয় করিয়া) ভারতে প্রত্যাগমন পথে বিজয় দুন্দুভি নিনাদ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৪৫

১৭৮। হে কৃষ্ণ! তোমার প্রত্যাগমন পথে বহু বিজিত দেশে ভারতের জয় ঘোষণা করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৪৬

১৭৯। হে কৃষ্ণ! তুমি প্রত্যাবর্ত্তন পথে (পশ্চিমোত্তর ভারতের) কচ্ছ, গুজরাট ও আনর্ত্ত রাজ্য জয় করিয়াছিলে।—গর্গঃবিঃ ৪৮।৪৬

১৮০। হে কৃষ্ণ! তুমি বিশ্ব বিজয়ী নারায়ণী সেনাসহ মহা-সমারোহে দ্বারকা প্রত্যাগমন করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৪৭

---

(১) "প্রদ্যুম্নো ভগবান্ সাক্ষাদিত্থং জিত্বা স্বয়ম্বরম্
বিজিতেলাবৃতং খণ্ডং ভারতং গন্তুমুদ্যতঃ।"—গর্গঃ বিঃ ৪৮।৪৪

(২) "আযযৌ ভারতং খণ্ডং নাদয়ন্ জয় দুন্দুভীন্—গর্গঃ বিঃ ৪৮।৪৫

(৩) কচ্ছ :—গুজরাটের কয়রাজেলা (খ) গুর্জ্জর—গুজরাট
(গ) আনর্ত্ত :—কাটিয়াবারের উত্তর-পশ্চিমাংশ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৭। বিশ্ব-বিজয়-বার্ত্তা-শ্রবণ

[দ্বারাবতী]

১৮১। জয়-বার্ত্তাবহ-প্রেষিত কৃষ্ণ
১৮২। বুদ্ধিমানুদ্ধবোপস্থিত কৃষ্ণ
১৮৩। অভিযান-মন্ত্রী-বর্ণিত কৃষ্ণ
১৮৪। জম্বু-জয়-কথাকর্ণিত কৃষ্ণ
১৮৫। শ্রুত-প্রতি-বর্ষ-ঘটিত কৃষ্ণ (১)
১৮৬। যথা-যোগ্য-সর্ব্ব-রটিত কৃষ্ণ

গর্গ সংহিতা—বিশ্বজিৎ খণ্ড-লীলা

১৮১। হে কৃষ্ণ! (বিশ্ব বিজয়ী প্রত্যুম্ন স্বদেশে পৌছিবার পূর্ব্বেই) তোমার নিকটে বিজয় বার্ত্তাবহ প্রেরিত হইয়াছিল।—গর্গঃ বিঃ ৪৮।৫৭

১৮২। হে কৃষ্ণ! তুমি (ব্রজের-সন্দেশ-বাহক) বুদ্ধিমান উদ্ধবকেই বিশ্ব-জয় বার্ত্তাবহ রূপে উপস্থিত দেখিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৪৭

১৮৩। হে কৃষ্ণ! তুমি এই বিশ্ব-বিজয়াভিযানের উপদেষ্টা রূপে প্রেরিত উদ্ধবের বিস্তৃত বর্ণনা শ্রবণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৪৭

১৮৪। হে কৃষ্ণ! তুমি (ভারতাদি নববর্ষ সমন্বিত) জম্বুদ্বীপ বিজয় বিবরণ বহু-রাজ-সভায় বসিয়া শ্রবণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৪৭

১৮৫। হে কৃষ্ণ! তুমি প্রত্যেক বর্ষেরই ক্ষুদ্র বৃহৎ ঘটনা সমূহ বিস্তারিত ভাবে শ্রবণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৪৮

১৮৬। হে কৃষ্ণ! তুমি (প্রত্যক্ষ-দর্শী) উদ্ধব কর্ত্তৃক যথাযোগ্য ভাবে প্রত্যুম্নের বিশ্ব-বিজয় বার্ত্তা কথিত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৪৮

---

(১) প্রতি-বর্ষ-ঘটিত :—

বর্ষেবর্ষেঽপি যজ্জাতং জম্বুদ্বীপ জয়ং তথা
তৎ-সর্ব্বংহি যথাযোগ্যং কথয়ামাস চোদ্ধবঃ
—গর্গঃ বিঃ ৪৮।৪৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩২। বিশ্ব-জিতের-অভ্যর্থনা

[দ্বারাবতী]

১৮৭।	স্বয়ং-সহাগ্রজ-বহির্গত	কৃষ্ণ (১)
১৮৮।	কৃতোগ্রসেন-নৃপ-নির্গত	কৃষ্ণ
১৮৯।	কারিত-ব্রহ্ম-ঘোষ-নাদন	কৃষ্ণ
১৯০।	কারিত-জয়-শঙ্খ-বাদন	কৃষ্ণ
১৯১।	কৃত-বর বারণারোহন	কৃষ্ণ
১৯২।	গৃহে-গৃহে মঙ্গলাচরণ	কৃষ্ণ

গর্গ সংহিতা বিশ্বজিৎ খণ্ড লীলা

১৮৭। হে কৃষ্ণ! তুমি বিশ্ববিজয়ী পুত্রকে অভ্যর্থনা করিতে অগ্রজ বলদেব ও কুলবৃদ্ধগণসহ স্বয়ং বহির্গত হইয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৪৮

১৮৮। হে কৃষ্ণ! তুমি এই মহাবীর পুত্রের অভ্যর্থনা জন্য বৃদ্ধ যদুরাজ উগ্রসেনকেও পুরী হইতে বাহির করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৪৯

১৮৯। হে কৃষ্ণ! এই অভ্যর্থনায় ব্রাহ্মণগণকর্ত্তৃক ব্রহ্ম-ঘোষ ওঁকার মন্ত্র উচ্চারণের ব্যবস্থা করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৫০

১৯০। হে কৃষ্ণ! এই অভ্যর্থনায় বিজয় শঙ্খ, দুন্দুভি ও বহু বাদিত্র নিনাদের ব্যবস্থা করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৪০।৫১

১৯১। হে কৃষ্ণ! তুমি জগজ্জয়ী পুত্র প্রদ্যুম্নকে সর্ব্বোচ্চ গজারোহণে দ্বারকাপুরে প্রবেশ করাইয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৫৫

১৯২। হে কৃষ্ণ! তুমি জগজ্জয়ী পুত্রের অভ্যর্থনার জন্য দ্বারকায় প্রতি গৃহে নানারূপ মঙ্গলাচরণ করাইয়াছিলে।—গর্গঃ বিঃ ৪৮।৫৬

---

(১) স্বয়ংবর্হির্গত :—

শ্রীকৃষ্ণবলদেবাভ্যাং সর্ব্বৈর্বৃদ্ধজনৈঃসহ

প্রদ্যুম্নং তং সমানেতুমুগ্রসেনোবির্নির্গতঃ। গর্গঃ বিঃ ৪৮।৪৯

(২) মঙ্গলাচরণ :—"মঙ্গলং দ্বারকায়াঞ্চ সর্ব্বত্রাভুদ্ গৃহে গৃহে।" গর্গঃ বিঃ ৪৮।৫৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৩। যদু-পতির-রাজসূয়-সমাপন

[পিণ্ডারক]

১৯৩। কৃত রাজসূয়-সমাধান কৃষ্ণ

১৯৪। প্রাপিতোগ্রসেন মহামান কৃষ্ণ

১৯৫। সপুত্র-সপৌত্রোপস্থিত কৃষ্ণ

১৯৬। অজস্র-দান-প্রণোদিত কৃষ্ণ

১৯৭। কৃত-দ্বারকেশ-বিশ্ব-জিৎ কৃষ্ণ

১৯৮। দ্বাপরান্ত-বিশ্ব-বলি-ভৃৎ কৃষ্ণ (২)

গর্গ সংহিতা বিশ্বজিৎ খণ্ড-লীলা।

১৯৩। হে কৃষ্ণ! তুমি (তোমার প্রিয়জন দ্বারকাপতি উগ্রসেনের) রাজসূয় যজ্ঞ এইরূপে সুসম্পন্ন করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৫০।১১-১২

১৯৪। হে কৃষ্ণ! তুমি (তোমার একান্তানুগৃহীত) উগ্রসেনকে (তৎকালীন্ জগতে) মহামান্ প্রদান করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৫০।১৩

১৯৫। হে কৃষ্ণ! তুমি (স্বয়ং যজ্ঞেশ্বর হইলেও) এই মহাযজ্ঞে পুত্র-পৌত্রাদিসহ সামান্য প্রজার ন্যায় উপস্থিত ছিলে।—গর্গঃ বিঃ ৫০।৬

১৯৬। হে কৃষ্ণ! তুমি এই যজ্ঞে (রাজা উগ্রসেন দ্বারা) অকাতরে অজস্র দান করাইয়াছিলে।—গর্গঃ বিঃ ৫০।৯-১০

১৯৭ হে কৃষ্ণ! তুমি (ক্ষুদ্র দ্বারাবতী দ্বীপ-পতিকে বিশ্ববিজয়ী সম্রাটের সম্মানে সম্মানীত করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৫০।২১

১৯৮। হে কৃষ্ণ! তুমি দ্বাপর যুগান্তে উগ্রসেনের রাজসূয় যজ্ঞ ছলে সমগ্র সভ্য বিশ্বের পূজা গ্রহণ করিয়াছিলে।—গর্গঃ বিঃ ৫০।২২-২৩

---

(১) পিণ্ডারক :—গুজরাটের গোলাগারের সমীপে অবস্থিত। আধুনিক দ্বারকা হইতে ১৬ মাইল পূর্ব্বে সমুদ্র তীরবর্ত্তী তীর্থ। এইস্থানে যদুরাজ উগ্রসেনের রাজসূয় ও অশ্বমেধ যজ্ঞ হইয়াছিল।

(২) দ্বাপরান্ত :—শ্রীকৃষ্ণানুগৃহীত উগ্রসেন ও যুধিষ্ঠির ব্যতীত দ্বাপরান্তের কোন রাজা রাজসূয় ও অশ্বমেধ উভয় যজ্ঞ করিতে সমর্থ হন নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৪। শ্যাম-বর্ণোৎকর্ষ-প্রমাণ

[দ্বারাবতী]

১৯৯। শ্যাম-তনু-ভৃৎ নমোঽস্তুতে কৃষ্ণ
২০০। শ্যাম-কুল-কৃৎ নমোঽস্তুতে কৃষ্ণ
২০১। শ্যাম-বিশ্ব-জিৎ নমোঽস্তুতে কৃষ্ণ (১)
২০২। শ্যাম-জগদ্ধিত্ নমোঽস্তুতে কৃষ্ণ
২০৩। শ্যাম-শাস্ত্র-কৃত্ নমোঽস্তুতে কৃষ্ণ
২০৪। শ্যাম-শস্ত্র-ভৃত্ নমোঽস্তুতে কৃষ্ণ

শ্রীভাগবত, মহাভারত ও গর্গ সংহিতা-লীলা

১৯৯। হে কৃষ্ণ! তুমি স্বেচ্ছায় শূদ্রের ন্যায় শ্যামবর্ণ দেহ ধারণ করিয়াছিলে।—তোমাকে প্রণাম নিবেদন করি।—গর্গঃ বিঃ ৭।১৫

২০০। হে কৃষ্ণ! তুমি (বর্ণাভিজাত্য দূরীকরণে) তোমার বংশ-ধারা শ্যামবর্ণ করিয়াছিলে—তোমাকে প্রণাম করি।—গর্গঃ অশ্বঃ ৪৭।১২

২০১। হে কৃষ্ণ! তুমি শ্যামবর্ণ দেহেই (শ্বেত ও পীতবর্ণ মানব অধ্যুষিত) বিশ্ববিজয় করিয়াছিলে। তোমাকে প্রণাম নিবেদন করি।

২০২। হে কৃষ্ণ! তুমি শ্যামবর্ণবিশিষ্ট দেহে জগতের সর্ব্বশ্রেষ্ঠ হিতকারী ছিলে। তোমাকে প্রণাম নিবেদন করি।

২০৩। হে কৃষ্ণ! তুমি শ্যামবর্ণ দেহেই জগতের সর্ব্ব-শাস্ত্রজ্ঞ শ্রেষ্ঠ পণ্ডিত ছিলে। তোমাকে প্রণাম নিবেদন করি।

২০৪। হে কৃষ্ণ! তুমি শ্যামবর্ণ দেহেই জগতের সর্ব্বশ্রেষ্ঠ অস্ত্রবিদ্ মহাবীর ছিলে। তোমাকে প্রণাম নিবেদন করি।

---

(১) বিশ্বজিত্—(ক) এক শতাব্দি মধ্যে শ্রীকৃষ্ণানুগৃহীত তিনটি ভারতীয় শ্যাম-সেনানী তিনবার সমগ্র এসিয়া জয় করিয়াছিলেন।
(১) প্রথম অভিযানের নেতা শ্রীকৃষ্ণ পুত্র প্রদ্যুম্ন—গর্গ বিঃ ২৩-৪৮ অধ্যায়
(২) দ্বিতীয় অভিযানের নেতা শ্রীকৃষ্ণ সখা অর্জ্জুন—মভাঃ সভাঃ২৮।১-৮।
(৩) তৃতীয় অভিযানের নেতা শ্রীকৃষ্ণ-রক্ষিত (বিষ্ণুরাত) পরিক্ষিত—শ্রীভাঃ ১।১৬।১১-১৫।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৫। শ্যাম-সুন্দর কৃষ্ণ

[দ্বারাবতী]

২০৫। শ্যাম-সুন্দর নমোঽস্তুতে কৃষ্ণ
২০৬। শ্যাম-কুন্দর নমোঽস্তুতে কৃষ্ণ
২০৭। শ্যাম-শ্রীকান্ত নমোঽস্তুতে কৃষ্ণ
২০৮। শ্যাম-সুশান্ত নমোঽস্তুতে কৃষ্ণ
২০৯। শ্যাম-সমীকৃত্ নমোঽস্তুতে কৃষ্ণ
২১০। শ্যাম-ব্রহ্ম-বিদ্ নমোঽস্তুতে কৃষ্ণ

শ্রীভাগবত, মহাভারত ও গর্গ সংহিতা-লীলা।

২০৫। হে কৃষ্ণ! তুমি শ্যামলদেহেই ভুবন সুন্দর ছিলে।—তোমাকে প্রণাম নিবেদন করি।

২০৬। হে কৃষ্ণ! তুমি শ্যামলদেহেই ভক্তের সর্ব্বাভিলাষ পূর্ণকারীছিলে।—তোমাকে প্রণাম নিবেদন করি।

২০৭। হে কৃষ্ণ! তুমি শ্যামলদেহেই লক্ষ্মীকান্ত ছিলে।—তোমাকে প্রণাম নিবেদন করি।

২০৮। হে কৃষ্ণ! তুমি শ্যামলদেহে পরমসুস্নিগ্ধ শান্তমূর্ত্তি ছিলে। তোমাকে প্রণাম নিবেদন করি।

২০৯। হে কৃষ্ণ! তুমি শ্যামলদেহে সর্ব্বমানবে সমীকরণকারী।—তোমাকে প্রণাম করি।

২১০। হে কৃষ্ণ! তুমি শ্যামলদেহে আদর্শ ব্রহ্মবিদ্ গৃহস্থ ছিলে।—তোমাকে প্রণাম নিবেদন করি।

(খ) ১। ভদ্রাশ্বং কেতুমালঞ্চ ভারতং চোত্তরান্ কুরূন্
কিম্পুরুষাদিনি বর্ষাণি বিজিত্য জগৃহে বলিম্
২। তত্র তত্রোপশৃণ্বানঃ স্বপূর্ব্বেষাং মহাত্মনাম্
প্রগীয়মানন্ত যশঃ কৃষ্ণ মহাত্ম্য সূচকম্
৩। তেভ্যঃ পরম সংহৃষ্টঃ প্রীত্যুজ্জৃম্ভিত লোচনঃ
মহাধনানি বাসাংসি দদৌ হারান্মহামনাঃ—শ্রীভাঃ ১।১৬।১২-১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৬। স্বয়ং-ভগবান্-কৃষ্ণ

[দ্বারাবতী)

২১১। ত্বং স্বয়ং ভগবান্—নমোঽস্তুতে কৃষ্ণ
২১২। ত্বং শ্যাম-বপুষ্মান্-নমোঽস্তুতে কৃষ্ণ
২১৩। বিশ্ব-জিৎ-দাসক-নমোঽস্তুতে কৃষ্ণ
২১৪। বিধি-কৃৎ শাসক-নমোঽস্তুতে কৃষ্ণ
২১৪। জয়তু ভারতী-সংস্কৃতিঃ কৃষ্ণ
২১৫। জীবতু পূর্ণেন্দু প্রণতিঃ কৃষ্ণ

ইতি শ্রীনাম-ভাগবতে শ্রীঘোষ ঠাকুর কৃতে
শ্রীপিণ্ডারক-লীলা নাম ধেয়া চতুর্থাঞ্জলিঃ

শ্রীভাগবত, মহাভারত ও গর্গ সংহিতা-লীলা

২১১। হে কৃষ্ণ! তুমি স্বয়ং ভগবান্।—তোমাকে প্রণাম নিবেদন করি।

২১২। হে কৃষ্ণ! তুমি শ্যামবর্ণ (পরম সুন্দর) দেহ বিশিষ্ট ছিলে।—তোমাকে প্রণাম নিবেদন করি।

২১৩। হে কৃষ্ণ! তুমি বিশ্ববিজয়ী হইলেও সর্ব্ব-লীলাতেই তোমার ভক্তের দাসত্ব করিয়াছ।—তোমাকে প্রণাম নিবেদন করি।

২১৪। হে কৃষ্ণ! তুমি প্রিয় ভক্তের আজ্ঞানুবর্ত্তী দাস হইয়াও স্বীয় মহিমায় বিশ্ব শাসন লীলা কবিয়াছ।—তোমাকে প্রণাম নিবেদন করি!

২১৫। হে কৃষ্ণ! (তোমার জীবনাদর্শে জীবন-তরণী চালনারূপ) ভারতীয় সংস্কৃতি (সর্ব্ববিশ্বে) জয়যুক্ত হউক।

২১৬। হে কৃষ্ণ! (দাসানুদাস পূর্ণেন্দুর এই কায়মনোবাক্যের প্রণতি (কথা কথান্তরে) জীবন্ত হউক।

প্রথম খণ্ড সমাপ্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রথম খণ্ড

(ক) পরিশিষ্ট

শ্রীকৃষ্ণ লীলাস্থলী পঞ্জী (বর্ণনানুক্রমিক)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(খ) পরিশিষ্ট

অবন্তিপুর গুরুকুলে শ্রীকৃষ্ণ অধীত চতুঃষষ্টি কলাবিদ্যার সূচী :

(১) গীত. (২) বাদ্য, (৩) নৃত্য, (৪) নাট্য, (অভিনয় করা), (৫) আলেখ্য (চিত্রবিদ্যা) (৬) বিশেষকচ্ছেদ (তিলকে নানারকম বিচ্ছেদ রচনা), (৭) তণ্ডুলকুসুমবলিকার (তণ্ডুল ও পুষ্পদ্বারা নানাপ্রকার পূজোপহার রচনা) (৮) পুষ্পাস্তরণ (পুষ্পদ্বারা শয্যা রচনা), (৯) দশনবসনাঙ্গরাগ, (১০) মণিভূমিকাকর্ম্ম (ময় নির্ম্মিত পাণ্ডব-সভাবৎ মনিরঙ্গ ভূমিকা ক্রিয়া), (১১) শয়ন রচনা, (১২)উদকবাদ্য (জলতরঙ্গ বাদ্য), (১৩) উদকঘাত (জলস্তম্ভ বিদ্যা), (১৪) চিত্রযোগ, (দৈহিক অবস্থা পরিবর্ত্তন করা) (১৫) মালাগ্রন্থন বিকল্প, (১৬) কেশশেখরাপীড় যোজনা, (১৭) নেপথ্য যোগ, (দেশ-কালানুযায়ী বস্ত্রাদি পরিধান) (১৮) কর্ণপত্র ভঙ্গ, (১৯) গন্ধযুক্তি, (সুগন্ধি দ্রব্য প্রস্তুত) (২০) ভূষণ যোজন, (২১) ইন্দ্রজাল, (২২) কৌচুমার যোগ (বহুরূপী বিদ্যা), (২৩) হস্তলাঘব (হাত-সাফাই), (২৪) চিত্র সাকাপুপভক্ষ্য বিকার, (নানারূপ খাদ্য প্রস্তুত), (২৫) পানক রসবাগাসব যোজন (পানীয় দ্রব্যের বর্ণ ও মধুরতা সম্পাদন), (২৬) সূচী কর্ম্ম (২৭) সূত্র কর্ম্ম (২৮) প্রহেলিকা (গোপন বাক্যের অর্থজ্ঞান), (২৯) প্রতিসাম্য (সর্ব্ববস্তুর প্রতিকৃতি নির্ম্মাণ), (৩০) দুর্ব্বচোযোগ (যাহা বলা হয় না তাহা কথনের উপায়), (৩১) পুস্তক বাচন, (কথকতা) (৩২) নাটিকাখ্যায়িকা দর্শন, (৩৩) কাব্য সমস্যা পূরণ, (৩৪) পট্টিকা-বেত্র-বান-বিকল্প,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৫) তর্ককর্ম্ম দলীল করা বা হেতুবাদ), (৩৬) তক্ষণ (সূত্রধরের বিদ্যা), (৩৭) বাস্তুবিদ্যা, (৩৮) রূপ্য রত্ন পরীক্ষা, (৩৯) ধাতুবাদ, (বিভিন্ন ধাতু পরিষ্কার করা) (৪০) মণিরাগজ্ঞান, (৪১) আকরজ্ঞান, (খনিবিদ্যা) (৪২) বৃক্ষায়ুর্ব্বেদ, (৪৩) মেষ কুক্কুটশাবক যুদ্ধবিধি, (৪৪) শুকসারী প্রলাপন, (৪৫) উৎসাদন (মন্ত্র দ্বারা পরস্পর বন্ধুত্ব নষ্ট করা), (৪৬) কেশ মার্জ্জন কৌশল, (৪৭) আক্ষর মুষ্টিকা কথন (অদৃষ্ট অক্ষর ও মুষ্টির মধ্যে কি আছে তাহা বলা), (৪৮) ম্লেচ্ছিতকলা বিকল্প (বিভিন্ন বিদেশী ম্লেচ্ছ ভাষা জ্ঞান) (৪৯) দেশভাষা জ্ঞান, (ভারতীয় বিভিন্ন প্রাদেশিক ভাষা জ্ঞান) (৫০) পুষ্পশকটিকা নিমিত্ত জ্ঞান, (দৈবীলক্ষণ, জ্ঞান (৫১) যন্ত্রমাতৃকা, (বিভিন্ন রূপ যন্ত্র নির্ম্মাণ), (৫২) ধারণমাতৃকা (স্মৃতিশক্তি বৃদ্ধি করা) (৫৩) সম্পাট্য (হীরকাদি প্রস্তর দ্বৈধকরণ), (৫৪) মানসী বাক্য ক্রিয়া (পর-মন স্থিত অর্থে শ্লোক রচনা), (৫৫) ক্রিয়া বিকল্প (এক একটি কার্য্য বহু প্রকারে নিষ্পন্ন করা), (৫৬) ছলিতক যোগ (অপরকে বঞ্চণার উপায়), (৫৭) অভিধান কোষ ছন্দোজ্ঞান, (৫৮) বস্ত্রগোপন, (৫৯) দ্যূত বিশেষ, (জুয়া খেলা) (৬০) আকর্ষণ ক্রিয়া (৬১) বালক্রীড়াকর্ম্ম, (৬২) বৈনায়কী, (বিনয় ও শিষ্টাচার) (৬৩) বৈজয়িকী (যুদ্ধবিজয় সম্বন্ধীয় গান, (৬৪) বৈতালিকী (স্তুতি পাঠকদের বিদ্যা)—।

সংস্কৃত—শব্দ কল্পদ্রুম অভিধান

এবং

হিন্দী—শব্দ সাগর অভিধান মতে "কলা" শব্দের ব্যাখ্যা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi